গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

# প্রজ্ঞাপন

The Explosives Act, 1884 (IV of 1884) এর section 5 এবং section 7 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল যাহার প্রাক-প্রকাশনা উক্ত Act এর section 18 এর প্রয়োজন অনুসারে করা হইয়াছিল, যথাঃ-

## প্রথম অধ্যায়
### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরনাম**।- (১) এই বিধিমালা বিস্ফোরক বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(১) "আইন" অর্থ The Explosives Act, 1884 (Act No. IV of 1884);
(২) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল;
(৩) "ধারা" অর্থ আইনের কোন section ;
(৪) "প্রধান পরিদর্শক" অর্থ Chief Inspector of Explosives in Bangladesh
(৫) "পরীক্ষণ কর্মকর্তা" অর্থ বিস্ফোরক পরীক্ষণের জন্য সরকার কর্তৃক নিয়োজিত কোন কর্মকর্তা;
(৬) "ফরম" অর্থ তফসিল ৫ এ উলি- খিত কোন ফরম ;
(৭) "ব্যক্তি" অর্থ কোন ব্যক্তিবর্গ, ব্যবসা প্রতিষ্ঠান, কোম্পানী এবং সংবিধিবদ্ধ সংস্থাও উহার অন্ড়র্ভূক্ত হইবে;
(৮) "লাইসেন্স" অর্থ বিধি ১৬০ এর অধীনে প্রদত্ত কোন লাইসেন্স;
(৯) "জেলা কর্তৃপক্ষ" অর্থ ডেপুটি কমিশনার এবং অতিরিক্ত ডেপুটি কমিশনার উহার অন্ড়র্ভূক্ত হইবে;
(১০) "যোগ্য ব্যক্তি" অর্থ প্রধান পরিদর্শক কর্তৃক যোগ্য বলিয়া বিবেচিত ব্যক্তি;
(১১) "ম্যাগাজিন" অর্থ ২.৫ কেজির অধিক বিস্ফোরক রাখিবার জন্য প্রধান পরিদর্শক কতৃক অনুমোদিত ডিজাইন অনুসারে বিশেষভাবে নির্মিত কোন ভবন বা পাত্র;
(১২) "ভ্যান" অর্থ বিস্ফোরক পরিবহণের জন্য যন্ত্র চালিত কোন যান।

৩। **বিস্ফোরকের শ্রেণী বিভাগ**।- (১) এই বিধিমালার তফসিল ১ অনুসারে বিস্ফোরকের শ্রেণী বিভাগ নির্ধারিত হইবে।

(২) কোন বিস্ফোরক তফসিল ১ এর সংজ্ঞা অনুসারে একাধিক শ্রেণীর অন্ড়র্ভুক্ত হইলে উহা শেষ শ্রেণীর অন্ড়র্ভুক্ত বলিয়া গণ্য হইবে।

৪। **ঝুঁকিভিত্তিক বিস্ফোরকের শ্রেণী বিভাগ**।- বিস্ফোরকের নিম্নবর্ণিত ঝুঁকি অনুসারে বিস্ফোরকের শ্রেণী বিভাগ নির্ধারিত হইবে, যথা ঃ-

১.১ ঃ তাৎক্ষণিকভাবে একত্রে সম্পূর্ণ বিস্ফোরণের ঝুঁকি বহন করে এমন বিস্ফোরক;

১.২ ঃ তাৎক্ষণিক ব্যাপকভাবে একত্রে বিস্ফোরণ হয় না এমন বিস্ফোরক;

১.৩ ঃ অগ্নিকাণ্ডের ঝুঁকিপূর্ণ কিন্তু বিস্ফোরণের ঝুঁকিবিহীন বা সামান্য বিস্ফোরণের ঝুঁকিপূর্ণ বিস্ফোরক দ্রব্য এবং উপাদানসমূহ;

১.৪ ঃ মারাত্মক ঝুঁকিপূর্ণ নহে এমন বস্তু এবং উপাদানসমূহ;

১.৫ ঃ অত্যন্ত অসংবেদনশীল দাহ্য যাহা সম্পূর্ণভাবে বিস্ফোরিত হয়।

## দ্বিতীয় অধ্যায়
সাধারণ বিধানাবলী

৫। **প্রাধিকৃত বিস্ফোরক (Authorised Explosive)।- (১)** প্রধান পরিদর্শক সময়ে সময়ে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রাধিকৃত বিস্ফোরকের তালিকা প্রকাশ করিবেন।

(২) প্রাধিকৃত বিস্ফোরকের তালিকায় অন্তর্ভুক্তির জন্য যে কোন ব্যক্তি প্রধান পরিদর্শকের নিকট বিধি ৮ ও ৯ এর শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করিবেন।

(৩) প্রধান পরিদর্শক আবেদন প্রাপ্তির পর বিস্ফোরকের নমুনা পরীক্ষার জন্য নির্ধারিত ফি-সহ উক্ত বিস্ফোরকের নমুনা তাহার নিকট প্রেরণ করিবার নির্দেশ প্রদান করিবেন।

(৪) বিস্ফোরকের নমুনা প্রাপ্তির পর প্রধান পরিদর্শক উক্ত নমুনা পরীক্ষা করিবার পর যদি উক্ত বিস্ফোরক প্রাধিকৃত বিস্ফোরকের তালিকায় অন্তর্ভুক্ত হইবার যোগ্য হইলে, তিনি উক্ত বিস্ফোরক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করিবেন।

৬। **অননুমোদিত বিস্ফোরক নিষিদ্ধ।-** কোন ব্যক্তি এমন কোন বিস্ফোরক উৎপাদন, আমদানি, রপ্তানি, পরিবহণ, অধিকারে রাখা, ব্যবহার বা বিক্রি করিবেন না যাহা প্রাধিকৃত বিস্ফোরক নহে ঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত স্থানে কোন ব্যক্তি কর্তৃক লাইসেন্সকৃত কারখানায় নূতন বিস্ফোরক উৎপাদন এবং বিক্রয়ের উদ্দেশ্য ব্যতীত পরীক্ষা-নিরীক্ষার উদ্দেশ্যে অধিকারে রাখিবার ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

৭। **বিস্ফোরক সরবরাহ ও প্রেরণে বাধা-নিষেধ।- (১)** কোন ব্যক্তি এমন কাহারো নিকট বিস্ফোরক সরবরাহ বা প্রেরণ করিবেন না, যদি না তিনি –

(ক) বিস্ফোরক অধিকারে রাখিবার লাইসেন্সধারী বা লাইসেন্সধারী কর্তৃক এই মর্মে যথাযথভাবে লিখিতভাবে প্রাধিকৃত হন; বা
(খ) এই বিধিমালার বিধান অনুসারে বিনা লাইসেন্সে বিস্ফোরক অধিকারে রাখিবার স্বত্ত্ববান হন।

(২) এইরূপে সরবরাহকৃত বা প্রেরিত বিস্ফোরক কোন অবস্থাতেই যাহার নিকট সরবরাহ বা প্রেরণ করা হয় তৎকর্তৃক এই বিধিমালার বিধান মোতাবেক লাইসেন্স বলে বা লাইসেন্স ছাড়া অধিকারে রাখিবার পরিমাণের চেয়ে বেশী হইবে না।

(৩) কোন ব্যক্তি এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত লাইসেন্সধারী না হইলে কাহারো নিকট হইতে বিস্ফোরক গ্রহণ করিতে পারিবেন না।

(৪) প্রধান পরিদর্শকের অনুমতি ব্যতীত কোন ব্যক্তি লাইসেন্সকৃত প্রাঙ্গণে মজুদ বা নিরাপদ হেফাজতে রাখিবার উদ্দেশ্যে স্বল্প সময়ের জন্য কোন ব্যক্তির নিকট হইতে বিস্ফোরক গ্রহণ করিতে পারিবেন না।

**৮। বিস্ফোরকের মোড়ক ইত্যাদি।-** (১) কোন ব্যক্তি বিস্ফোরক আমদানি, পরিবহণের জন্য প্রদান, পরিবহণের ব্যবস্থা, অধিকারে রাখা বা বিক্রি করিবেন না, যদি না উহা–

(ক) তফসিল ২ এ বিধৃত পন্থায় মোড়ক করা হয়;
(খ) প্রতিটি বিস্ফোরকের পাত্র বা গাঁটের নমুনা পরীক্ষিত এবং প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইয়া থাকে;
(গ) এই বিধিমালার বিধি ৯ অনুসারে পাত্র বা গাঁট চিহ্নিত হয়।

(২) প্রাধিকৃত বিস্ফোরক নহে এমন বিস্ফোরক পরীক্ষার জন্য পরিবহণ প্রয়োজন হইলে সেই বিস্ফোরকের ক্ষেত্রে প্রধান পরিদর্শকের নির্দেশ মত গাঁট বাধাই করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধির কোন বিধান উৎপাদনের প্রক্রিয়াধীন কোন বিস্ফোরকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

**৯। গাঁটের চিহ্ন।-** (১) গাঁটের বহিরাবরণ সুস্পষ্টভাবে ও অমোচনীয় কালি দ্বারা ছাপ এবং খোদাই করিয়া নিম্নোক্ত তথ্য লিপিবদ্ধ করিতে হইবে, যথা ঃ–

(ক) "বিস্ফোরক" শব্দ;
(খ) প্রাধিকৃত বিস্ফোরকের নাম;
(গ) ধারণকৃত বিস্ফোরকের শ্রেণী ও বিভাগের নম্বর;
(ঘ) বিধি ৪ এ বর্ণিত ঝুঁকিভিত্তিক বিস্ফোরকের শ্রেণী বিভাগ;
(ঙ) বিস্ফোরকের উৎপাদনকারীর নাম;
(চ) প্রেরক ও প্রাপকের নাম; এবং
(ছ) বিস্ফোরকের নীট ওজন ঃ

তবে শর্ত থাকে যে, সেফটি ফিউজ বা আতশবাজির ক্ষেত্রে 'বিস্ফোরক' শব্দটি এবং শ্রেণী ও বিভাগের নম্বর বাদ দেওয়া যাইবে।

(২) ব-াস্টিংয়ে ব্যবহৃতব্য বিস্ফোরক, যথা- ২য় শ্রেণীর বিস্ফোরক বা ৩য় শ্রেণীর ১ম বিভাগের অনুরূপ অন্য বিস্ফোরক অথবা তরল নাইট্রো-যৌগযুক্ত ৪র্থ শ্রেণীর অনুরূপ অন্য বিস্ফোরকের ক্ষেত্রে প্রস্তুতের তারিখ এবং ব্যাচ নম্বর যোগ করিতে হইবে।

(৩) ২য় এবং ৩য় শ্রেণীর বিস্ফোরকের ক্ষেত্রে বিস্ফোরক ধারণকৃত প্রতিটি কার্তুজের উপর নিম্নোক্ত তথ্যাদি সুস্পষ্টভাবে খোদাই করিতে হইবে, যথা ঃ-

(ক) 'বিস্ফোরক' শব্দ;
(খ) বিস্ফোরকের নাম;
(গ) বিস্ফোরকের ওজন;
(ঘ) কার্তুজের ব্যাস;
(ঙ) উৎপাদনকারীর নাম; এবং
(চ) অনুমোদিত (permitted / permissible) বিস্ফোরকের ক্ষেত্রে 'P' অক্ষর।

(৪) আতশবাজির ক্ষেত্রে, প্রতিটি আতশবাজির টুকরার উপরে ফায়ারিং এর পদ্ধতি এবং গ্রহণীয় সতর্কতামূলক ব্যবস্থা সম্পর্কে সাবধানতা বা সতর্কীকরণ নির্দেশিকা মুদ্রিত থাকিবে এবং আতশবাজির উপর পর্যাপ্ত জায়গা না থাকিলে, এইরূপ সাবধানতা বা সতর্কীকরণ অন্য পৃথক লেবেলে মুদ্রণ করিতে হইবে এবং উহা ক্ষুদ্রতম মোড়কে বা কার্টুনে সন্নিবিষ্ট করিতে হইবে।

(৫) কোন বহিঃস্থ মোড়কে একাধিক বিস্ফোরক থাকিলে, এইরূপে রক্ষিত প্রতিটি বিস্ফোরকের ক্ষেত্রে উপ-বিধি (১) এবং (২) অনুসারে পৃথকভাবে চিহ্নিত করিতে হইবে।

১০। **মোড়ক সংক্রান্ড় বিধির শিথিলতা**।- যদি প্রধান পরিদর্শক এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন বিশেষ ক্ষেত্রে বিধি ৮ এবং ৯ এর কোন বিধান নিরাপদে শিথিল করা যায় তবে তিনি লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উলি- খিত শর্ত সাপেক্ষে উক্তরূপ শিথিলতা অনুমোদন করিবেন।

১১। **বিস্ফোরকের ওজন**।- এই বিধিমালায় উলি- খিত বিস্ফোরকের ওজন উহা যে মোড়ক বা বাক্স দ্বারা আবৃত থাকে উহার ওজন সমেত হইবে না ঃ

শর্ত থাকে যে, ৬ষ্ঠ (গোলা বার্ন্দ-ammunition ) শ্রেণী বা ৭ম (আতশবাজি) শ্রেণীর বিস্ফোরকের ক্ষেত্রে যে খাপে বা আধারে বিস্ফোরক রক্ষিত উহার ও ভর্তিকৃত বস্তুর ওজন সমেত বিস্ফোরকের ওজন নির্ণয় করিতে হইবে।

১২। **বিস্ফোরক নাড়াচাড়া করিতে পালনীয় সতর্কতা**।- (১) কোন স্থানের মেঝে বা কোন গাড়ি বা জাহাজ যেখানে বিস্ফোরক রাখা (lay) হয় এবং ভুমি, জাহাজে উঠার সিঁড়ি, জাহাজের পাটাতন এবং অন্যান্য স্থান যাহার উপর দিয়া বোঝাই বা খালাসের সময় বিস্ফোরক বহন করা হইবে তাহা-

(ক) এই বিধিমালার পরিপন্থী কোন কিছু সেখানে নাই অথবা চালানের নিরাপত্তা বিঘ্নিত হইবে না- এই মর্মে নিশ্চিত হইবার জন্য সতর্কতার সহিত পরীক্ষা করিতে হইবে; এবং
(খ) ব্যবহারের পূর্বে ও পরে উহা পরিস্কার এবং ঝাড়ু দিতে হইবে।

(২) বিস্ফোরক রক্ষিত মোড়ক ভূমি বা ছাদ বরাবর নিক্ষেপ করা বা উপর হইতে নীচে ফেলা বা ঘুরানো বা বলপূর্বক টানিয়া আনা যাইবে না। কিন্তু উহা এক হাত হইতে অন্য হাতে স্থানান্ড়র করা এবং সতর্কতার সহিত জমা এবং মজুদ করা যাইবে।

(৩) মোড়ক নিক্ষেপের প্রয়োজন হইলে, নিক্ষেপের জন্য উপযুক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে যাহাতে উহার পতনের সম্ভাবনা না থাকে।

(৪) বিস্ফোরক নাড়াচাড়া শুর্ন্ন করিবার পর উহার কার্যক্রম নিবিড় সতর্কতা এবং অপ্রয়োজনীয় বিরতি ছাড়া পরিচালনা করিতে হইবে।

১৩। **সূর্যাস্ড়ের পর বিস্ফোরক নাড়াচাড়াকরণে বাধা-নিষেধ**।- কোন ব্যক্তি সূর্যাস্ড় এবং সূর্যোদয়ের মধ্যবর্তী সময়ে কোন বিস্ফোরক নাড়াচাড়া করিতে এবং করাইতে পারিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, এলাকাতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হইলে এবং উক্ত স্থানটি পাহারাধীন থাকিলে অন্ধকার সময়ে বিস্ফোরকের নাড়াচাড়া করিবার জন্য এই বিধি প্রযোজ্য হইবে না।

১৪। **ধূমপান, আগুন, বাতি এবং বিপজ্জনক পদার্থের উপর বাধা-নিষেধ**।- বিস্ফোরক মজুদ হয় এমন স্থানের ১৫ মিটারের মধ্যে যে কোন সময় এবং বিস্ফোরক নাড়াচাড়া করা হয় এমন স্থানে পরিবহণের ১ ঘন্টা পূর্বে কোন ব্যক্তি ধূমপান করিতে পারিবেন না, এবং কোন আগুন, বাতি বা প্রজ্বলনীয় বস্তু বা পদার্থ বা স্বতঃস্ফুর্ত প্রজ্বলনে সক্ষম এমন বস্তু, বা আগুনের উৎস বা আগুন ধরাইতে সক্ষম বা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন পদার্থ যেমন- এসিড, পেট্রোলিয়াম, ক্যালসিয়াম কার্বাইড, সংকোচিত গ্যাস বা রেডিও তরঙ্গ সৃষ্টিকারী অন্যান্য যন্ত্র আনিতে পারিবেন নাঃ

তবে শর্ত থাকে যে, জাহাজে ব্যবহারের জন্য এই বিধি প্রযোজ্য হইবে না-

(ক) যদি ইঞ্জিন র্ন্মের বাতি পূর্বে সতর্কতার সহিত নিভাইয়া দেওয়া হয়; বা
(খ) কোন কৃত্রিম বাতি বা জাহাজের সংকেত বাতি বা বন্দরসীমার বাহিরের এলাকার জন্য প্রধান পরিদর্শক এবং বন্দর এলাকার জন্য বন্দররক্ষক কর্তৃক লিখিত অনুমোদিত হয়।

১৫। **দিয়াশলাই প্রভৃতির উপর বাধা-নিষেধ**।- কোন ব্যক্তি বিস্ফোরক নাড়াচাড়া করা হয় এমন স্থানে, স্থানের মধ্যে, বা উহার সন্নিকটে-

(ক) কোন দিয়াশলাই, ফিউজ বা প্রজ্বলনীয় বা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন অন্যান্য বস্তু, বা কোন ছুরি বা লোহা বা ইস্পাতের তৈরী অন্যান্য পদার্থ তাহার অধিকারে রাখিবে না; বা

(খ) চামড়া, রাবার, পশম বা অন্য বস্তু দ্বারা বুট বা জুতার উপর আবরণ না দেওয়া পর্যন্ড় লোহার পেরেক বা লোহার তলদেশ বা লোহা দ্বারা নির্মিত বুট বা জুতা পরিধান করিবেন না।

১৬। **বিদীর্ণ হওয়া বিস্ফোরক ধ্বংসকরণ**।- যদি বিস্ফোরক রক্ষিত মোড়ক হইতে কোন বিস্ফোরক নিক্ষিপ্ত হয় বা বিদীর্ণ হয় তবে উক্ত বিস্ফোরক তৎক্ষণাৎ সতর্কতার সহিত সংগ্রহ করিতে হইবে এবং এই বিধিমালার বিধান অনুযায়ী ধ্বংস করিতে হইবে।

১৭। **শিশু, মাতাল এবং কতিপয় ব্যক্তির নিয়োগ**।- বিস্ফোরক উৎপাদন, মজুদ, বিক্রয়, বোঝাই, খালাস বা পরিবহণের কাজে বা এই বিধিমালার অধীনে লাইসেন্সকৃত কোন প্রাংগণে এমন কোন ব্যক্তিকে নিয়োগ করান বা প্রবেশের অনুমতি দেওয়া যাইবে না-

(ক) যাহার বয়স ১৮ বৎসর পূর্ণ হয় নাই; বা

(খ) যিনি নেশাগ্রস্ড় বা

(গ) যিনি অপ্রকৃতস্থ।

১৮। **যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে কার্য সম্পাদন**।- এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত প্রত্যেক লাইসেন্সধারীকে এমন একজন যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে বিস্ফোরক বোঝাই, খালাস বা নাড়াচাড়া করাইতে হইবে যিনি উক্ত কাজের ব্যাপারে অনুসরণীয় সতর্কতামূলক বিধানাবলী সম্পর্কে সম্যক ওয়াকেবহাল।

১৯। **পানির বিপদ হইতে সাবধানতা বা রৌদ্রে বা তাপে অনাবৃত না রাখা**।- (১) পানি দ্বারা ক্ষতিগ্রস্ড় হইতে পারে এমন বিস্ফোরকের ক্ষেত্রে সর্বদা পর্যাপ্ত সতর্কতা অবলম্বন করিতে হইবে যাহাতে এইরূপ বিস্ফোরক পানির সংস্পর্শে আসিতে না পারে।

(২) বিস্ফোরক রক্ষিত মোড়ক রৌদ্রে রাখিবার অনুমতি প্রদান করা বা অতিরিক্ত তাপে অনাবৃত রাখা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (২) এ যাহাই থাকুক না কেন, রৌদ্রে শুষ্ককরণ বা বারন্দ বা আতশবাজি বা কোন লাইসেন্সকৃত কারখানায় নিয়ন্ত্রিত শর্তাধীনে বিস্ফোরক শুষ্ককরণের ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

২০। **দুর্ঘটনা রোধে বিশেষ সতর্কতা এবং অননুমোদিত ব্যক্তি বর্জন**।- (১) বিস্ফোরক উৎপাদন, মজুদ, নাড়াচাড়া বা পরিবহণ করা হয় এমন স্থানে বা স্থানের নিকটে কোন ব্যক্তি আগুন বা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন কোন কাজ করিতে বা কাজ করিবার চেষ্টা করিতে পারিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-বিধির কোন কিছুই বিস্ফোরক উৎপাদন, মজুদ বা পরিবহণের সময় নাড়াচাড়া করা ইত্যাদি কাজে বা তথায় অবস্থিত কোন বস্তুর যুক্তিসঙ্গত কাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(২) বিস্ফোরক অধিকারে আছে এমন প্রত্যেক ব্যক্তি এবং বিস্ফোরকের দায়িত্বপ্রাপ্ত, বা আমদানি, উৎপাদন, বিক্রয়, পরিবহণ বা নাড়াচাড়ায় নিযুক্ত প্রত্যেক ব্যক্তিকে সকল সময় -

(ক) এই বিধিমালার বিধি এবং উহার সহিত সম্পর্কিত কোন লাইসেন্সের শর্তসমূহ পরিপালন করিতে হইবে;

(খ) চুরি এবং আগুন বা বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় যাবতীয় সতর্কতা অবলম্বন করিতে হইবে;

(গ) বিস্ফোরকের নিকট অননুমোদিত ব্যক্তির প্রবেশে বাধা প্রদান করিতে হইবে;

(ঘ) অন্য কোন ব্যক্তিকে উপ-বিধি (১)-এ নিষিদ্ধকৃত এইরূপ কাজ হইতে বিরত রাখিতে হইবে।

২১। **কতিপয় বিস্ফোরক পরিবহণে বাধা-নিষেধ**।- এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, প্রধান পরিদর্শকের অনুমোদন ব্যতীত কোন ব্যক্তি নিম্নরূপ বিস্ফোরক পরিবহণ করিতে পারিবেন না, যথা ঃ-

(ক) লাইসেন্সকৃত কারখানার মধ্যে কেবলমাত্র বিস্ফোরক উৎপাদনের প্রয়োজন ব্যতীত কোন যানে যে কোন পরিমাণের নাইট্রোগি- সারিন বা ইথিলিন গ-াইকল ডাইনাইট্রেট বা ৫ম শ্রেণীর কোন বিস্ফোরক;

(খ) প্রাধিকৃত নহে এমন বিস্ফোরক বা খারাপ অথবা নষ্ট হইয়া যাওয়া কোন বিস্ফোরক ।

## তৃতীয় অধ্যায়
## আমদানি
### প্রথম অংশঃ সাধারণ

২২। **প্রয়োগ**।- (১) বিধি ২৫ এবং ২৬ ব্যতীত বাংলাদেশের উপর দিয়া পরিবহণের জন্য আনিত কোন বিস্ফোরকের ক্ষেত্রে এই অধ্যায়ের বিধানাবলী প্রয়োগ করা যাইবে না।

(২) বিধি ২৪ এ উলি-খিত কোন বন্দরে সমুদ্রপথে আমদানিকৃত অন্য কোন বিস্ফোরক এই বিধিমালার অধীন প্রয়োজনীয় পরীক্ষণ, বিশে-ষণ বা অনুসন্ধান ঐ বন্দরে করা যাইবে না।

২৩। **আমদানির লাইসেন্স/পারমিট প্রদানে বাধা-নিষেধ**।- (১) কোন ব্যক্তি এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত লাইসেন্স বা পারমিটের শর্তাবলী অনুসরণ ব্যতিরেকে কোন বিস্ফোরক বাংলাদেশে আমদানি করিতে পারিবেন না।

(২) বিস্ফোরক আমদানি লাইসেন্স প্রদান করা যাইবে না, যদি না–

(ক) সংশি-ষ্ট বিস্ফোরক প্রাধিকৃত হয়;
(খ) যদি বিস্ফোরক তৃতীয় শ্রেণীর (নাইট্রো-যৌগ); বা চতুর্থ শ্রেণীর (ক্লোরেট মিশ্রণ) হয় তবে ফরম ১ এ পরীক্ষণ কর্মকর্তা কর্তৃক এই মর্মে সনদ প্রদান করেন যে, তৃতীয় তফসিলে বর্ণিত পদ্ধতিতে পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে;
(গ) প্রধান পরিদর্শক বা কমিশনার অব কাস্টম বিস্ফোরকের উপাদান বা অবস্থান নির্ণয়ের জন্য যে পরীক্ষার বা বিশে-ষণের নির্দেশ প্রদান করিবেন তাহাতে উত্তীর্ণ হয়।

(৩) এমন কোন ব্যক্তিকে বিস্ফোরক আমদানির লাইসেন্স প্রদান করা যাইবে না যিনি একই শ্রেণীর ও পরিমাণের বিস্ফোরক অধিকারে রাখিবার লাইসেন্সধারী নহেন।

(৪) উপ-বিধি (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, বিস্ফোরক অধিকারে রাখিবার লাইসেন্সে বর্ণিত পরিমাণের বেশী পরিমাণ বিস্ফোরক আমদানির জন্য ক্ষেত্রবিশেষে প্রধান পরিদর্শক প্রাক-অনুমোদন প্রদান করিতে পারিবেন, যদি তিনি এই মর্মে নিশ্চিত হন যে, আমদানিতব্য বিস্ফোরক বন্দর হইতে সরাসরি লাইসেন্সকৃত অন্য ম্যাগাজিনে সরবরাহ করিবার পূর্ব ব্যবস্থা রাখা হইয়াছে।

### দ্বিতীয় অংশ
### সমুদ্রপথে আমদানি

২৪। **সমুদ্রপথে আমদানি**।- চট্টগ্রাম এবং মংলা বন্দর ব্যতীত অন্য কোন সমুদ্রপথে কোন বিস্ফোরক আমদানি করা যাইবে না।

২৫। **আমদানিকারক কর্তৃক প্রদত্ত ঘোষণা**।- এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত আমদানির লাইসেন্সধারীকে একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে, যথা-

(ক) বিস্ফোরক পরিবহণকারী জাহাজ ভর্তিকৃত বন্দর হইতে যাত্রা শুর“ করিবার পর পরই প্রধান পরিদর্শকের নিকট ফরম ১২ তে, এবং
(খ) আমদানিকৃত বন্দর হইতে জাহাজে প্রেরিত বিস্ফোরক খালাসের পর পরই ফরম ১৩ তে।

২৬। **জাহাজের মাস্টার বা জাহাজের প্রতিনিধি কর্তৃক প্রদত্ত ঘোষণা**।- (১) বিস্ফোরক পরিবহণকৃত প্রতিটি জাহাজের মাস্টার বা উহার প্রতিনিধি বন্দররক্ষকের নিকট বন্দরে জাহাজ পৌঁছার অভিপ্রেত সময়ের কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে নোটিশ প্রদান করিবেন।

(২) বিস্ফোরক পরিবহণকৃত প্রতিটি জাহাজের মাস্টার কোন বন্দরে প্রবেশের পূর্বে জাহাজের চালকের নিকট তাহার স্বাক্ষরিত ফরম ২ তে লিখিত ঘোষণা দাখিল করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, জাহাজ আগমনের পূর্বেই এইরূপ জাহাজের প্রতিনিধি যদি বন্দররক্ষকের নিকট তাহার স্বাক্ষরিত জাহাজ আগমনের ঘোষণাপত্র পূর্বাহ্নে প্রদান করেন তবে জাহাজের অধিকর্তা কর্তৃক এইরূপ ঘোষণাপত্র প্রদানের প্রয়োজন হইবে না।

(৩) উপ-বিধি (২) এর অধীন জাহাজের চালকের নিকট দাখিলকৃত প্রতিটি ঘোষণাপত্র তিনি বিলম্ব না করিয়া বন্দররক্ষকের নিকট পৌঁছাইবেন এবং বন্দররক্ষক কর্তৃক গৃহীত সকল ঘোষণাপত্র তাহার কর্তৃক সুবিধাজনক সময়ে বন্দরের কমিশনার অব কাষ্টমস্ এর নিকট প্রেরণ করিতে হইবে।

২৭। **জাহাজের মালামাল হইতে নমুনা সরবরাহের প্রক্রিয়া**।- (১) যখন জাহাজের মাস্টার বা প্রতিনিধি বিধি ২৬ অনুসারে ঘোষণাপত্র প্রদান করিবেন, তখন এতদুদ্দেশ্যে বন্দরের কমিশনার অব কাষ্টমস্ কর্তৃক অনুমোদিত কর্মকর্তা জাহাজে যাইবেন এবং বন্দরে অবতরণ করিবে এমন সকল বিস্ফোরকের নমুনা সংগ্রহ করিবেন এবং প্রয়োজনীয় বা এই বিধিমালার অধীন পরীক্ষণ, বিশে- ষণ বা অনুসন্ধান করিবেন।

(২) জাহাজের মাস্টার উপ-বিধি (১) এ উলি- খিত কর্মকর্তার নিকট উক্ত কর্মকর্তা কর্তৃক নির্দেশিত বিশেষ ধরনের মোড়ক হইতে সংগৃহীত সকল প্রকার বিস্ফোরকের নমুনা বিনামূল্যে প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন কোন নমুনা সংগ্রহের জন্য যদি কোন আধার খুলিবার প্রয়োজন হয় তবে এইরূপ আধার খুলিবার পূর্বে উহা জাহাজে বিস্ফোরক মজুদ করা হয় এইরূপ স্থান হইতে নিরাপদ দূরত্বে বিচ্ছিন্ন স্থানে স্থানান্ড়র করিতে হইবে।

২৮। **পরীক্ষণ কর্মকর্তার নিকট নমুনা প্রেরণ**।- (১) বিধি ২৭ এর অধীনে বিস্ফোরকের নমুনা সংগ্রহকারী কর্মকর্তা উক্ত নমুনার সহিত জাহাজের নাম, প্রাপকের নাম এবং তিনি প্রয়োজন মনে করেন এইরূপ অন্যান্য বৈশিষ্ট্যসূচক চিহ্ন আটিয়া দিবেন এবং বিলম্ব না করিয়া উহা পরীক্ষণ কর্মকর্তার নিকট পাঠাইবেন।

(২) নাইট্রোযৌগ বা ক্লোরেট মিশ্রণের ক্ষেত্রে বিধি ৯ এর উপ-বিধি (২) এ উলি- খিত তারিখ বা স্বাক্ষরও নমুনার সহিত আটিয়া দিতে হইবে।

২৯। **নমুনা পরীক্ষণ**।- (১) পরীক্ষণ কর্মকর্তা প্রয়োজনীয় ক্ষেত্রে নমুনা পরীক্ষণ, বিশে- ষণ বা অনুসন্ধান করিতে পারিবেন এবং বিলম্ব না করিয়া বিস্ফোরকের নির্ধারিত পরীক্ষণ, বিশে- ষণ বা অনুসন্ধান তাহার নিকট সন্ডেড়াষজনক হইলে তাহার স্বাক্ষরসম্বলিত ফরম ১ এর সনদের দুইকপি কমিশনার অব কাস্টমস্ এর নিকট প্রেরণ করিবেন।

(২) কমিশনার অব কাষ্টমস্ যথাসাধ্য, এবং সাধারণতঃ পরীক্ষণ কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে ফরম ১ সনদের অনুলিপির প্রতিটির এক কপি প্রধান পরিদর্শক এবং উক্ত এলাকার সংশি- ষ্ট পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন।

৩০। **বিস্ফোরক অবতরণে অনুমতি**।- (১) কমিশনার অব কাস্টমস্, প্রধান পরিদর্শক অথবা এইরূপ কাজের জন্য যথাযথ ক্ষমতাপ্রাপ্ত পরিদর্শকের পূর্ব অনুমতি ব্যতীত আমদানিকৃত বিস্ফোরক অবতরণের অনুমতি প্রদান করিবেন না এবং নির্ধারিত পরীক্ষণ, বিশে- ষণ বা অনুসন্ধান ও প্রয়োজনীয় এইরূপ অন্যান্য অনুসন্ধানের পর বিস্ফোরক সন্ডেড়াষজনক বিবেচিত হইলে তিনি এইরূপ সনদ জারি করিবেন।

(২) উপ-বিধি (১) অনুসারে কমিশনার অব কাস্টমস্ অনুমতিপত্র প্রাপ্তির পর এবং বিধিমালার অধীন এইরূপ বিস্ফোরক আমদানির লাইসেন্স এবং তিনি প্রয়োজন মনে করেন এইরূপ অতিরিক্ত অনুসন্ধানের পর যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, বিস্ফোরক আইনানুগভাবে আমদানি করা হইয়াছে তবে তিনি উহা অবতরণের অনুমতি প্রদান করিবেন।

(৩) এই বিধির কোন বিধান কমিশনার অব কাস্টমস্ এর বিদ্যমান অন্য আইনের অধীন বিস্ফোরক আটক করিবার ক্ষমতা প্রভাবিত করিবে না।

(৪) বন্দর এলাকা হইতে আমদানিকৃত বিস্ফোরক আমদানিকারক কর্তৃক সম্ভাব্য দ্রুত সময়ে অপসারণ করিতে হইবে।

৩১। **পরীক্ষণ কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তি বা লাইসেন্স মঞ্জুরের পূর্বে সমুদ্রপথে আমদানি**।- (১) বিধি ২৩ বা বিধি ৩০ এ যাহা কিছুই থাকুক না কেন, প্রাপক যদি কমিশনার অব কাস্টমস্ এর নিকট এই মর্মে লিখিত অংগীকারনামা (বন্ধক ব্যতীত বা এইরূপ বন্ধক যাহা উক্ত কর্মকর্তা পর্যাপ্ত মনে করেন) দাখিল করেন যে, যদি বিস্ফোরক বিধি ২৩ এ উলি- খিত পরীক্ষণ, বিশে- ষণ বা অনুসন্ধানে উত্তীর্ণ হইতে ব্যর্থ হইলে তিনি উহার অপসারণের জন্য প্রধান পরিদর্শক বন্দর রক্ষকের সহিত

আলোচনা সাপেক্ষে যে সকল নির্দেশনা প্রদান করিবেন উহা প্রতিপালন করিবেন। কমিশনার অব কাস্টমস্ পরীক্ষণ কর্মকর্তার প্রতিবেদন বা বিধি ২৪ এর অধীন কোন বন্দরে এইরূপ বিস্ফোরক আমদানির জন্য মঞ্জুরীকৃত লাইসেন্স প্রাপ্তির পূর্বে সমুদ্রপথে আমদানিকৃত উপ-বিধি (২) এ উলি-খিত কোন প্রাধিকৃত বিস্ফোরক বন্দরে অবতরণের জন্য ক্ষেত্রবিশেষে অনুমতি প্রদান করিতে পারিবেন।

(২) প্রধান পরিদর্শক সন্তুষ্ট না হওয়া পর্যন্ড় সরকারী তত্ত্বাবধানে প্রাধিকারপ্রাপ্ত প্রস্তুতকৃত বিস্ফোরকের ক্ষেত্রে উপ-বিধি (১) প্রয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন মঞ্জুরীকৃত অনুমতিপত্র নিম্নোক্ত শর্তাবলী এবং কমিশনার অব কাস্টমস্ কর্তৃক যে সকল অতিরিক্ত শর্তাবলী আরোপ করিতে পারেন তাহা সাপেক্ষে হইবে -

(ক) আমদানিকৃত শ্রেণীর বিস্ফোরক এই বিধিমালার অধীন যথাযথ লাইসেন্সকৃত স্থানে বা ম্যাগাজিনে পরিবহণ এবং মজুদ করিতে হইবে এবং প্রাপক এইরূপ স্থান বা ম্যাগাজিনে মজুদের বিষয়ে উক্ত স্থান বা ম্যাগাজিন যে জেলা কর্তৃপক্ষের অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত তাহার নিকট নোটিশ প্রদান করিবেন;

(খ) বিস্ফোরক আমদানির জন্য লাইসেন্স মঞ্জুর না হওয়া পর্যন্ড় এবং উক্ত স্থানের বা ম্যাগাজিনের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে বিস্ফোরক অপসারণ বা বিতরণ করিবার লিখিত ঘোষণা না পাওয়া পর্যন্ড় উক্ত স্থান বা ম্যাগাজিন হইতে উহা অপসারণ বা বিতরণ করা যাইবে না।

## তৃতীয় অংশ
## আকাশপথে আমদানি

৩২। **কতিপয় বিস্ফোরকের উপর নিষেধাজ্ঞা**।- (১) ঢাকা, চট্রগ্রাম, সিলেট অথবা সরকার কর্তৃক বিভিন্ন সময় এতদুদ্দেশ্যে অনুমতি প্রদানকৃত কোন আন্ড়র্জাতিক বিমান বন্দর ব্যতীত অন্যকোন বিমান বন্দরের মাধ্যমে কোন বিস্ফোরক আমদানি বা রপ্তানি করা যাইবে না।

(২) আকাশপথে বিস্ফোরক আমদানি বা রপ্তানির লাইসেন্সধারী বা তাহার অনুমোদিত প্রতিনিধি বিমান বন্দরের ভারপ্রাপ্ত কর্মকর্তা, কমিশনার অব কাস্টমস্ এবং প্রধান পরিদর্শকের নিকট আমদানি বা রপ্তানি করিতে ইচ্ছুক বিস্ফোরকের পূর্ণাঙ্গ বিবরণ সম্বলিত ঘোষণাপত্রের অগ্রিম কপি বিস্ফোরক আনিবার পূর্বে প্রদান করিবেন।

(৩) বিমান বন্দরের ভারপ্রাপ্ত কর্মকর্তার লিখিত পূর্বানুমতি ব্যতীত কোন ব্যক্তি আকাশপথে রপ্তানির জন্য বিমান বন্দরে বিস্ফোরক আনিতে পারিবেন না।

(৪) আমদানিকৃত বিস্ফোরকের সরাসরি সরবরাহ গ্রহণের জন্য আমদানিকারক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন এবং সম্ভাব্য দ্রুত সময়ে বিমান বন্দর হইতে উহা অপসারণ করিবেন।

(৫) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর এবং বিস্ফোরক বোঝাইয়ের জন্য বিমান প্রস্তুত হইলে বিমান বন্দরে বিস্ফোরক আনা যাইবে এবং এইরূপে আমদানিকৃত বিস্ফোরক সরাসরি বিমানে বোঝাই করিতে হইবে।

(৬) যদি কোন অদৃষ্ট পূর্ব পরিস্থিতিতে বিমান বন্দরে আনিত বিস্ফোরক বিমান বন্দর হইতে অপসারণ বা বিমানে বোঝাই করা না যায় এইরূপ বিস্ফোরক বিমান বন্দরের ভারপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশে প্রহরী বেষ্টিত অবস্থায় পৃথক শেডে মজুদ করিতে হইবে এবং চুরি, আগুন বা বিস্ফোরণ হইতে রক্ষার জন্য প্রয়োজনীয় সকল প্রকার নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

## চতুর্থ অংশ
## স্থল পথে আমদানি

৩৩। **স্থল পথে আমদানি**।- (১) প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত পারমিট এবং তৎকর্তৃক আরোপিত শর্তাবলী ও বাধা-নিষেধ অনুসরণ ব্যতীত সড়কপথে কোন বিস্ফোরক আমদানি করা যাইবে না।

(২) বিধি ১৮০ তে বর্ণিত উপায়ে প্রত্যেক শ্রেণীর বিস্ফোরকের প্রতি টন বা উহার অংশবিশেষের জন্য ফি বাবদ ৫০০ (পাঁচশত) টাকা প্রদান করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়
## পরিবহণ
### প্রথম অংশ ঃ সাধারণ

৩৪। **পরিবহণের জন্য লাইসেন্স এবং পাস জারী।**- (১) এই বিধিমালা এবং এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত লাইসেন্সের শর্তাবলী পালন ব্যতিরেকে কোন ব্যক্তি বিস্ফোরক পরিবহণ করিতে পারিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-বিধি প্রয়োগ করা হইবে না-

(ক) লাইসেন্সকৃত কারখানার মধ্যে বা লাইসেন্সকৃত কারখানা হইতে লাইসেন্সকৃত ম্যাগাজিনে বা লাইসেন্সকৃত কারখানায় অবস্থিত মজুদাগারে কোন বিস্ফোরকের পরিবহণে;

(খ) লাইসেন্স ফরম ১৭ এর অধীন আমদানিকৃত লাইসেন্সে উলি- খিত আমদানির স্থান হইতে গন্ড্ব্য স্থান পর্যন্ড় বিস্ফোরক পরিবহণে;

(গ) বিস্ফোরক অধিকারে রাখিবার জন্য লাইসেন্সের প্রয়োজন নাই এমন বিস্ফোরক পরিবহণে (বিধি ১১৯ দ্রষ্টব্য);

(ঘ) সেফটি ফিউজ এবং আতশবাজি পরিবহণে ঃ

তবে শর্ত থাকে যে, পূর্বোক্তগুলি ক্ষয়কারী বা প্রজ্বলনীয় বস্তুর সহিত পরিবহণ করা যাইবে না।

(২) লাইসেন্সের অধীন পরিবহণকৃত বিস্ফোরকের প্রতিটি চালানের সহিত প্রেরক কর্তৃক ফরম ১৪ এ জারীকৃত পাস সংযুক্ত থাকিবে।

(৩) প্রয়োজনীয় ক্ষেত্রে এই পাস মালের তালিকায়, মালের চালানে বা প্রেরণপত্রে সংযুক্ত থাকিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন জারীকৃত প্রতিটি পাসের একটি অনুলিপি প্রেরক কর্তৃক অবিলম্বে প্রেরণ করিতে হইবে-

(ক) বিস্ফোরক পরিবহণের জন্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট;

(খ) যে স্থান হইতে মালামাল প্রেরণ করা হইবে উক্ত স্থান যে বিস্ফোরক পরিদর্শকের অধিক্ষেত্রের মধ্যে তাঁহার নিকট;

(গ) যে স্থানে মালামাল প্রেরণ করা হইবে উক্ত স্থান যে বিস্ফোরক পরিদর্শকের অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত তাঁহার নিকট।

৩৫। **বিভিন্ন শ্রেণীর বিস্ফোরক পৃথকভাবে রাখিতে হইবে।**- ৫ম (ফালমিনেট) শ্রেণীর বিস্ফোরক, বা ৬ষ্ঠ (গোলা বারম্দ-ammunition) শ্রেণীর বিস্ফোরক যাহাদের নিজস্ব প্রজ্বলন ক্ষমতা আছে, বা ৭ম (আতশবাজি) শ্রেণীর বিস্ফোরক একই জাহাজে পরিবহন করা যাইবে না এবং একই শ্রেণীর ও বিভাগের অন্য বিস্ফোরকের সহিত বহন করা বা নাড়াচাড়া করা যাইবে না।

৩৬। **নিরাপত্তা সনদ।**- (১) ৩য় (নাইট্রোযৌগ) বা ৪র্থ (ক্লোরেট মিশ্রণ) শ্রেণীর বিস্ফোরক পরিবহনের পূর্বে বা পরিবহনের জন্য প্রদানের পুর্বে প্রেরক কর্তৃক প্রেরিত বিস্ফোরকের সাহিত পরীক্ষণ কর্মকর্তা কর্তৃক জারীকৃত ফরম ১ এ এর বলবৎ সনদের মূল বা উহার সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উলি- খিত সনদ জারীর তারিখ হইতে বার মাস পর্যন্ড় বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, যদি নাইট্রো গি- সারিন যৌগ যাহা প্রপিলেন্টস হিসাবে ব্যবহৃত হইবে না এইরূপ ক্ষেত্রে এই সনদের মেয়াদ পরবর্তী ৩১শে জুলাই এ অতিক্রান্ড় হইলে এবং মূল সনদ পূর্ববর্তী ৩০শে সেপ্টেম্বরের পূর্বে মঞ্জুর করা হইয়া থাকিলে রেলপথে ১লা এপ্রিল হইতে ৩১শে জুলাই পর্যন্ড় সময়ে বিস্ফোরক পরিবহণে সংশি- ষ্ট রেলওয়ে কর্তৃপক্ষের বিবেচনা অনুযায়ী নতুন সনদের জন্য আবেদন করা যাইবে।

(৩) পরীক্ষণ কর্মকর্তা কর্তৃক পরীক্ষণের জন্য ও নবায়নকৃত সনদ প্রদানের জন্য বিধি ১৮১(৩) এ উলি- খিত ফি প্রদান করিতে হইবে।

**৩৭। যাত্রীবাহী জাহাজ এবং গাড়ীসমূহে বিস্ফোরক পরিবহণ** ।- এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে যাত্রী পরিবহণের উদ্দেশ্যে ব্যবহৃত কোন জাহাজ বা কোন গাড়ী বা কোন মোটরযানে বিস্ফোরক পরিবহণ করা যাইবে না।

**৩৮। সর্বাধিক পরিমাণ বিস্ফোরক পরিবহণের অনুমোদন**।- নিম্নলিখিত পরিমাণ হইতে বেশী বিস্ফোরক পরিবহণ করা যাইবে না, যথা ঃ-

(ক) দশ টন বা একটি রেলওয়ে ওয়াগনের পরিবহণ ক্ষমতার অর্ধেক, উভয়ের মধ্যে যেটি কম তাহাই প্রযোজ্য হইবে;

(খ) রেলওয়ে ওয়াগন ব্যতীত অন্য কোন মোটর যানের ক্ষেত্রে, দশ টন বা আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক এই বিধিমালার অধীনে লাইসেন্সকৃত একটি মোটরযানের সর্বাধিক পরিবহণ ক্ষমতার সমান, উভয়ের মধ্যে যেটি কম তাহাই প্রযোজ্য হইবে ঃ

তবে শর্ত থাকে যে, দ্বিতীয় শ্রেণীর বিস্ফোরক পরিবহণ করা হইলে, অনধিক পনের টন বা কোন মোটরযানের সর্বাধিক পরিবহণ ক্ষমতার মধ্যে যেটি কম তাহাই প্রযোজ্য হইবে ঃ

(গ) পশু চালিত যানের ক্ষেত্রে এক টন;

(ঘ) একটি নৌকার ক্ষেত্রে ২২.৫ টন।

**৩৯। বাহনে তাৎক্ষণিকভাবে বিস্ফোরক প্রেরণ**।- (১) পরিবহণের উদ্দেশ্যে কোন ব্যক্তি কোন বাহনে বিস্ফোরক প্রেরণ করিতে পারিবেন না যতক্ষণ না-

(ক) তিনি লিখিত নোটিশে বাহক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত আঞ্চলিক প্রতিনিধি অথবা রেল কর্তৃপক্ষের ক্ষেত্রে, স্টেশন মাস্টারকে অবহিত করেন যে-

(১) তিনি উক্ত বিস্ফোরক প্রেরণ করিতে আগ্রহী।

(২) এই মর্মে প্রত্যয়ন করেন যে, বিধি ৮ এবং ৯ অনুসারে বিস্ফোরক চিহ্নিত এবং প্যাকেট করা হইয়াছে;

(৩) যে বিস্ফোরক পরিবহণ করা হইবে তাহার প্রকৃত নাম বিস্ড়রিত বর্ণনা এবং পরিমাণ উলে- খ করা হইয়াছে;

(৪) তাহার এবং গ্রাহকের নাম ও ঠিকানা দেওয়া হইয়াছে; এবং

(খ) জবাবে, তিনি উক্তরূপ বাহক, প্রতিনিধি বা স্টেশন মাস্টারের নিকট হইতে লিখিত সংবাদ পাইয়াছেন যে, তৎক্ষণাৎ বিস্ফোরক প্রেরণ করিবার লক্ষ্যে উহা গ্রহণ অথবা কোন অধিকারভুক্ত ম্যাগাজিনে মজুদ বা অন্য কোন ব্যক্তির লাইসেন্সকৃত জায়গায় বা অন্যকোনভাবে অধিকারভুক্ত স্থানে রাখিতে প্রস্তুত আছেন।

(২) রেলওয়ে কর্তৃপক্ষ যদি স্বল্প সময়ের লিখিত নোটিশে বা ক্ষমতাপ্রাপ্ত হইয়া নির্দেশ প্রদান করেন যে, বিবেচ্য বিস্ফোরক গ্রহণ করা যাইবে না তাহা হইলে কোন ব্যক্তি রেলগাড়ীর ভিতরে বা উপরে রাখিয়া উহা আনয়ন, প্রেরণ বা অগ্রগামী করিতে পারিবে না।

**৪০। বিস্ফোরক ভর্তি ও খালাসের সময় ও স্থান**।- (১) কোন অবস্থান বিল্ডিং, জনসমাগমস্থল, বাসগৃহ, কারখানা, জনবসতি এবং অন্যান্য মজুদাগার বা ব্যবহৃত বিল্ডিং হইতে একটি নিরাপদ দূরত্বে যে কোন বিস্ফোরক ভর্তি এবং খালাস করিতে হইবে।

(২) স্থলপথে পরিবহণের জন্য অভিপ্রায় প্রকাশ করা হইয়াছে এমন ধরনের লাইসেন্সকৃত বা অন্য বিস্ফোরকের প্রত্যেকটিকে শুধুমাত্র লাইসেন্সকৃত ম্যাগাজিন, মজুদাগার বা অন্য কোন প্রাঙ্গণের নিকটে ভর্তি করিতে হইবে।

(৩) লাইসেন্সকৃত কোন কারখানার ভিতরে ভালভাবে আলোকিত এবং প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত কোন স্থানে সূর্যাস্ড় হইতে রাত্র দশটা পর্যন্ড় সময়ের মধ্যে বিস্ফোরক মজুদ করা যাইবে।

(৪) কোন মিশ্র রেলগাড়ীর গার্ডের কামরায় বা মালবাহী রেলগাড়ীতে বা ভ্যানে অথবা যাত্রীবাহী রেলগাড়ীতে অল্প পরিমাণ বিস্ফোরক পরিবহণের ক্ষেত্রে পরিবহণ সম্পর্কীয় যে কোন কার্যক্রমে বিধি ১৩ এবং উপ-বিধি (১) প্রযোজ্য হইবে না।

**৪১। বিস্ফোরক ভর্তিকরণের নিমিত্তে গাড়ী বা জাহাজ বা বিমান উপযোগীকরণ।**- বিস্ফোরক ভর্তিকরণের জন্য নির্ধারিত কোন গাড়ী বা জাহাজ বা বিমানকে বিস্ফোরক গ্রহণের উপযোগী না করা পর্যন্ড় কোন বিস্ফোরক ভর্তিকরণ স্থানে আনা যাইবে না।

**৪২। বিস্ফোরকবাহী গাড়ী বা জাহাজে উপযুক্ত লোক নিয়োগকরণ।**- রেলগাড়ী ব্যতীত বিস্ফোরক পরিবহাণকারী কোন গাড়ী বা জাহাজ লাইসেন্সধারী কর্তৃক নিয়োগকৃত এবং বিস্ফোরক নাড়াচাড়ায় অভিজ্ঞ ও উপযুক্ত কোন ব্যক্তির দায়িত্বে এবং সার্বক্ষণিক তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত হইবে।

**৪৩। আগুন বা বিস্ফোরণ হইতে বিস্ফোরক রক্ষাকরণ।**- (১) কোন গাড়ী বা জাহাজ বা বিমানে বিস্ফোরক পরিবহণ করা যাইবে না যতক্ষণ পর্যন্ড় না কোন বিস্ফোরকপূর্ণ প্যাকেট ধারণকৃত কোন লোহা বা ইস্পাতের পাত্র ফলপ্রসূভাবে সীসা, চামড়া, কাঠ বা অন্য কোন উপযুক্ত বস্তুদ্বারা আবৃত করা না হয়।

(২) এক হাজার কেজির উর্ধ্বে বিস্ফোরক পরিবহণের ক্ষেত্রে নির্ধারিত গাড়ীর অভ্যন্ড়রের একটি স্থানে বিস্ফোরক মজুদ করিয়া উহার চারিদিকে কাঠ বা ধাতুর বেষ্টনী দিতে হইবে যাহাতে আগুন বিস্ফোরকের সংস্পর্শে না আসে এবং গাড়ীটিকে তালাবদ্ধ অবস্থায় থাকে।

(৩) এক হাজার কেজির বেশি বিস্ফোরক জাহাজে পরিবহণ করিতে হইলে সেইগুলিকে জাহাজের খোলে রাখিতে হইবে, যাহাতে একটি আবদ্ধ ডেক থাকিবে এবং বিস্ফোরকপূর্ণ প্রত্যেকটি খোলের শেষ প্রান্ড়ে দুই স্ড়র বিশিষ্ট পানি নিরোধক ঢাকনা থাকিবে এবং হেজ থাকিবে যাহাদেরকে তালাবদ্ধ অবস্থায় রাখিতে হইবে।

(৪) যদি কোন গাড়ী বা জাহাজে পরিবহণকৃত বিস্ফোরকের পরিমাণ একশত কেজির বেশি না হয় তাহা হইলে উপ-বিধি (২) বা উপ-বিধি (৩) এ বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হইবে না। তবে বিস্ফোরকগুলিকে আগুন নিরোধক ত্রিপল বা অন্য কোন উপযুক্ত বস্তু দ্বারা ভালভাবে ঢাকিয়া দিতে হইবে যাহাতে বিস্ফোরক আগুনের সংস্পর্শ না আসিতে পারে।

(৫) শুধুমাত্র বিস্ফোরক ভর্তি বা খালাসের সময় ব্যতীত অন্য সময়ে বিস্ফোরকপূর্ণ কোন গাড়ী বা জাহাজের কামরা বা খোলের সকল দরজা, হেজ বা ঢাকনা নিরাপত্তার সহিত বন্ধ রাখিতে হইবে।

(৬) অগ্নি দুর্ঘটনা বা বিস্ফোরণ ঘটাইতে সক্ষম এমন পদার্থপূর্ণ কোন গাড়ী বা জাহাজ বা অন্য কোন যান হইতে বিস্ফোরক পরিবহণকারী কোন গাড়ী বা জাহাজ বা বিমানকে সবসময় নিরাপদ দূরত্বে রাখিতে হইবে।

**৪৪। বিস্ফোরক পরিবহণে বিলম্ব পরিহার।**- অনধিক তিন কিলোগ্রাম বিস্ফোরক পরিবাহী কোন গাড়ী বা জাহাজকে উহার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ থামাইতে বা কোন উপযুক্ত কারণ ছাড়া কোন স্থানে অধিক সময় দেরী করাইতে বা জনগণের বিপদ হইতে পারে এমন স্থানে অপ্রয়োজনে থামাইতে পারিবে না।

**৪৫। বিস্ফোরক বহনকারী যান মেরামতকরণ।**- বিস্ফোরক ভর্তি বা পরিবহণ করা হইয়াছে এমন ধরনের কোন যানের কোন অংশ মেরামত বা পরিবর্তন করিতে হইলে মেরামত বা পরিবর্তনের পূর্বে সমস্ড় বিস্ফোরক বা অবশিষ্টাংশ সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং এই সমস্ড় জাহাজ বা গাড়ীর যে স্থানে বিস্ফোরক রাখিয়া পরিবহণ করা হইয়াছিল সেই স্থান ভালভাবে ধৌত করিয়া নিশ্চিত হইতে হইবে যে, ঐ স্থানে কোন বিস্ফোরক অবশিষ্ট নাই।

**৪৬। অল্প পরিমাণ আতশবাজির ক্ষেত্রে অব্যাহতি।**- বিধি ১১৯ অনুসরণে ব্যবহারের উপযোগী করিয়া প্রস্তুতকৃত অনধিক আড়াই কিলোগ্রাম আতশবাজি, যাহা অধিকারে রাখিতে লাইসেন্স দরকার হয় না নিরাপত্তার সহিত প্যাকেটকৃত সেই পরিমাণ আতশবাজি মালিকের তত্ত্বাবধানে অনধিক ছয়জন যাত্রীসহ লাইসেন্সকৃত যাত্রীবাহী মোটরযানে পরিবহণে বিধি ৩৭, ৪২ এবং ৪৩ প্রযোজ্য হইবে না।

**৪৭। বিস্ফোরকবাহী গাড়ী বা নৌকাসমূহের মধ্যে নিরাপদ দূরত্ব।**- বিধি ৩৮ এ উলি- খিত একটি গাড়ী বা নৌকায় সর্বাধিক যে পরিমাণ বিস্ফোরক পরিবহণের কথা উলে- খ রহিয়াছে তাহার চাইতে অধিক পরিমাণ বিস্ফোরক দুইটি বা ততোধিক গাড়ী বা নৌকা দ্বারা পরিবহণের সময় একে অপরের সহিত অন্যূন ৫০ মিটার নিরাপদ দূরত্ব বজায় রাখিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে,

(অ) রেলগাড়ীতে বিস্ফোরক পরিবহণের ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

(আ) বন্দররক্ষক যদি মনে করেন যে, বন্দরের সীমাবদ্ধ জায়গার ভিতরে উক্ত বিধি পরিপালন নিশ্চিত করা অসাধ্য তাহা হইলে তিনি বিধির প্রয়োজনীয়তা পরিত্যাগ করিতে পারিবেন।

**৪৮। জাহাজে বিস্ফোরক ভর্তি বা খালাসের নোটিশ।**- বন্দররক্ষকের অন্যূন ৪৮ ঘন্টার পূর্বে লিখিত নোটিশ প্রদান ব্যতিরেকে কোন কাঙ্খিত সময়ে বন্দরের চৌহদ্দির মধ্যে কোন পছন্দনীয় জায়গায় জাহাজ হইতে বিস্ফোরক খালাস বা উক্ত স্থান হইতে জাহাজে ভর্তি করা যাইবে না।

**৪৯। জাহাজের দায়িত্বে নিয়োজিত ব্যক্তির কর্তব্যঞ্চ** যখন কোন জাহাজে বিস্ফোরক ভর্তি করা হয় বা খালাস করা হয় তখন উক্ত জাহাজের দায়িত্বে নিয়োজিত কোন ব্যক্তি বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে নিয়োগকৃত কতিপয় উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকিয়া বিস্ফোরক ভর্তি বা খালাস প্রক্রিয়া তদারকি করিবেন এবং উলি- খিত বিস্ফোরক সম্পূর্ণভাবে গ্রহণ এবং মজুদ বা প্রেরণ না হওয়া পর্যন্ড় উক্ত বিস্ফোরক সম্পর্কে সব ধরনের সতর্কতামূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

## দ্বিতীয় অংশ
## জলপথে বিস্ফোরক পরিবহণ

**৫০। জাহাজে ব্যবহৃত বাতি এবং আলো।**-কোন জাহাজে বিস্ফোরক ভর্তি বা উক্ত জাহাজ হইতে খালাস করা যাইবে না–

(ক) যতক্ষণ পর্যন্ড় না ঐ জাহাজের ইঞ্জিন র ম ও অন্যান্য স্থানের সমস্ড় বাতি বা আগুন সাবধানতার সহিত পূর্বেই নির্বাপন করা হয়; এবং

(খ) যখন জাহাজটি কোন বাষ্পীয় তরী বা কলের নৌকার সহিত বা পাশাপাশি থাকে তখন উক্ত বাষ্পীয় তরী বা কলের নৌকার ইঞ্জিন র ম এবং অন্যান্য স্থানের বাতি ও আলো পূর্বেই সাবধানতার সহিত নিভানো হয় ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিতে যাহাই থাকুক না কেন, বন্দর এলাকার বাহির প্রধান পরিদর্শক কর্তৃক এবং বন্দর এলাকার ভিতরে বন্দররক্ষক কর্তৃক লিখিতভাবে অনুমোদিত কোন কৃত্রিম বাতি বা সংকেত ছাড়া অন্য কোন কৃত্রিম বাতি বা সংকেত বিস্ফোরক বহনকারী জাহাজে ব্যবহার করা যাইবে না।

**৫১। জাহাজে বিস্ফোরক রাখা।**- The Inland Shipping (Dangerous Goods) Rules,1999 এর বিধান অনুসরণ ব্যতিরেকে জাহাজে কোন বিস্ফোরক রাখা যাইবে না।

**৫২। বিশেষ বাণিজ্যিক যাত্রীবাহী জাহাজে বিস্ফোরক পরিবহণ।**- বিধি ২৩ এর উপ-বিধি (২) এর অনুচ্ছেদ (খ) এবং (গ) এর শর্তাবলী পূরণ করিয়া এমন প্রাধিকারপ্রাপ্ত কোন বিস্ফোরক উপযুক্তভাবে নির্মিত কোন ম্যাগাজিনের ভিতরে রাখিয়া কোন বাণিজ্যিক যাত্রীবাহী জাহাজে [যাহার ক্ষেত্রে Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983) এর section 3(20) প্রযোজ্য হইবে] পরিবহণ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে,

(ক) Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983) এর section 262(2) অনুসারে সনদ প্রদানকারী কর্মকর্তাকে বিস্ফোরক প্রেরক এই মর্মে নিশ্চয়তা প্রদান করিয়া সন্তুষ্ট করিবেন যে, অন্য কোন উপায়ে বিস্ফোরক পরিবহণের ব্যবস্থা নাই;

(খ) জাহাজের ভিতরে অবস্থিত ম্যাগাজিনের ক্ষেত্রে বোর্ড অব ট্রেডে উলি- খিত যে সকল নির্দেশনা আছে তাহার সবগুলি পরিপালন করিতে হইবে এবং তাহা মার্কেন্টাইল মেরিন ডিপার্টমেন্টের সার্ভেয়ার কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

(গ) এই বিধিমালার বিধান অনুসারে পরিবহণ করা হইবে এমন বিস্ফোরকসমূহকে প্যাকেট করিয়া চিহ্নিত করিতে হইবে;

(ঘ) একই খোলে অন্যান্য বিস্ফোরকের সহিত ডেটোনেটর পরিবহণ করা যাইবে না; এবং

(ঙ) ম্যাগাজিন ধারণকৃত খোলের মধ্যে বিস্ফোরক পরিবহণকালীন সময়ে কোন ক্ষয়কর বা প্রজ্জ্বলনীয় পদার্থ মজুদ করা যাইবে না।

**৫৩। যাত্রীবাহী জাহাজে বিস্ফোরক পরিবহণ।**- (১) নিম্নলিখিত বিস্ফোরকসমূহ যাত্রীবাহী কোন জাহাজে পরিবহণ করা যাইবে, যথা ঃ-

(ক) স্বতঃপ্রজ্জ্বলনীয় অ্যামিউনিশন, (শ্রেণী ৬, বিভাগ ৩) ফালমিনেট (শ্রেণী ৫) অথবা আতশবাজি (শ্রেণী ৭) ব্যতীত অনধিক ৩ কিলোগ্রাম ওজনের যে কোন বিস্ফোরক; এবং

(খ) অনধিক ২০০টি ডেটোনেটর এবং লাইসেন্সধারী কর্তৃক লিখিত সনদ থাকিতে হইবে যে, ঐ জাহাজে মোট পরিবাহী বিস্ফোরকের পরিমাণ ২৫০ গ্রামের অধিক হইবে না ঃ

তবে শর্ত থাকে যে-

(অ) জাহাজের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিকে পূর্বেই লিখিত নোটিশে জানাইয়া দিতে হইবে যে, উক্ত জাহাজে বিস্ফোরক পরিবহণ করা হইবে।

(আ) অগ্নি দুর্ঘটনা বা বিস্ফোরণ হইতে সৃষ্ট দুর্ঘটনা প্রতিরোধের জন্য সকল ধরনের প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(ই) একই কম্পার্টমেন্টে অন্যান্য বিস্ফোরকের সহিত ডেটোনেটর পরিবহণ করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ উলি-খিত বিস্ফোরক যাত্রীবাহী জাহাজে পরিবহণের ক্ষেত্রে বিধি ৪০(২), ৪২, ৫০, ৫৪ হইতে ৫৮ এবং বিধি ৬১ প্রযোজ্য হইবে না।

**৫৪। বিস্ফোরক পরিবাহী জাহাজের নোঙ্গর স্থান।**- (১) বিস্ফোরক পরিবাহী কোন জাহাজ বন্দরে প্রবেশের পূর্বে বন্দররক্ষক কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট স্থানে নোঙ্গর করাইতে হইবে এবং বন্দররক্ষকের সাধারণ বা বিশেষ নির্দেশনায় বর্ণিত কোন শর্ত পরিপালন না করিয়া উক্ত জাহাজ নোঙ্গর স্থান ত্যাগ করিতে পারিবে না।

(২) বিস্ফোরক পরিবাহী এবং পেট্রোলিয়াম পরিবাহী জাহাজের নোঙ্গর স্থান ভিন্ন হইবে এবং বিস্ফোরক পরিবাহী জাহাজের নোঙ্গর স্থান, পেট্রোলিয়াম পরিবাহী জাহাজের নোঙ্গর স্থান হইতে এমন দূরত্বে হইতে হইবে যাহাতে পেট্রোলিয়ামবাহী জাহাজের অগ্নিশিখা বিস্ফোরকবাহী জাহাজে পৌছাইতে সক্ষম না হয়।

**৫৫। লাল পতাকা বা সতর্ক আলো প্রদর্শন।**- পঞ্চাশ কিলোগ্রামের অধিক বিস্ফোরকপূর্ণ জাহাজ বন্দরে প্রবেশ বা বন্দর ত্যাগের সময় এবং বন্দরের সীমারেখার মধ্যে বা অভ্যন্ড়রীণ জলসীমায় অবস্থানের সময় উহাতে সুস্পষ্টভাবে নিলিখিত সংকেত প্রদর্শন করিতে হইবে ঃ

(ক) এক বর্গমিটারের কম নহে এমন ধরনের লাল পতাকা সূর্যোদয় হইতে সূর্যাস্ড় পর্যন্ড় সময়ে;

(খ) সূর্যাস্ড় হইতে সূর্যোদয় পর্যন্ড় সময়ে, একটি লাল বাতি যাহা দিগন্ড়ের চতুর্দিক আলোকিত করিতে সক্ষম।

**৫৬। জাহাজগুলিকে বিচ্ছিন্নভাবে অবস্থান করানো।**- যখন দুইটি জাহাজকে একে অপরের পাশাপাশি বা একটি নৌকাকে অন্য একটি জাহাজ, নৌকা বা ভাসমান ম্যাগাজিনের প্রত্যেক পার্শ্বে পাশাপাশি রাখা হয় তখন আংশিক বা সম্পূর্ণভাবে বিস্ফোরক বোঝাইকৃত জাহাজকে বিচ্ছিন্নভাবে অবস্থান করাইতে হইবে এবং বিস্ফোরকের প্রকৃত স্থানান্ড়রের সময় ব্যতীত অন্য সময়ে অন্য একটি জাহাজ হইতে জোয়ার ভাঁটাজনিত সরণ দূরত্বের বাহিরে রাখিতে হইবে।

**৫৭। জাহাজের হ্যাচগুলিকে আবদ্ধ এবং ঢাকিয়া রাখা।**- বিস্ফোরক ভর্তি বা খালাসের প্রকৃত সময় ছাড়া অন্য সময়ে কোন জাহাজের বিস্ফোরকপূর্ণ হ্যাচগুলি আবদ্ধ রাখিতে হইবে এবং আবদ্ধ থাকিবার সময় হ্যাচগুলিকে ত্রিপল বা কাঠের পাটাতন দ্বারা ভালভাবে ঢাকিয়া এবং তালাবদ্ধ করিয়া রাখিতে হইবে।

**৫৮। বিস্ফোরকপূর্ণ জাহাজসমূহকে ম্যাগাজিন জেটি ইত্যাদির পাশাপাশি না রাখা।**- বিস্ফোরক ভর্তি বা খালাসের উদ্দেশ্য ছাড়া কোন বিস্ফোরকপূর্ণ জাহাজকে কোন জাহাজ, ভাসমান ম্যাগাজিন, ঘাট, জেটি, স্থল বা অবতরণ স্থানের পাশাপাশি রাখা যাইবে না। শুধুমাত্র মালভর্তি বা খালাসের প্রকৃত সময় পর্যন্ড় ঐ সকল জায়গায় রাখা যাইবে এবং পরবর্তীতে খারাপ আবহাওয়া বা জোয়ারজনিত বিলম্ব ব্যতীত অন্য সময়ে তাৎক্ষণিকভাবে অন্যত্র যাত্রা করিতে হইবে।

**৫৯। জাহাজ চলাচলের সময় বিস্ফোরক ভর্তি বা খালাসকরণ হইতে বিরত থাকা।**- অনধিক ৫০০ কিলোগ্রাম বিস্ফোরক এবং কোন ডেটোনেটরকে চলমান কোন জাহাজে ভর্তি বা উহা হইতে খালাস করা যাইবে না।

**ব্যাখ্যা ঃ** যে জাহাজ নোঙ্গর বাঁধা বা নোঙ্গরকৃত নহে, অথবা তীরে বা উহার প্রায় কাছাকাছি পৌঁছায় নাই তাহাকে “চলমান” জাহাজ বলা হইবে।

**৬০। বন্দর এলাকার মধ্যে ভর্তি এবং খালাসকরণের স্থান।**- বন্দররক্ষক তাহার সাধারণ বা বিশেষ নোটিশের মাধ্যমে বন্দর অভ্যন্ড়রস্থ যে ঘাট বা অন্যান্য স্থান নির্ধারণ করিয়া দিবে সেই ঘাট বা স্থানেই বিস্ফোরক ভর্তি, মজুদ, আনয়ন বা খালাস করিতে হইবে।

**৬১। গদি ব্যবহারকরণ।**- বন্দর অভ্যন্ড়রস্থ কোন জাহাজে বিস্ফোরক ভর্তিকরণের সময় বা কোন ঘাটে খালাসকরণের সময় অথবা অন্য স্থানে মজুদকরণের সময় পাটের আঁশ বা তুলা দ্বারা ভালভাবে পূর্ণকৃত ও চামড়া দ্বারা আবৃত এবং রজ্জু দ্বারা বন্ধনকৃত গদি বা সময়ে সময়ে বন্দররক্ষক কর্তৃক অনুমোদিত এমন ধরনের গদি ব্যবহার করিতে হইবে।

**৬২। বিস্ফোরক বহনকারী জাহাজ তৎক্ষণাৎ বন্দর এলাকা ত্যাগ করানো বা উহা হইতে দ্রুত বিস্ফোরক খালাস।**-
(১) বিস্ফোরক খালাসের অভিপ্রায়ে কোন বিস্ফোরক ভর্তি জাহাজ বন্দরে পৌঁছিলে যতদূর সম্ভব উহা হইতে তাড়াতাড়ি বিস্ফোরক খালাস করিতে হইবে এবং বিস্ফোরক ভর্তি জাহাজসমূহকে অতি অল্প সময়ের মধ্যে বন্দর হইতে সমুদ্রের দিকে অগ্রসর করাইতে হইবে।

(২) বিস্ফোরকপূর্ণ কোন নৌকা বা জাহাজ বন্দরে অপেক্ষমান রাখা যাইবে না এবং তিন দিনের অধিক সময় বন্দর এলাকায় অবস্থান করানো যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শকের সহিত বন্দররক্ষক আলোচনা করিয়া যদি মনে করেন যে, উলি- খিত সময় বৃদ্ধির কারণ যথার্থ এবং সময় বৃদ্ধি করা অতি প্রয়োজন তাহা হইলে তিনি বিশেষ শর্তসাপেক্ষে উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন।

**৬৩। বিস্ফোরক বহনকারী নৌকা লাইসেন্সকৃত হইতে হইবে।**- (১) নিম্নলিখিত কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরীকৃত লাইসেন্সের শর্তাবলী অনুসরণ না করিয়া কোন নৌকায় ১০০০ কিলোগ্রামের অধিক বিস্ফোরক পরিবহণ করা যাইবে না ঃ

(ক) বন্দর এলাকার মধ্যে চলাচলকারী নৌকার জন্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইল বন্দররক্ষক;
(খ) বন্দর এলাকার বাহিরে চলাচলকারী নৌকার জন্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইল সরকার কর্তৃক নিয়োগকৃত কোন কর্মকর্তা।

(২) কোন নৌকায় সর্বাধিক কি পরিমাণ বিস্ফোরক পরিবহণ করা যাইবে তাহা প্রধান পরিদর্শকের সহিত আলোচনা করিয়া নির্ধারণ করিতে হইবে এবং উহা লাইসেন্সে উলে- খ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীনে যে সকল লাইসেন্স মঞ্জুর করা হয় তাহাদের প্রত্যেকটির মেয়াদ নিম্নলিখিত সময় পর্যন্ড় বহাল থাকিবে, যথা ঃ-

(ক) বন্দর এলাকার মধ্যে চলাচলকারী নৌকার জন্য লাইসেন্স প্রদানের সময় হইতে চার মাস; এবং
(খ) বন্দর এলাকার বাহিরে চলাচলকারী নৌকার জন্য লাইসেন্স প্রদানের সময় হইতে এক বৎসর।

(৪) বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত ফিস গ্রহণ করিয়া এবং নির্দিষ্ট ফরমে উপ-বিধি (১) তে উলি- খিত লাইসেন্সসমূহ মঞ্জুর বা নবায়ন করিতে হইবে।

(৫) উপ-বিধি (১) এর আওতায় জারীকৃত যে কোন লাইসেন্সের একটি কপি প্রধান পরিদর্শকের নিকট পাঠাইতে হইবে।

(৬) বিধি ১৮৩ তে উলি- খিত কোন কর্মকর্তা যদি উপ-বিধি (১) এর আওতায় জারীকৃত কোন লাইসেন্স দেখিতে চাহেন তাহা হইলে সংশি- ষ্ট নৌকার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিকে উহা দেখাইতে হইবে।

**৬৪। নৌকায় বয়া পরিবহণ।**- (১) বন্দর এলাকার মধ্যে বিস্ফোরকবাহী যে কোন নৌকার ডেকে একটি বয়া রাখিতে হইবে যাহা ৮ সে.মি মোটা ও ১৫ ফেদমস্ লম্বা দড়ির সহিত সংযুক্ত থাকিবে। দড়ির এক প্রান্ড়ে বয়ার সহিত এবং অন্য প্রান্ড় নৌকার সহিত যুক্ত থাকিবে। নৌকার যে অংশ খাঁজ, যন্ত্রপাতি বা অন্য কোন প্রতিবন্ধকতা হইতে সর্বাধিক পরিষ্কার সেই অংশে দড়িটি সংযুক্ত করিতে হইবে এবং উক্ত অংশ বিধি ৬৩ তে বর্ণিত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(২) এক ফুট নয় ইঞ্চি লম্বা এবং এক ফুট দুই ইঞ্চি ব্যাসের লাল রঙের বয়াটি একটি পিপা বা ড্রামে রাখিতে হইবে যাহার মধ্যভাগে একটি লোহার বেল্ট দ্বারা ভালভাবে বাঁধা থাকিবে। বয়ার দড়িটি রক্ষার জন্য উহাতে একটি আংটা থাকিবে।

**৬৫। বিস্ফোরক পরিবহণকারী কোন নৌকায় ধূমপান, আগুন, বিপজ্জনক উপাদান এবং অন্যান্য মালামাল পরিবহণ নিষিদ্ধ।**-বিস্ফোরক পরিবহণকারী কোন নৌকায় নিম্নলিখিত বস্তু পরিবহণ করা যাইবে না, যথা ঃ

(ক) বিধি ৫৫ তে বর্ণিত সংকেত আলো ব্যতীত অন্য যে কোন ধরনের আগুন বা আলো;
(খ) ধূমপানের সামগ্রী;
(গ) প্রজ্জ্বলনীয় বা স্বতঃস্ফুর্তভাবে আগুন ধরিয়া যায় এমন ধরনের বস্তু;
(ঘ) বিস্ফোরণ ঘটাইতে পারে বা বিস্ফোরণে অগ্নি ব্যাপৃত করিতে সক্ষম কোন বস্তু;
(ঙ) বন্দর এলাকার বাহিরে প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক এবং উহার অভ্যন্তরে বন্দররক্ষক কর্তৃক লিখিত ও বিশেষভাবে প্রাধিকৃত নহে এমন ধরনের অন্য কোন মালামাল ঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক কর্তৃক জারীকৃত শর্তাবলী অনুযায়ী কোন যন্ত্রচালিত নৌকায় বিস্ফোরক পরিবহণের ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

## তৃতীয় অংশ
## স্থলপথে পরিবহণ

৬৬। **রাজপথ, জনসমাগমস্থল এবং অন্যান্য নির্ধারিত এলাকার মধ্য দিয়া বিস্ফোরক পরিবহণ।**- (১) কোন পৌরসভা বা ক্যান্টনমেন্ট এলাকার মধ্যে বিস্ফোরক পরিবহণে বাধা-নিষেধ থাকিলে সেই এলাকার কোন রাস্তা বা জনসমাগমস্থল দিয়া কোন ব্যক্তি কোন বিস্ফোরক পরিবহণ করিতে বা করাইতে পারিবে না।

(২) উপ-বিধি (১) নিম্নোক্ত ক্ষেত্রে প্রযোজ্য হইবে না ঃ
(ক) ৭ম শ্রেণীর যে কোন বিস্ফোরক (আতশবাজি) বা সেফটি ফিউজ ; অথবা
(খ) অনধিক ৫ কেজি গান পাউডার বা অন্য কোন বিস্ফোরক।

৬৭। ভ্যান **ব্যতীত অন্য কোন যানে বিস্ফোরক পরিবহণে বাধা-নিষেধ।**- (১) ভ্যান মোটরযান ব্যতীত অন্য কোন যানে কোন বিস্ফোরক স্থলপথে পরিবহণ করা যাইবে না ঃ

তবে নিম্নলিখিত শর্তসাপেক্ষে রোড ভ্যান ছাড়া অন্য কোন যানে যে কোন বিস্ফোরক পরিবহণ করা যাইবে যদি বিস্ফোরক ভর্তির স্থান হইতে উহার গন্তব্যস্থানের দূরত্ব ১০ (দশ) কিলোমিটারের বেশি না হয় ঃ

(ক) বিস্ফোরক পরিবহণের সময় সূর্যোদয় হইতে সূর্যাস্তের মধ্যে সীমাবদ্ধ রাখিতে হইবে;
(খ) কমপক্ষে দুইজন শক্তিশালী ও সুস্থ্য গার্ডের প্রহরায় বিস্ফোরক পরিবহণ করিতে হইবে;
(গ) প্রতিটি গরু বা ঘোড়ার গাড়ীতে একটি লাল পতাকা প্রদর্শন করিতে হইবে;
(ঘ) বিস্ফোরকপূর্ণ প্যাকেটগুলি নিরাপত্তার সহিত একটি ত্রিপল দ্বারা ভালভাবে আবৃত করিতে হইবে।

**৬৮। ভ্যানের লাইসেন্স।**- কোন ব্যক্তি কোন ভ্যানে এক টনের অধিক পরিমাণ বিস্ফোরক পরিবহণ করিতে বা করাইতে পারিবেন না যদি না উক্ত ভ্যানের ধরন প্রধান পরিদর্শক কর্তৃক লিখিতভাবে অনুমোদিত এবং এই বিধিমালার আওতায় লাইসেন্সকৃত না হয় ঃ

তবে শর্ত থাকে যে, সেফটিফিউজ এবং আতশবাজি পরিবহণের ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

৬৯। **বিস্ফোরক ভর্তি।**- (১) বিস্ফোরক পরিবহণের জন্য কোন যান বা বিমানে বিস্ফোরক ভর্তির দায়িত্বে নিয়োজিত ব্যক্তিকে এমনভাবে বিস্ফোরক সাজাইতে হইবে যাহাতে-

(ক) সাধারণ গতিতে চলিবার সময় উহারা যেন নড়াচড়া না করে এবং যে কোন ধাক্কা বা ঘর্ষণ হইতে রক্ষা পায়;
(খ) যদি কোন বিস্ফোরক খালাসের প্রয়োজন হয় তাহা হইলে যতদূর সম্ভব স্থিতিশীল রাখিয়া অবশিষ্ট বিস্ফোরক পুনরায় সাজাইতে হইবে।

(২) লাইসেন্সকৃত কোন যানে কোন ব্যক্তি বিস্ফোরক ভর্তি বা উক্ত যান হইতে খালাস করিতে পারিবে না যতক্ষণ পর্যন্ড় উক্ত যানের ইঞ্জিন এবং ব্রেক প্রয়োগ করিয়া চাকা বন্ধ না করা হয়।

৭০। **টানিয়া নিতে হয় এমন ধরনের যান ব্যবহারে বাধা-নিষেধ।-গুন বা দড়ি দ্বারা** টানিয়া নিতে হয় এমন ধরনের যানে বিস্ফোরক বোঝাই করিয়া উহার সাহায্যে কোন ব্যক্তি বিস্ফোরক পরিবহণ করিতে পারিবে না।

৭১। **বিস্ফোরকের সহিত অন্য কোন বস্তু পরিবহণ নিষিদ্ধ।-** যে কোন যানে বিস্ফোরকের সহিত অন্য কোন দ্রব্যাদি পরিবহণ করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, প্রজ্জ্বলনীয় এবং ক্ষতিকারক নহে এমন ধরনের দ্রব্যের সহিত অনধিক ১০০০ কিলোগ্রাম আতশবাজি পরিবহণ করা যাইবে।

৭২। **ভ্যানে বিস্ফোরক ভর্তি, খালাস, উহার রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা।-** (১) কোন যানে বিস্ফোরক ভর্তি বা উহা হইতে বিস্ফোরক খালাসের কার্যক্রম আরম্ভ হওয়ার পর হইতে শেষ না হওয়া পর্যন্ড় উহার কাজ বন্ধ করা যাইবে না এবং যতদূর সম্ভব দ্রুততার সহিত উক্ত কার্যক্রম শেষ করিতে হইবে।

(২) বিস্ফোরক ভর্তি, খালাস বা বিস্ফোরক ভর্তি প্যাকেট নাড়াচাড়া করিবার সময় আঁকড়া বা অন্যান্য ধাতব যন্ত্রপাতি ব্যবহার করা যাইবে না অথবা উক্তরূপ কার্যক্রম চালানোর সময় বিস্ফোরক ভর্তি প্যাকেট বা পাত্র কোথাও নিক্ষেপ বা নীচে ফেলিয়া দেওয়া যাইবে না।

(৩) নিয়মিতভাবে উক্তরূপ যান পরীক্ষা-নিরীক্ষা করিয়া দেখিতে হইবে যে-

(ক) উহাতে রক্ষিত অগ্নি-নির্বাপক যন্ত্রগুলি ভর্তি এবং উহার কার্যক্ষম আছে কি না;
(খ) বৈদ্যুতিক তারসমুহ অপরিবাহী আবরণ দ্বারা পৃথকীকৃত এবং শক্ত ও নিরাপদ আছে কি না;
(গ) জ্বালানী ট্যাংক ও পাইপ লাইনে ছিদ্র আছে কি না;
(ঘ) যানের চেসিস, ইঞ্জিন, অভ্যন্ড়র ও নিম্নভাগ তেল ও গ্রীজমুক্ত কি না;
(ঙ) ব্রেক বা অন্যান্য যন্ত্রপাতির অবস্থা ভাল বা মজবুত আছে কি না; এবং
(চ) অতিরিক্ত টায়ার এবং চাকা নির্ধারিত স্থানে মজুদ আছে কি না।

(৪) যানের সার্ভিস ম্যানুয়ালে মোটর যান প্রস্তুতকারক কর্তৃক বর্ণিত নির্দেশনা অনুযায়ী ব্যবহারের উপযোগী না হওয়া পর্যন্ড় কোন মোটর যানের ভিতরে বা উপরে বিস্ফোরক ভর্তি করা যাইবে না।

(৫) বিস্ফোরকপূর্ণ বা বিস্ফোরক পরিবাহী কোন ভ্যানের যানের জ্বালানী ট্যাংক প্রয়োজন ব্যতীত ভর্তি করা যাইবে না এবং ভর্তি করিবার পূর্বে ইঞ্জিন থামাইতে হইবে, বাতি নিভাইতে হইবে এবং জ্বালানী ট্যাংকে এমন জায়গায় তেল ভর্তি করিতে হইবে যেখানে জনগণের নিরাপত্তা বিঘ্নিত না হয়। ভ্যানের চালককে ট্যাংকে তেল ভর্তি তদারকি করিতে হইবে এবং তাহার সীটের পার্শ্বে সবসময় একটি অগ্নি-নির্বাপক যন্ত্র প্রস্তুত রাখিতে হইবে।

(৬) অপ্রয়োজনে বা প্রয়োজনীয় সময়ের অধিক বিস্ফোরক পরিবাহী বা বিস্ফোরকপূর্ণ কোন ভ্যানকে উহার চালক বা হেলপার থামাইতে পারিবে না এবং যেস্থানে থামাইলে জনসাধারণের জানমালের ক্ষতির সম্ভাবনা থাকিবে সেই স্থান পরিহার করিতে হইবে। যদি অনিবার্য কোন কারণে লাইসেন্সধারী বা চালকের তত্ত্বাবধানে বিস্ফোরকপূর্ণ বা বিস্ফোরক পরিবাহী যান কোন প্রাঙ্গণে রাতব্যাপী পার্ক করা থাকে তবে, উক্ত প্রাঙ্গণটি-

(অ) এমন কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না যাহাতে কোন খোলা বাতি, ম্যাচ বা অন্য কোন বস্তু বা উপাদানের উপস্থিতি অগ্নি-দুর্ঘটনা বা বিস্ফোরণ ঘটাইতে পারে;
(আ) যে কোন বাসস্থান বা প্রজ্জ্বলনীয় উপাদান অথবা অন্য কোন বিপজ্জনক দ্রব্যের কোন মজুদাগার হইতে দূরে থাকিতে হইবে;
(ই) মোটরযানের অস্থায়ী পার্কিং এবং অবস্থানের খবর নিকটবর্তী থানাকে অবহিত করিতে হইবে।

(৭) বিস্ফোরকপূর্ণ বা বিস্ফোরকবাহী কোন ভ্যানের চালক অসাবধানে বা বিপজ্জনকভাবে উহা চালাইতে বা চালানোর উদ্যোগ গ্রহণ করিতে পারিবে না।

(৮) বিস্ফোরক পরিবহণে যতদূর সম্ভব ঘনবসতিপূর্ণ স্থানের মধ্যদিয়া গমনাগমনের রাস্ড়া পরিহার করিতে হইবে।

(৯) বিস্ফোরক পরিবহণকারী যে কোন যানের দেখাশুনা করিতে সমর্থ এমন একজন ব্যক্তিকে (চালক ব্যতীত) সার্বক্ষণিকভাবে মোটরযানে উপস্থিত থাকিতে হইবে।

(১০) দুই বা ততোধিক বিস্ফোরকপূর্ণ যানের বহর যখন একত্রে চলাচল করে তখন উহাদের প্রত্যেকের মধ্যে কমপক্ষে তিনশত মিটার নিরাপদ দূরত্ব বজায় রাখিতে হইবে।

(১১) বিস্ফোরকপূর্ণ যান ইতোপূর্বে আগুন ধরিয়া যাওয়া কোন স্থানের উপর দিয়া বা কোন বড় রাস্ড়া অথবা হাইওয়ের নিকট দিয়া চালানো যাইবে না।

(১২) বিস্ফোরকপূর্ণ কোন মোটরযান কোন রক্ষীবিহীন রেলক্রসিং বা কোন মহাসড়ক অতিক্রম করিবার পূর্বে উহার চালককে উক্ত যানটি সম্পূর্ণভাবে থামাইতে হইবে এবং রাস্ড়াটি সম্পূর্ণ নিরাপদ হইলে অতিক্রম করিতে হইবে।

(১৩) এই বিধিমালার অধীনে মঞ্জুরীকৃত লাইসেন্সের মূলকপি বা উহার সত্যায়িত কপি সর্বদাই বিস্ফোরকপূর্ণ বা বিস্ফোরক পরিবাহী যানের সঙ্গে রাখিতে হইবে।

৭৩। **স্থির ভ্যানে আলোর ব্যবস্থাকরণ**।- ট্রাফিক জ্যাম ছাড়া অন্য কোন কারণে বিস্ফোরকপূর্ণ কোন ভ্যান লোক চলাচলকারী কোন রাস্ড়ায় থামানো হইলে থামা অবস্থায় উহার চালক বা লাইসেন্সধারী পার্কিং লাইটগুলি আলোকিত অবস্থায় রাখিবে এবং যদি কোন প্রতিফলকের প্রয়োজন হয় তাহা হইলে উহাকে এমন অবস্থানে রাখিতে হইবে যাহাতে অন্যান্য যানের চালকগণ অত্র মোটরযানের উপস্থিতির সংকেত দেখিতে পায়।

৭৪। **চাকা গতিরোধক কীলক**।- লাইসেন্সকৃত কোন মোটরযানে বিস্ফোরক পরিবহণের সময় উহাতে চারটি চাকা গতিরোধক কীলক বা কাঠের গুড়ি বহণ করিতে হইবে।

৭৫। **অগ্নি-দুর্ঘটনাকবলিত যানের চালকের দায়িত্ব**।- বিস্ফোরক বহণকারী কোন যানে আগুন ধরিয়া গেলে উহার চালককে নিম্নরূপ দায়িত্ব পালন করিতে হইবে, যথা ঃ

(ক) কমপক্ষে তিনশত মিটারের মধ্যে সমস্ড় মালামাল ও লোক চলাচল বন্ধ করা;
(খ) ঘটনাস্থল এবং উহার চারিদিকের লোকজন বিপদ সম্পর্কে যাহাতে সতর্ক থাকে সেই ব্যাপারে সম্ভাব্য সকল ধরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা, যেমনঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বাহিনীকে ডাকা, পুলিশকে খবর দেওয়া ইত্যাদি।

৭৬। **যানের দুর্ঘটনা**।- (১) বিস্ফোরক বহণকারী কোন যানে যদি কোন দুর্ঘটনা, আগুন লাগা বা অন্য কোন ঘটনার কারণে বিস্ফোরক পরিবহণে নিশ্চিত বিলম্ব হয় বা যান অথবা বিস্ফোরকের ক্ষতি হয় তাহা হইলে উহার চালক বা ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তিকে-

(ক) রোড দুর্ঘটনা সম্পর্কীয় আইনের সমস্ড় শর্তাবলী অনুসরণ করিতে হইবে;
(খ) দুর্ঘটনার সংবাদ নিকটবর্তী থানাকে জানাইতে হইবে;
(গ) লাইসেন্সধারীকে দুর্ঘটনার সংবাদ জানাইতে হইবে, যিনি-

(অ) দুর্ঘটনার এবং পরিবহণকৃত বিস্ফোরকের বিস্ড়ারিত বিবরণ প্রধান পরিদর্শক এবং সংশি-ষ্ট অঞ্চলের বিস্ফোরক পরিদর্শককে লিখিতভাবে অবহিত করিবেন;
(আ) বিস্ফোরকের নিরাপদ মজুদ এবং রক্ষণাবেক্ষণ করিতে হইবে যতক্ষণ পর্যন্ড় না প্রয়োজনবোধে বিস্ফোরক পরিদর্শক কর্তৃক উহা পরীক্ষা করা হয় এবং পরবর্তীতে কাঙ্খিত গন্ড়ব্যস্থলে বা বিস্ফোরক পরিদর্শক কর্তৃক মনোনীত স্থানে পরিবহণের ব্যবস্থা করিতে হইবে।

(২) দুর্ঘটনায় বিস্ফোরকবাহী যান ভাঙ্গিয়া গেলে, চালক বা উহার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি-

(ক) যানটির ছোটখাট মেরামত করিতে বা মেরামতের অনুমতি দিতে পারিবে যদি না উক্ত মেরামতের ফলে কোন বিপদ না ঘটে;

(খ) যদি বড় ধরনের মেরামতের প্রয়োজন হয়, তাহা হইলে উক্ত মেরামত হইতে বিরত থাকিতে হইবে যতক্ষণ পর্যন্ড় না উহাতে রক্ষিত বিস্ফোরক অন্য একটি মোটরযানে স্থানান্ড়র করা হয় বা উহা হইতে বিস্ফোরক সরাইয়া হাইওয়ে হইতে কোন নিরাপদ স্থানে এবং কোন বাসস্থান হইতে প্রয়োজনীয় নিরাপত্তার জন্য কমপক্ষে তিনশত মিটার দূরে মজুদ করা হয়;

(গ) লাইসেন্সধারীকে যান ভাংগার সংবাদ দিতে হইবে, যিনি প্রধান পরিদর্শক এবং সংশি- ষ্ট অধিক্ষেত্রের বিস্ফোরক পরিদর্শককে উক্ত যানে রক্ষিত বিস্ফোরকের বিস্ড়রিত বিবরণ এবং মোটরযান ভাংগার সবিশেষ ঘটনা লিখিতভাবে জানাইবেন।

**৭৭। যানে অগ্নি-নির্বাপক যন্ত্র রাখা।-** (১) প্রত্যেক বিস্ফোরকবাহী যানে সবসময়ই কার্যক্রম অবস্থায় থাকে এমন ধরনের কমপক্ষে দুই কিলোগ্রাম ধারণ ক্ষমতাসম্পন্ন দুইটি অগ্নি-নির্বাপক যন্ত্র রাখিতে হইবে, যাহাদের একটি বৈদ্যুতিক আগুন এবং অন্যটি ইঞ্জিন, টায়ার বা একই রকম অন্য ঘটনায় সংঘটিত আগুন নিভানোর কাজে সক্ষম হইবে।

(২) অগ্নি-নির্বাপক যন্ত্রগুলিকে তাৎক্ষণিক ব্যবহারের জন্য উপযোগী অবস্থায় এবং সহজলভ্য স্থানে রাখিতে হইবে। প্রস্তুতকারকের সুপারিশ অনুসারে অগ্নি-নির্বাপক যন্ত্রগুলি পরীক্ষা এবং পূনঃভর্তি করিতে হইবে।

## চতুর্থ অংশ
### রেলগাড়ীতে পরিবহণ

**৭৮। রেলগাড়ীর বগির অনুমোদন।-** সেফটি ফিউজ ও আতশবাজি ছাড়া অন্য কোন বিস্ফোরক বিশেষভাবে নির্মিত এবং রেলওয়ে বোর্ড ও প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরনের বগি ছাড়া অন্য কোন বগির মাধ্যমে রেলগাড়িতে পরিবহণ করা যাইবে না।

**৭৯। রেলগাড়ীর বগি চিহ্নিতকরণ।-** (১) যে কোন বিস্ফোরক বোঝাইকৃত রেলগাড়ীর বগির উভয় দিকে ভর্তিকৃত বিস্ফোরকের জন্য নির্ধারিত বিপজ্জনক চিহ্ন সুস্পষ্টভাবে উহার গায়ে আটকাইয়া দিতে হইবে অথবা “বিস্ফোরক” শব্দটি লিপিবদ্ধ করিতে হইবে।

(২) বিধি ৮০ এর অনুচ্ছেদ (খ) এবং বিধি ৮৫ এর বিধান অনুসারে ধারণকৃত বগিতে বিস্ফোরক পরিবহণের ক্ষেত্রে উপ-বিধি (১) প্রযোজ্য হইবে না।

**৮০। সাধারণ পণ্যের সহিত বিস্ফোরক পরিবহণ।-** বিধি ৭৮ এ যাহাই থাকুক না কেন, অগ্নি-দুর্ঘটনা বা বিস্ফোরণ ঘটাইতে সক্ষম কোন উপাদান বা পদার্থ বহণ করা হইবে না এমন কোন মালবাহী ট্রেনে নিম্নরূপ পদার্থ বহণ করা যাইবে, যথা ঃ-

(ক) ব- াস্টিং কাজের জন্য যে কোন পরিমাণ সেফটি ফিউজ;

(খ) এই বিধির উদ্দেশ্যে পূরণকল্পে প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত অন্য যে কোন বিস্ফোরক ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার সমস্ড় শর্ত অনুসরণপূর্বক এইরূপ বিস্ফোরক ধাতু নির্মিত আধার বা সিলিন্ডারে ভর্তিকৃত অবস্থায় থাকিবে, এবং উহাদের ধরন রেলওয়ে কর্তৃপক্ষ এবং প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইবে।

**৮১। বিস্ফোরক পরিবাহী বগির অবস্থান।-** বিস্ফোরকবাহী প্রত্যেকটি বগিকে যতদূর সম্ভব ইঞ্জিন র ম হইতে দূরে সহজগম্য স্থানে স্থাপন এবং পার্শ্ববর্তী বগির সহিত সংযুক্ত করিতে হইবে এবং উহার পূর্ববর্তী ও পশ্চাদবর্তী তিনটি বগিতে কোন বিস্ফোরক বা প্রজ্জ্বলনীয় প্রকৃতির কোন উপাদান বা পদার্থ বোঝাই করা যাইবে না।

**৮২। রেলগাড়ীর মাধ্যমে সর্বাধিক বিস্ফোরক পরিবহণ।-** কোন রেল স্টেশনে বা ঘাটে একই সময়ে অনধিক পাঁচটি বগি হইতে বিস্ফোরক খালাস অথবা উক্ত বগিসমূহে বিস্ফোরক ভর্তি করা এবং অনধিক দশটি বিস্ফোরকপূর্ণ বগিকে একই ট্রেনে সংযুক্ত বা পরিবহণ করা যাইবে না।

**৮৩। মিশ্র বা যাত্রীবাহী রেলগাড়ীতে বিস্ফোরক পরিবহণ নিষিদ্ধ।-** মিশ্র বা যাত্রীবাহী কোন রেলগাড়ীতে কোন বিস্ফোরক পরিবহণ করা যাইবে না।

**৮৪। বিস্ফোরকপূর্ণ ভ্যানসমূহকে মিশ্র রেলগাড়ী দ্বারা প্রেরণ।-** বিধি ৮৩ তে যাহাই থাকুক না কেন, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বিধি ৭৮ এর অধীন বিশেষভাবে অনুমোদিত ভ্যানে ধারণকৃত যে কোন বিস্ফোরক, মালবাহী রেলগাড়ী চলাচল করে না এমন ধরনের লাইনে বা উপ-লাইনে মিশ্র রেলগাড়ীতে পরিবহণ করা যাইবে, যথা ঃ-

(ক) অনধিক তিনটি উক্তরূপ বিস্ফোরকপূর্ণ বগি একই সময়ে পরিবহণ করা যাইবে;
(খ) বিস্ফোরকপূর্ণ ভ্যান ও ইঞ্জিন র‍ুমের মধ্যে কমপক্ষে তিনটি বগি থাকিবে এবং যাত্রীবাহী বগি ও বিস্ফোরকপূর্ণ ভ্যানের মধ্যেও কমপক্ষে তিনটি বগি থাকিবে;
(গ) বিস্ফোরকপূর্ণ ভ্যানসমূহ পরস্পরের সহিত এবং পার্শ্ববর্তী অন্য মালবাহী বগির সহিত জোড়াবস্থায় সংযুক্ত করিতে হইবে;
(ঘ) মালবাহী রেলগাড়ী চলাচলকারী রেললাইনের যে কোন অংশে হঠাৎ করিয়া বিস্ফোরকপূর্ণ মিশ্রবাহী রেলগাড়ী প্রবেশ করিলে উহা হইতে বিস্ফোরকপূর্ণ ভ্যানসমূহকে দূরে সরাইয়া নিতে হইবে।

৮৫। **মিশ্র বা যাত্রীবাহী রেলগাড়ীতে বিস্ফোরক পরিবহণ**।- বিধি ৭৮ এবং ৮৩ তে যাহাই থাকুক না কেন, নিম্নলিখিত বিস্ফোরকসমূহ মিশ্র বা যাত্রীবাহী রেলগাড়ীতে পরিবহণ করা যাইবে, যথা ঃ-

(১) ব-াস্টিংয়ের জন্য সেফটি ফিউজ;
(২) প্রপেল্যান্ট ব্যতীত টোটা বা কার্তুজে ভর্তিকৃত অনধিক তিন কিলোগ্রাম নাইট্রোযৌগের তৃতীয় শ্রেণীর বিস্ফোরক ঃ

তবে শর্ত থাকে যে, একই কামরায় ডেটোনেটর পরিবহণ করা যাইবে না;

(৩) প্যাকেটকৃত ডেটোনেটরের সংখ্যা যদি দুইশতটি হয় বা প্যাকেটকৃত ডেটোনেটরের সর্বমোট ওজন যদি অনধিক আড়াইশত গ্রাম হয় ঃ

তবে শর্ত থাকে যে,

(ক) প্রেরক কর্তৃক এই মর্মে সনদ প্রদান করিতে হইবে যে, এই সমস্ত ডেটোনেটর তিনি স্বয়ং দেখাশুনা করিবেন; এবং
(খ) একই কামরায় অন্য কোন বিস্ফোরক পরিবহণ করা হইবে না;
(গ) দ্বিতীয় তফসীলে বর্ণিত দুই স্তর বিশিষ্ট প্যাকেটকৃত প্রপিলেন্টস এবং খেলাধুলায় ব্যবহৃত পাউডার ঃ

তবে শর্ত থাকে যে,
(ক) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরনের সম্পূর্ণভাবে স্পার্ক নিরোধী টিন বা জিংক বা ধাতুর খাঁচা বা আবৃত টিনের বাক্সে ধারণকৃত প্রতিটি প্যাকেটে বা সিলিন্ডারে অনধিক তিন কিলোগ্রাম বিস্ফোরক একটি শক্ত কাঠের বাক্সে রাখিতে হইবে;
(খ) বাহিরের বাক্সে ১৩ কিলোগ্রামের অধিক বিস্ফোরক ভর্তি করা যাইবে না; এবং
(গ) একটি রেলগাড়ীতে সর্বমোট ৩৫ কিলোগ্রামের অধিক বিস্ফোরক পরিবহণ করা যাইবে না।

৮৬। **প্রেরণকৃত বিস্ফোরক রেলওয়ে কর্তৃপক্ষ কর্তৃক বুঝিয়া নেওয়া**।- ট্রেনে পরিবহণের অভিপ্রায়ে প্রেরক কর্তৃক প্রেরিত বিস্ফোরক শুধুমাত্র-
(ক) রেলওয়ে কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বুঝিয়া নিবেন যিনি বিপজ্জনক দ্রব্যাদি গ্রহণের সহিত সংশি-ষ্ট;
(খ) রেলকর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত রেল প্রাঙ্গণের অভ্যন্তরস্থ কোন স্থানে এবং সূর্যোদয় ও সূর্যাস্তের মধ্যবর্তী কোন সময়ে গ্রহণ করিতে হইবে।

৮৭। **বিস্ফোরক সাজাইয়া রাখা**।- (১) বিস্ফোরকপূর্ণ সমস্ত প্যাকেটকে শুধুমাত্র একটি স্তরে সাজাইয়া রাখিতে এবং উহাদেরকে এমনভাবে মজুদ করিতে হইবে যাহাতে বগি চলাচলের সময় উহারা নড়াচড়া না করে ঃ

তবে শর্ত থাকে যে, বিস্ফোরকের প্যাকেটগুলি যদি আয়তাকার হয় এবং পরিবহণের সময় নড়াচড়া করিবে না বলিয়া নিশ্চিত হওয়া যায় তাহা হইলে উহাদেরকে অনধিক পাঁচ স্তরে সাজাইয়া রাখা যাইবে।

(২) বিস্ফোরক পরিবাহী বগির মেঝেতে এবং বিস্ফোরকপূর্ণ প্যাকেটের প্রতি স্তরের মধ্যবর্তী স্থানে কাপড়ের টুকরা, পশুর চামড়া বা অন্য কোন উপযুক্ত পদার্থ ছড়াইয়া দিতে হইবে।

(৩) বিস্ফোরকপূর্ণ কোন বগিতে কোন ম্যাচ বা ফিউজ অথবা আগুন ধরাইতে সক্ষম কোন উৎস বা প্রজ্জ্বলনীয় প্রকৃতির কোন উপাদান বা বস্তু অথবা অগ্নি-দুর্ঘটনা বা বিস্ফোরণের কারণ হইতে পারে এমন ধরণের পদার্থ যেমনঃ পেট্রোলিয়াম, ক্যালসিয়াম কার্বাইড, তরলীকৃত গ্যাস, এসিড ইত্যাদি পরিবহণ করা যাইবে না।

৮৮। **বিস্ফোরকপূর্ণ বগিকে অন্য লাইনে সরানো**।- প্রাধিকারপ্রাপ্ত কোন কর্মকর্তার তত্ত্বাবধানে বিস্ফোরকপূর্ণ কোন বগিকে অন্য কোন লাইনে সরানো যাইবে না যতক্ষণ পর্যন্ড় না তিনি নিশ্চিত হন যে–

(ক) রেলগাড়ীকে শ্রেণীবদ্ধ করিবার সময় বিস্ফোরকবাহী বগিকে ইঞ্জিন দ্বারা অন্য লাইনে সরানো হইতেছে না এবং উহা অন্যূন তিনটি বগি দ্বারা ইঞ্জিন হইতে পৃথকীকৃত যাহাদের মধ্যে বিস্ফোরক বা প্রজ্জ্বলনীয় পদার্থ নাই;
(খ) বিস্ফোরক পরিবহণকারী বগিসমূহকে প্রধান লাইন হইতে অন্য লাইনে সরানোর সময় উহাদের গতি ঘন্টায় পাঁচ মাইলের বেশী হইবে না; এবং
(গ) বিস্ফোরকপূর্ণ বগিসমূহকে অন্য লাইনে সরানোর কাজ অবহেলার সহিত করা যাইবে না।

৮৯। **রেলওয়ে প্রাঙ্গণে বিস্ফোরক আনয়ন এবং ইহা হইতে সরানো**।- (১) যে কোন বিস্ফোরক ধারণকৃত প্যাকেটসমূহ রেলস্টেশন, ঘাট বা ডিপোতে পৌঁছানোর পর যতদূর সম্ভব অতি অল্প সময়ের মধ্যে সমস্ড় আনুষ্ঠানিকতা শেষ করিয়া গ্রহীতা কর্তৃক সরাইয়া নিতে হইবে।

(২) বিস্ফোরকপূর্ণ প্যাকেটসমূহ কোন স্টেশনে পৌঁছার বার ঘন্টার মধ্যে দিনের বেলায় সরানো না হইলে বিস্ফোরকসহ প্যাকেটগুলি প্রেরকের নিকট তাহার নিজস্ব দায়িত্বে এবং খরচে ফেরত দেওয়া যাইতে পারে।

(৩) বিস্ফোরকপূর্ণ যে কোন প্যাকেট যতক্ষণ পর্যন্ড় সরানো, প্রেরণ বা ফেরত না দেওয়া হয় ততক্ষণ স্টেশন মাস্টারের বিশেষ নির্দেশনায় প্রয়োজনবোধে পুলিশ প্রহরায় স্টেশন বিল্ডিং হইতে একটি নিরাপদ দূরত্বে রাখিয়া ত্রিপল বা অন্য কোন উপযুক্ত বস্তু দ্বারা আবৃত করিয়া রাখিতে হইবে।

৯০। **রেল কর্তৃপক্ষের ক্ষমতা**।- (১) রেল কর্তৃপক্ষ যদি মনে করেন যে, কোন বিস্ফোরক বা বিস্ফোরকপূর্ণ বগি বা প্যাকেট এই বিধিমালার পরিপন্থী তাহা হইলে রেল কর্তৃপক্ষ-

(ক) ঐ সকল বিস্ফোরক, বগি বা প্যাকেটকে তাহাদের স্টেশনে প্রবেশে বাঁধা প্রদান বা উহাদেরকে গ্রহণ বা পরিবহণ করিতে অপারগতা জানাইতে পারিবে; অথবা
(খ) প্রয়োজন মনে করিলে যে কোন সময় উহাদেরকে খুলিতে এবং উহাদের ভিতরে অবস্থিত পদার্থকে যাচাই করিতে পারিবে।

(২) যদি কোন বিস্ফোরক বা বিস্ফোরকপূর্ণ প্যাকেট বা বগি এই বিধিমালার কোন বিধির পরিপন্থী হয় তাহা হইলে রেলওয়ে কর্তৃপক্ষ প্রেরকের নিজ দায়িত্বে এবং খরচে উহাদেরকে তাহার নিকট ফেরত দিতে পারিবে।

(৩) কোন বিস্ফোরক বা বিস্ফোরকপূর্ণ প্যাকেট বা বগি যদি এই বিধিমালার পরিপন্থী হয় এবং কর্তৃপক্ষ যদি মনে করেন যে, এইগুলি উপ-বিধি (২) এর আওতায় প্রেরকের নিকট ফেরত পাঠাইলে বিপদের সম্ভাবনা আছে তাহা হইলে প্রধান পরিদর্শকের সহিত আলোচনা করিয়া তাহার নির্দেশানুসারে প্রেরকের নিজ খরচে ও দায়িত্বে বিস্ফোরকপূর্ণ পাত্র বা প্যাকেট ধ্বংস করিতে পারিবে।

৯১। **রেলওয়ে ব্রিজের উপর দিয়া বিস্ফোরক পরিবহণে বাধা-নিষেধ**।- রেলওয়ে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সকল ধরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ব্যতীত কোন রেলওয়ে ব্রিজের উপর দিয়া কোন বিস্ফোরকপূর্ণ রেলগাড়ী পরিবহণ করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধি নিলিখিত বিস্ফোরক পরিবহণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না ঃ-

(ক) ব-াস্টিংয়ের জন্য যে কোন পরিমাণের সেফটি ফিউজ; অথবা
(খ) ৩ কিলোগ্রামের অধিক নহে এমন যে কোন পরিমাণের গান পাউডার বা নাইট্রো-কম্পাউন্ড বা ৬ষ্ঠ শ্রেণীর দ্বিতীয় ও তৃতীয় বিভাগের এম্যুনিশন; অথবা
(গ) অনধিক ৫ কিলোগ্রাম আতশবাজি।

৯২। **চায়না পটকা পরিবহণ**।- রেলগাড়ীতে ৭ম শ্রেণীর দ্বিতীয় বিভাগের চায়না পটকা পরিবহণের সময় যদি বিস্ফোরণ নিরোধী সকল ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয় এবং প্রেরিতব্য মালামালের আকৃতি বা সংখ্যা বিবেচনা করিয়া প্রধান বিস্ফোরক পরিদর্শক যদি মনে করেন যে, বিধি ৪৩ এবং ৭৮ এর শর্তাবলী পালনের আনুষ্ঠানিকতা সম্পন্ন করিতে অনেক দেরীর সম্ভাবনা রহিয়াছে তাহা হইলে তিনি জুলাই হইতে মার্চ পর্যন্ড় সময়ের জন্য একটি আদেশের মাধ্যমে উক্ত বিধিদ্বয়ের শর্তসমূহ শিথিল করিতে পারিবেন।

## পঞ্চম অধ্যায়
## বিস্ফোরক উৎপাদন

৯৩। **বিস্ফোরক উৎপাদনের উপর বাধা-নিষেধ**।- (১) এই বিধির অধীন মঞ্জুরকৃত লাইসেন্সের শর্ত পালন ব্যতীত কোন বিস্ফোরক উৎপাদন করা যাইবে না।

(২) লাইসেন্সকৃত প্রাঙ্গণে বিস্ফোরক উৎপাদনের সহিত সম্পর্কযুক্ত সকল কর্মকান্ডের বিষয়ে লাইসেন্সধারী দায়ী থাকিবেন।

৯৪। **কতিপয় ক্ষেত্রে বিস্ফোরক উৎপাদনের জন্য লাইসেন্স নিষ্প্রয়োজন**।- বিধি ৯৩ এ যাহাই থাকুক না কেন, কোন সরকারী বা শিল্প পরীক্ষাগার অথবা শিক্ষা প্রতিষ্ঠানের কোন পরীক্ষাগারে বিস্ফোরক উৎপাদনের জন্য লাইসেন্স প্রয়োজন হইবে না এবং কোন যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে নিম্নে শর্তাধীনে কোন রাসায়নিক পরীক্ষণ ও পরীক্ষায় যুক্তিসঙ্গতভাবে যতটুকু পরিমাণ বিস্ফোরক প্রয়োজন তাহার অতিরিক্ত ব্যবহার এবং ব্যবহারিক প্রয়োগ বা বিক্রয় করা হইবে না, যেমন–

(ক) বিস্ফোরকের প্রকৃতি, যে বিস্ফোরক পরীক্ষাগারে প্রস্তুত করা হইবে তাহার পরিমাণ, একই সঙ্গে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং পরীক্ষা পরিচালনাকারী ব্যক্তির জীবন বৃত্তান্ড় ও অভিজ্ঞতার বিবরণ সম্পর্কে প্রধান পরিদর্শককে পূর্বেই অবহিত করিতে হইবে;

(খ) উপরোক্ত (ক) অনুচ্ছেদের তথ্য প্রাপ্তির পর প্রধান পরিদর্শক যদি মনে করেন যে, এইরূপ পরীক্ষা করা নিরাপদ নয় তবে তিনি লিখিতভাবে পরীক্ষা পরিচালনা নিষিদ্ধ করিবেন;

(গ) কোন ব্যক্তির শারীরিক আঘাত অথবা সম্পদের ক্ষয়ক্ষতি প্রতিরোধ এবং প্রযোজ্যক্ষেত্রে আইনের সকল বিধান এবং বিধানাবলী পালন ও অন্যান্য ক্ষেত্রেও সর্ব প্রকার সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(ঘ) আইনের ধারা ৬ এর অধীন বিশেষভাবে নিষিদ্ধ কোন বিস্ফোরক তৈরীর জন্য কোন পরীক্ষাকার্য পরিচালনা করা যাইবে না;

(ঙ) রাসায়নিক পরীক্ষার উদ্দেশ্যে স্বল্প পরিমাণ বিস্ফোরক তৈরী যাহা বিক্রয় বা অন্য কোন ব্যবহারের জন্য নয়; অথবা

(চ) এই বিধির আওতায় প্রাধীকৃত ব্যক্তির ক্ষেত্রে কার্তুজ পূর্ণ করিতে, চার্জ তৈরীতে অথবা শুষ্ক, রূপান্ড়র, সংযুক্ত অথবা অন্য কোন উপায়ে বিস্ফোরক অধিকারে রাখেন অথবা কোন খনি বা পাথর খন্ডে তাহার দ্বারা পরিচালিত অথবা তাহার নিয়ন্ত্রণাধীন কোন খননকার্যে বিস্ফোরণের উদ্দেশ্যে এইরূপ বিস্ফোরক কাজে লাগান বা তৈরী করেন।

৯৫। **প্রস্তুতকরণের পদ্ধতির অনুমোদন**।- (১) প্রাধিকৃত বিস্ফোরকের তালিকায় অন্ড়র্ভুক্তি ছাড়া কোন নুতন ধরনের বিস্ফোরক তৈরী করা যাইবে না যদি না প্রস্তুতকরণের পদ্ধতি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এবং তাহার লিখিত অনুমতিপ্রাপ্ত হইয়া থাকে।

(২) কোন ব্যক্তি প্রাধিকারভুক্ত বিস্ফোরক প্রস্তুত করিতে চাহিলে প্রধান পরিদর্শক এর নিকট প্রতিটি বিস্ফোরক সম্পর্কে পৃথকভাবে ২ কপি প্রজেক্ট রিপোর্ট প্রদান করিবে যাহার মধ্যে অন্যান্য প্রাসঙ্গিক বিষয়সহ নিম্নলিখিত বর্ণনা থাকিবে, যথা ঃ-

(ক) প্রস্তুতের উপাদান হইতে আরম্ভ করিয়া উৎপন্ন দ্রব্য পর্যন্ড় সম্পূর্ণ প্রক্রিয়া, প-্যান্ট ও সরঞ্জামাদি, ব্যবহারকৃত দ্রব্যের পরিমাণ, প্রস্তুতি এবং প্যারামিটার, নিয়ন্ত্রণ, নিরাপত্তা, পরিকল্পনা পদ্ধতি, বর্জ্য এবং ব্যবহার অনুপযোগী বিস্ফোরক নিষ্কাশনের প্রস্ড়াবিত পদ্ধতির বর্ণনা;

(খ) বিস্ফোরকের উপাদান ও প্রকৃতি;

(গ) বিস্ফোরকের প্রতিটি উপাদানের নির্ধারিত শতকরা হার;

(ঘ) বিক্রয়সহ প্রস্তুত প্রক্রিয়ায় ব্যবহৃত বিভিন্ন উপাদানের বিনির্দেশ;

(ঙ) সর্বশেষ উৎপন্ন দ্রব্যের ভৌত ও রাসায়নিক বৈশিষ্ট্য;

(চ) নির্ধারিত পরীক্ষণ ফি।

(৩) প্রধান পরিদর্শক প্রজেক্ট রিপোর্ট পর্যালোচনা করিয়া এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আরও অনুসন্ধানে তিনি সন্তুষ্ট হইলে প্রত্যেক বিস্ফোরকের জন্য পৃথকভাবে পদ্ধতি অনুমোদন করিবেন।

(৪) প্রধান পরিদর্শকের পূর্ব অনুমোদন ব্যতীত কোন ব্যক্তি বিস্ফোরকের প্রস্তুত পদ্ধতি, উপাদান ও ধরন এবং কাঁচামাল ও উপাদানের বিনির্দেশ ও নির্ধারিত শতকরা হারের কোন পরিবর্তন করিতে পারিবেন না।

(৫) উপ-বিধি (২) এর অধীন প্রদানকৃত বর্ণনা সঠিক কি না তাহা নিশ্চিত করিবার জন্য প্রধান পরিদর্শক যে কোন সময় কোন কাঁচামাল, উপাদান অথবা বিস্ফোরক এর যে কোন পরীক্ষা করিতে পারিবেন।

৯৬। **অননুমোদিত ব্যক্তির উপর বাধা-নিষেধ**।- (১) এই বিধিমালার  অধীন বিস্ফোরক প্রস্তুতের লাইসেন্সকৃত কারখানা অননুমোদিত ব্যক্তির প্রবেশ রোধ করিতে সক্ষম এমন কার্যকরভাবে নির্মিত কমপক্ষে ২ মিটার উচুঁ দেওয়াল অথবা কাঁটা তারের বেড়া দ্বারা পরিবেষ্টিত হইবে।

(২) বিস্ফোরক প্রস্তুতের জন্য ব্যবহৃত ভবন বা ছাউনি হইতে সংরক্ষণীয় প্রয়োজনীয় নিরাপদ এলাকা উক্ত দেওয়াল বা বেড়া দ্বারা পরিবেষ্টিত এলাকার মধ্যে অর্ন্তভুক্ত হইবে।

(৩) লাইসেন্সধারী নিজ খরচে ও তত্ত্বাবধানে কারখানার নিরাপদ একটি স্থানে এমন সুঠাম দেহের অধিকারী প্রহরীর ব্যবস্থা করিবেন যাহাকে জেলা কর্তৃপক্ষ যথোপযুক্ত বিবেচনা করেন।

৯৭। **কেবলমাত্র নির্দিষ্ট কাজে ভবন ব্যবহার করা যাইবে**।- কারখানাস্থ প্রতিটি ভবন এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত লাইসেন্সে বর্ণিত উদ্দেশ্যেই কেবল ব্যবহার করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সে উলি- খিত উদ্দেশ্য ছাড়াও অন্য কোন উদ্দেশ্যে ভবন ব্যবহারের সাময়িক অনুমতি প্রদান করিতে পারিবেন যদি তিনি এই মর্মে নিশ্চিত হন যে, এই ধরনের ব্যবহার নিরাপদ এবং প্রস্তুত প্রক্রিয়ার জন্য নির্বিঘ্ন।

৯৮। **ভবনের অভ্যন্তরভাগ সুবিন্যস্তকরণ**।- কোন ভবনে বিস্ফোরক  অথবা বিস্ফোরকের কোন উপাদান যাহা এককভাবে বিস্ফোরকের বৈশিষ্ট্যসম্পন্ন অথবা ভবনে রক্ষিত অন্য কোন উপাদান বা বস্তুর সহিত একত্রে রাখা হয় অথবা উহা বিস্ফোরক মিশ্রণ অথবা বিস্ফোরক পদার্থ তৈরী করিতে পারে অথবা প্রস্তুতির সময়ও ভবন ঝুঁকিপূর্ণ হইতে পারে  এবং এইরূপ ভবনের অভ্যন্তরভাগ এবং বেঞ্চ, তাক, ভবনের ফিটিংস এমনভাবে নির্মিত অথবা বিন্যস্ত অথবা আবৃত  হইবে যাহাতে কোন লৌহ বা ইস্পাত অংশ উন্মুক্ত না থাকে এবং কোন ধূলিকণা উৎপন্ন বা বিযুক্ত হইয়া যাহাতে বিস্ফোরক বা উপাদানের সংস্পর্শে না আসিতে পারে । এতদুদ্দেশ্যে অভ্যন্তরভাগ, বেঞ্চ, তাক, ফিটিংস উপযোগী করিয়া ধূলিকণামুক্ত এবং অন্য কোন উপায়ে পরিষ্কার রাখিতে হইবে।

৯৯। **ঢিবি নির্মাণ**।- বিস্ফোরক উৎপাদন, ব্যবহার, মজুদ ও পরীক্ষার কাজে ব্যবহৃত লাইসেন্সকৃত কারখানার প্রত্যেক ভবন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ভিন্নরূপ নির্দেশনা না দিলে দৃঢ় ঢিবি দ্বারা পরিবেষ্টিত হইবে যাহার ধরন ও ডিজাইন প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ঢিবির স্থলে ব-াস্ট প্রাচীরও অনুমোদন করিতে পারিবেন যদি এইরূপ ব-াস্ট প্রাচীর দ্বারা কাঙ্খিত উদ্দেশ্য সফল হয়।

১০০। **স্বতঃস্ফূর্তভাবে প্রজ্বলিত হইতে সক্ষম এইরূপ বস্তুর উপর বাধা-নিষেধ**।- তৈলসিক্ত তুলা, তৈলযুক্ত বস্ত্র বা তৈল বর্জ্য এবং স্বতঃস্ফূর্তভাবে প্রজ্জ্বলনে সক্ষম এমন অন্য কোন বস্তু এইরূপ দালানে জরুরী ব্যবহারের প্রয়োজন ব্যতীত আনা যাইবে না এবং জরুরী কাজ বা ব্যবহার শেষে তৎক্ষণাৎ তাহা অপসারণ করিতে হইবে।

১০১। **বিশেষ যন্ত্রাংশ ও সরঞ্জামাদির ব্যবহার**।- বিস্ফোরক প্রস্তুত প্রক্রিয়াকরণের কোন ভবনে (অতঃপর প্রক্রিয়াকরণ ভবন বলিয়া উলি- খিত) কোন যন্ত্রাংশ বা সরঞ্জামাদি ব্যবহার বা রাখা যাইবে না, যদি না এই সমস্ত বস্তু, কাঠ, তামা, ব্রাস অথবা নরম ধাতু বা ধাতব পদার্থ অথবা নিরাপদ ও উপযোগী পদার্থ দ্বারা আবৃত থাকে।

**১০২। বিস্ফোরক প্রক্রিয়াকরণ ভবনে তথ্য প্রদর্শন**।- বিস্ফোরক প্রক্রিয়াকরণ ভবনে সকল সময়ে স্পষ্ট ও সহজবোধ্যভাবে নিম্নোক্ত তথ্যাবলী প্রদর্শন করিতে হইবে, যথা ঃ

(ক) লাইসেন্সকৃত কারখানার প্রত্যেক প্রক্রিয়াকরণ ভবনে লাইসেন্সের সহিত সংযুক্ত অনুমোদিত নক্শায় উলি- খিত একই পৃথকীকরণ নম্বর।

(খ) প্রত্যেক প্রক্রিয়াকরণ ভবনের অভ্যন্ড়রে একটি নোটিশে নিম্নরূপ তথ্য প্রদর্শিত হইবে-

(অ) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদিত কোন সময়ে ভবনে রক্ষিতব্য কোন বিস্ফোরক অথবা উক্ত বিস্ফোরকের উপাদানের সর্বোচ্চ পরিমাণ;

(আ) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদিত কোন সময়ে ভবনে সর্বোচ্চ যে কয়জন ব্যক্তি থাকিতে পারে।

**১০৩। ধূমপানের উপর নিষেধাজ্ঞা**।- লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের বিশেষ অনুমোদনপ্রাপ্ত স্থান ব্যতীত লাইসেন্সকৃত কারখানায় কোন ব্যক্তি ধূমপান করিতে পারিবে না।

**১০৪। বজ্র হইতে সুরক্ষা**।- (১) প্রত্যেক ভবনের সহিত সঠিক প্রকৌশলগত মান অনুযায়ী ডিজাইনকৃত ও নির্মিত এক বা একাধিক উপযুক্ত বজ্রবহ সংযুক্ত পরিবাহী থাকিবে।

(২) একজন যোগ্য বিদ্যুৎ প্রকৌশলী দ্বারা বা প্রধান বিদ্যুৎ পরিদর্শকের অফিস হইতে এই সম্পর্কিত যোগ্যতার সনদধারী অন্য কোন উপযুক্ত ব্যক্তির সাহায্যে ভবনের ভূ-প্রান্ড়ে বজ্রবহের ভূ-সংযোগ এবং বিভিন্ন অংশের সংযোগসমূহ প্রতি ১২ মাসে অন্ড়তঃ একবার পরীক্ষা করাইতে হইবে। বজ্রবহ পরিমাপের ফলাফল এবং সর্বশেষ পরীক্ষার তারিখ সম্বলিত সনদপত্র ভবনে সহজে দৃশ্যমান স্থানে ঝুলাইয়া রাখিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্টভাবে নির্দেশিত না হইলে ৭ম শ্রেণীর বিস্ফোরক-আতশবাজি প্রস্তুতিতে প্রক্রিয়াকরণ ভবনে বজ্রবহ প্রয়োজন হইবে না।

**১০৫। উপাদানসমূহ হইতে অনাকাঙ্খিত পদার্থ অপসারণ**।- লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন পদার্থ তৈরী বা বিস্ফোরকের সহিত মিশ্রিত করা যাইবে না যতক্ষণ পর্যন্ড় না উত্তমরূপে চালুনী দ্বারা পৃথক করিয়া বা অন্য কোন উপায়ে সে সমস্ড় অনাকাঙ্খিত বস্তু এবং পদার্থ অপসারণ করিয়া বিপদমুক্ত করা হয়।

**১০৬। আগুন হইতে সুরক্ষা**।- (১) পকেটবিহীন উপযুক্ত পরিধেয় বস্ত্রের এবং উপযোগী জুতা ব্যবহারপূর্বক ভবনের বিপজ্জনক স্থানে পুঙ্খানুপুঙ্খভাবে খোঁজ করিয়া বা অন্যভাবে কোন কিছুর প্রবেশ প্রতিহত করা এবং আগুন, দিয়াশলাই অথবা অন্য কোন পদার্থ বা বস্তু যাহা বিস্ফোরণ বা আগুন ধরাইতে সক্ষম এবং বিস্ফোরকের সহিত সম্পূর্ণ বা আংশিকভাবে উপাদানের সংস্পর্শে আসিতে পারে ভবনের এইরূপ বিপজ্জনক স্থানে লৌহ, ইস্পাত অথবা ধূলাবালির প্রবেশ রোধ করিবার ব্যবস্থা রাখিতে হইবে।

(২) বিস্ফোরক প্রস্তুতের উদ্দেশ্যে ব্যবহৃতব্য এবং প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত এমন কৃত্রিম আলো ব্যবহারের ক্ষেত্রে উপ-বিধি (১) প্রযোজ্য হইবে না।

**১০৭। ভবনের মেরামত**।- (১) কোন ভবন বা উহার কোন অংশের যন্ত্রাংশসহ মেরামত করিবার পূর্বে ঐ ভবন বা যন্ত্রাংশকে সুবিধাজনক পদ্ধতিতে সম্পূর্ণরূপে বিস্ফোরক মুক্ত করিতে হইবে।

(২) ভবনে বা উহার কোন অংশের মেরামত কার্যে আগুনের ব্যবহার প্রয়োজন হইলে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কোন উপযুক্ত ব্যক্তির তত্ত্বাবধানে এইরূপ আগুনের ব্যবহারের জন্য লিখিত অনুমতি প্রদান করিবে এবং এইরূপ অনুমতিপত্র সর্বদা সঙ্গে রাখিতে হইবে যাহা চাহিবামাত্র পরিদর্শনকারী কর্মকর্তাকে দেখাইতে হইবে।

(৩) যন্ত্রপাতিসহ কোন ভবন বা উহার যে কোন অংশের বড় ধরনের মেরামত করা হইয়া থাকিলে উক্ত ভবন বা উহার কোন অংশ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক পুনরায় অনুরূপ অনুমতি প্রদান না করা পর্যন্ড় ব্যবহার করা যাইবে না।

১০৮। **বিস্ফোরক এবং দ্রব্যাদির দ্রুত অপসারণ**।- (১) বিস্ফোরক প্রক্রিয়াকরণ ভবনে উৎপন্ন সকল বিস্ফোরক সঙ্গে সঙ্গে পরবর্তী প্রক্রিয়াকরণ ভবনে লাইসেন্সকৃত ম্যাগাজিনে বা স্টোরে সরাইয়া নিতে হইবে এবং প্রক্রিয়াকরণ ভবনে কোন বিস্ফোরক জমা রাখা যাইবে না।

(২) ভবনে বিস্ফোরক প্রস্তুত প্রক্রিয়া সম্পন্ন হইলে ঐ প্রক্রিয়ার জন্য ভবনে আনয়নকৃত সকল অব্যবহৃত পদার্থ, যাহা পরবর্তী প্রস্তুত প্রক্রিয়ায় একই ভবনে তাৎক্ষণিকভাবে ব্যবহৃত হইবে না তাহা উক্ত ভবন হইতে তাড়াতাড়ি সরাইয়া ফেলিতে হইবে।

১০৯। **উপযুক্ত ব্যক্তি নিয়োগ**।- লাইসেন্সধারী কর্তৃক নিয়োজিত একজন উপযুক্ত ব্যক্তির তত্ত্বাবধান ব্যতীত কোন ভবন অথবা উহার কোন অংশে কোন বিস্ফোরক প্রস্তুত করা যাইবে না। এইরূপ ব্যক্তি বিস্ফোরক প্রস্তুতির পদ্ধতি এবং উহার সহিত সম্পর্কিত বিপজ্জনক কার্যাবলী এবং এই বিধানাবলী সম্পর্কে সম্পূর্ণ ওয়াকেবহাল থাকিবেন।

১১০। **অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির নিয়োগ**।- নিয়োগদানকারীর নিকট জন্ম নিবন্ধন সনদ বা নিবন্ধিত একজন মেডিকেল প্র্যাকটিশনার এর নিকট হইতে বয়স প্রমাণের সনদ দাখিল করা হইলে ২১ বৎসরের নিচে কিন্তু ১৮ বৎসর পূর্ণ হইয়াছে এমন ব্যক্তিকে নিয়োগ করা যাইবে।

১১১। **যানের ব্যবহার**।- সম্পূর্ণ বা আংশিক প্রস্তুতকৃত বিস্ফোরক লাইসেন্সকৃত কারখানা এলাকায় পরিবহণের জন্য ব্যবহৃত প্রতিটি বাহন এবং ট্রলি অথবা ধারনপাত্র হইবে-

(ক) অন্য কোনভাবে অনুমোদিত না হইলে উহার অভ্যন্তরভাগ লৌহ বা ইস্পাতবিহীন;
(খ) যখন বিস্ফোরক বা উহার কোন উপাদান পরিবহণ করা হয় তখন উহা বন্ধ এবং আবৃত থাকিবে।

১১২। **ভবন প্লান্ট এবং যন্ত্রাংশের রক্ষণাবেক্ষণ**।- (১) লাইসেন্সকৃত প্রাঙ্গণ বা উহার অভ্যন্তরের প্রতিটি ভবনেই সকল সময় উপযুক্ত রক্ষণাবেক্ষণ ব্যবস্থা বজায় রাখিতে হইবে।

(২) লাইসেন্সধারী কর্তৃক লাইসেন্সকৃত কারখানার সকল প্লান্ট এবং যন্ত্রাংশ নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং ভাল ও সঠিকভাবে রাখিতে হইবে এবং এইরূপ সার্ভিসিং এবং রক্ষণাবেক্ষণের সকল রেকর্ড পরবর্তী সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের সময় পর্যন্ত রাখিতে হইবে যাহা মেশিনারি এবং যন্ত্রাংশের কোন বড় ধরনের মেরামত বা পরিবর্তনের রেকর্ড মেশিনারি ও যন্ত্রাংশের পরবর্তী পরিবর্তনের সময় পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

১১৩। **পরীক্ষণ সুবিধাদি**।- প্রধান পরিদর্শক কর্তৃক লাইসেন্সকৃত প্রাঙ্গণের অনুমোদিত নির্ধারিত স্থানে লাইসেন্সধারী কাঁচামাল, মধ্যবর্তী ও সর্বশেষ উৎপন্ন দ্রব্যের নিয়মিত ভৌত এবং রাসায়নিক পরীক্ষণের পর্যাপ্ত সুবিধাদি বজায় রাখিবে ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্সকৃত কারখানাতে এইরূপ কোন স্থানে বিস্ফোরকের সুষ্ঠু মান ও নিরাপত্তা প্রস্তুতি নিশ্চিত করিতে প্রয়োজন মনে করিলে প্রধান পরিদর্শক লাইসেন্সধারীকে লিখিতভাবে এইরূপ স্থানে অতিরিক্ত সুবিধাদির ব্যবস্থা করিতে যৌক্তিকতা বর্ণনাপূর্বক লিখিত আদেশ দিবেন।

১১৪। **ব্যবহার অনুপযোগী বিস্ফোরক বিনষ্টকরণ**।- (১) পরীক্ষাগার, প্রস্তুত কার্যে ব্যবহৃত ভবন ও উহাতে রক্ষিত যন্ত্রপাতি প্রতিটি শিফটের শেষে বা তৎপূর্বে সময়মত ঝাড়ু দিতে এবং পরিষ্কার করিতে হইবে এবং লাইসেন্সধারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পদ্ধতিতে বিনষ্ট করিবার পূর্ব পর্যন্ত ঝাড়ু দেওয়া আবর্জনা ভালভাবে একটি নিরাপদ স্থানে সংগ্রহ এবং জমা করিয়া রাখিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে সংগৃহীত পদার্থ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত একটি স্থানে একজন উপযুক্ত ব্যক্তির তত্ত্বাবধানে নিরাপদে ধ্বংস করিবার পর্যাপ্ত সুবিধাদি থাকিবে।

১১৫। **বিস্ফোরক উৎপাদন বন্ধকরণ**।- বিস্ফোরক উৎপাদনকালে কোন পদ্ধতি যদি যথেষ্ট নিরাপদ মনে না হয় অথবা বিস্ফোরকের উপাদানের প্রকৃতির পরিবর্তনজনিত কারণে বা অন্য কারণে বিস্ফোরকসমূহ মজুদ,পরিবহণ অথবা ব্যবহারের সময় বিস্ফোরকের কার্যকারিতা যদি নিরাপদ মনে না হয় এবং উৎপাদন প্রক্রিয়া বা উপাদানের পরিবর্তন প্রধান পরিদর্শকের সন্তুষ্টি অনুযায়ী না হয় এবং যতক্ষণ পর্যন্ত না উৎপাদন প্রক্রিয়া বা উপাদান সংশোধন করা হয় ততক্ষণ পর্যন্ত উৎপাদন প্রক্রিয়া বন্ধ করিতে লাইসেন্সধারীকে লিখিত আদেশ প্রদান করিতে পারিবেন।

**১১৬। প্রাধিকারভূক্ত বিস্ফোরকের তালিকা হইতে বাদ দেওয়া।-** প্রধান পরিদর্শক যদি বিধি **১১৫** অনুসারে কোন বিস্ফোরক প্রস্তুত প্রক্রিয়া বন্ধ করেন অথবা একটানা দুই বৎসর যাবৎ কোন বিস্ফোরকের প্রস্তুতি অব্যাহত না থাকে তবে প্রধান পরিদর্শক এইরূপ বিস্ফোরক প্রাধিকারভূক্ত বিস্ফোরকের তালিকা হইতে বাদ দিতে পারিবেন।

**১১৭। রেকর্ড সংরক্ষণ।-** লাইসেন্সধারী একটি নির্ধারিত ফরমে কারখানায় হালনাগাদ রেকর্ড রাখিবেন যাহা প্রয়োজনে পরিদর্শনকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করিবেন। এইরূপ রেকর্ড কমপক্ষে দুই বৎসর পর্যন্ড় সংরক্ষণ করিতে হইবে।

## ষষ্ঠ অধ্যায়
## অধিকারে রাখা, বিক্রয় এবং ব্যবহার
### প্রথম অংশ ঃ সাধারণ

**১১৮। অধিকারে রাখা, বিক্রয় এবং ব্যবহারের জন্য লাইসেন্স।-** (১) কোন ব্যক্তি এই বিধিমালার বিধানাবলী এবং উহার অধীনে মঞ্জুরীকৃত লাইসেন্সের শর্ত পরিপালন ব্যতীত কোন বিস্ফোরক অধিকারে রাখিতে, বিক্রয় অথবা ব্যবহার করিতে পারিবেন না।

(২) লাইসেন্সকৃত প্রাঙ্গণে বিস্ফোরক অধিকারে রাখা, বিক্রয় এবং ব্যবহার সংক্রান্ড় সব ধরনের কার্যাবলীর জন্য লাইসেন্সধারী দায়ী হইবেন।

**১১৯। কতিপয় ক্ষেত্রে বিস্ফোরক অধিকারে রাখা এবং বিক্রয়ের জন্য লাইসেন্সের প্রয়োজন নাই।-** (১) বিধি **১১৮** এ যাহাই থাকুক না কেন, নিন্বর্ণিত ক্ষেত্রে কোন বিস্ফোরক অধিকার রাখার ক্ষেত্রে লাইসেন্সের প্রয়োজন হইবে না, যথা ঃ-

(ক) বিস্ফোরক পরিবহণ সংক্রান্ড় চতুর্থ অধ্যায়ের বিধানাবলী অনুসারে পরিবহণের উদ্দেশ্যে কোন বাহনে অথবা কোন ব্যক্তির তত্ত্বাবধানে অধিকারে রাখা হইলে; অথবা

(খ) কোন ব্যক্তির অধিকারে রাখা হইলে অনধিক ২৫ কেজি প্রস্তুতকৃত আঁতশবাজি ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত পরিমাণ আতশবাজি -

(অ) অবিলম্বে ব্যবহারের উদ্দেশ্যে কিন্তু বিক্রয় করার উদ্দেশ্যে নহে এবং স্বল্পতম সময় উহা অধিকারে রাখা যাইতে পারে এবং এইরূপ অধিকারে রাখিবার মেয়াদ **১৪** দিনের অধিক হইবে না; এবং

(আ) বিস্ফোরক যথোপযুক্ত মজবুত পাত্রে রাখিতে হইবে এবং পাত্রটি উত্তমরূপে বন্ধ করিয়া এমন নিরাপদ স্থানে রাখিতে হইবে যাহাতে অননুমোদিত কোন ব্যক্তি উহার নাগাল না পায়; অথবা

(গ) আইন ও বিধিমালার অন্যান্য বিধানাবলী পরিপালন সাপেক্ষে রেলওয়ে কর্তৃপক্ষ অন্য কাহারো নিকট বিক্রয় বা হস্ড়ান্ড়র করার উদ্দেশ্যে ব্যতীত রেলওয়ে, রেললাইন বা সুড়ঙ্গপথে মেরামত এবং সংরক্ষণ সংক্রান্ড় কাজে ফ্লেয়ার লাইট বা অন্য কোন বিস্ফোরক নিজ ব্যবহারের উদ্দেশ্যে অধিকারে রাখা;

(ঘ) বিক্রয়ের উদ্দেশ্য ব্যতীত এককভাবে এয়ারক্রাফ্‌টের ন্যাভিগেশনের প্রয়োজনে কোন বিস্ফোরক এয়ারক্রাফ্‌টে ব্যবহারের জন্য অথবা অন্য কোন এয়ারক্রাফ্‌ট বা এরোড্রামে বিতরণের উদ্দেশ্যে কোন এয়ারক্রাফ্‌টে রাখা হইলে অথবা কোন বিস্ফোরক এরোড্রামে ব্যবহারের জন্য অথবা অন্য কোন এয়ারক্রাফ্‌ট বা এরোড্রামে বিতরণের উদ্দেশ্যে কোন এরোড্রামে রাখা হইলে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত বিস্ফোরক কোন এয়ারক্রাফ্‌টে রাখা হইলে উহার সর্বোচ্চ পরিমাণ ২৫ কেজির অধিক হইবে না এবং কোন এরোড্রামে রাখা হইলে সর্বোচ্চ পরিমাণ ৫০ কেজির অধিক হইবে না ঃ

আরও শর্ত থাকে যে, দফা (খ) এর বিধান সাপেক্ষে, জন নিরাপত্তার প্রয়োজনে সরকার কোন বিস্ফোরক অধিকারে রাখিতে নিষেধাজ্ঞা জারী করিতে অথবা লাইসেন্স ব্যতীত কোন বিস্ফোরক অধিকারে রাখিবার ক্ষেত্রে অতিরিক্ত শর্ত আরোপ করিতে পারিবে।

(২) বিধি **১১৮** এ যাহাই থাকুক না কেন, সশস্ত্র বাহিনী, কোন অর্ডন্যান্স কারখানা অথবা এইরূপ বাহিনীর অন্য কোন সংস্থা কর্তৃক কোন বিস্ফোরক প্রস্তুত করা হইলে, উক্ত বিস্ফোরকের শ্রেণী এবং পরিমাণের জন্য প্রযোজ্য এই বিধিমালার অধীনে

মঞ্জুরীকৃত বিস্ফোরক অধিকারে রাখিবার বৈধ লাইসেন্সধারীর নিকট প্রস্তুতকৃত উক্ত বিস্ফোরক বিক্রয়ের জন্য কোন লাইসেন্সের প্রয়োজন হইবে না।

১২০। **একমাত্র লাইসেন্সকৃত প্রাঙ্গণে বিস্ফোরক অধিকার রাখা -** (১) কোন লাইসেন্সধারী বিস্ফোরক অধিকারে রাখিবার জন্য এই বিধিমালার অধীনে একমাত্র লাইসেন্সকৃত নির্দিষ্ট প্রাঙ্গণ ব্যতীত অন্যত্র বিস্ফোরক মজুদ করিতে পারিবেন না।

(২) প্রত্যেক ম্যাগাজিন বা স্টোর হাউজে তফসিল ৮ এ উলি- খিত প্রযোজ্য নির্দেশাবলী টাঙাইয়া রাখিতে হইবে।

১২১। **বজ্র-বিদ্যুৎ হইতে সুরক্ষা**।- (১) সঠিক প্রকৌশলগত মান অনুযায়ী ডিজাইনকৃত ও নির্মিত এক বা একাধিক বজ্রবহ প্রত্যেক ম্যাগাজিনের সহিত সংযুক্ত থাকিবে।

(২) একজন যোগ্য বিদ্যুৎ প্রকৌশলী দ্বারা বা প্রধান বিদ্যুৎ পরিদর্শকের অফিস হইতে এই সম্পর্কিত যোগ্যতার সনদধারী অন্য কোন উপযুক্ত ব্যক্তির সাহায্যে ম্যাগাজিনের ভূ-প্রান্ড়ে বজ্রবহের ভূ-সংযোগ এবং বিভিন্ন অংশের সংযোগসমূহ প্রতি ১২ মাসে অন্ড়তঃ একবার পরীক্ষা করাইতে হইবে। বজ্রবহ পরিমাপের ফলাফল এবং সর্বশেষ পরীক্ষার তারিখ সম্বলিত সনদপত্র ম্যাগাজিনে সহজে দৃশ্যমান স্থানে ঝুলাইয়া রাখিতে হইবে।

১২২। **বজ্রপাতকালে সতর্কতা**।- কোন ম্যাগাজিন অথবা স্টোর হাউজের সন্নিকটে বজ্রপাতের সম্ভাবনা দেখা দিলে ম্যাগাজিন অথবা স্টোর হাউজে উপস্থিত অথবা কর্তব্যরত প্রত্যেক ব্যক্তিকে নিরাপদ দূরত্বে সরাইয়া নিতে হইবে এবং বজ্রপাত না থামা পর্যন্ড় অথবা আতংক না কমা পর্যন্ড় উক্ত ম্যাগাজিন অথবা স্টোর হাউজ তালাবদ্ধ অবস্থায় রাখিতে হইবে।

১২৩। **ভবন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা**।- (১) বিস্ফোরক মজুদের জন্য ব্যবহৃত প্রত্যেক ভবন এর কক্ষের অভ্যন্ড়র এবং উক্ত ভবন ও কক্ষে স্থাপিত সকল ব্যবহৃত তাক এবং অন্যান্য ফিটিংসসমূহ এমনভাবে নির্মিত অথবা আবৃত থাকিবে যেন কোন উন্মুক্ত লোহা বা স্টীল বা পৃথক কোন গ্রীল, লোহা বা স্টীল অথবা অনুরূপ কোন সামগ্রী উক্তরূপ বিল্ডিংয়ে মজুতকৃত বিস্ফোরকের সংস্পর্শে আসিতে না পারে এবং ভবনের অভ্যন্ড়রে বিদ্যমান উক্তরূপ বেঞ্চ, তাক এবং অন্যান্য ফিটিংস যথাসম্ভব পরিষ্কার-পরিচ্ছন্ন ও ধূলিকণা মুক্ত রাখিতে হইবে।

(২) প্রত্যেকটি ম্যাগাজিন অথবা স্টোর হাউজের প্রবেশ পথের নিকটে কমপক্ষে ১৫ সে.মি গভীরতা বিশিষ্ট সিমেন্টের তৈরী উন্মুক্ত একটি পাত্র থাকিবে যাহাতে পরিষ্কার পানি ভর্তি করিয়া রাখিতে হইবে এবং ধূলা-বালি অপসারণের উদ্দেশ্যে কোন ব্যক্তি উক্ত পাত্রে মজুদকৃত পানি দ্বারা তাহার পা অথবা পায়ে পরিহিত রাবারের জুতা পরিষ্কার না করিয়া কোন ম্যাগাজিনে অথবা স্টোর হাউজে প্রবেশ করিতে পারিবে না।

(৩) বিস্ফোরক মজুদে ব্যবহৃত ম্যাগাজিন বা বিস্ফোরক মজুদাগারের মধ্যে তৈলাক্ত তুলা, ছেড়া কাপড়, চট, তৈলাক্ত বর্জ্য অথবা প্রজ্জ্বলনে সহায়ক কোন বস্তু আনা যাইবে না।

১২৪। **রেকর্ড সংরক্ষণ**।- এই বিধিমালার অধীনে বিস্ফোরক অধিকারে রাখা, বিক্রয় করা এবং অথবা ব্যবহারের জন্য এই বিধিমালার অধীনে মঞ্জুরীকৃত প্রত্যেক লাইসেন্সধারী নির্ধারিত ফরমে রেকর্ড সংরক্ষণ করিবেন এবং উক্ত রেকর্ড কোন পরিদর্শনকারী কর্মকর্তাকে চাহিবামাত্র দেখাইবেন।

১২৫। **লাইসেন্সকৃত ম্যাগাজিন অথবা স্টোর হাউজ মেরামতকরণ**।- কোন ম্যাগাজিন অথবা স্টোর হাউজ অথবা বিস্ফোরক মজুদের জন্য ব্যবহৃত উক্ত ম্যাগাজিন বা স্টোর হাউজের কোন অংশ মেরামতের পূর্বে উহাতে মজুদকৃত বিস্ফোরক অপসারণ করিয়া ভালভাবে ধৌত করিয়া পরিষ্কার করিতে হইবে।

১২৬। **বিপজ্জনক পদার্থ প্রবেশে বাধা-নিষেধ**।- লাইসেন্সধারী অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত বিস্ফোরক ম্যাগাজিন অথবা স্টোর হাউজের দায়িত্বে সাময়িকভাবে নিয়োজিত এজেন্ট উক্ত ম্যাগাজিন অথবা স্টোর হাউজে কর্মরত ব্যক্তিরা যাহাতে ম্যাগাজিন অথবা স্টোর হাউজে কোন বিপজ্জনক পদার্থ নিয়া আসিতে না পারে উহার জন্য অনুসন্ধানের ব্যবস্থা করিতে এবং ম্যাগাজিন অথবা স্টোর হাউজে কর্মরত ব্যক্তিদের পকেটবিহীন বিশেষ পোশাক এবং যথোপযুক্ত জুতা পরিধানের ব্যবস্থা রাখিতে হইবে।

১২৭। **প্রাঙ্গণ তালাবদ্ধ রাখা**।- (১) লাইসেন্সকৃত ম্যাগাজিন অথবা স্টোর হাউজ মালামাল মজুদ করিবার এবং অপসারণের সময় ব্যতীত সর্বদা ইহা নিরাপদভাবে তালাবদ্ধ রাখিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রয়োজনে দায়িত্বশীল ব্যক্তির তত্ত্বাবধানে প্রাঙ্গণ খোলা রাখা যাইবে।

(২) লাইসেন্সকৃত ম্যাগাজিনের চাবি সর্বদা লাইসেন্সধারী অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত এজেন্টের হেফাজতে নিরাপদে রাখিতে হইবে এবং কোন পরিদর্শনকারী কর্মকর্তা উক্ত ম্যাগাজিন পরিদর্শন করিতে চাহিলে উহা অবশ্যই খুলিয়া পরিদর্শনের সুযোগ দিতে হইবে। যে ব্যক্তির নিকট ম্যাগাজিনের চাবি থাকিবে তাঁহার নাম ও ঠিকানা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ এবং সংশি- ষ্ট বিস্ফোরক পরিদর্শকের হেফাজতে থাকিতে হইবে।

**১২৮। প্রহরী নিয়োগ।- (১)** লাইসেন্সধারী তাহার নিজ খরচে ম্যাগাজিন অথবা স্টোর হাউজ সর্বক্ষণ নিরাপদ তত্ত্বাবধানে রাখিবার উদ্দেশে জেলা কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করেন এমন ভাল স্বাস্থ্যের অধিকারী প্রহরী নিয়োগ করিবেন।

(২) লাইসেন্সধারী ম্যাগাজিন অথবা স্টোর হাউজের নিকটে প্রহরীর জন্য আশ্রয়ের ব্যবস্থা করিয়া দিবেন।

**১২৯। পুনঃপ্যাকিং অথবা প্যাকেজ খোলা।- (১)** ম্যাগাজিন অথবা স্টোর হাউজে বিস্ফোরক ধারনকৃত কোন প্যাকেজ খোলা যাইবে না।

(২) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিরাপদ দূরত্বে অবস্থিত সিমেন্ট দ্বারা নির্মিত মসৃণ মেঝেবিশিষ্ট উন্মুক্ত শেডে প্রয়োজনবোধে বিস্ফোরক পুনঃপ্যাকিং করা যাইবে।

**১৩০। বিনষ্ট বাক্সে বিস্ফোরক রাখা যাইবে না।-** প্রত্যেকটি ম্যাগাজিন অথবা স্টোর হাউজের লাইসেন্সধারী, বিস্ফোরক উহার মূল প্যাকেটে রাখা হইয়াছে মর্মে নিশ্চিত হইবেন। কোন বিস্ফোরক ধারনকৃত মূল প্যাকেট বিনষ্ট হইয়া গেলে ইহা মজুদ অথবা পরিবহণ করা যাইবে না; উক্তরূপ বিস্ফোরক পুনঃপ্যাক করিবার পূর্বে অবশ্যই কোন বিস্ফোরক পরিদর্শক কর্তৃক পরীক্ষা করাইতে হইবে।

**১৩১। লাইসেন্সকৃত পরিমাণের অধিক বিস্ফোরক মজুদকরণ।- (১)** লাইসেন্সকৃত ম্যাগাজিন অথবা স্টোর হাউজে লাইসেন্সে উলি- খিত পরিমাণের অধিক কোন ধরনের বিস্ফোরক মজুদ করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, প্রধান পরিদর্শক যদি মনে করেন যে, ফরম ২২, ফরম ২৩ এবং ফরম ২০ এ উলি- খিত লাইসেন্সকৃত পরিমাণের অধিক পরিমাণ বিস্ফোরক মজুদকরণ অনিবার্য পরিস্থিতির কারণে অপরিহার্য তাহা হইলে তিনি উলি- খিত ফরমের লাইসেন্সধারীকে নির্ধারিত ফি প্রাপ্তি সাপেক্ষে লাইসেন্সকৃত পরিমাণের অধিক পরিমাণ বিস্ফোরক মজুদকরণের একটি পারমিট প্রদান করিতে পারিবেন যাহার মেয়াদ ৩০ (ত্রিশ) দিনের অধিক হইবে না ঃ

তবে শর্ত থাকে যে,

(ক) লাইসেন্সে উলি- খিত পরিমাণের সহিত অতিরিক্ত বিস্ফোরক যোগ হওয়ার পর মোট পরিমাণের জন্য ম্যাগাজিন অথবা স্টোর হাউজের চতুর্দিকে প্রয়োজনীয় নিরাপদ দূরত্ব বজায় না থাকিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত অতিরিক্ত বিস্ফোরক মজুদের জন্য অনুমতি প্রদান করিবেন না;

(খ) ম্যাগাজিন অথবা স্টোর হাউজ অথবা প্রত্যেক প্রকার বিস্ফোরক মজুদের জন্য নির্ধারিত কক্ষের চর্তুদিকে প্রার্থিত অতিরিক্ত পরিমাণসহ মোট পরিমাণ বিস্ফোরক মজুদের জন্য পর্যাপ্ত দূরত্ব বজায় না থাকিলে লাইসেন্সকৃত পরিমাণের অতিরিক্ত বিস্ফোরক মজুদের অনুমতি প্রদান করা যাইবে না।

(৩) অতিরিক্ত বিস্ফোরক মজুদের একই ধরনের প্রস্তাব বার বার দাখিল করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রস্তাব প্রত্যাখ্যান করিতে পারিবে।

(৪) লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে জারিকৃত পত্র অথবা টেলিগ্রাম ব্যতীত লাইসেন্সকৃত পরিমাণের অতিরিক্ত বিস্ফোরক কোন ম্যাগাজিন অথবা স্টোর হাউজে মজুদ করা যাইবে না।

**১৩২। লাইসেন্সকৃত পরিমাণের অতিরিক্ত প্রস্তুতকৃত আঁতশবাজি অস্থায়ীভাবে অধিকারে রখিবার পারমিট।-** একজন লাইসেন্সধারীকে ফরম ২৪ এ লাইসেন্সকৃত পরিমাণের অতিরিক্ত আতশবাজি অধিকারে রাখিবার একটি অনুমতি প্রদান করা

যাইতে পারে। তবে মজুদ করিবার অনুমতির জন্য প্রার্থিত আতশবাজির মোট পরিমাণ **১২৫** কেজির অতিরিক্ত হইবে না এবং উক্ত পরিমাণ আতশবাজি মজুদের মেয়াদ একনাগারে **১৫** দিনের অধিক হইবে না ঃ

তবে শর্ত থাকে যে,

(ক) সর্বাধিক পরিমাণ আাতশবাজি অধিকারে রাখিবার ক্ষেত্রে উপরে বর্ণিত বিধানাবলী প্রতিপালন ছাড়াও লাইসেন্সের শর্তাবলী এবং প্রযোজ্য বিধিসমূহ লংঘন করা যাইবে না;

(খ) অতিরিক্ত মজুদের জন্য আবেদনকারী নির্ধারিত ফি প্রদান করিবেন।

**১৩৩। নির্দিষ্ট মেয়াদের জন্য ক্রয়কৃত বিস্ফোরকের পরিমাণ।**- একজন লাইসেন্সধারী লাইসেন্সে উলি-খিত পরিমাণ বিস্ফোরক নির্দিষ্ট মেয়াদের জন্য অধিকারে রাখা, বিক্রয় এবং ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিতে পারিবেন।

## দ্বিতীয় অংশ ঃ ম্যাগাজিন

**১৩৪। ম্যাগাজিনে বিস্ফোরক মজুদ।**- (১) কোন বিস্ফোরক ম্যাগাজিনে মজুদ করা হইলে উহা তফসিল ৬ এ বর্ণিত বিনির্দেশনা অনুসারে নির্মিত 'ক' অথবা 'খ' ধরনের ম্যাগাজিনে মজুদ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৈল, গ্যাস ও খনিজ অনুসন্ধানের জন্য সাইসমিক জরিপ অথবা সাময়িক কোন কাজে বিস্ফোরক মজুদ করিবার প্রয়োজন হইলে প্রধান পরিদর্শক কতৃক অনুমোদিত ধরনের পিট (Pit) ম্যাগাজিনে অথবা অন্য কোন ম্যাগাজিনে বিস্ফোরক মজুদ করা যাইতে পারে।

(২) প্রতিটি ম্যাগাজিনের ভিতরে সহজে নজরে আসে এমন স্থানে তফসিল ৮ এর নির্দেশাবলী টানাইয়া রাখিতে হইবে।

**১৩৫। 'খ' ধরনের ম্যাগাজিন ব্যবহারে বাধা-নিষেধ।**- নির্দিষ্ট কোন উদ্দেশ্যে অস্থায়ী মেয়াদের জন্য ব্যবহারের নিমিত্তে প্রয়োজনীয় বিস্ফোরক মজুদের জন্য 'খ' ধরনের ম্যাগাজিন ব্যবহার করিতে হইবে এবং উক্তরূপ ম্যাগাজিন বিস্ফোরক বিক্রয়ের জন্য ব্যবহার করা যাইবে না।

**১৩৬। ম্যাগাজিনের চতুর্দিকে প্রাচীর নির্মাণ।**- লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে তাঁহার নির্দেশে নিরাপত্তার উদ্দেশ্যে ম্যাগাজিনের চতুর্দিকে দৃঢ় প্রাচীর নির্মাণ করিতে হইবে যাহার ধরন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং উক্তরূপ প্রাচীর দ্বারা ম্যাগাজিনকে কার্যকরভাবে নিরাপদ রাখিবার উদ্দেশ্যে প্রাচীর সর্বদা ভাল অবস্থায় রাখিতে হইবে।

**১৩৭। ম্যাগাজিন অথবা স্টোর হাউজ একতলা ভবনে থাকিবে।**- কোন ম্যাগাজিন অথবা স্টোর হাউজ কেবল মাত্র একতলা ভবনের ভূ-পৃষ্ঠের লেভেলে নির্মিত হইতে হইবে।

## তৃতীয় অংশ ঃ স্টোর হাউজ

**১৩৮। মজুদকরণে বাধা-নিষেধ।**- আতশবাজি এবং সেফটি ফিউজ ব্যতীত কোন বিস্ফোরক কোন স্টোর হাউজে মজুদ করা যাইবে না।

**১৩৯। স্টোর হাউজ নির্মাণ।**- (১) স্টোর হাউজ উত্তমরূপে এবং মজবুতভাবে ইট, পাথর এবং কংক্রীট দ্বারা নির্মাণ করিতে এবং উহা বন্ধ রাখিতে হইবে যাহাতে অননুমোদিত কোন ব্যক্তি প্রবেশ করিতে না পারে এবং বাহির হইতে অগ্নিসৃষ্ট কোন বিপদ হইতে নিরাপদ থাকে। স্টোর হাউজে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রাখিতে হইবে।

(২) কোন ভবনের এক অংশ স্টোর হাউজ এবং অন্য অংশ অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে অংশদ্বয় যথোপযুক্ত অগ্নিনিরোধী পার্টিশন দ্বারা পৃথককৃত থাকিবে এবং ভবনটির দেয়াল, মেঝে, ছাদ এবং দরজা-জানালাসমূহ অগ্নিনিরোধী বস্তুদ্বারা নির্মিত হইতে হইবে। উক্তরূপ স্টোর হাউজে **১৫০** কেজির অধিক আঁতশবাজি অথবা ৫০,০০০ মিটারের অধিক সেফ্টি ফিউজ মজুদ করা যাইবে না এবং উক্তরূপ স্টোর হাউজে স্বতন্ত্র প্রবেশপথ রাখিতে হইবে। অগ্নিকা— অথবা অন্য কোন দুর্ঘটনা প্রতিরোধের স্বার্থে লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ মনে করিলে অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। উক্তরূপ স্টোর হাউজ বিস্ফোরক অথবা প্রজ্জ্বলনীয় পদার্থ অথবা অন্য কোন বিপজ্জনক পদার্থের মজুদ প্রাঙ্গণ হইতে কমপক্ষে **১৫** মিটার দূরে থাকিবে এবং উহা বিস্ফোরক বিক্রয়ের কাজে ব্যবহৃত হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, একই সময়ে অনূর্ধ্ব **১**২.৫ কেজি **১**ম বা ৭ম শ্রেণীভুক্ত বিস্ফোরক তৈরীর জন্য লাইসেন্সকৃত কারখানা প্রাঙ্গণে প্রস্তুতকৃত বিস্ফোরক বিক্রয়ের জন্য উক্তরূপ স্টোর হাউজ ব্যবহার করা যাইবে। সেইক্ষেত্রে উক্তরূপ স্টোর হাউজ অবশ্যই লাইসেন্সকৃত কারখানা প্রাঙ্গণে অবস্থিত হইতে হইবে।

## চতুর্থ অংশ

### ফরম ২৪-এর অধীন বিক্রয়ের উদ্দেশ্যে ক্ষুদ্র অস্ত্রে ব্যবহৃত নাইট্রোযৌগ, আতশবাজি এবং সেফটি ফিউজ অধিকারে রাখা।

**১৪০। প্রাঙ্গণ নির্মাণ**।- (১) প্রাঙ্গণের ভিতরে ইট, পাথর এবং কংক্রীট দ্বারা নির্মিত ভবনে বিস্ফোরক মজুদ করিতে হইবে এবং উহা বন্ধ করিয়া এমনভাবে নিরাপদ রাখিতে হইবে যেন উহাতে অননুমোদিত কোন ব্যক্তি প্রবেশ করিতে না পারে। এই ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি নজর রাখিতে হইবে, যথা ঃ-

(ক) প্রাঙ্গণের মেঝের ক্ষেত্রফল কমপক্ষে ৯ বর্গমিটার হইতে হইবে;

(খ) প্রাঙ্গণে প্রবেশ এবং বাহির হওয়ার স্বতন্ত্র পথ থাকিবে;

(গ) অন্য কোন উদ্দেশ্যে ব্যবহারের জন্য নির্মিত কোন ভবনের মধ্যে বিস্ফোরক মজুদের প্রাঙ্গণ স্থাপন করা হইলে উক্তরূপ প্রাঙ্গণ সিঁড়ির নীচে অবস্থিত হইবে না; উহা এমনস্থানে অবস্থিত হইবে যাহাতে অগ্নিকান্ড অথবা অন্য কোন দুর্ঘটনার সময় মূল ভবনে যাতায়াতের পথে উক্ত প্রাঙ্গণ কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে না পারে;

(ঘ) প্রাঙ্গণটি ভূ-পৃষ্ঠের লেভেলে অবস্থিত হইবে।

**১৪১। আতশবাজির ক্ষেত্রে বিশেষ সর্তকতা অবলম্বন**।- (১) এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, সামগ্রী প্রদর্শনের উদ্দেশ্যে ব্যবহৃত দোকানের জানালায় কোন আতশবাজি রাখা যাইবে না।

(২) দোকানে স্ফুলিঙ্গ নিরোধী পাত্রে আতশবাজি রাখিতে হইবে অথবা মূল প্যাকেট মোড়ক আবৃত রাখিয়া এমনভাবে সীলগালা করিতে হইবে যাহাতে উহা ভাল এবং কার্যকর থাকে ।

(৩) আতশবাজি ধারনকৃত প্যাকেট বা পাত্র দোকানের গমনাগমনের পথ হইতে দূরে এবং প্রজ্জ্বলনীয় বা দাহ্য পদার্থ হইতে আলাদা রাখিতে হইবে।

(৪) বিক্রির জন্য আতশবাজির প্যাকেট খোলা হইলে তাৎক্ষণিকভাবে পরিষ্কার, ধূলা, অগ্নি এবং স্ফুলিঙ্গ নিরোধী পাত্রে আতশবাজি রাখিতে হইবে।

(৫) আতশবাজি রাখিবার পাত্রের জন্য নিম্নোক্ত শর্ত পালন করিতে হইবে, যথা ঃ-

(ক) আতশবাজির ধারনপাত্র হিসাবে ব্যবহার ছাড়া অন্যভাবে ব্যবহার করা যাইবে না;

(খ) আতশবাজি ভর্তি অথবা উহা হইতে আতশবাজি বাহির করিবার সময় ব্যতীত উহা খোলা যাইবে না;

(গ) সর্বদা উহা পরিষ্কার এবং ধূলা-ময়লা মুক্ত রাখিতে হইবে;

(গ) কোন দেয়াশলাই রাখা যাইবে না; এবং

(ঙ) কৃত্রিম আলো বা অগ্নিস্ফুলিং সৃষ্টিকারী কোন সরঞ্জাম রাখা যাইবে না।

**১৪২। নিরাপদ দূরত্ব বজায় রাখা**।- নাইট্রোযৌগ দ্বারা প্রস্তুতকৃত বিস্ফোরক, আতশবাজি অথবা সেফটি ফিউজ মজুদ এবং বিক্রয়ের জন্য ফরম ২৪ এ লাইসেন্সকৃত প্রাঙ্গণ, উক্তরূপ প্রাঙ্গণ অথবা অনুরূপ বিস্ফোরক, প্রজ্জ্বলনীয় অথবা বিপজ্জনক পদার্থ মজুদের অন্য কোন প্রাঙ্গণ হইতে কমপক্ষে ১৫ মিটার দূরে থাকিবে।

**১৪৩। অন্যান্য সামগ্রী বিক্রয় নিষিদ্ধ**।- যে প্রাঙ্গণে ক্ষুদ্র অস্ত্রে ব্যবহৃত নাইট্রোযৌগ দ্বারা প্রস্তুতকৃত বিস্ফোরক এবং আতশবাজি অথবা সেফটি ফিউজ মজুদ করা হয়, সেই প্রাঙ্গণ একমাত্র উক্তরূপ বিস্ফোরক অধিকারে রাখা এবং বিক্রয়ের জন্য ব্যবহার ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার করা যাইবে না।

## ৫ম অংশ ঃ বিস্ফোরক বিক্রয়

**১৪৪। লাইসেন্সকৃত প্রাঙ্গণে বিস্ফোরক বিক্রয়।**- এই বিধিমালার অধীনে লাইসেন্সকৃত প্রাঙ্গণ ব্যতীত অন্য কোন প্রাঙ্গণে কোন ব্যক্তি বিস্ফোরক বিক্রয় করিতে পারিবেন না।

**১৪৫। চিহ্ন বিকৃতকরণ বা বিলুপ্তকরণ নিষিদ্ধ।**- বিস্ফোরক বিক্রয়কারী ব্যক্তি বিস্ফোরক অথবা উহার প্যাকেটের উপর মুদ্রিত চিহ্ন বিকৃত বা বিলুপ্ত করিতে পারিবেন না।

**১৪৬। বিস্ফোরক বিক্রয়ে বাধা-নিষেধ।**- (১) এই বিধিমালার অধীনে বিস্ফোরক অধিকারে রাখিবার ক্ষমতা প্রাপ্ত না হইলে তাহার নিকট কোন ব্যক্তি বিস্ফোরক বিক্রয় করিতে পারিবেন না।

(২) কোন ব্যক্তি ত্র"টিপূর্ণ বা মেয়াদউত্তীর্ণ কোন বিস্ফোরক বিক্রয়, হস্ড়ান্ড়র করিতে বা করাইতে পারিবেন না।

(৩) কোন লাইসেন্সধারীর নিকট অন্য কোন লাইসেন্সধারী বিস্ফোরক বিক্রয় করিলে ফরম ৩৩ এ বিক্রয় সংক্রান্ড় মন্ড়ব্য বর্ণিত থাকিবে।

**১৪৭। বিক্রয়ের জন্য বিস্ফোরক উন্মুক্ত অবস্থায় না রাখা।**- বিস্ফোরক কোন জনপথ, রাজপথ অথবা জনসমাগমস্থলে বিক্রয়ের উদ্দেশ্যে ফেরীকরা অথবা উন্মুক্ত অবস্থায় রাখা যাইবে না।

**১৪৮। ক্ষুদ্র প্যাকেট পরিষ্কারভাবে চিহ্নিতকরণ।**- কোন বিস্ফোরক, যতদূর সম্ভব, মূল প্যাকেটে প্যাককৃত অবস্থায় বিক্রয় করিতে হইবে। মূল প্যাকেটে প্যাককৃত অবস্থায় রক্ষিত পরিমাণের চেয়ে কম পরিমাণ বিস্ফোরক কোন ব্যক্তির নিকট বিক্রয় করিতে হইলে উক্ত পরিমাণ বিস্ফোরক যথাযথভাবে এবং নিরাপদে মজবুতভাবে প্যাক করিতে হইবে এবং পরিষ্কারভাবে নিম্নোক্ত তথ্যাদি প্যাকেটের গায়ে সহজে পড়া যায় এমন স্থানে লিপিবদ্ধ করিতে হইবে, যথাঃ-

(ক) বিস্ফোরকের নাম;
(খ) ১ম তফসিল অনুসারে বিস্ফোরকের শ্রেণী এবং বিভাগ;
(গ) প্যাককৃত বিস্ফোরকের পরিমাণ;
(ঘ) যে ম্যাগাজিন হইতে বিস্ফোরক সরবরাহ এবং প্যাক করা হইয়াছে উহার লাইসেন্স নম্বর;
(ঙ) বিস্ফোরক প্যাককারী ব্যক্তির নাম;
(চ) প্যাকিংয়ের তারিখ;
(ছ) আমদানিকারকের নাম।

## ৬ষ্ঠ অংশ ঃ বিস্ফোরকের ব্যবহার

**১৪৯। যোগ্য ব্যক্তি নিয়োগকরণ।**- কোন ব্যক্তি ব-াস্টিংয়ের জন্য বিস্ফোরক ব্যবহার বা হ্যান্ডলিং করিবেন না, যদি না তিনি এই বিধিমালার অধীনে শট-ফায়ারের পারমিটপ্রাপ্ত কোন যোগ্য শট-ফায়ারার এতদুদ্দেশ্যে নিয়োগ করেন।

**১৫০। চার্জ প্রস্তুতকরণে বাধা-নিষেধ।**- (১) এক শ্রেণীর বিস্ফোরককে অন্য শ্রেণীর বিস্ফোরকে পরিবর্তন করা যাইবে না এবং কোন বিস্ফোরককে উহার উপাদানে বিশে- ষণ করা বা ধ্বংস করা যাইবে না।

(২) দ্বিতীয় অথবা তৃতীয় শ্রেণীর বিস্ফোরক মূল কার্টিজ প্যাকিংয়ে ব্যবহার করিতে হইবে এবং বিভিন্ন আকৃতির কার্টিজ তৈরীর উদ্দেশ্যে বিস্ফোরক সংগ্রহের জন্য উক্তরূপ মূল কার্টিজ কাটা যাইবে না।

(৩) এই বিধিমালার বিধান সাপেক্ষে মঞ্জুরীকৃত লাইসেন্সধারী উক্তরূপ চার্জ প্রস্তুত করিবার জন্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে পূর্বানুমোদন গ্রহণ করিবেন।

**১৫১। ব-াস্টিং সাইটে অথবা অন্য কোন স্থানে বিস্ফোরক পরিবহণে বাধা-নিষেধ।**- (১) স্বতন্ত্রভাবে বিস্ফোরক পরিবহণের উদ্দেশ্যে ব্যবহৃত কোন আবদ্ধ পাত্র অথবা উক্ত মূল প্যাকেটের মাধ্যমে একমাত্র লাইসেন্সকৃত কোন মজুদ প্রাঙ্গণ হইতে নিকটস্থ কোন স্থানে অথবা বিস্ফোরণ ঘটানোর জন্য সংরক্ষিত স্থানে বিস্ফোরক পরিবহণ করা যাইবে।

(২) বিস্ফোরণ ঘটানোর জন্য সংরক্ষিত স্থান যথাযথভাবে প্রস্তুত না থাকিলে উক্ত স্থানের ৫০ মিটারের কম দূরত্বসীমার মধ্যে বিস্ফোরক আনা যাইবে না।

(৩) ব-াস্টিংয়ের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি অথবা সরঞ্জামাদি ব্যতীত অন্য কোন পদার্থ বিস্ফোরক পরিবহণকারী যানে বহন করা যাইবে না।

(৪) বিস্ফোরক যে লাইসেন্সকৃত প্রাঙ্গণ হইতে ব-াস্টিং সাইটে নেওয়া হইয়াছিল বিস্ফোরণ ঘটানোর পর দিনের শেষে বিস্ফোরকের অবশিষ্টাংশ লাইসেন্সকৃত উক্ত একই প্রাঙ্গণে ফেরত দিতে হইবে।

(৫) মূল প্যাকেটে প্যাককৃত বিস্ফোরক যে সকল পাত্রের মাধ্যমে বহণ করা হইয়াছিল সেই পাত্রগুলির ব্যবহার শেষ হইলে উহাদিগকে ভালভাবে ধৌত করিবার পর শুকাইয়া মুখ বন্ধ করিয়া রাখিতে হইবে। বিস্ফোরক বহণ কার্যে ব্যবহৃতব্য পাত্রে মজবুত হাতল অথবা বহন পেটি লাগাইতে হইবে এবং সহজে পড়া যায় পাত্রের গায়ের এমন স্থানে "বিস্ফোরক" শব্দ লিপিবদ্ধ করিতে হইবে।

(৬) বিশেষ ধরনের বাহনে ডেটোনেটর বহন করিতে হইবে। ডেটোনেটররের সহিত অন্য কোন বিস্ফোরক, ব্যাটারী, ড্রাইসেল এবং বিদ্যুৎ শক্তির অন্য কোন উৎস ডেটোনেটর বহণকারী যানে পরিবহণ করা যাইবে না।

**১৫২। ব্যবহারের পূর্বে বিস্ফোরক পরীক্ষাকরণ।**- (১) বিস্ফোরক ব্যবহারের পূর্বে উহা ত্র"টিপূর্ণ কি না চাক্ষুষভাবে পরীক্ষা-নিরীক্ষা করিতে হইবে যাহাতে ত্র"টিপূর্ণ বিস্ফোরক ব্যবহার করা না হয়।

(২) কোন বিস্ফোরকে কোন ধরনের মান অবনতির লক্ষণ পরিলক্ষিত হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে তৎক্ষনাত অবহিত করিতে হইবে এবং উক্তরূপ ত্র"টিপূর্ণ বিস্ফোরক লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করিবার জন্য একপার্শ্বে পৃথক করিয়া রাখিতে হইবে।

(৩) জলীয় বাষ্পের কারণে বার"দ জমাট বাধিতে দেখা গেলে উহা ব্যবহার করা যাইবে না।

(৪) ঠান্ডায় জমাট বাঁধা নাইট্রো-গি-সারিন অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তির তত্ত্বাবধানে গলানোর ব্যবস্থা না করা পর্যন্ড় উক্ত বিস্ফোরক ব্যবহার করা যাইবে না। যে স্থানে ঠান্ডায় অতি সহজে কোন বিস্ফোরক জমাট বাঁধিয়া যায় সেখানে নিু গলনাঙ্ক বিশিষ্ট বিস্ফোরক ব্যবহার করিতে হইবে।

**১৫৩। সাইটে সর্তকতা অবলম্বন।**- (১) বিস্ফোরক চার্জিংয়ের পূর্বে ব-াস্টিং সাইটে যতদূর সম্ভব সকল বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করিতে হইবে।

(২) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ভিন্নমত পোষণ না করিলে বিস্ফোরক চার্জিং সংশি-ষ্ট কার্যক্রম ব্যতীত অন্য কোন কাজ পিটের অবস্থানের ১০ মিটারের মধ্যে করা যাইবে না।

(৩) চার্জিং সম্পন্নের পর অবশিষ্ট বিস্ফোরক, ডেটোনেটর এবং ফিউজ পিটের নিকট হইতে সরাইয়া ফেলিতে হইবে এবং এমন নিরাপদ দূরত্বে রাখিতে হইবে যাহাতে পিটে চার্জ ডেটোনেটিংয়ের সময় উহা আবেশিত হইয়া ডেটোনেশন হইতে না পারে।

(৪) ব-াস্টিং সম্পূর্ণ না করা পর্যন্ড় চার্জকৃত বিস্ফোরক ধারনকৃত পিট প্রহরীবিহীন অবস্থায় ফেলিয়া রাখা যাইবে না।

(৫) ট্যাম্পিং এবং গতিরোধক স্থাপন করিবার সময় ডেটোনেটর সংযুক্ত ফিউজ এবং অন্যান্য তার যাহাতে নষ্ট না হয় সেই ব্যাপারে সতর্কতা অবলম্বন করিতে হইবে।

১৫৪। **যথোপযুক্ত সতর্কীকরণ পদ্ধতি পরিচালনা অব্যাহত রাখা।**- লাইসেন্সধারী অথবা লাইসেন্সকৃত প্রাঙ্গণের দায়িত্বে তৎকর্তৃক নিযুক্ত যোগ্য ব্যক্তি প্রাঙ্গণে সর্বদা সতর্কীকরণ পদ্ধতি পরিচালনা অব্যাহত রাখিবেন এবং উক্তরূপ পদ্ধতিতে সতর্কীকরণ চিহ্ন এবং শ্রবণযোগ্য সংকেত ব্যবহার করিতে হইবে এবং লাইসেন্সকৃত প্রাঙ্গণে নিযুক্ত প্রত্যেক ব্যক্তি উক্তরূপ সতর্কীকরণ চিহ্ন এবং সংকেতের তাৎপর্যের সহিত সুপরিচিত থাকিবেন।

**১৫৫। ফায়ারিংকালে সতর্কতা অবলম্বন।**- (১) জ্বালানোর পূর্বে সেফটি ফিউজের শেষ প্রান্ড় মসৃণভাবে কাটিতে হইবে।

(২) এক্সপে-াডারগুলি নিয়মিতভাবে পরীক্ষা করিয়া দেখিতে হইবে যে, উহা ফায়ারিংয়ের জন্য উপযুক্ত কি না এবং উহাদিগকে ফায়ারিংয়ের উপযুক্ত রাখিবার ব্যবস্থা করিতে হইবে। একটি সার্কিটের নির্দিষ্ট ক্ষমতার অধিক মাত্রায় উহাতে ফায়ারিংয়ের জন্য কোন একসপে-াডার ব্যবহার করা যাইবে না।

(৩) ফায়ারিংয়ের পূর্বে কোন বৈদ্যুতিক সার্কিটের নিরবিচ্ছিন্নতা পরীক্ষা করিতে হইবে। স্যুট ফায়ারার এবং তাহার সহকারী, যদি থাকে, ব্যতীত সকল ব্যক্তিকে সার্কিট নিরবিচ্ছিন্নতা পরীক্ষাস্থল হইতে পরীক্ষার পূর্বেই সরাইয়া নিতে হইবে।

(৪) সংযোগ প্রদানের উদ্দেশ্যে সকল তার ও ক্যাবলের শেষ প্রান্তে ৫ সেন্টিমিটারে বিদ্যমান বিদ্যুৎ অপরিবাহী পদার্থ অপসারণ করিয়া উক্ত অংশের কমপক্ষে ২.৫ সে.মি. ভালভাবে পরিষ্কার করিতে হইবে। অতঃপর পরিষ্কার করা ক্যাবলের উক্ত প্রান্তগুলি এমনভাবে একত্রে পেঁচাইতে হইবে, যাহাতে ধন্ধক ধাতুর সংস্পর্শে থাকে।

১৫৬। **স্ট্রে-কারেন্টের ব্যাপারে সতর্কতা।**- যেখানে বিদ্যুৎ চালিত সরঞ্জাম ব্যবহৃত হয়, সেইখানে বৈদ্যুতিক ফায়ারিং নিরাপদে সম্পন্ন হওয়া নিশ্চিতকরণের উদ্দেশ্যে নিরবিচ্ছিন্ন বৈদ্যুতিক সংযোগ অথবা ধাতব সংযোগে স্ট্রে কারেন্ট পরীক্ষা করিতে হইবে।

১৫৭। **ব-াস্টিং অপারেশনের দায়িত্বে নিযুক্ত ব্যক্তির দায়িত্ব।**- লাইসেন্সধারী অথবা তৎকর্তৃক ব-াস্টিং অপারেশনের জন্য নিযুক্ত ভারপ্রাপ্ত যোগ্য ব্যক্তি অগ্নিকান্ড বা বিস্ফোরক হইতে সৃষ্টি হইতে পারে এমন দুর্ঘটনা প্রতিরোধ কল্পে সকল ধরনের সতর্কতা অবলম্বন করিবেন।

১৫৮। **খনিতে ব-াস্টিং অপারেশন।**- The Mines Act, 1923 (IV of 1923) এর আওতাভূক্ত খনিতে ব-াস্টিং অপারেশনের ক্ষেত্রে বিধি **১৫১**, বিধি **১৫৩** হইতে বিধি **১৫৬** এর কোন বিধানই প্রযোজ্য হইবে না এবং উক্তরূপ অপারেশন উক্ত আইনের অধীনে প্রণীত বিধান অনুসারে পরিচালনা করিতে হইবে।

## অষ্টম অধ্যায়
লাইসেন্স

১৫৯। **লাইসেন্সের জন্য দরখাস্ত।**- (১) এই বিধিমালার অধীনে কোন লাইসেন্স প্রাপ্তি বা নবায়ন অথবা সংশোধনে আগ্রহী কোন ব্যক্তি এইরূপ লাইসেন্স মঞ্জুর, নবায়ন বা সংশোধন করিতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন দাখিল করিবেন।

(২) ক্ষেত্রমত লাইসেন্সধারী বা আবেদনকারী নিজে অথবা তৎকর্তৃক লিখিতভাবে মনোনীত ব্যক্তি আবেদন পত্রে স্বাক্ষর করিবেন এবং শেষোক্ত ক্ষেত্রে উক্তরূপ মনোয়নপত্র দরখাস্তের সহিত যুক্ত থাকিবে।

(৩) বিস্ফোরক উৎপাদনের লাইসেন্স মঞ্জুরের জন্য প্রতি আবেদন পত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র অন্তর্ভুক্ত থাকিবে, যথা ঃ-

(ক) ফরম ৩ এ দরখাস্ত
(খ) যথাযথভাবে পূরণ ও সহিকৃত ফরম ১৫;
(গ) স্কেল অনুসারে অংকিত প্রস্তাবিত স্থাপনার নকশা। স্থানিক নকশায় (site plan) কারখানায় অথবা প্রাঙ্গণে পৌঁছানোর রাস্তার চিত্র ও দিক নির্দেশনা সম্পূর্ণরূপে প্রদর্শিত হওয়া বাঞ্চনীয়;
(ঘ) অবস্থানের বর্ণনা, সকল ঢিবি ও ভবনের (উৎপাদন, অনুৎপাদন, মজুদাগার, প্রশাসনিক ইত্যাদি) বৈশিষ্ট্য ও নির্মাণের বর্ণনা এবং প্রতিটি ভবনের জন্য পালনীয় নিরাপত্তা দূরত্বের বর্ণনা;
(ঙ) প্রতি ভবন বা উহার কোন অংশে করণীয় কাজ/ প্রক্রিয়ার বর্ণনা;
(চ) প্রতি ভবন বা উহার কোন অংশের প-ান্ট ও উপকরণ এবং ইহাদের অবস্থানের একটি বর্ণনা;
(ছ) সম্পূর্ণ বা আংশিকভাবে মিশ্রিত বিস্ফোরক উহার উপাদানসমূহ যাহা কোন ভবন অথবা যন্ত্রে কোন এক সময় রাখা হইবে উহার একটি বিবরণ;
(জ) প্রতি ভবনের নিযুক্ত করা হইবে এমন লোকের বিবরণ ও সর্বোচ্চ সংখ্য;
(ঝ) কোন ভবন বা পূর্ত কর্মের, অবস্থান বা নির্মাণ কাজ হইতে সৃষ্ট কোন বিশেষ পরিস্থিতিতে আবেদনকারী কর্তৃক প্রস্তাবিত কোন বিশেষ নির্মাণাদির বর্ণনা;
(ঞ) নির্ধারিত নিরীক্ষণ ফি;

(ট) কোন কোম্পানীর নামে লাইসেন্স মঞ্জুরের আবেদনের ক্ষেত্রে আবেদনপত্রে পরিচালকবৃন্দ ও অংশীদারগণের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের ব্যাপারে পত্র যোগাযোগের জন্য মনোনীত ব্যক্তির নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর।

(৪) বিস্ফোরক ব্যবহার বা বিক্রয়ের উদ্দেশ্যে অধিকারে রাখিবার লাইসেন্স মঞ্জুরের জন্য প্রত্যেক আবেদনপত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকিবে, যথা ঃ-

(ক) ক্ষেত্রমতে ফরম ৪ অথবা ফরম ৫ এ দরখাস্ত;
(খ) যথাযথভাবে পূরণ ও সহিকৃত ফরম ১৫;
(গ) স্কেল অনুসারে অঙ্কিত প্রস্তাবিত প্রাঙ্গণের নকশা এবং এ প্রাঙ্গণের অবস্থান সম্বলিত স্থানিক চিত্রের নকশা। স্থানিক নকশায় সুস্পষ্টভাবে প্রাঙ্গণে পৌঁছানোর রোড নেটওয়ার্ক, নিকটবর্তী জমির সীমানা নির্দেশক চিহ্ন ও নিকটবর্তী অন্যান্য পূর্তকর্মের দূরত্ব প্রদর্শিত হইবে;
(ঘ) প্রাঙ্গণ এবং ঢিবি, যদি থাকে, এর নকশা;
(ঙ) কোন কোম্পানীর নামে লাইসেন্স মঞ্জুরের আবেদনের ক্ষেত্রে আবেদন পত্রে পরিচালকবৃন্দ ও অংশীদারগণের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের ব্যাপারে পত্র যোগাযোগের জন্য মনোনীত ব্যক্তির নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর। তবে নাম ও ঠিকানার যে কোন পরিবর্তনের ক্ষেত্রে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের সহিত অনতিবিলম্বে যোগাযোগ করিতে হইবে।

(৫) জল পথে বা আকাশ পথে বিস্ফোরক আমদানির ফরম ১৭ লাইসেন্সের জন্য প্রতি আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র অন্তর্ভূক্ত থাকিবে, যথা ঃ-

(ক) ফরম ৬ এ দরখাস্ত;
(খ) নির্ধারিত ফি।

(৬) বিস্ফোরক পরিবহনের ফরম ১৮ লাইসেন্সের জন্য প্রতি আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র অন্তর্ভূক্ত থাকিবে, যথা ঃ-

(ক) ফরম ৭ এ দরখাস্ত;
(খ) নির্ধারিত ফি।

(৭) রোড ভ্যানের জন্য ফরম ১৯ এ লাইসেন্স মঞ্জুরের জন্য দরখাস্তে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ-

(ক) ফরম ৮ এ দরখাস্ত;
(খ) রোড ভ্যানের পূর্ণাঙ্গ গঠন ও ইহার সহায়ক উপকরণ প্রদর্শিত নকশা;
(গ) নির্ধারিত ফি।

(৮) আতশবাজি প্রদর্শনের ফরম ২৫ লাইসেন্সের জন্য প্রতি আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র অন্তর্ভূক্ত থাকিবে, যথা ঃ-

(ক) ফরম ৯ এ দরখাস্ত;
(খ) নির্ধারিত ফি।

(৯) শট ফায়ারের পারমিট মঞ্জুরের জন্য নিম্নবর্ণিত বিষয়াবলী অন্তর্ভুক্ত থাকিবে, যথা ঃ-

(ক) ফরম ১০ এ দরখাস্ত;
(খ) নির্ধারিত নিরীক্ষণ ফি।

১৬০। **লাইসেন্স মঞ্জুর**।- (১) তফসিল ৪ এর কলাম (৪) এ উলি-খিত কর্তৃপক্ষ এই বিধিমালার নির্ধারিত ফি প্রাপ্তি সাপেক্ষে কলাম (৩) এ উলি-খিত উদ্দেশ্যের জন্য কলাম (২) উলি-খিত ফরমে লাইসেন্স মঞ্জুর করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, বিধি ১৬১ এর বিধান পূরণ না করা হইলে ফরম ২০, ২২ এবং ২৩ এর কোন লাইসেন্স মঞ্জুর করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বিধি ১৬১ এর সকল অথবা যে কোন শর্ত রহিত করিতে পারিবেন, যদি-

(অ) প্রস্ড়াবিত প্রাঙ্গণটি এই বিধিমালার অধীন বিস্ফোরক তৈরীর জন্য লাইসেন্সকৃত কারখানার মধ্যে অবস্থিত হয় এবং প্রয়োজনীয় নিরাপত্তা দূরত্ব আবেদনকারীর নিয়ন্ত্রণে থাকে;

(আ) যে প্রাঙ্গণের জন্য লাইসেন্স প্রয়োজন উহা আবেদনকারীর চলতি বৈধ লাইসেন্সের আওতাধীন প্রাঙ্গণের একই জরিপ দাগে অবস্থিত এবং বিদ্যমান প্রাঙ্গণের নিরাপত্তা দূরত্বের মধ্যে প্রয়োজনীয় নিরাপত্তা দূরত্ব বজায় রাখা হয়।

(২) (ক) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় সময়ের জন্য লাইসেন্স মঞ্জুর করিতে পারিবেন কিন্তু উহার মেয়াদ নিম্নোক্ত সময়সীমা অতিক্রম করিবে না, যথা ঃ-

(অ) ফরম ১৭ এ বিস্ফোরক আমদানির জন্য ছয় মাস;

(আ) ফরম ২৫ এ জনসাধারণের উদ্দেশ্যে আতশবাজি প্রদর্শনীর জন্য একমাস।

(খ) এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত অথবা নবায়িত লাইসেন্স যে খ্রিষ্টীয় পঞ্জিকা বৎসরে প্রদান করা হইয়াছিল সেই বৎসরের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ড় বহাল থাকিবে।

(গ) অনুচ্ছেদ (খ) এ যাহাই থাকুক না কেন, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যেইক্ষেত্রে এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন নির্দিষ্ট কাজের অথবা উৎসবের জন্য লাইসেন্স আবশ্যক যাহা পঞ্জিকা বৎসর শেষ হওয়া পর্যন্ড় স্থায়ী হইবে না তবে প্রকৃত প্রয়োজনীয় মেয়াদের জন্য উহা মঞ্জুর বা নবায়ন করিতে পারেন ঃ

তবে শর্ত থাকে যে, যে পঞ্জিকা বৎসরে লাইসেন্স মঞ্জুর বা নবায়ন করা হইবে সেই বৎসরের ৩১ শে ডিসেম্বর তারিখের পরে এই মেয়াদ বর্ধিত করা যাইবে না।

(৩) ফরম ২৪ বা ফরম ২৫ এর লাইসেন্সের আবেদনকারী প্রস্ড়াবিত প্রাঙ্গণের জন্য লাইসেন্স গ্রহণ করিতে আপত্তি নাই- মর্মে একখানা প্রত্যয়নপত্রের জন্য জেলা কর্তৃপক্ষের নিকট আবেদন করিবেন এবং জেলা কর্তৃপক্ষের যদি কোন আপত্তি না থাকে তবে আবেদনকারীকে এইরূপ প্রত্যয়নপত্র প্রদান করিবেন, যাহা আবেদনকারী তাহার আবেদন পত্রের সহিত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৪) আবেদনপত্রের সহিত উপ-বিধি (৩) এর অধীন প্রদেয় সনদ দাখিল করা না হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক বিষয়টি জেলা কর্তৃপক্ষের নিকট তাহার মতামতের জন্য প্রেরণ করিবেন।

(৫) জেলা কর্তৃপক্ষের নিকট বিষয়টি উত্থাপিত হইলে অথবা অন্য কোন কারণে যদি উক্ত কর্তৃপক্ষ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে এই মর্মে অবহিত করেন যে, কোন ব্যক্তির অনুকূলে বা কোন স্থানের জন্য লাইসেন্স মঞ্জুরের ব্যাপারে জেলা কর্তৃপক্ষের আপত্তি আছে তবে সরকারের অনুমোদন ব্যতীত এইরূপ লাইসেন্স মঞ্জুর করা যাইবে না।

(৬) নিম্নোক্ত ক্ষেত্রে বিস্ফোরক আমদানির জন্য লাইসেন্স প্রয়োজন হইবে না, যথা ঃ-

(অ) আমদানির বন্দরে মজুদ করিতে অভিপ্রেত নহে কিন্তু বাংলাদেশের সীমানার বাহিরে কোন অঞ্চলে সরাসরি স্থানান্ড়র করিতে অভিপ্রেত;

(আ) বিধি ১১৯ অনুযায়ী লাইসেন্স ব্যতীত বিস্ফোরক অধিকারে রাখা হইলে।

(৭) রেলওয়ে লাইনের ১০০ মিটারের মধ্যে বিস্ফোরক ব্যবহার করিতে হইলে প্রস্ড়াবিত প্রাঙ্গণের জন্য আবেদনকারীর লাইসেন্স গ্রহণ করিতে আপত্তি নাই- মর্মে একটি সনদপত্র সংশি- ষ্ট রেলওয়ে কর্তৃপক্ষের নিকট হইতে গ্রহণ করিবেন এবং আবেদনপত্রের সহিত উক্তরূপ সনদপত্র লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(৮) The Mines Act,1923 (IV of 1923) আওতায় পড়ে এমন প্রাঙ্গণে নিজস্ব কাজে আশু ব্যবহারের জন্য অ্যামোনিয়াম নাইট্রেট - ফুয়েল অয়েল (এএনএফও) বিস্ফোরক প্রস্তুতির লাইসেন্স মঞ্জুরের জন্য আবেদন পত্রের সহিত প্রধান খনি পরিদর্শক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে যে, প্রস্ড়াবিত যে প্রাঙ্গণে বিস্ফোরক তৈরী, অধিকারে রাখা এবং ব্যবহৃত হইবে তাহা আবেদনকারীর নিয়ন্ত্রণাধীন আছে এবং উলি- খিত আইনের আওতাধীন।

(৯) উপ-বিধি (১) এর শর্তাংশ এবং উপ-বিধি (৩), (৪) ও (৮) এ যাহাই থাকুক না কেন যদি প্রধান পরিদর্শক এই মর্মে সন্তুষ্ট হন যে, জাতীয় স্বার্থ সংশি-ষ্ট কোন কার্যক্রমে স্বল্প মেয়াদের জন্য বিস্ফোরক ব্যবহার আবশ্যক তবে তিনি জেলা কর্তৃপক্ষের অনাপত্তি পত্র ব্যতিরেকে স্বল্প মেয়াদী অনধিক ৬ (ছয়) মাস মেয়াদের জন্য লাইসেন্স প্রদান করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যে পঞ্জিকা বৎসরে লাইসেন্স মঞ্জুর করা হয় সেই বৎসরের ৩১ শে ডিসেম্বর তারিখ পর্যন্ড় এই মেয়াদ সীমাবদ্ধ থাকিবে।

(১০) এই বিধিমালার অধীন মঞ্জুরীতব্য সকল লাইসেন্স সংশি-ষ্ট জেলা কর্তৃপক্ষকে অবহিতকরনপূর্বক মঞ্জুর করিতে হইবে এবং প্রতিটি লাইসেন্সের একটি কপি জেলা কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

(১১) প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরীতব্য প্রত্যেক লাইসেন্স উহা যে বিস্ফোরক পরিদর্শকের অধিক্ষেত্রের মধ্যে পড়ে সেই বিস্ফোরক পরিদর্শককে অবহিতকরনপূর্বক মঞ্জুর এবং লাইসেন্সের একটি কপি তাঁহার নিকট প্রেরণ করিতে হইবে; এবং বিস্ফোরক পরিদর্শক কর্তৃক মঞ্জুরীতব্য প্রত্যেকটি লাইসেন্স প্রধান পরিদর্শককে অবহিতকরনপূর্বক মঞ্জুর এবং লাইসেন্সের একটি কপি প্রধান পরিদর্শককের নিকট প্রেরণ করিতে হইবে।

**১৬১। বিস্ফোরক প্রস্তুত, ব্যবহার বা বিক্রয়ের উদ্দেশ্যে অধিকারে রাখিবার ফরম ২০, ফরম ২২ অথবা ফরম ২৩ এ লাইসেন্স মঞ্জুরের পূর্বে অনুসৃত কার্যপ্রণালী।**- (১) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বিধি ১৫৯ এর উপ-বিধি (৩) অথবা (৪) এর শর্তাধীন আবেদনপত্র ও তদসম্পর্কিত অন্যান্য কাগজপত্র নিরীক্ষা করিয়া দেখিবেন যে, ম্যাগাজিন, মজুদাগার বা কারখানার গঠন প্রকৃতি ও উহার চতুর্দিকের বা প্রাঙ্গণের মধ্যে পূর্তকর্ম হইতে রক্ষণীয় দূরত্ব বিধান অনুসারে আছে কি না।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনকারী কর্তৃক প্রণীত বর্ণনা বিবেচনা এবং ক্ষেত্র বিশেষে প্রয়োজনীয় তথ্য জানিবার থাকিলে পরবর্তীতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ পুনরায় আবেদনপত্র নিরীক্ষণ করিতে এবং প্রয়োজনীয় পরিবর্তন করিতে নির্দেশ দিতে পারিবে।

(৩) এই বিধিমালার অধীন প্রয়োজনীয় সঠিক কাগজপত্র প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ আবেদনপত্রটি নিুলিখিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে, যথা ঃ-

(অ) সংশি-ষ্ট জেলা কর্তৃপক্ষের নিকট যে বিষয় অনুসন্ধান করা হইবে উহার একটি বর্ণনা, একটি খসড়া লাইসেন্স এবং ফরম ১৬ তে প্রস্ড়াবিত কারখানা, ম্যাগাজিন বা মজুদাগারের মধ্যে এবং উহার চতুর্দিকে যে দূরত্ব রাখা প্রয়োজন তাহার একটি বর্ণনা;

(আ) এইরূপ তদন্ডের জন্য প্রয়োজন মনে করিলে অন্য কোন কর্তৃপক্ষ।

(৪) উলি-খিত আবেদনপত্র প্রাপ্তির পর জেলা কর্তৃপক্ষ উক্তরূপ আবেদনের বিষয়ে এবং প্রস্ড়াবিত প্রাঙ্গণ, কারখানা, ম্যাগাজিন অথবা মজুদাগার স্থাপনে কোন ব্যক্তির কোনরূপ অভিযোগ থাকিলে উহার উপর ভিত্তি করিয়া অনতিবিলম্বে শুনানির সময় ও স্থান উলে-খপূর্বক আবেদনকারী ও আপত্তি উত্থাপনকারীর নিকট অন্যূন ৭ দিন পূর্বে নোটিশ জারীর ব্যবস্থা করিবে। উক্ত নোটিশে আবেদনকারী ও আপত্তি উত্থাপনকারীর নাম, ঠিকানা ও আপত্তির হেতুসমূহের বর্ণনা সংযুক্ত থাকিবে। পরবর্তী শুনানীর তারিখ যথাসম্ভব তাড়াতাড়ি ধার্য করিতে হইবে, যাহা উপ-বিধি (৬) অনুসারে হইবে।

(৫) যেখানে প্রস্ড়াবিত কারখানা বা ম্যাগাজিন শহর পরিকল্পনা পৌর কর্তৃপক্ষ অথবা বন্দর কর্তৃপক্ষের বৈধ কর্তৃত্ব সীমার ১.৫ কি.মি এর মধ্যে অবস্থিত, দরখাস্ড়কারী উক্ত কর্তৃপক্ষের নিকট জারীর উদ্দেশ্যে দরখাস্ড় ও শুনানির তারিখ সম্বন্ধে নোটিশ প্রদান করিবেন।

(৬) উপ-বিধি (৪) এর অধীন প্রদেয় নোটিশ প্রকাশ করিতে হইবে এবং উপ-বিধি (৫) এর অধীন নোটিশ আবেদনকারীর খরচে জেলা কর্তৃপক্ষ কতৃক শুনানির নির্ধারিত তারিখের কমপক্ষে একমাস পূর্বে জারী করিতে হইবে।

(৭) শুনানির জন্য নির্ধারিত তারিখ অথবা শুনানী মূলতবী রাখা হইলে অন্য কোন তারিখে জেলা কর্তৃপক্ষ উপ-বিধি (৪) অনুসারে কোন আপত্তির শুনানী গ্রহণ করিবেন এবং উপ-বিধি (৫) এ উলি-খিত কর্তৃপক্ষ যেইরূপ প্রয়োজন মনে করেন সেইরূপ অনুসন্ধান ও তদন্ড় করিবেন।

(৮) তদন্ড় শেষে জেলা কর্তৃপক্ষ আবেদনপত্র, লিখিত বক্তব্য এবং নকশাসহ তাঁহার কর্তৃক অনুসৃত কার্যপ্রণালীর একটি প্রতিবেদন এবং প্রস্তাবিত প্রাঙ্গণের জন্য আবেদনকারীর লাইসেন্স গ্রহণে তাঁহার কোন আপত্তি থাকিলে উহার বিষয়ে বক্তব্য লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন ।

(৯) জেলা কর্তৃপক্ষ উপ-বিধি (৪) থেকে (৭) এর অধীন তাঁহার তদন্ড় সম্পন্ন করিবেন এবং তদন্ড় প্রতিবেদন যথাসম্ভব স্বল্প সময়ে (অনধিক চার মাস) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, ৪ (চার) মাসের মধ্যে জেলা কর্তৃপক্ষ কোন প্রতিবেদন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ না করিলে লাইসেন্স মঞ্জুর করিতে জেলা কর্তৃপক্ষের কোন আপত্তি নাই বলিয়া গণ্য হইবে।

(১০) উপ-বিধি (৯) এর অধীন লাইসেন্স মঞ্জুরের জন্য জেলা কর্তৃপক্ষের অনাপত্তিপত্র পাওয়া গেলে অথবা নির্ধারিত সময়ে কোন আপত্তি জানানো না হইলে অথবা বিধি ১৬০ এর উপ-বিধি (৫) অনুসারে সরকারের অনুমোদন পাওয়া গেলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের আবেদনের সহিত দাখিলকৃত নকশা অনুমোদন করিয়া লাইসেন্স প্রার্থীকে ফেরত দিবেন।

(১১) লাইসেন্স প্রার্থী উপ-বিধি (১০) এর অনুমোদিত নকশা, প্রার্থিত লাইসেন্সের শর্ত এবং সংশি- ষ্ট বিধিবিধান অনুসারে প্রস্তাবিত ম্যাগাজিন/মজুদাগার/স্থাপনা/প্রাঙ্গণ অথবা পরিবহণ যানের নির্মাণ সম্পন্ন করিয়া সেই মর্মে একটি প্রতিবেদন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(১২) উপ-বিধি (১১) এ উলি- খিত প্রতিবেদন প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশি- ষ্ট ম্যাগাজিন প্রাঙ্গণ/পরিবহণ যান পরিদর্শন করিবে এবং অনুমোদিত নকশা, প্রার্থিত লাইসেন্সের শর্তাবলী এবং সংশি- ষ্ট বিধি বিধান অনুসারে নির্মাণ সম্পন্ন করা হইলে দরখাস্ড় প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রার্থিত লাইসেন্স মঞ্জুর করিবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রার্থিত লাইসেন্স মঞ্জুর না করা হইলে কারণ উলে- খপূর্বক উক্ত সময়সীমার মধ্যে তাহা দরখাস্ড় কারীকে লিখিতভাবে জানাইতে হইবে।

(১৩) এই বিধিতে যাহাই থাকুক না কেন, উপ-বিধি (৩) এর অনুচ্ছেদ (আ) ব্যতীত উপ-বিধি (৩) হইতে (১০) এর বিধানাবলী The Mines Act, 1923 (IV of 1923) এর আওতাধীন প্রস্তাবিত প্রাঙ্গণে এএনএফও বিস্ফোরক প্রস্তুতির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না ।

১৬২। **স্থল পথে বিস্ফোরক পরিবহণ যানের ফরম ১৯ এ লাইসেন্স মঞ্জুরের কার্যপ্রণালী**।- (১) স্থল পথে বিস্ফোরক পরিবহণ যানের ফরম ১৯ এ লাইসেন্সের জন্য দরখাস্ড়ের সহিত দাখিলকৃত নক্শা ও বিনির্দেশ নিরীক্ষান্ড়ে এই বিধিমালার প্রযোজ্য বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হইলে প্রধান পরিদর্শক দাখিলকৃত নক্শা ও বিনির্দেশ অনুসারে স্থল যানটি নির্মাণ করিয়া একটি নির্মাণ সম্পন্নতার প্রতিবেদন দাখিল করিতে নির্দেশ প্রদান করিবেন।

(২) লাইসেন্স প্রার্থী কর্তৃক উপ-বিধি (২) এর নির্দেশ অনুসারে নির্মাণ সম্পন্নতার প্রতিবেদন দাখিল করা হইলে প্রধান পরিদর্শক নিজে উপরোলি- খিত যান পরিদর্শন করিবেন অথবা এক জন বিস্ফোরক পরিদর্শককে উপরোক্ত যান পরিদর্শন করিবার নির্দেশ প্রদান করিবেন এবং দাখিলকৃত নক্শা, ফরম ১৯ লাইসেন্সের শর্তাবলী এবং অধিকন্তু, সংশি- ষ্ট বিধি বিধান অনুসারে নির্মাণ সম্পন্ন করা হইলে দরখাস্ড় প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লাইসেন্স প্রদান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, প্রার্থিত লাইসেন্স মঞ্জুর না করা হইলে কারণ উলে- খপূর্বক উক্ত সময়সীমার মধ্যে তাহা লাইসেন্স প্রার্থীকে লিখিতভাবে জানাইতে হইবে।

১৬৩। **শট-ফায়ারারস্ (Shot-firer's) পারমিট মঞ্জুরের জন্য অনুসৃতব্য কার্যপ্রণালী**।- (১) প্রধান পরিদর্শক অথবা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক প্রাধিকৃত কোন কর্তৃপক্ষ কোন শট-ফায়ারারস্ (Shot-firer's) এর পারমিট মঞ্জুরের উদ্দেশ্যে প্রধান পরিদর্শক যেমন পরীক্ষা এবং অনুসন্ধান প্রয়োজন মনে করেন অনুরূপ পরীক্ষা এবং অনুসন্ধান সম্পন্ন করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি প্রধান পরিদর্শক সন্তুষ্ট হন যে, শট-ফায়ারারস্ পারমিটের আবেদনকারীর প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতার অধিকারী তবে সেই ক্ষেত্রে শট-ফায়ারার পরীক্ষার প্রয়োজন পড়িবে না।

(২) পরীক্ষার জন্য উপ-বিধি (১) এর অধীন আবেদনকারীকে নির্ধারিত ফি, যদি থাকে প্রদান করিতে হইবে।

**১৬৪। বিস্ফোরক অধিকারে রাখা ও বিক্রির ফরম ২৪ বা বিস্ফোরক প্রস্তুতকরণের স্পেশাল ফরম লাইসেন্স মঞ্জুরের অনুসৃতব্য কার্যপ্রণালী।- (১)** ফরম ২৪ এর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বিধি **১৫৯** এর শর্তাধীনে আবেদনপত্র ও তদ্‌সম্পর্কিত অন্যান্য কাগজপত্র নিরীক্ষা এবং প্রয়োজনে সংশি- ষ্ট প্রাঙ্গণ পরিদর্শন করিয়া যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, এই বিধিমালার সংশি- ষ্ট বিধিবিধান এবং উক্ত ফরম লাইসেন্সের শর্তাবলী পরিপালন করা যাইবে, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ লাইসেন্সের শর্তাবলীর একটি অনুলিপি এবং দাখিলকৃত নকশা অনুমোদন করিয়া উহার একটি অনুলিপি লাইসেন্স প্রার্থীকে ফেরত দিবেন।

(২) লাইসেন্স প্রার্থী উপ-বিধি (১) এ উলি- খিত অনুমোদিত নকশা এবং প্রার্থিত লাইসেন্সের শর্তানুসারে মজুদাগার প্রাঙ্গণ নির্মাণ সম্পন্ন করিয়া একটি প্রতিবেদন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উলি- খিত প্রতিবেদন প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশি- ষ্ট প্রাঙ্গণ পরিদর্শন করিয়া যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, উপ-বিধি (১) এ উলি- খিত অনুমোদিত নকশা ও লাইসেন্সের শর্তানুসারে সংশি- ষ্ট নির্মাণ কার্য সম্পন্ন করা হইয়াছে, তাহা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রার্থিত লাইসেন্স মঞ্জুর করিবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রার্থিত লাইসেন্স মঞ্জুর না করা হইলে কারণ উলে- খপূর্বক তাহা দরখাস্ড়কারীকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৪) বিস্ফোরক প্রস্তুতের স্পেশাল ফরম লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে প্রত্যেকটি দরখাস্ড়ের গুণাগুণ বিচারে প্রধান পরিদর্শকের বিবেচনায় উপযুক্ত উপ-বিধি (১), (২) ও (৩) অথবা বিধি **১৬১** এর বিধান অনুসরণ করিতে হইবে।

১৬৫। **লাইসেন্সের বিবরণ**।- এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত প্রত্যেক লাইসেন্সে পরিপালনের জন্য শর্তাবলী উলি- খিত থাকিবে এবং এই বিধিমালার দ্বারা নির্ধারিত ফরমে সকল কাগজপত্র সংরক্ষণ করিতে হইবে।

১৬৬। **শর্ত পরিবর্তন করিতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের ক্ষমতা**।- বিধি **১৬৫** এ যাহাই থাকুক না কেন, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের নির্দেশিত ফরমে উলি- খিত যে কোন শর্ত রহিতকরণ, পরিবর্তন অথবা সংযোজন করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক ব্যতীত অন্য কোন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ এই ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে না।

১৬৭। **লাইসেন্স সংশোধন**।- (১) লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরীকৃত লাইসেন্স সংশোধন করা যাইবে, যদি উক্তরূপ সংশোধনী এই বিধিমালার বিধানের পরিপন্থী না হয়।

(২) লাইসেন্স সংশোধনে আগ্রহী লাইসেন্সধারী নিম্নলিখিত কাগজপত্রসহ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন, যথা ঃ-

(ক) সংশোধনের প্রকৃতি ও কারণ উলে- খপূর্বক একটি আবেদনপত্র;
(খ) সংলগ্নিসহ মূল লাইসেন্স;
(গ) সংশোধনের জন্য নক্শার প্রয়োজন পড়িলে প্রস্ড়াবিত সংশোধনের বিস্ড়ারিত চিত্র প্রদর্শিত নকশা;
(ঘ) নির্ধারিত নিরীক্ষণ ফি;
(ঙ) নির্ধারিত সংশোধনী ফি।

(৩) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত কাগজপত্র যাচাই করিবার পর এবং প্রয়োজনবোধে তদন্ড়ের পর লাইসেন্স সংশোধনের উপযুক্ত পদক্ষেপ নিবেন।

১৬৮। **লাইসেন্স নবায়ন**।- (১) লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক এইরূপ লাইসেন্স নবায়ন করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরকৃত লাইসেন্স কোনরূপ পরিবর্তন ছাড়াই প্রধান পরিদর্শকের পক্ষে, তাঁহার কর্তৃক প্রাধিকৃত একজন বিস্ফোরক পরিদর্শক কর্তৃক নবায়ন করা যাইবে।

(২) ফরম ২০ অথবা ফরম ২২ অথবা ফরম ২৩ এ লাইসেন্স নবায়নের পূর্বে প্রধান পরিদর্শক প্রয়োজন মনে করিলে উপ-বিধি (১) এর অধীন তৎকর্তৃক প্রাধিকৃত একজন বিস্ফোরক পরিদর্শক, বিধি ১৬১ এর উপ-বিধি (১) এর অধীন নির্দেশিত বিবরণী যাচাইয়ের জন্য লাইসেন্সধারীকে তলব করিতে পারিবেন।

(৩) লাইসেন্স নবায়নের জন্য প্রত্যেক আবেদনপত্র এমনভাবে প্রেরণ করিতে হইবে যাহাতে লাইসেন্সের মেয়াদ নিঃশেষ হওয়ার ৩০ দিন পূর্বে লাইসেন্স মঞ্জুরকারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট পৌঁছায় এবং যদি আবেদনপত্র এইভাবে করা হয় তবে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নবায়নের তারিখ পর্যন্ড় লাইসেন্সের কার্যকারিতা বহাল আছে বলিয়া গণ্য হইবে কিংবা যতক্ষণ পর্যন্ড় না লাইসেন্সধারীকে লাইসেন্সের নবায়ন প্রত্যাখান করা হইয়াছে মর্মে জানানো হয়।

(৪) লাইসেন্স নবায়নের জন্য উপ-বিধি (৩) এর অধীন প্রত্যেক আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা ঃ-

(ক) ফরম ১১ তে দরখাস্ড়
(খ) সংলগ্নিসহ লাইসেন্সের মুলকপি এবং সংযুক্ত অনুমোদিত নকশা, তফসিল এবং ফরমসমূহ;
(গ) নির্ধারিত নবায়ন ফি।

(৫) প্রতি পঞ্জিকা বৎসরের জন্য লাইসেন্স নবায়নের ফি হইবে উক্ত লাইসেন্সের জন্য প্রদেয় ফি এর সমপরিমাণ অর্থ।

(৬) লাইসেন্স নবায়নের দরখাস্ড় উপ-বিধি (৩) এ উলি-খিত সময়ের পরে দাখিল করা হইলে দ্বিগুণ নবায়ন ফি প্রদেয় হইবে ঃ

তবে শর্ত থাকে যে, একটানা একাধিক বৎসরের জন্য নবায়নের দরখাস্ড় করা হইলে শুধুমাত্র নবায়নের ১ম বৎসরের জন্য দ্বিগুণ ফি প্রদেয় হইবে।

(৭) লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার পর নবায়নের দরখাস্ড় লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছিলে উক্ত কর্তৃপক্ষ উহা নবায়ন করিতে পারিবে না।

১৬৯। **লাইসেন্স প্রত্যাখ্যান**।- লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স মঞ্জুর, সংশোধন বা নবায়নের আবেদন প্রত্যাখ্যানের সিদ্ধান্ড় গ্রহণ করিলে উহার কারণ লিপিবদ্ধ করিবে এবং আবেদনকারীকে লিখিতভাবে উক্ত কারণ ও সিদ্ধান্ড় অবহিত করিবে ।

১৭০। **লাইসেন্স বাতিল ইত্যাদি**।- (১) কোন লাইসেন্সধারী আইন বা এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সের শর্ত ভঙ্গ করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশি-ষ্ট লাইসেন্স বাতিল করিতে পারিবে। লাইসেন্স বাতিল করিবার পূর্বে লাইসেন্সধারীকে ১০ দিনের একটি লিখিত নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে বাতিলকরণের কারণ উলে-খ থাকিবে।

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কোন ক্ষেত্রে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আইন বা এই বিধিমালার বিধান লঙ্ঘনের ফলে জনসাধারণের নিরাপত্তা বিঘ্নিত হইয়াছে বা হইবার আশঙ্কা রহিয়াছে তাহা হইলে তিনি উপ-বিধি (১) এর অধীন কারণ দর্শানো নোটিশ জারীর পূর্বে বা বিষয়টি নিস্পন্নাধীন থাকাকালে উক্ত লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন।

(৩) লাইসেন্সের সাময়িক স্থগিতকরন বিধি ১৬৮ অনুসারে উহার নবায়নের আবেদন দাখিলের জন্য প্রতিবন্ধক হইবে না।

১৭১। **লাইসেন্সের সাময়িক স্থগিতকরন বা বাতিল প্রক্রিয়া**।- (১) তাহার লাইসেন্স বাতিল বা সাময়িক স্থগিতকরনের ক্ষেত্রে লাইসেন্সধারী অবিলম্বে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে তাহার অধিকারে রক্ষিত বিস্ফোরকের বিবরণ ও পরিমাণ জানাইবেন এবং বিস্ফোরকের অপসারণ, বিনষ্টকরণ সম্পর্কে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্দেশ প্রতিপালন করিবেন।

(২) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স বাতিল, সাময়িক স্থগিত হওয়ার সময়ে প্রকৃত অবশিষ্ট বিস্ফোরক মজুদ, অধিকারে রাখা বা বিক্রয়ের জন্য অনধিক ৩ মাসের জন্য অস্থায়ী লাইসেন্স মঞ্জুর করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২)এর অধীন মঞ্জুরীকৃত লাইসেন্সের ফি মেয়াদোত্তীর্ণ বা বাতিলকৃত অস্থায়ী লাইসেন্সের সময়ের জন্য একই আনুপাতিক হারে সম্পূর্ণ বৎসরের ফি ধার্য হইবে।

১৭২। **আপীল**।- (১) লাইসেন্স মঞ্জুর, সংশোধন বা নবায়নের আবেদন প্রত্যাখ্যান বা বাতিল আদেশের বির""দ্ধে আপীল করা যাইবে-

(ক) প্রধান পরিদর্শক কর্তৃক জারীকৃত আদেশের বির""দ্ধে সরকারের নিকট;
(খ) বিস্ফোরক পরিদর্শক কর্তৃক জারীকৃত আদেশের বির""দ্ধে প্রধান বিস্ফোরক পরিদর্শকের নিকট।

(২) বিরোধীয় আদেশ প্রদানের তারিখের ৬০ (ষাট) দিনের মধ্যে সরকারের এবং অন্য সকল ক্ষেত্রে ৩০ দিনের মধ্যে উহার একটি অনুলিপিসহ আপীলের দরখাস্ড় দাখিল করিতে হইবে।

১৭৩। **আপীলাত কর্তৃপক্ষের কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া**।- আপীল অবেদন প্রাপ্তির পর যদি আপীল কর্তৃপক্ষের নিকট এই আইনের বিধান অনুসারে উহা গ্রহনযোগ্য বলিয়া বিবেচিত হয় তবে আপীল কর্তৃপক্ষ আদেশ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে সংশি- ট রেকর্ডপত্র তলব এবং প্রয়োজনবোধে এই সম্পর্কে অধিকতর অনুসন্ধান করিতে পারিবে এবং আপীলকারীকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদানের পর চুড়ান্ড় আদেশ প্রদান করিবে।

১৭৪। **লাইসেন্সধারীর মৃত্যু বা অসমর্থতা**।- (১) যদি লাইসেন্সধারীর মৃত্যু, দেউলিয়া বা মানসিকভাবে ভারসাম্যহীন বা প্রতিবন্ধী হন তাহা হইলে এই বিধির অধীনে তাহাকে দেয় লাইসেন্স তাহার মৃত্যু বা মানসিক অসমর্থতা বা দেউলিয়া বা প্রতিবন্ধী হওয়ার তারিখ হইতে তাৎক্ষণিকভাবে বাতিল হইয়া যাইবে।

(২) লাইসেন্সের আইনগত উত্তরাধিকারী বা প্রতিনিধিগণ উপ-বিধি (১) অনুযায়ী যত তাড়াতাড়ি সম্ভব লাইসেন্স কর্তৃপক্ষকে নিম্নোক্ত বিষয়সমূহ অবহিত করিবেন, যথা ঃ-

(ক) মৃত্যু, দেউলিয়া, অসমর্থতা, মানসিক ভারসাম্যহীনতা বা অন্যান্য অসমর্থতা; এবং
(খ) লাইসেন্সধারীর প্রাঙ্গণে রক্ষিত সকল বিস্ফোরকের মজুদ এবং লাইসেন্স কর্তৃপক্ষের নিকট হইতে এইরূপ বিস্ফোরক দ্রব্যের বিনষ্টকরণ সম্পর্কিত তথ্য।

১৭৫। **লাইসেন্স হারানো**।- এই বিধির অধীনে মঞ্জুরীকৃত লাইসেন্স বা বিধি ১৭৭ এর অধীন মঞ্জুরীকৃত প্রামাণিক অনুলিপি হারাইয়া বা দুর্ঘটনায় নষ্ট হইয়া যায় তবে বিধি ১৮১ তে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে একটি ডুপি- কেট লাইসেন্স মঞ্জুর করা যাইবে।

১৭৬। **ম্যাগাজিনে লাইসেন্সকৃত পরিমাণের অতিরিক্ত বিস্ফোরকের অস্থায়ী মজুদের জন্য পারমিট**।- (১) যখন প্রধান পরিদর্শককে এই মর্মে সন্তুষ্ট করা যায় যে, অদৃষ্টপূর্ব ঘটনায় ফরম ২২ এবং ফরম ২৩ এর অধীন লাইসেন্সকৃত ম্যাগাজিনে লাইসেন্সযোগ্য পরিমাণের অতিরিক্ত বিস্ফোরক মজুদ করা প্রয়োজন, তখন প্রধান পরিদর্শক ম্যাগাজিনে এইরূপ অতিরিক্ত মজুদের জন্য সাধারণতঃ অনধিক এক মাস সময়ের জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে,

(অ) এইরূপ অতিরিক্ত মজুদের যে অনুমতি প্রদান করা হইবে তাহার পরিমাণ কোন ক্রমেই লাইসেন্সকৃত পরিমাণের এক তৃতীয়াংশ অপেক্ষা বেশী হইবে না; এবং
(আ) মজুদের জন্য নির্দিষ্ট সর্বোচ্চ পরিমাণ ব্যতীত লাইসেন্সের অন্য কোন শর্ত লঙ্ঘন করা যাইবে না।

(২) এইরূপ পারমিটের ফি ধার্য হইবে নিম্নরূপ, যথা ঃ-

(অ) অনধিক এক মাস সময়ের জন্য টাকা ২,০০০;
(আ) এক মাসের অধিক সময় হইলে প্রতি মাস বা তার অংশ বিশেষের জন্য টাকা ২০,০০০।

১৭৭। **চাহিবামাত্র লাইসেন্স বা পাস উপস্থাপন**।- (১) বিধি ১৮৩ এর উপ-বিধি (১) এ উলি- খিত কোন কর্মকর্তা এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত লাইসেন্স তলব করিলে লাইসেন্সধারী বা উক্ত লাইসেন্সের বলে পরিচালিত কর্মকান্ডের ভারপ্রাপ্ত ব্যক্তি লাইসেন্স বা উহার একটি প্রামাণিক অনুলিপি লাইসেন্সকৃত প্রাঙ্গণে উপস্থাপন করিবেন।

(২) বিধি ১৮৩ এর উপ-বিধি (১) এ উলি- খিত কোন কর্মকর্তা যখন তলব করিবেন তখন এই বিধিমালার অধীনে ইস্যুকৃত বিস্ফোরকের চালান দ্রব্য পরিবহণে নিয়োজিত ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি উহা উপস্থাপন করিবেন।

(৩) লাইসেন্সধারীর আবেদনক্রমে লাইসেন্স প্রদানকারী কতৃপক্ষ লাইসেন্সের প্রামাণিক অনুলিপি প্রদান করিতে পারিবে, যদি -

(ক) এই বিধির প্রয়োজনে প্রতিটি অনুলিপির জন্য অন্যুন ৫০০ টাকা সাপেক্ষে লাইসেন্স ফি এর ২০% ফি প্রদান করা হয়;
(খ) সংশি- ষ্ট অনুমোদিত নকশার অতিরিক্ত অনুলিপি দাখিল করা হয়।

১৭৮। **কর্তৃপক্ষের উপর কার্যনির্বাহী নিয়ন্ত্রণ**।- এই অধ্যায়ের অধীন সরকার ব্যতীত প্রত্যেক কর্তৃপক্ষ সরকারের নির্দেশমত এবং নিয়ন্ত্রণে চলিবে ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধান প্রধান পরিদর্শকের অধিনস্থ কর্মকর্তাদের উপর তাঁহার নির্বাহী ক্ষমতা কোনভাবে খর্ব হইবে না।

১৭৯। **আইনের ধারা ১৫ এর অধীনে ক্ষমতা প্রদান**।- এই বিধিমালার অধীনে লাইসেন্স প্রদানকারী সকল কর্তৃপক্ষকে এতদ্‌দ্বারা লাইসেন্সের গায়ে লিখিতভাবে নির্দেশ প্রদান করিতে ক্ষমতা প্রদান করা হইল যে, ইহা আর্মস অ্যাক্টের অধীনে মঞ্জুরকৃত অনুরূপ লাইসেন্সের মত কার্যকর হইবে।

## নবম অধ্যায়
## ফি

১৮০। **ফি পরিশোধ**। - এই অধ্যায়ের অধীনে নির্ধারিত ফি প্রত্যেক দরখাস্তের সহিত বিস্ফোরক অধিদপ্তরের হিসাব কোড " ১-৪২৩২-০০০০-২৬৮১" তে জমা দিয়া ট্রেজারী চালানের মূল কপি দাখিল করিতে হইবে।

১৮১। **লাইসেন্স ফি ব্যতীত অন্যান্য ফি**।- এই বিধিমালার অধীনে লাইসেন্স ফি ব্যতীত নিম্নলিখিত ফি পরিশোধ করিতে হইবে-

(১) বিস্ফোরক অনুমোদিত তালিকায় যে কোন বিস্ফোরক সংযুক্তির জন্য - (বিধি ৫ দ্রষ্টব্য)

| | | | |
|---|---|---|---|
| | (ক) | প্রত্যেক প্রস্তাবের জন্য পরীক্ষণ ফি | ৫০০.০০ টাকা। |
| | (খ) | প্রত্যেক বিস্ফোরক নমুনার জন্য পরীক্ষণ ফি | ২,০০০.০০ টাকা। |
| (২) | | আমদানিকৃত বিস্ফোরকের প্রত্যেক নমুনার পরীক্ষণ ফি (বিধি -২৯ দ্রষ্টব্য) | ১০০.০০ টাকা। |
| (৩) | (ক) | ফরম ১ এ নিরাপদ সনদপত্র জারীর ক্ষেত্রে প্রত্যেক নমুনা পরীক্ষণ ফি (বিধি-৩৬ দ্রষ্টব্য) | ১,০০০.০০ টাকা। |
| | (খ) | নূতন পরীক্ষা ছাড়াই উপরের (ক) অনুচ্ছেদে প্রাধীকৃত প্রত্যেক সনদপত্র নবায়ন করিয়া সরবরাহ | ৫০০.০০ টাকা। |
| | (গ) | প্রত্যেক নমুনা পরীক্ষার পরে সনদপত্র নবায়ন করিয়া সরবরাহ | ৫,০০০.০০ টাকা। |
| (৪) | | যে কোন নূতন বিস্ফোরক উৎপাদন প্রক্রিয়া অনুমোদনের জন্য নিরীক্ষণ ফি (বিধি-৯৫ দ্রষ্টব্য) | ২,০০০.০০ টাকা। |

| | | |
|---|---|---|
| (৫) | যে কোন সময় লাইসেন্সকৃত ধারনক্ষমতার অতিরিক্ত বিস্ফোরক মজুদের জন্য (বিধি-১৩১ দ্রষ্টব্য) | প্রথম ১৫ দিনের জন্য ২,০০০.০০ টাকা এবং পরবর্তী প্রতি অতিরিক্ত ৫ দিন বা অংশ বিশেষের জন্য ১,০০০.০০ টাকা। |
| (৬) | অস্থায়ী আতশবাজির ক্ষেত্রে লাইসেন্সকৃত পরিমাণের অতিরিক্ত অধিকারে রাখিবার অনুমতির জন্য (বিধি ১৩২ দ্রষ্টব্য) | ৫০০.০০ টাকা। |
| (৭) | বিস্ফোরক উৎপাদনের লাইসেন্স মঞ্জুরের আবেদনের জন্য নিরীক্ষণ ফি [বিধি ১৫৯(৩) দ্রষ্টব্য] | |
| | (ক) নিম্নের (খ), (গ) এবং (ঘ) ব্যতীত যে কোন বিস্ফোরক | ২,০০০.০০ টাকা। |
| | (খ) অ্যামোনিয়াম নাইট্রেট এবং জ্বালানী তৈল মিশ্রণের ক্ষেত্রে | ৫০০.০০ টাকা। |
| | (গ) (অ) একই সময়ে অনধিক ১২.৫ কেজি আতশবাজি এবং গান পাউডার অথবা আতশবাজি বা গান পাউডার | ২০০.০০ টাকা। |
| | (আ) আতশবাজি এবং/বা গান পাউডারের পরিমাণ একই সময়ে ১২.৫ কেজির বেশী কিন্তু অনধিক ২০০ কেজি | ১,০০০.০০ টাকা। |
| | (ই) আতশবাজি এবং/বা গান পাউডারের পরিমাণ একই সময়ে ২০০ কেজির অধিক | ২,০০০.০০ টাকা। |
| | (ঘ) রঙিন দিয়াশলাই | ২,০০০.০০ টাকা। |
| (৮) | বিস্ফোরক আমদানি লাইসেন্স মঞ্জুরের আবেদনের জন্য নিরীক্ষণ ফি [বিধি ১৫৯ (৫) দ্রষ্টব্য] | ১,০০০.০০ টাকা। |
| (৯) | বিস্ফোরক আমদানির পারমিট মঞ্জুরের আবেদনের জন্য নিরীক্ষণ ফি [বিধি ৩৩ দ্রষ্টব্য] | ৫০০.০০ টাকা। |
| (১০) | সড়ক পথে ভ্যানের প্রতিটি লাইসেন্স মঞ্জুরের আবেদনের নিরীক্ষণ ফি [বিধি ১৫৯(৭) দ্রষ্টব্য] | ৫০০.০০ টাকা। |
| (১১) | শট - ফায়ারের প্রতিটি পারমিট মঞ্জুরের জন্য নিরীক্ষণ ফি [বিধি ১৫৯(৯) দ্রষ্টব্য] | ২০০.০০ টাকা। |
| (১২) | একটি শট -ফায়ারের পারমিট মঞ্জুরের ফি (বিধি ১৬৩ দ্রষ্টব্য) | ৩০০.০০ টাকা। |
| (১৩) | (ক) প্রতিটি লাইসেন্স সংশোধনের আবেদনের জন্য নিরীক্ষণ ফি (বিধি ১৬৭ দ্রষ্টব্য) | |
| | (অ) আতশবাজি বা গান পাউডার ব্যতীত একই সময়ে অনধিক ১২.৫ কেজি যে কোন বিস্ফোরক তৈরীর ক্ষেত্রে | ৫০০.০০ টাকা। |
| | (আ) একই সময়ে অনধিক ১২.৫ কেজি আতশবাজি এবং/ বা গান পাউডার তৈরীর ক্ষেত্রে | ১০০.০০ টাকা। |
| | (ই) অন্য যে কোন ফরমের ক্ষেত্রে | ২০০.০০ টাকা। |
| | (খ) প্রতিটি লাইসেন্স সংশোধন ফি (বিধি ১৬৭ দ্রষ্টব্য) | |

(অ) আতশবাজি বা গান পাউডার ব্যতীত একই সময়ে অনধিক ১২.৫ কেজি যে কোন বিস্ফোরক তৈরীর ক্ষেত্রে — ৩০০.০০ টাকা।

(আ) একই সময়ে অনধিক ১২.৫ কেজি আতশবাজি এবং/ বা গান পাউডার তৈরীর ক্ষেত্রে — ১০০.০০ টাকা।

(ই) অন্য যে কোন ফরমের ক্ষেত্রে — সর্বনিম্ন ১০০.০০ টাকা সাপেক্ষে লাইসেন্স ফি এর ১০%।

(গ) বিস্ফোরক উৎপাদনের প্রক্রিয়ার যে কোন পরিবর্তনের প্রস্ড়াবের নিরীক্ষণ ফি — ৫০০.০০ টাকা।

(ঘ) প্রাধীকৃত বিস্ফোরক উপাদানের যে কোন পরিবর্তন প্রস্ড়াবের নিরীক্ষণ ফি — ১০০০.০০ টাকা।

(১৪) ডুপি- কেট লাইসেন্স সরবরাহের জন্য (বিধি-১৭৫ দ্রষ্টব্য) — সর্বনিম্ন ১০০.০০ টাকা সাপেক্ষে লাইসেন্স ফি এর ৫%।

(১৫) নিম্নোক্ত অনুমোদনের ক্ষেত্রে -

(ক) একটি প্যাকিং বক্স বা কন্টেইনার — ৫,০০০.০০ টাকা।

(খ) বিস্ফোরক উৎপাদন এবং পরিবহণের জন্য ব্যবহৃত নূতন ধরনের সরঞ্জাম, মেশিনারিজ অথবা কম্পোজিট ভেহিকেল — ৫,০০০.০০ টাকা।

(গ) 'বি' ধরনের একটি ম্যাগাজিন — ৫,০০০.০০ টাকা।

(১৬) প্রতিটি আর্থিং পরীক্ষণ ফি — ৫০০.০০ টাকা।

**১৮২। লাইসেন্স ফি।**- (১) এই বিধিমালার অধীন প্রত্যেকটি লাইসেন্সের ক্ষেত্রে প্রতি বৎসরের জন্য প্রদেয় ফি হইবে নিম্নরূপ, যথা ঃ-

(ক) বিস্ফোরক প্রস্তুতকরণ-

(অ) স্থানিকভাবে মিশ্রিত অ্যামোনিয়াম নাইট্রেট-ফুয়েল অয়েল (ANFO) ব্যতীত ২য়, ৩য়, ৪র্থ এবং ৫ম শ্রেণীর বিস্ফোরকের ক্ষেত্রে (ফরম ২০) — প্রতিটি প- ান্টের লাইসেন্সকৃত ধারন-ক্ষমতার প্রতি ১০০০ টন বা অংশবিশেষের জন্য ৩০০০.০০ টাকা হারে সর্বোচ্চ ৮০০০.০০ টাকা।

(আ) ৬ষ্ঠ শ্রেণীর (ফরম ২০) এর ক্ষেত্রে — প্রত্যেকটি বিস্ফোরক স্থাপনার বাৎসরিক ধারনক্ষমতার প্রতি ১ মিলিয়ন মিটার/ সংখ্যা বা অংশবিশেষের জন্য ৫০০০.০০ টাকা হারে সর্বোচ্চ ৯,০০০.০০ টাকা।

(ই) ১ম শ্রেণী এবং/বা ৭ম শ্রেণী (ফরম ২০) এর ক্ষেত্রে

| | | |
|---|---|---|
| (ই.১) | একই সময়ে ধারনক্ষমতা ১২.৫ কেজির অধিক না হইলে | ৫০০.০০ টাকা। |
| (ই.২) | একই সময়ে ধারনক্ষমতা ১২.৫ কেজির অধিক কিন্তু ২০০ কেজির অধিক না হইলে | ২,০০০.০০ টাকা। |
| (ই.৩) | একই সময়ে ধারনক্ষমতা ২০০ কেজির অধিক হইলে- | প্রথম ২০০ কেজির জন্য ২০০০.০০ টাকা পরবর্তী অতিরিক্ত প্রতি ৫০ কেজি বা অংশবিশেষের জন্য ১,৫০০.০০ টাকা হারে সর্বোচ্চ ৯,০০০.০০ টাকা। |

| | | |
|---|---|---|
| (ঈ) | অ্যামোনিয়াম নাইট্রেট - ফুয়েল অয়েল (ANFO) মিশ্রিত বিস্ফোরক | ২,০০০.০০ টাকা। |
| (খ) | বিস্ফোরক অধিকারে রাখিবার এবং বিক্রয় করিবার জন্য (ফরম ২৩ ব্যতীত অন্য ফরম) | (ক) লাইসেন্সের ধারনক্ষমতা অনুসারে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৭ম শ্রেণীর প্রত্যেক বিস্ফোরকের প্রতি ১০০০ কেজি বা ইহার অংশবিশেষের জন্য ২,০০০.০০ টাকা হারে সর্বোচ্চ ৯,০০০.০০ টাকা।<br><br>(খ) ৬ষ্ঠ শ্রেণীর প্রত্যেক বিস্ফোরকের ক্ষেত্রে প্রতি ১০,০০০ মিটার/নম্বরের জন্য ১,০০০.০০ টাকা হারে সর্বোচ্চ ৯,০০০.০০ টাকা। |
| (গ) | ব্যবহারের জন্য বিস্ফোরক অধিকারে রাখা (ফরম ২৫ ব্যতীত অন্য ফরম) | (ক) লাইসেন্সের ধারন-ক্ষমতা অনুসারে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও৭ম শ্রেণীর প্রত্যেক বিস্ফোরকের প্রতি ১০০০ কেজি বা ইহার অংশ বিশেষের জন্য ১,০০০.০০ টাকা হারে সর্বোচ্চ ৯,০০০.০০ টাকা। |

(খ) ৬ষ্ঠ শ্রেণীর প্রত্যেক বিস্ফোরকের ক্ষেত্রে প্রতি ১০,০০০ মিটার/ নম্বরের জন্য ৫০০.০০ টাকা হারে সর্বোচ্চ ৯,০০০.০০ টাকা।

(ঘ) বিস্ফোরক অধিকারে রাখা এবং বিক্রয়ের জন্য (ফরম ২৩) ২,০০০.০০ টাকা।

(ঙ) বিস্ফোরক পরিবহণের জন্য (ফরম ১৮) ২,০০০.০০ টাকা।

(চ) সড়ক যানের জন্য (ফরম ১৯) ৩,০০০.০০ টাকা।

(২) প্রত্যেকটি লাইসেন্সের জন্য নিম্নলিখিত ফি প্রদেয় হইবে-

(ক) বিস্ফোরক আমদানির জন্য (ফরম ১৭) ৩,০০০.০০ টাকা।

(খ) প্রদর্শনীর উদ্দেশ্যে আতশবাজি ব্যবহার ও অধিকারে রাখিবার জন্য (ফরম ২৫) ১,০০০.০০ টাকা।

## নবম অধ্যায়
## কর্মকর্তাদের ক্ষমতা

১৮৩। **অনুসন্ধান ও জব্দকরণের ক্ষমতা**।- (১) নিম্নোক্ত সারণীর প্রথম কলামে উলি- খিত যে কোন কর্মকর্তা উক্ত সারণীর দ্বিতীয় কলামে উলি- খিত এলাকায়-

(ক) এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত লাইসেন্স বলে যে স্থানে, যানে বা আধারে বিস্ফোরক প্রস্তুত, অধিকারে রাখা, ব্যবহার, বিক্রয়, পরিবহণ বা আমদানি করা হয় অথবা এই আইন বা বিধিমালার লঙ্ঘনক্রমে বিস্ফোরক উৎপাদন, অধিকারে রাখা, ব্যবহার, বিক্রয়, পরিবহণ বা আমদানি করা হইতেছে এইরূপ বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকিলে এইরূপ স্থানে, যানে বা আধারে প্রবেশ, পরিদর্শন বা পরীক্ষণ করিতে পারিবেন;

(খ) বিস্ফোরক দ্রব্য অনুসন্ধান করিতে পারিবেন;

(গ) প্রাপ্ত বিস্ফোরকের নমুনা নিতে পারিবেন এবং নমুনা নেওয়ার সময় মূল্য পরিশোধের দাবী করা হইলে তাহা তাহাকে পরিশোধ করিতে হইবে; এবং

(ঘ) সেখানে প্রাপ্ত যে কোন বিস্ফোরক জব্দ, আটক বা অপসারণ করিতে পারিবেন যদি তিনি মনে করেন যে, আইন বা বিধিমালার লঙ্ঘন করা হইয়াছে।

### সারণী

| কর্মকর্তাবৃন্দ | স্থানসমূহ |
|---|---|
| প্রধান পরিদর্শক, বিস্ফোরক পরিদর্শক এবং সহকারী বিস্ফোরক পরিদর্শক | সমগ্র বাংলাদেশ |
| সকল জেলা ম্যাজিস্ট্রেট | স্ব স্ব জেলা |
| জেলা ম্যাজিস্ট্রেটের অধীনস্থ সকল ম্যাজিস্ট্রেট | স্ব স্ব অধিক্ষেত্র |
| মেট্রোপলিটন এলাকায়, পুলিশ কমিশনার ও তাঁহার অধীন এমন সকল পুলিশ কর্মকর্তা যাহাদের পদ মর্যাদা ইন্সপেক্টরের নীচে নহে | সংশি- ষ্ট মেট্রোপলিটন এলাকা |
| মেট্রোপলিটন এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় সকল পুলিশ কর্মকর্তা যাহাদের পদ মর্যাদা ইন্সপেক্টরের নীচে নহে। | স্ব স্ব এলাকা |

(২) প্রধান পরিদর্শক ব্যতীত অন্য কোন কর্মকর্তা যখন কোন বিস্ফোরক জব্দ, আটক বা অপসারণ করিবেন তখন তিনি তৎক্ষণাৎ সম্ভাব্য দ্রুততম পন্থায় প্রধান পরিদর্শককে ঘটনা অবহিত করিবেন। ইহাছাড়া জেলা কর্তৃপক্ষ ব্যতীত যদি অন্য কোন কর্মকর্তা কোন বিস্ফোরক জব্দ বা আটক করেন তবে তিনি তাহা সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

১৮৪। **নিষিদ্ধ বিস্ফোরক বিনষ্টের ক্ষমতা**।- (১) (ক) প্রধান পরিদর্শক অথবা কোন বিস্ফোরক পরিদর্শক নিম্নোক্ত যে কোন বিস্ফোরক বিনষ্ট করিবেন, যথা ঃ-

(অ) আইনের ধারা ৬ অনুসারে যাহা তৈরী, অধিকারে রাখা বা আমদানি সম্পূর্ণরূপে নিষিদ্ধ; বা

(আ) এই বিধির অধীন লাইসেন্স ছাড়া অবৈধভাবে ৫ম শ্রেণীর (ফালমিনেট) বিস্ফোরক প্রস্তুত, অধিকারে রাখা, ব্যবহার, বিক্রয়, পরিবহণ বা আমদানি করা হয়;

(খ) যদি মনে করেন যে, আইন এবং বিধিমালার কোন বিধান লঙ্ঘন করা হইয়াছে তবে তিনি বিস্ফোরক ধ্বংস অথবা বিপদমুক্ত করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, জনগণের নিরাপত্তা বিঘ্নিত বা জরুরী ক্ষেত্র ব্যতীত প্রধান পরিদর্শকের অনুমতি ব্যতীত কোন পরিদর্শক কতৃক বিস্ফোরক বিনষ্ট বা বিপদমুক্ত করা যাইবে না।

(২) কোন বিস্ফোরক উপ-বিধি (১) অনুযায়ী বিনষ্ট কিংবা বিকল করা হইলে তখন উহার নমুনা রাখিতে হইবে এবং প্রয়োজনে নমুনার একটি অংশ এর মালিককে প্রদান করিতে এবং এই জেলা কর্তৃপক্ষকে তৎক্ষণাৎ অবহিত করিতে হইবে।

## দশম অধ্যায়
## দণ্ড

১৮৫। **বিধি লঙ্ঘন সম্পর্কিত রিপোর্ট এর উপর ব্যবস্থা গ্রহণ**।- যখন আইন বা বিধিমালা লঙ্ঘনের কোন রিপোর্ট প্রধান পরিদর্শকের পক্ষ হইতে জেলা কর্তৃপক্ষকে প্রদান করা হয় তখন জেলা কর্তৃপক্ষ উক্ত রিপোর্টের ভিত্তিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রধান পরিদর্শককে অবহিত করিবেন।

১৮৬। **দণ্ড**।- (১) কোন ব্যক্তি এই বিধিমালার কোন বিধান লঙ্ঘনক্রমে কোন বিস্ফোরক প্রস্তুত, অধিকারে রাখা, ব্যবহার, বিক্রয়, পরিবহণ অথবা আমদানি করিলে কিংবা অন্যবিধভাবে এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সের শর্ত লঙ্ঘন করিলে উহা শাস্তিযোগ্য অপরাধ হইবে যাহার জন্য-

(ক) বিস্ফোরক তৈরী, ব্যবহার বা আমদানির ক্ষেত্রে তিনি অন্যূন ২ বৎসর কিন্তু অনধিক ১০ বৎসর কারাদণ্ড এবং ৫০,০০০ টাকা জরিমানা, অনাদায়ে অতিরিক্ত ১ বৎসর কারাদণ্ডে দণ্ডণীয় হইবেন;

(খ) বিস্ফোরক বিক্রয় বা পরিবহণের ক্ষেত্রে তিনি অন্যূন ১ বৎসর কিন্তু অনধিক ৭ বৎসর কারাদণ্ড এবং ৩০,০০০ টাকা পর্যন্ত জরিমানা, অনাদায়ে অতিরিক্ত অনধিক ১ বৎসর কারাদণ্ডে দণ্ডণীয় হইবেন;

(গ) বিস্ফোরক অধিকারে রাখিবার ক্ষেত্রে তিনি অন্যূন ৬ মাস কিন্তু অনধিক ৫ বৎসর কারাদণ্ড এবং ২০,০০০ টাকা পর্যন্ত জরিমানা, অনাদায়ে অতিরিক্ত অনধিক ৬ মাস কারাদণ্ডে দণ্ডণীয় হইবেন;

(ঘ) অন্যান্য ক্ষেত্রে তিনি অন্যূন ৩ মাস কিন্তু অনধিক ২ বৎসর কারাদণ্ড এবং ১০,০০০ টাকা পর্যাপ্ত জরিমানা, অনাদায়ে অতিরিক্ত অনধিক ৩ মাস কারাদণ্ডে দণ্ডণীয় হইবে।

১৮৭। **জরুরী অবস্থার ক্ষেত্রে অব্যাহতি**।- এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন সত্ত্বেও বিস্ফোরক পরিবহণ যানের মালিক বা মাস্টার অথবা বিস্ফোরকের দায়িত্বপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি অভিযুক্ত হইবেন না, যদি–

(ক) অনুরূপ লঙ্ঘন যুক্তিসঙ্গত ও যথাযথ কারণে যেমন খারাপ আবহাওয়া, অনিবার্য দুর্ঘটনা বা অন্য কোন জরুরী অবস্থায় ঘটে;

(খ) অনুরূপ মালিক, মাস্টার অথবা অন্য ব্যক্তি মালের প্রেরকের বা অন্য ব্যক্তির আচরণ, অবহেলা অথবা দোষের কারণে বিধান মানিয়া চলিতে বাধাগ্রস্ত হয় অথবা যাহার নিকট মাল পাঠানো হইয়াছে তাহার অথবা অন্য ব্যক্তি কর্তৃক অযৌক্তিকভাবে উহা গ্রহণে অস্বীকৃতি জানানো হইলে।

**১৮৮। অব্যাহতির ক্ষমতা।-** যুক্তিগ্রাহ্য কারনে সরকার, প্রধান পরিদর্শকের সুপারিশক্রমে, বিশেষ ক্ষেত্রে শর্তযুক্ত বা শর্তহীনভাবে কোন ব্যক্তির জন্য এই বিধিমালার সকল বা কোন একটি বিধান অথবা লাইসেন্সের কোন শর্তের প্রতিপালন করা হইতে তাঁহাকে অব্যাহতি দিতে পারিবে।

## একাদশ অধ্যায়
## দুর্ঘটনা এবং তদন্ড়

**১৮৯। দুর্ঘটনার নোটিশ।-** দুর্ঘটনার নোটিশ এই আইনের ধারা ৮(১) অনুযায়ী তৎক্ষণাৎ-

(ক) টেলিফোন, টেলিগ্রাম বা অন্য কোন পন্থায় সম্ভাব্য দ্র ততম সময়ে প্রধান পরিদর্শককে অবহিত করিতে হইবে; এবং পরবর্তীতে ২৪ ঘন্টার মধ্যে পত্রের মাধ্যমে ঘটনার বিস্ড়ারিত বর্ণনা দিতে হইবে;

(খ) সংক্ষিপ্ততম পথে নিকটবর্তী পুলিশ স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিতে হইবে। প্রধান পরিদর্শক অথবা তাহার প্রতিনিধি দুর্ঘটনাস্থল পরিদর্শন না করা পর্যন্ড় প্রধান পরিদর্শক আর কোন তদন্ড় বা পরীক্ষাকার্য চালাইতে ইচ্ছুক নন, এই মর্মে কোন নির্দেশ না পাওয়া পর্যন্ড় আহত ব্যক্তির উদ্ধারকার্য বা দুর্ঘটনায় নিহত ব্যক্তির অপসারণ ব্যতীত দুর্ঘটনাস্থলের ধ্বংসাবশেষ অপরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে ।

**১৯০। দুর্ঘটনার তদন্ড়।-** (১) প্রধান পরিদর্শক ইচ্ছুক হইলে সার্ভিস প্রধানের সহিত সম্মিলিতভাবে তদন্ড় কোর্টে প্রতিনিধি হিসাবে উপস্থিত হওয়ার ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন, ইহাছাড়া কম গুর ত্বপূর্ণ ক্ষেত্রে কোর্টের অগ্রগতি সম্পর্কে প্রধান পরিদর্শককে অবহিত করা হইবে। সার্ভিস প্রধান জর রী ক্ষেত্রে আহ্বানকৃত তদন্ড় কোর্টের তলব এর বিষয়ে প্রধান পরিদর্শককে বিস্ড়ারিতভাবে অবহিত করিবেন।

(২) প্রধান পরিদর্শক ব্যক্তিগতভাবে উপস্থিত থাকিতে পারেন অথবা প্রতিনিধি পাঠাইতে পারেন উভয় ক্ষেত্রে প্রয়োজনে তাঁহার স্বাক্ষীকে জেরা করিবার অধিকার থাকিবে ।

**১৯১। মারাত্মক দুর্ঘটনার তদন্ড়।-** (১) যখন কোন তদন্ড় এই আইনের ধারা ৯(ক) অনুযায়ী শুর  করা হয় তখন তদন্ড় কাজে নিযুক্ত ব্যক্তি এমনভাবে কোর্টের সম্মুখে তদন্ড় পরিচালনা করিবেন যাহাতে দুর্ঘটনার কারণ ও অবস্থাদি সম্পর্কে যথাসাধ্য অবহিত হওয়া যায় এবং তদানুযায়ী প্রয়োজনীয় রিপোর্ট তৈরি করা যায় ঃ

তবে শর্ত থাকে যে, সরকারী নির্দেশ থাকিলে গোপনে তদন্ড় কার্য পরিচালনা করা যাইবে।

(২) স্বাক্ষী কোর্টে স্বাক্ষী দেওয়ার জন্য সাধারণ কোর্টে যে পরিমাণ ব্যয়ভার প্রাপ্ত হইবেন এখানেও তদ্র প পাইবেন, তবে মতানৈক্য হইলে কোর্টের সুপারিশক্রমে তাহা স্থানীয় ম্যাজিস্ট্রেটের কাছে পেশ করা হইবে এবং তিনি সঠিক পরিমাণ নির্ধারণ করিবেন।

(৩) এই আইন প্রয়োগের ক্ষেত্রে এইরূপ তদন্ড়ের সমস্ড় ব্যয়ভাতা যাহা অনুসন্ধান বা তদন্ড়ের সময় সংঘটিত হইবে তাহা বিস্ফোরক বিভাগের ব্যয়ভাতা হিসাবে গণ্য হইবে ।

## দ্বাদশ অধ্যায়
## বিবিধ

**১৯২। বিপজ্জনক কার্যকলাপ।-** (১) একজন বিস্ফোরক পরিদর্শক যেখানে বিস্ফোরক প্রস্তুত, অধিকারে রাখা, অথবা বিক্রি করা হয় অথবা এ সম্পর্কিত কোন কর্মকান্ডের সহিত সংশি- ষ্ট কিংবা বিস্ফোরক দ্রব্য পরিবহণের সহিত সংযুক্ত কোন কারখানা, বিস্ফোরক দ্রব্যের গুদাম ও স্থান দেখিতে পান, যাহা তাহার অভিমতে অপ্রয়োজনীয়ভাবে বিপজ্জনক ও ত্রুটিযুক্ত বা জনসাধারণের নিরাপত্তা বা কোন ব্যক্তির ব্যক্তিগত নিরাপত্তা বিঘ্নিত করে, তখন পরিদর্শক এই ধরনের কারখানা, ম্যাগাজিন বা স্থানের অথবা বিস্ফোরক দ্রব্যের মালিককে প্রয়োজনীয় প্রতিকারের নিমিত্তে, নির্দিষ্ট সময় আরোপ করিয়া আদেশ জারী করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন জারীকৃত আদেশ প্রাপ্ত হইলে, উক্ত মালিক প্রধান পরিদর্শকের নিকট আদেশে উলি- খিত নির্দিষ্ট সময়সীমা বৃদ্ধির জন্য আপীল করিতে পারিবেন। এই আপীলের বিপরীতে প্রধান পরিদর্শকের জারীকৃত আদেশই চুড়ান্ড় হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আপীল করা হইলে লিখিতভাবে এবং যে আদেশের বির"দ্ধে আপীল করা হইয়াছে তাহার একটি কপি সংযুক্ত করিতে হইবে।

(৪) যদি কোন ব্যক্তি বা মালিক উপ-বিধি (১) এর অধীন বাধিয়া দেওয়া সময়সীমা অনুযায়ী অথবা উপ-বিধি (২) এর অধীন আপীলের ফলে প্রধান পরিদর্শক কর্তৃক আদেশে উলি- খিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হয় তাহা হইলে তিনি এই বিধি লঙ্ঘন করিবার দায়ে অভিযুক্ত হইবেন।

**১৯৩। রহিতকরণ এবং হেফাজত।**- (১) Explosives Rules, 1940 এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত Rules এর অধীনকৃত কোন কার্যক্রম বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## তফসিল-১

[বিধি ৩ দ্রষ্টব্য]

বিস্ফোরকের শ্রেণী বিভাগ

| শ্রেণী | নাম | সংজ্ঞা | বিভাগ/উপ-বিভাগ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | গান পাউডার | গান পাউডার অর্থ সাধারণ গান পাউডার। | |
| | | | |
| ২ | নাইট্রেট মিশ্রণ | নাইট্রেট মিশ্রণ, গান পাউডার ব্যতীত, এমন একটি মিশ্রণ যাহা নাইট্রেটের সহিত বিস্ফোরকের বৈশিষ্ট্যবিহীন অঙ্গার বা অঙ্গারপূর্ণ (carbonaceous) বস্তুর যান্ত্রিকভাবেকৃত মিশ্রণ বুঝাইবে যাহার সহিত সালফার যোগ করা হউক বা না হউক এবং উক্ত মিশ্রণে অন্য কোন নন-এক্সপে- াসিভস্ পদার্থ যান্ত্রিকভাবে মিশ্রিত থাকুক বা না থাকুক। এই তফসিলে সংজ্ঞায়িত কোন ক্লোরেট মিশ্রণ, ফালমিনেট বা নাইট্রোযৌগ ব্যতীত পারক্লোরেটযুক্ত বিস্ফোরক এই মিশ্রণের অন্তর্ভুক্ত হইবে। | |
| ৩ | নাইট্রোযৌগ | নাইট্রোযৌগ বলিতে এমন একটি রাসায়নিক যৌগকে বুঝায় যাহাতে বিস্ফোরকের বৈশিষ্ট্য থাকে অথবা যাহা কোন ধাতুর সহিত মিশ্রিত হইয়া কোন বিস্ফোরক যৌগ প্রস্তুত করিতে পারে। | বিভাগ ১: কোন রাসায়নিক যৌগ বা যান্ত্রিকভাবে প্রস্তুতকৃত মিশ্রণ যাহা আংশিক বা সম্পূর্ণভাবে নাইট্রোগি- সারিন বা অন্য কোন তরল নাইট্রোযৌগ দ্বারা গঠিত, যেমন - ব্যালিস্টিক, ব- াস্টিং জিলেটিন, কর্ডাইট, ডিনামাইট, জিলেটিন ডিনামাইট, জেলিগনাইট ইত্যাদি।<br><br>বিভাগ ২: বিভাগ ১ এর আওতা বহির্ভূত সকল |

| | | | |
|---|---|---|---|
| | | উক্ত যৌগ নাইট্রিক এসিডের সহিত রাসায়নিক বিক্রিয়ায় উৎপন্ন হয় (যাহাতে সালফিউরিক এসিড মিশ্রিত থাকিতে পারে বা নাও থাকিতে পারে) বা নাইট্রেটের সহিত সালফিউরিক এসিডের যান্ত্রিক মিশ্রণ দ্বারা প্রস্তুত করা হয়। | নাইট্রোযৌগ, যেমন- অ্যামোনাল ই., সি., স্পোর্টিং পাউডার, গানকটন, পিকরিক এসিড, ট্রাই-নাইট্রো টলুইন (টি.এন.টি.) ইত্যাদি। |
| ৪ | ক্লোরেট মিশ্রণ | ক্লোরেট মিশ্রিত কোন রাসায়নিক পদার্থকে "ক্লোরেট মিশ্রণ" বলে। | বিভাগ ১: ক্লোরেটযুক্ত বিস্ফোরক যাহা আংশিক নাইট্রোগি- সারিন বা অন্য কোন তরল নাইট্রোযৌগ দ্বারা গঠিত।<br>বিভাগ ২: বিভাগ ১ এর আওতা বহির্ভূত সকল ক্লোরেট মিশ্রণ। |
| ৫ | ফালমিনেট | ''ফালমিনেট" বলিতে এমন কোন রাসায়নিক যৌগ অথবা মিশ্রণকে বুঝায় যাহা ডেটোনেশনে সংবেদনশীলতার কারণে পারকাশন ক্যাপে ব্যবহার উপযোগী। উক্তরূপ বিস্ফোরকের মাত্রাতিরিক্ত সংবেদনশীলতার কারণে অতি সহজে ডেটোনেশনের মাধ্যমে বিস্ফোরণ ঘটাইতে সক্ষম বিধায় উহা অত্যন্ড় বিপজ্জনক। অতি অল্প উত্তেজনায় উহা বিভাজিত হইয়া যায়। | বিভাগ ১: ঐ সকল যৌগ যেমন-মারকারি ও সিলভারের ফালমিনেট এবং সেই সকল বিস্ফোরক বস্তু যাহা পারকাশন ক্যাপে ব্যবহৃত হয় এবং অঙ্গারপূর্ণ (carbonaceous) বস্তুর সংযোজন ব্যতীত ফসফরাস বা ফসফরাসের অন্যবিধ যৌগের সহিত ক্লোরেটের সংমিশ্রণ; এবং অঙ্গারপূর্ণ বস্তুর সংযোগে বা ব্যতিরেকে সালফার বা সালফিউরেটের সহিত ক্লোরেটের মিশ্রণ।<br><br>বিভাগ ২, ঐ সকল পদার্থ যেমন- নাইট্রোজেনের ক্লোরাইড ও আয়োডাইড, সোনা ও রূপার ফালমিনেট এবং ডায়াজো বেনজল ও ডায়াজো বেনজলের নাইট্রেট। |
| ৬ | গোলা বারুদ (অ্যামিউনিশন) | গোলা বারুদ (অ্যামিউনিশন) বলিতে এমন একটি বিস্ফোরককে বুঝায় যাহা পূর্বে উলি- খিত যে কোন শ্রেণীর বিস্ফোরককে কোন যন্ত্র বা যন্ত্রাংশে আবদ্ধ অবস্থায় রাখা হয় অথবা কোন বিস্ফোরককে অন্য কোনভাবে প্রস্তুত করিয়া ঃ<br>(ক) কোন ক্ষুদ্র অস্ত্র, কামান অথবা অন্য কোন অস্ত্র-শস্ত্রে কার্টিজ অথবা চার্জ হিসাবে ব্যবহার করা হয়; অথবা<br>(খ) কোন সেফটি ফিউজ অথবা ব-্যাস্টিংয়ের জন্য সেফটি ফিউজ অথবা গোলা তৈরী করা হয়; অথবা<br>(গ) পারকাশন ক্যাপ, ডেটোনেটর, ফগ সিগন্যাল, শেল, টর্পেডো, ওয়ার রকেট | বিভাগ ১: সেফটি কার্টিজ, ব-াস্টিং এর জন্য সেফটি ফিউজ, রেলওয়ের ফগ সিগন্যাল ও পারকাশন ক্যাপ।<br>বিভাগ ২: কোন অ্যামুনিশন যাহার নিজস্ব প্রজ্বলন (ignition) ব্যবস্থা নাই এবং যাহা বিভাগ ১ এর আওতা বহির্ভূত, যেমন- সেফটি কার্তুজ ব্যতীত ক্ষুদ্র আগ্নেয়াস্ত্রে ব্যবহৃত কার্তুজ এবং কামানের গোলায় এবং টর্পেডোতে ব্যবহৃত বিস্ফোরকযুক্ত চার্জ, ব্যবহৃত সকল বিস্ফোরক, বিস্ফোরক ফায়ারিং এর জন্য ব্যবহৃত নল, নিজস্ব প্রজ্বলন ব্যবস্থা নাই এমন যুদ্ধের রকেট।<br>বিভাগ ৩: কোন অ্যামুনিশন যাহার নিজস্ব প্রজ্বলন ব্যবস্থা আছে এবং বিভাগ ১ এর আওতা বহির্ভূত, যেমন- ডেটোনেটর, সেফটি ফিউজ নহে ব-াস্টিং এর জন্য ব্যবহৃত এমন ফিউজ ও বিস্ফোরক ফায়ারিং এর জন্য ব্যবহৃত নল যাহার নিজস্ব প্রজ্বলন ব্যবস্থা আছে ।<br><br>টীকাঃ অ্যামুনিশনের "নিজস্ব প্রজ্বলন ব্যবস্থা" বলিতে বুঝাইবে এমন ব্যবস্থা থাকিবে যাহা অ্যামুনিশনের সহিত যুক্ত বা উহার গঠনের অংশবিশেষ যাহার মাধ্যমে অ্যামুনিশনকে ঘর্ষণের মাধ্যমে বা আঘাতের মাধ্যমে বিস্ফোরণ বা ফায়ার করা যায়।<br>"পারকাশন ক্যাপ" বলিতে ভেটোনেটর বুঝাইবে না। |

| | | | |
|---|---|---|---|
| | | এবং আঁতশবাজি ব্যতীত অন্য কোন গোলাবারূদ তৈরী করিতে ব্যবহার করা হয়। | |
| ৭ | আঁতশবাজি | আঁতশবাজি বলিতে আঁতশবাজির উপাদান (firework composition) এবং উৎপাদিত আঁতশবাজি (manufactured fireworks) বোঝায়। | বিভাগ ১: আঁতশবাজির উপাদান(firework composition) অর্থাৎ কোন রাসায়নিক যৌগ বা বিস্ফোরক বা প্রজ্বলনীয় প্রকৃতির উপাদানের যান্ত্রিক মিশ্রণ যাহা উৎপাদিত আঁতশবাজি তৈরীর উদ্দেশ্যে ব্যবহৃত হয় এবং ইহা ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ শ্রেণীর বহির্ভূত বিস্ফোরক, সকল স্টার এবং (এই বিধিমালার অন্তর্ভূক্ত হিসাবে ঘোষিত বস্তু ব্যতীত) সকল রঙিন আলো তৈরীর উপাদান।<br>বিভাগ ২: উৎপাদিত আঁতশবাজি(manufactured fireworks) অর্থাৎ ১ম, ২য়, ৩য়, ৪র্থ বা ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরক এবং সকল আঁতশবাজির উপাদান, যখন এই সকল বিস্ফোরক বা উপাদান কোষ বা খাপে আবদ্ধ করা হয়, অথবা অন্যবিধভাবে অভিযোজিত বা প্রস্তুতকৃত হয় যাহা স্কুইব, চাইনিজ ক্র্যাকারসহ ক্র্যাকার, টয়ক্যাপ বা অ্যামোর্স, সার্পেন্টস, রকেট (যুদ্ধের রকেট ব্যতীত), মেরুন, লেন্স, হুইল, চায়না ফায়ার, রোমান ক্যান্ডেল বা অন্য কোন বিশেষ বস্তু যাহা বিশেষভাবে পাইরোটেকনিক ক্রিয়া বা পাইরোটেকনিক সিগন্যাল বা সাউন্ড সিগন্যাল তৈরীর জন্য ব্যবহৃত হয়ঃ<br>তবে শর্ত থাকে যে, স্বতস্ফুর্তভাবে প্রজ্বলিত হয় না এমন ধরনের ৫০০ গ্রামের কম পরিমাণ রঙিন আলো উৎপাদনকারী উপাদান মজবুতভাবে নির্মিত ও বায়ুরোধী দৃঢ়ভাবে আটকানো ধাতব পাত্রে বহন করিলে উহাকে "উৎপাদিত আঁতশবাজি" বলিয়া গণ্য হইবে এবং উহাকে "আঁতশবাজির উপাদান" বলিয়া গণ্য হইবে না।<br><br>বিভাগ-২ তিনটি উপ-বিভাগে বিভক্ত<br>উপ-বিভাগ-১: তুলনামূলকভাবে কম বিপজ্জনক মাত্রার আঁতশবাজি যাহা সশব্দে বিস্ফোরিত হয় না, যেমন- স্পার্কলার।<br>উপ-বিভাগ-২: বেশী মাত্রার বিপজ্জনক আঁতশবাজি, যেমন- রকেট, সারপেন্ট, সেল, ম্যারুন, হুইল, ব্যারেজ, ডিসট্রেস সিগন্যাল ইত্যাদি।<br>উপ-বিভাগ-৩: প্রদর্শনীর উদ্দেশ্যে সম্পূর্ণরূপে প্রদর্শন স্থানে সংযোজিত আঁতশবাজি। |

## তফসিল-২

[বিধি ৮ দ্রষ্টব্য]

### বিস্ফোরকের মোড়ক

(১) এই তফসিলে, প্রসঙ্গের পরিপন্থী না হইলে বহিঃমোড়ক বলিতে এমন শক্ত গঠন ও গুণসম্পন্ন বাক্স, ব্যারেল, লোহা বা কাঠের সিলিন্ডার, ধাতব বা অন্য শক্ত বস্তু বুঝাইবে যাহা বিস্ফোরককে ছড়াইয়া পড়া হইতে, দুর্ঘটনা বা ভাঙিয়া পড়া হইতে, অনিরাপদ রাখিতে বা নষ্ট হওয়া হইতে রক্ষা করিতে সক্ষম।

আন্ড্ঙমোড়ক বলিতে এমন শক্ত খাঁচা, থলে, পেটী বা অন্য কোন পাত্র যাহা এমনভাবে বদ্ধ থাকিবে যাহাতে বিস্ফোরক বাহিরে ছড়াইয়া পড়িতে না পারে।

বিস্ফোরক কোন নির্দিষ্ট শ্রেণী বা কোন শ্রেণীর বিভাগের অন্ডর্ভুক্ত তাহার প্রাচুর্যের জন্য তফসিল ১ এর উলি-খিত শ্রেণীবিভাগ অনুসরণ করিতে হইবে।

প্রপেলেন্ট অর্থ প্রাধিকারপ্রাপ্ত ৩য় শ্রেণীর (নাইট্রেট গ্রুপ) উপযোগী বিস্ফোরক এবং যাহা একান্ড়ভাবে কামান বা ক্ষুদ্র অস্ত্রের যন্ত্রের জন্য প্রপালেন্ট হিসাবে ব্যবহার্য।

(২) মোড়কের অভ্যন্ড়রভাগ মসৃণ, ধারালো ও শক্ত বস্তু মুক্ত এবং পরিষ্কার হইতে হইবে।

(৩) এই তফসিলে সংযুক্ত ছকে উলি-খিত মোড়ক তৈরীতে এমন লোহা বা স্টীল ব্যবহার করা যাইবে না যদি না উহা এমন উপযুক্ত বস্তু দ্বারা আবৃত থাকে যাহাতে লোহা বা স্টীল বিস্ফোরকের সংস্পর্শে না আসে।

(৪) কোন মোড়ক একবার কোন বিস্ফোরকের মোড়ক হিসাবে ব্যবহৃত হইলে উহাকে পুনরায় অন্য কোন বিস্ফোরকের বা অন্য বস্তুর মোড়ক হিসাবে ব্যবহার করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, এই অনুচ্ছেদে উলি-খিত বিষয় নিম্নলিখিত ক্ষেত্রে অন্ড়রায় হইবে না; যদি

(ক) অভ্যন্ড়রীণ মোড়কে গান পাউডার বা অন্য প্রপালেন্টের সহিত অন্য একটি অভ্যন্ড়রীণ মোড়কের প্রপালেন্ট একত্রে একই বহিঃমোড়কে মোড়কবদ্ধ করা হয়; বা

(খ) একই মোড়কে ৬ষ্ঠ শ্রেণীর (অ্যামুনেশন) ১ম বিভাগের বিস্ফোরকের সহিত একত্রে বিস্ফোরণ বা অগ্নিকান্ড ঘটাইতে সক্ষম নয়; অথবা দাহ্য বা বিস্ফোরক নয় এমন বস্তু মোড়কবদ্ধ করা হয়।

(৫) প্রধান পরিদর্শক কর্তৃক লিখিতভাবে কোন কারণে সুস্পষ্টভাবে নিষিদ্ধ করা না হইলে অতিরিক্ত বহিঃমোড়ক বা আন্ড়মোড়ক ব্যবহারের ক্ষেত্রে এই তফসিল বাধা হইবে না।

(৬) উলি-খিত বিধি-বিধান সাপেক্ষে কলাম (২) এ উলি-খিত শ্রেণী ও বিভাগের প্রাধিকারপ্রাপ্ত বিস্ফোরকসমূহ সন্নিবেশিত ছকের (৩) নং কলামে উলি-খিত পদ্ধতিতে মোড়কবন্দি করিতে হইবে এবং প্রতি একক মোড়কে সর্বোচ্চ পরিমাণ কলাম (৪) ও (৫) এ উলি-খিত পরিমাণের বেশি হইবে না।

| ক্রমিক নং | শ্রেণী | মোড়ক পদ্ধতি | প্রতি বহিঃমোড়কের পরিমাণ | প্রতি অন্ড্ঙমোড়কের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | শ্রেণী-১ | ৩ কেজির অতিরিক্ত হইলে, দুই স্ড়র বিশিষ্ট মোড়কে থাকিবে সেই ক্ষেত্রে এই তফসিলের অনুচ্ছেদ (১) এর বর্ণনানুযায়ী হইবে। | ৫০ কেজি | ৫০ কেজি |
| | | | তবে শর্ত থাকে যে, গান পাউডার ও প্রপালেন্ট একত্রে মোড়ক করা হইলে নিম্নোক্ত পরিমাণের বেশি অতিক্রম করিবে না | |
| | | | ২৫ কেজি | ১৩ কেজি |
| ২ | শ্রেণী-২ | ১ম শ্রেণীর ন্যায় | ২৫ কেজি | ২৫ কেজি |
| ৩ | শ্রেণী-৩ বিভাগ-১ প্রপালেন্ট ব্যতীত | ১ম শ্রেণীর ন্যায়। তবে শর্ত থাকে যে, অন্ড্ঙ বা বহিঃমোড়ক খুব ভালভাবে জলনিরোধী হইবে এবং নিম্নবর্ণিত ব্যতিক্রম ছাড়া মোড়ক তৈরীতে কোন ধাতব পদার্থ ব্যবহার করা যাইবে না। | ২৫ কেজি | ২.৫ কেজি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **ব্যতিক্রম ঃ**<br>(১) বহিঃমোড়কে নিরাপদ করিবার লক্ষ্যে ব্রাস, বা অন্য কোন নরম ধাতব পেরেক বা এইরূপ ধাতুর আবরণযুক্ত পেরেক ব্যবহার করা, এবং<br>(২) অন্ড়্গমোড়ককে নিরাপদ করিবার লক্ষ্যে ধাতব তার দ্বারা সেলাই করা যাইবে তবে পুর ু কার্ডবোড বা অন্যভাবে ভিতরের বিস্ফোরক এমনভাবে পৃথক করিতে হইতে যাহাতে বিস্ফোরক ধাতব তারের সংস্পর্শে না আসে। | | |
| ৪ | শ্রেণী-৩<br>বিভাগ-১<br>প্রপালেন্ট | ১ম শ্রেণীর ন্যায় | ২৫ কেজি | ২৫ কেজি |
| ৫ | শ্রেণী-৩<br>বিভাগ-২<br>ভিজা গানকটন পিকরিক এসিড ব্যতীত | ১ম শ্রেণীর ন্যায় | ২৫ কেজি | ২৫ কেজি |
| ৬ | পিকরিক এসিড | ১ম শ্রেণীর ন্যায় | অনির্দিষ্ট | অনির্দিষ্ট |
| ৭ | কোনভাবেই প্রজ্বলনীয় নয় পানি দ্বারা সিক্ত এমন গানকটন। | ১ম শ্রেণীর ন্যায়; তবে শর্ত থাকে যে, বহিঃ বা অন্ড় মোড়ক বা উভয়ই এমন ধরনের বা এমনভাবে বদ্ধ থাকিবে যাহাতে ভিতরের স্তর জলীয় বাষ্প নির্গত হওয়া প্রতিরোধ করিতে সক্ষম হয়। | অনির্দিষ্ট | অনির্দিষ্ট |
| ৮ | শ্রেণী-৪<br>বিভাগ-১ | প্রপালেন্ট ব্যতীত শ্রেণী-৩, বিভাগ-১ এর ন্যায় | ২৫ কেজি | ২.৫ কেজি |
| ৯ | শ্রেণী-৪<br>বিভাগ-২ | ১ম শ্রেণীর ন্যায় | ২৫ কেজি | ২৫ কেজি |
| ১০ | শ্রেণী-৫ | পানির মধ্যে মোড়কবন্দী করিতে হইবে। তিন স্ড়রবিশিষ্ট মোড়ক, যাহার সর্ব ভিতরের মোড়কটি পানিতে ভেদ্য যাহা পর্যাপ্ত পানি ভর্তি একটি খাচাতে এমনভাবে বন্ধ থাকিবে যাহাতে বিস্ফোরকগুলি পর্যাপ্ত পানিপূর্ণ বহিঃমোড়কে এমনভাবে থাকে যাহাতে খাচার চতুর্দিকে পর্যাপ্ত পানি থাকে এবং বহিঃমোড়ক এমনভাবে নির্মিত হইবে যাহাতে পানি কোনভাবে বাহির হইতে না পারে। যদি বিস্ফোরকগুলি এমন ধরনের হয় যে, উহাকে সম্পূর্ণ সিক্ত অবস্থায় মোড়কবন্দী করা যায় না; সেই ক্ষেত্রে প্রধান পরিদর্শকের নির্দেশিত শর্ত অনুযায়ী মোড়কবন্দী করিতে হইবে। | ১০০ কেজি | ১৩ কেজি |
| ১১ | শ্রেণী-৬<br>বিভাগ-১<br>পিস্ড়লের পিন-ফায়ার কার্তুজ ব্যতীত<br><br><br><br>পিস্ড়লের | ১টি একক বহিঃমোড়ক; তবে শর্ত থাকে যে, এই তফসিলের অনুচ্ছেদ (৩) এই বিভাগের বিস্ফোরকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। আরও শর্ত থাকে যে, ১.২৭ সে.মি ক্যালিবারের বুলেট যুক্ত কার্তুজ এবং এই বিভাগের অন্ড়র্ভুক্ত কার্তুজ এমনভাবে মোড়কবন্দী করিতে হইবে যাহাতে বুলেটের সূঁচালো মাথা অন্য কার্তিজের মুখের (Cap) সংস্পর্শে না আসে।<br><br>(ক) প্রতি চালানে ৫০টির বেশী নয়। এমনভাবে একক মোড়কে রাখিতে হইবে যাহাতে কার্তুজের গোড়া | অনির্দিষ্ট<br><br><br><br><br><br><br>৫০ টি | ---<br><br><br><br><br><br><br>--- |

| | | | | |
|---|---|---|---|---|
| | পিন ফায়ার কার্তুজ | পরস্পর বিপরীতমুখী থাকে।<br>কার্তুজকে শক্ত কাগজের ঢালে বা অন্য বস্তুতে গাথিয়া রাখিতে হইবে যাহাতে কার্তিজের গোড়া ও পিন এমনভাবে আবদ্ধ থাকে যেন একটি কার্তুজজ অন্য একটি কার্তুজের বিস্ফোরণের দ্বারা বিস্ফোরিত না হয়।<br><br>(খ) ৫০টির বেশী। ভিতর ও বাহির মোড়কের মধ্যে; ভিতরের মোড়কে উপরে উলি-খিত পদ্ধতিতে শক্ত কাগজের ঢালের মাধ্যমে। | ২৫০০ টি | ৫০ টি |
| ১২ | শ্রেণী-৬<br>বিভাগ-২ | বিস্ফোরক যখন কার্তুজ হিসাবে তৈরী অবস্থায় থাকে বা কামানের চার্জ, সেল, টর্পেডো, মাইন, ব-াস্টিং এর জন্য বা একই ধরনের প্রয়োজনে তৈরী থাকে সেই ক্ষেত্রে একই পরিমাণ ও প্রস্তুতকৃত নয় এমন বিস্ফোরক যেই পদ্ধতিতে ও পরিমাণে মোড়কবন্দী করা হইত সেই পরিমাণ ও পদ্ধতিতে মোড়কবন্দী করিতে হইবে।<br><br>তবে শর্ত থাকে যে, যেখানে দুই স্তর বিশিষ্ট মোড়ক প্রয়োজন সেখানে কার্তুজ বা চার্জের সংলগ্ন খাচা যদি ভিতরের মোড়কের প্রয়োজনীয় শর্ত পূরণ করে তাহা হইলে উক্ত অবস্থাকে ভিতরের মোড়ক ধরা যাইবে।<br><br>এই বিভাগের অন্য এমোনিশনের জন্য একক বহিঃমোড়ক। | ---<br><br>৫০ কেজি | ---<br><br>--- |
| ১৩ | শ্রেণী-৬<br>বিভাগ-৩<br>ডেটোনেটর এবং ইলেকট্রিক ডেটোনেটর ব্যতীত | ১ম শ্রেণীর ন্যায়ঃ<br><br>তবে শর্ত থাকে যে, এই বিভাগের অন্তর্ভুক্ত এবং ১.২৭ সে.মি. কেলিবারের উর্ধের বুলেটযুক্ত কার্তুজ এমনভাবে মোড়কবন্দী থাকিবে যাহাতে বুলেটের সূঁচাল প্রান্ত কার্তুজের ক্যাপের সংস্পর্শে না আসে। | ২৫ কেজি | ১ কেজি বা ১০টি যাহা বেশী |
| ১৪ | ডেটোনেটর | (ক) প্রতি চালানে ১০০০ এর বেশী নহে ঃ ১ম শ্রেনীর ন্যায়। তবে শর্ত থাকে যে, অন্তঃমোড়কের দেয়াল এবং ডেটোনেটরের মাঝের খালি জায়গা এবং ডেটোনেটরগুলি যতদুর সম্ভব বাস্তব সম্মত পন্থায় সূক্ষ্ম কাঠের গুঁড়া বা অনুরূপ বস্তু দ্বারা পূর্ণ থাকিবে। পশম বা উহার ন্যায় নরম বস্তু সকল ডেটোনেটরের দুই প্রান্তে স্থাপন করিতে হইবে এবং অন্তঃমোড়কে ডেটোনেটর এমন নিরাপদ পদ্ধতিতে স্থাপন করিতে হইবে যাহাতে ডেটোনেটরের দুই প্রান্ত তুলা বা অন্য নরম বস্তুর মধ্যে থাকে। যদি অন্তঃমোড়ক ধাতব হয় তাহা হইলে উহার ভিতরের অংশ কাগজ বা অন্য নরম বস্তু দ্ধারা ভালভাবে আবৃত থাকিবে।<br><br>(খ) ১০০০টি ডেটোনেটরের অধিক; ডেটোনেটরকে পূর্বের বর্ণনা মত অন্তঃমোড়কের ভিতর তুলা বা কাঠের গুঁড়ার মধ্যে রাখিতে হইবে। অন্তঃমোড়ককে একটি শক্ত কাঠের বা ধাতব খাঁচার মধ্যে ভালভাবে আবদ্ধ করিয়া রাখিতে হইবে যাহাতে ভিতরের মোড়ক বাহির হইতে না পারে। উক্ত খাঁচাকে বহিঃমোড়কের | ১০০০টি<br><br>১০,০০০টি | ১০০টি<br><br>১০০টি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ভিতর এমন নিরাপদ পদ্ধতিতে রাখিতে হইবে যাহাতে খাঁচা ও বহিঃমোড়কের ভিতরের দেয়ালের মধ্যে সকল দিকে অন্যূন ৭৫ মি.মি. ফাঁকা জায়গা থাকে। খাঁচাকে বহিঃমোড়কের ভিতর ঠিক অবস্থানে রাখিবার জন্য উক্ত ফাঁকা জায়গা রাখিলে উক্ত জায়গা কাঠের গুঁড়া, খড় বা অনুরূপ পদার্থ দ্বারা পূর্ণ থাকে।<br><br>(গ) ৫০০০টির বেশী মোড়কবন্দী করিবার ক্ষেত্রে বাহিরের মোড়কে এমন ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে বাক্সকে সহজে ও নিরাপদে নাড়াচাড়া বা বহন করা যায়। | | |
| ১৫ | বৈদ্যুতিক ডেটোনেটর | ১ম শ্রেণীর ন্যায়; তবে শর্ত থাকে যে, যখন বহিঃমোড়কে রাখা ডেটোনেটরের সংখ্যা ৩০০০ অতিক্রম করে সেই ক্ষেত্রে বহিঃমোড়কে এমন ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে সহজে ও নিরাপদে নাড়াচাড়া বা বহন করা যায়। | ৫০০০টি | ১০০টি |
| ১৬ | শ্রেণী-৭ বিভাগ-১ | দুইটি মোড়ক, ভিতরের মোড়ক বায়ুরোধী ও বন্ধ থাকিবে এবং পূর্বের বর্ণনামত একটি বহিঃমোড়কের ভিতর থাকিবে। | ১০ কেজি | ০.৫ কেজি |
| ১৭ | শ্রেণী-৭ বিভাগ-২ | একক বহিঃমোড়ক, তবে শর্ত থাকে যে, এই তফসিলের অনুচ্ছেদ (৩) এই শ্রেণী ও বিভাগের বিস্ফোরকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। | ৫০ কেজি | --- |

## তফসিল- ৩

[বিধি ২৩ দ্রষ্টব্য]

## পরীক্ষণ পদ্ধতি

তৃতীয় শ্রেণীর (নাইট্রো-যৌগ) অথবা ৪র্থ শ্রেণীর (ক্লোরেট মিশ্রণ) বিস্ফোরকসমূহের প্রযোজ্য ক্ষেত্রে এই তফসিলে উলি- খিত পরীক্ষাসমূহ উত্তীর্ণ হইতে হইবে ঃ-

প্রযোজ্য বিস্ফোরকের ক্ষেত্রে তাপ পরীক্ষা ঃ

### ১। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল

| বিনির্দেশ | নমুনা নম্বর | উপকরণ | |
|---|---|---|---|
| ক | --- | এসেটিক এসিড ৫৬.৮ সিসি বোতল | ১ |
| | I | ব্যালান্স | ১ |
| | II | পানির বাথ | ১ |
| | III | পানির বাথ, পানি গরমের জন্য | ১ |
| | IV | বীকার, গ-াস, ১.৫ লিটার | ১ |
| | V | বোতল, ড্রপিং, বাদামী গ-াস, ২৮.৪ সিসি বোতল গি- সারিন ও পানির মিশ্রণের জন্য | ১ |
| | VI | বোতল, গ-াস স্টপার, বাদামী গ-াস, ২৮.৪ সিসি বোতল (ঈষৎ রঙিন আদর্শ কাগজের জন্য) | ১ |
| | VII | বোতল, গ-াস স্টপার, বাদামী গ-াস, ৫৬.৮ সিসি (পরীক্ষণ কাগজের জন্য) | ১ |
| | VIII | ব্রাস, পরিষ্কারের জন্য | ২ |
| | IX | ব্রাস, পরিষ্কারের জন্য, পরীক্ষানল | ১ |

| | | | |
|---|---|---|---|
| | X | বার্ণার, গ্যাস, আর্গন্ড এবং পর্দা | ১ |
| | XI | ক্যাপস্ (পরীক্ষানলের জন্য) | পর্যাপ্ত সরবরাহ |
| খ | XII | চক, ফ্রান্স | পর্যাপ্ত সরবরাহ |
| | XIII | চিমটা, উত্তালক, তাপ, পরীক্ষণ কাগজ | ১ |
| | XIV | ফানেল, অ্যালুমিনিয়াম | ১ |
| | XV | ফানেল, গ-াস | ১ |
| গ | --- | গি-সারিন ২৮.৪ সিসি বোতল | ১ |
| | XVI | ছুরি, কর্ডাইট বিস্ফোরক | ১ |
| | XVII | ঢাকনি, পানি বাথ | ১ |
| | XVIII | যাতাকল, ক্যর্ডাইট (cordite) | ১ |
| | XIX | সূঁচ, ছিদ্রকরণ, তাপ পরীক্ষা কাগজ | ১ |
| | XX | ওভেন, পানি | ১ |
| ঘ | --- | ফিল্টার পেপার | পর্যাপ্ত সরবরাহ |
| | --- | ফিল্টার পেপার, ৫.৫ সে.মি. | ,, |
| | XXI | ঈষৎ রঙিন আদর্শ কাগজ | ,, |
| ঙ | .... | কাগজ, পরীক্ষা | ,, |
| | XXII | পেসল এবং মর্টার, গোজ কাঠ | ১ |
| | XXIII | পে-ট, গ-াস, ছিদ্রকরণের সময় উত্তপ্ত কাগজ রাখিবার পরীক্ষা | ১ |
| | XXIV | রিং, রাবার, পরীক্ষানল | পর্যাপ্ত সরবরাহ |
| | XXV | রড, গ-াস, সমতল প্রান্তযুক্ত | ১ |
| | XXVI | রড, গ-াস, প-াটিনাম তারের হুক | ৬ |
| | XXVII | স্কুপ, অ্যালুমিনিয়াম | ১ |
| | XXVIII | পর্দা, পানি বাথের জন্য বার্ণার | ১ |
| | XXIX | চালুনি (ঝাঝারি), আয়তাকার, সরু পিতলের তারযুক্ত | ১ |
| | XXX | চালুনি, গোলাকার পিতলের ঢাকনাযুক্ত | একসেট |
| | XXXI | স্পাচুলা হর্ণ | ১ |
| | XXXII | স্ট্যান্ড, তাপ পরীক্ষানল | ১ |
| | XXXIII | স্ট্যান্ড, পানি-বাথ | ১ |
| | XXXIV | স্টপার, ছিদ্রযুক্ত রাবার | পর্যাপ্ত সরবরাহ |
| | XXXV | থার্মোমিটার, গ-াস এবং কাঠের বাক্স | ২ |
| | XXXVI | ট্রে, অ্যালুমিনিয়াম | ৬ |
| | XXXVII | ট্রে, কর্ডাইট বিস্ফোরক ছুরি | ১ |
| | XXXVIII | নল, তাপ পরীক্ষা | পর্যাপ্ত সরবরাহ |
| | XXXIX | নল, ঈষৎ রঙিন আদর্শ কাগজ | ১ |
| | XL | টিউবিং রাবার, আরগন্ড গ্যাস বার্ণার | পর্যাপ্ত লম্বা |
| | --- | বিশুদ্ধ পানি | পর্যাপ্ত সরবরাহ |
| | XLI | ওজন (পরিমাপক) বাক্সে গ্রাম ওজন এবং চিমটা | এক সেট |

## বিনির্দেশনা

### বিনির্দেশ – ক

এসেটিক এসিড হইবে স্বচ্ছ, বর্ণহীন, সব ধরনের অপদ্রব্যমুক্ত এবং ইহাতে $CH_3$ COOH এর পরিমাণ ৯৬% এর কম হইবে না যখন ১৫°C তাপমাত্রায় এইরূপ এসিটিক এসিডের ১০০ সিসি এর মধ্যে N/১০ মাত্রায় ১ সিসি পটাশিয়াম পারম্যাঙ্গানেট দ্রবন যোগ করা হয়, তখন দ্রবনটির বৈশিষ্ট্যপূর্ণ রঙের স্থায়ীত্ব ১৫ মিনিটের চেয়ে কম হইবে না।

এক আয়তন এসিটিক এসিডের সহিত চার আয়তন বিশুদ্ধ পানি যোগে উৎপন্ন লঘু এসিটিক এসিড দ্রবনের এক ফোঁটা কাঁচ দন্ডের সাহায্যে সদ্য প্রস্তুত পটাশিয়াম আয়োডাইড স্টার্চ কাগজের উপর ধরিলে কোন রঙ উৎপন্ন করে না।

## বিনির্দেশ– খ
### চক, ফ্রেঞ্চ

ফেঞ্চ চকের বর্ণ আদর্শ নমুনার অনুরূপ হইবে এবং ইহা ০.৫% এর অধিক জলীয় বাষ্প ধারন করিবে না।

ফেঞ্চ চকের আয়তন এমন হবে; যার ২৫ সিসির ওজন ২৩.৫± ১.০ গ্রাম হইবে। ইহা নিম্নরূপে নির্ধারণ করা যাইবে ঃ

একটি কাঁচের ফানেল, যার দৈর্ঘ্য ১১ সে.মি নলের ভিতরের দিকে ৮ মি.মি হইতে ক্রমশঃ সরু হইয়া নীচের দিকে ৫ মি.মি একটি ৫০ সি.সি সিলিন্ডারের উপর লম্বভাবে ক্লাম্পের সহিত এমনভাবে আটকানো হয় যাহাতে ফানেলের শেষ প্রান্ত হইতে ৭ সে.মি নীচে সিলিন্ডারের মুখ থাকে। ভিত্তি প্রান্তযুক্ত এই সিলিন্ডারের ভিতরের ব্যাস হইবে ২.৫ সে.মি। ফেঞ্চ চকের গুড়া ফানেলের মধ্যে ধীরে ধীরে ঢালা হয় এবং সিলিন্ডারটি উপচিয়ে না পড়া পর্যন্ত ঢালা অব্যাহত থাকে। ইহা ১ মিনিটের মধ্যে সম্পন্ন করা উচিত। সিলিন্ডারটি কোনরূপ না ঝাঁকায়ে অথবা ঠেসে না ঢুকিয়ে সিলিন্ডারের মুখ বরাবর চকের তল সমান করিতে হইবে। অতঃপর চকসহ সিলিন্ডারের ওজন পরিমাপ করিতে হইবে।

ফ্রেঞ্চ চকের গুড়া এমন মিহি হইবে যাহাতে প্রতি বর্গ সে.মি এ ৬৪০০ ফাঁকের ০.০৭৫ মি.মি ব্যাসযুক্ত তারের চালুনির মধ্য দিয়া বিনা ঘষায় ইহার সব অংশ অতিক্রম করে। $CaCO_3$ হিসাবে হিসাবযোগ্য এমন দ্রবনীয় ক্ষারীয় দ্রবন ফ্রেঞ্চ চকের মধ্যে ০.১% এর অধিক থাকিবে না। ইহা নিম্নরূপে নির্ধারণ করা হইল ঃ

১০ গ্রাম চকের গুড়া ২৫০ সি.সি পানির সহিত মিশাইয়া ১ মিনিট ধরিয়া ফুটানো হয়, পরিস্রাবন, ধৌতকরণ এবং পরিস্রুতকে $\frac{N}{10}$ মাত্রার হাইড্রোক্লোরিক এসিডের সহিত বিক্রিয়া ঘটানো হয়।

ফ্রেঞ্চ চক, যখন হাইড্রোক্লোরিক এসিডের সহিত উষ্ণ করা হয়, ১% এর অধিক এবং ০.২৫% এর কম পরিমাণ কার্বনিক এসিড $CO_2$ গ্যাস উৎপন্ন করে না।

১০০°C তাপমাত্রায় (ওজন স্থির না হওয়া পর্যন্ত) শুকানোর পর ফ্রেঞ্চ চককে ২৪ ঘন্টার জন্য ১৫°C – ২০°C তাপমাত্রার সম্পৃক্ত পরিবেশে বেলজার এর নীচে ইহাকে অনাবৃত করিয়া রাখা হইলে উহা ০.৫% এর অধিক জলীয় বাষ্প শোষণ করে না।

বিঃ দ্রঃ তাপ পরীক্ষণে ব্যবহারের পূর্বে ফ্রেঞ্চ চক অতি সতর্কতার সহিত বিশুদ্ধ পানি দিয়া ধৌত করিয়া, ৬৫°C – ৭০°C তাপমাত্রায় ওভেনে শুকানো হয় ও সম্পৃক্ত পরিবেশে ২৪ ঘন্টার জন্য অনাবৃত করিয়া রাখা হয়। একটি ভাল কর্কযুক্ত বোতলে ইহা রাখা হয়।

## বিনির্দেশ – গ
### গি- সারিন

গি- সারিন সর্বোতভাবে বৃটিশ ফার্মাকোপিয়ার বিনির্দেশ (specification) এর সহিত সামন্জস্যপূর্ণ হইবে।

## বিনির্দেশ-ঘ
### ফিল্টার পেপার

তাপ পরীক্ষা কাগজ তৈরীর উপাদান হইবে উচ্চ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন বিশুদ্ধ সাধারণ কটন সেলুলোজের তৈরী যাহা পুরু এবং ভিন্ন আকৃতির হইবে না।

কাগজ প্রস্তুতির সময় যে কোন প্রকার কৃত্রিম তাপ প্রয়োগ করা হইবে না।

কাগজের তল হইবে সাদা মসৃণ এবং উভয় পার্শ্বের তল যথাসম্ভব একই রকম হইবে। তন্তুর গড় দৈর্ঘ্য ২±০.৫ মি.মি. হইবে।

১০টি কাগজের পাতা, Ciceri Sinith's patent fixex pressure micrometer দিয়া পরিমাপের সময়, কাগজের পুরুত্ব হইবে ১.৮±০.২ মি.মি। কাগজ তৈরীর সর্বশেষ পর্যায়ে অতি বিশুদ্ধ পানি দিয়া সম্পূর্ণরূপে ধোয়া হয় এবং পরবর্তীতে বিশুদ্ধ পরিবেশে ইহার জলীয় বাষ্প শুকানো হয়।

কাগজ সব ধরনের রাসায়নিক পদার্থ অথবা অন্যান্য অপদ্রব্য, বিশেষ করিয়া এসিড, ক্লোরিন ও পারঅক্সাইড মুক্ত হইবে। ৩% কস্টিক সোডা দ্রবনের সহিত ৬০ মিনিট ধরিয়া ফুটাইলে কাগজের ওজন মূল ওজনের ৭৫% এর অধিক হারাইবে না।

ফেলিং দ্রবন দ্বিগুণ আয়তনের পাতিত পানির সাহায্যে পাতলা করিয়া উক্ত কাগজ এর সহিত মিশ্রিত করিয়া ১০° সে. তাপমাত্রায় কয়েক মিনিট উত্তপ্ত করিলে উক্ত কাগজের ওজন শতকরা ১.২৫ ভাগের বেশী কিউপ্রাস অক্সাইড ($Cu_2O$) উৎপন্ন করিবে না।

৫০ সে.মি. দৈর্ঘ্য ও ১৫ সে. মি. প্রস্থ বিশিষ্ট আকারের শীর্ষে এবং ১টি শিটকে আলাদাভাবে বায়ুরোধী টিনের মোড়কে টিয়ার অব স্ট্রিপ দ্বারা আবদ্ধ রাখা হয়।

ডিনামাইট হইতে নাইট্রোগি-সারিন আহরণে ব্যবহারের ক্ষেত্রে ৫.৫ সে.মি. ব্যাসের বৃত্তাকৃতির ও ১০০ টির আলাদা মোড়কে মোড়ককৃত থাকে।

## বিনির্দেশ- ঙ
## কাগজ, পরীক্ষা

কাগজ তৈরী ও পরীক্ষা প্রণালী পরিশিষ্ট ২ এ বর্ণনা করা হইয়াছে।

চারটি কাগজের প্রতিটির দুই দিন ধরিয়া চারটি ধারাবাহিক পরীক্ষার মাধ্যমে কাগজের তাপীয় পরীক্ষা করা হয়। প্রতিটি পরীক্ষার গড় সময় ১৮.৫ ± ০. ৭৫ মিনিট হইবে। একটি পরীক্ষা উহার গড় সময় থেকে দুই মিনিটের অধিক পার্থক্য হইলে উহাকে অস্বাভাবিক ধরা হইবে এবং ইহা অগ্রহণযোগ্য হইবে। ৩২টি কাগজের পরীক্ষায় একের অধিক এইরূপ অস্বাভাবিক মান পাওয়া গেলে উক্ত ব্যাচটি বাদ দেওয়া হয়।

## বিনির্দেশ- চ
## আদর্শ ঈষৎ রঙিন কাগজ

আদর্শ ঈষৎ রঙিন কাগজ পরিশিষ্ট ১ এ উলি- খিত পদ্ধতিতে ও উলি- খিত শর্ত অনুযায়ী হইবে।

**২। প্রস্তুতকৃত নমুনা পরীক্ষণ ঃ**

প্রস্তুতকৃত নমুনা পরীক্ষার জন্য নমুনা প্রস্তুতির সকল ধাপ যথাসম্ভব তাড়াতাড়ি সম্পন্ন করিতে হয়। কোনরূপ আলোক সম্পাত ছাড়াই এবং নমুনা প্রস্তুত হওয়া মাত্রই এই পরীক্ষা সম্পন্ন করা হয়।

তাপ পরীক্ষার জন্য ০.৫ গ্রাম নমুনা যথেষ্ট। পরীক্ষা নলের শেষ প্রান্তের দাগের সহিত রাবার রিং যুক্ত আছে এমন পরীক্ষা নলের মধ্যে এই ওজন নেওয়া হয়।

**৩য় শ্রেণীর বিভাগ-১ এর বিস্ফোরক ঃ**

**(১) ভঙ্গুর নাইট্রো-গি- সারিন মিশ্রণ যাহা হইতে সহজে নাইট্রো-গি- সারিন বা তরল নাইট্রো যৌগকে পানির সাহায্যে নিষ্কাশন করা যায় না ঃ**

(ক) পরীক্ষণীয় নমুনার একটি কার্টিজের এক প্রান্ত খোলা হয় এবং এক হাতে ঘোরানো হয়, যখন কার্টিজের অপর অংশ তর্জনী ও বৃদ্ধাঙ্গুলের সাহায্যে চাপ প্রয়োগে আলগা করা হয়। আলগা নমুনার প্রথম ১২.৭ মি.মি বাদ দেওয়া হয়।

(খ) ইহার পর একটি হাতলযুক্ত পাত্রের উপর কার্টিজকে উপুড় করা হয় এবং এই সময় আলগাকরণ প্রক্রিয়া চলে যাহাতে বিস্ফোরকের অংশ হাতলযুক্ত পাত্রে স্থানান্ড়রিত হয়।

(গ) হাতলযুক্ত পাত্রে ৩.২ গ্রাম নমুনা ঢালিবার পর অ্যালুমিনিয়াম ফানেলের সাহায্যে তাপ পরীক্ষা নলের তলদেশে সমতল মাথাযুক্ত কাঁচদন্ডের সাহায্যে মৃদুভাবে আঙ্গুলের টোকা দিয়া ৩ সে.মি উচ্চতা পর্যন্ড় নমুনা সংগ্রহ করা হয়। এই অবস্থায় নমুনা, তাপ পরীক্ষার উপযুক্ত হয়।

**(২) ব- ্যাসটিং জিলাটিন, জিলাটিন এবং সমগোত্রীয় যৌগ প্রস্তুতি ঃ**

(ক) কার্তুজের মোড়ক খুলিবার পর স্পাচুলার সাহায্যে ১২.৭ মি.মি নমুনা বাহির করিয়া বাদ দেওয়া হয়। আনুমানিক ৩.২ গ্রামের কাছাকাছি ওজনের একটি টুকরা পরীক্ষার জন্য কাটিয়া নেওয়া হয়। এই কাজের সময় নমুনাকে ইহার মোড়কের উপর শোয়ানো অবস্থায় রাখা হয় এবং এই ক্ষেত্রে নমুনায় সরাসরি হাত লাগানো হইতে বিরত থাকিতে হইবে।

(খ) হাতলযুক্ত পাত্রে নমুনার অংশ নেওয়ার পর উহাকে ওজন করা হয় এবং নমুনার ওজন ৩.২ গ্রাম না পাওয়া পর্যন্ড় নমুনার টুকরা যোগ বা অপসারণ করা হয়। এই পরিমাণ নমুনা অতঃপর মর্টারে স্থানান্ড়র করা হয়। স্পাচুলা ও হাতলযুক্ত পাত্র ব্যবহার করিয়া ৬.৫ গ্রাম ফ্রেঞ্চচক ওজন করিয়া মর্টারে স্থানান্ড়র করা হয়।

(গ) নমুনা মিহি গুড়া না হওয়া পর্যন্ড় হামান দিস্ড়র ডাটির শেষ প্রান্ড়ের সাহায্যে বার বার পিষিয়া ফ্রেঞ্চ চকের সহিত নমুনা মিশাইতে হইবে। সাধারণ নমুনার জন্য সাধারণতঃ নিুবর্ণিত সময় প্রয়োজন হইবে ঃ

| | |
|---|---|
| ব- ্যাসটিং জিলেটিন | ১.৫ মিনিট |
| জিলেটিন ডিনামাইট | ১ মিনিট |
| জিলেটিন এবং ৬৩% এর কম | |
| নাইট্রো-গি- সারিন সমন্বিত অনুরূপ বিস্ফোরক | ০.৫ মিনিট |

পরবর্তী ০.৫ মিনিট সময়ে হামান দিস্ড়র সাহায্যে চক্রাকারে সঞ্চালনের মাধ্যমে মিশ্রণ গুঁড়া করা হয় এবং ইহা সমসত্ত্ব মিশ্রণ হইতে হইবে।

(ঘ) হর্ন স্পাচুলা ও অ্যালুমিনিয়াম ফানেলের সাহায্যে এই মিশ্রণ পরীক্ষা নলে স্থানান্ড়রিত করা হয় এবং একটি কাঁচ দন্ডের সাহায্যে মৃদুভাবে চাপিয়া নমুনার উচ্চতা ৫ সে.মি করা হয়। এইভাবে নমুনা তাপ পরীক্ষার জন্য প্রস্তুতকৃত হয়।

(ঙ) নমুনা চূর্ণ করিবার পর হামান দিস্ড়র ডাটি ও পেয়ালা (মর্টার) ট্যাপের পানি দিয়া ভালভাবে ধৌত করা হয়। বিশুদ্ধ পানি দিয়া আবারও ধৌত করা হয়। পরিষ্কার তোয়ালে দিয়া মুছিয়া শুকানো হয়। অবশেষে ১০০°সে. তাপমাত্রায় একটি বাথে শুকানো হয় এবং পুনরায় ব্যবহারের আগ পর্যন্ড় ইহা সাধারণ তাপমাত্রায় শীতল করা হয়।

**(৩) শ্রেণী ৩ , বিভাগ ১ এর অন্ড়র্ভূক্ত কর্ডাইট, ব- াসটাইট এবং অন্যান্য প্রোপেল্যান্টসমূহ ঃ**

**(ক) দন্ড বা নলাকৃতির বিস্ফোরক ঃ**

(অ) অপারেটরের হাত সর্তকতার সহিত সাধারণ পানিতে ধৌত করিয়া পুনরায় ভালভাবে বিশুদ্ধ পানি দিয়া ধৌত করা হয় এবং পরিষ্কার তোয়ালে দিয়া মুছে শুকানো হয়;

(আ) এরপর পরীক্ষণীয় দন্ড বা টিউবকে পরিষ্কার ফিল্টার পেপার দিয়া মোছা হয়;

(ই) নমুনা, কর্ডাইট মিলে বিচূর্ণ করিবার উপযুক্ত অবস্থায় আনয়নের লক্ষ্যে কর্ডাইট ছুরি দ্বারা এক ইঞ্চির আটভাগের একভাগ পরিমাণ টুকরা করিতে হইবে এবং পরীক্ষার জন্য নলাকৃতি বা দন্ডাকৃতি নমুনার দুই প্রান্ড় হইতে আধা ইঞ্চি পরিমাণ বাদ দিতে হইবে;

(ঈ) ঢাকনাযুক্ত চালুনি সেটের ঢাকনা অপসারণ করিয়া মিলের নীচে স্থাপন করা হয় যাহাতে চূর্ণকৃত দ্রব্য সরসারি চালুনির উপর পড়ে;

(উ) কর্ডাইট ট্রে হইতে কাটা নমুনা মিলে স্থানান্ড়র করা হয় এবং গুড়া করা হয়। মিলের মধ্য দিয়া আসা নমুনার প্রথমাংশ বাদ দেওয়া হয়। পর্যাপ্ত পরিমাণ নমুনা লইতে হয় যাহাতে মিলে স্থানান্ড়রিত নমুনা, গুঁড়া করা ব্যতিরেকে দ্বিতীয় চালুনীতে যথেষ্ট পরিমাণ নমুনা গুড়া পাওয়া যায়;

(ঊ) চালুনী সেটের ঢাকনা পুনঃস্থাপন করা হয় এবং এক মিনিট ধরিয়া নমুনা চালুনী দিয়া ঝাড়া হয়। দন্ডাকৃতি এবং নলাকৃতি নমুনা গুড়া যাহাদের ব্যাস প্রায় ০.৭৬২ মি.মি.এর কম সেইগুলো ব্যতীত দ্বিতীয় চালুনীর উপরে থেকে যাওয়া নমুনা তাপ পরীক্ষার জন্য লওয়া হয়;

(ঋ) চূর্ণকৃত ও চালুনীর সাহায্যে ঝাড়া ১.৬ গ্রাম নমুনা হাতলযুক্ত পাত্রে ওজন করিয়া অ্যালুমিনিয়াম ফানেলের মাধ্যমে তাপ পরীক্ষণ নলে স্থানান্ড়র করা হয় এবং আঙ্গুলের সাহায্যে মৃদুভাবে নলের পার্শ্বে আঙ্গুলের টোকা দিয়া নমুনা নলের তলদেশে সংগ্রহ করা হয়। একইভাবে তিনটি পরীক্ষার জন্য নমুনা ওজন করা হয়। এইভাবে নমুনা তাপ পরীক্ষার জন্য প্রস্তুত হয়;

(এ) নমুনা প্রস্তুতির পূর্বে ও পরে চালুনী সেট এবং কর্ডাইট মিল ব্রাশের সাহায্যে পরিষ্কার করা হয়।

**(খ) ক্ষুদ্র অস্ত্রের জন্য দানাদার বিস্ফোরক ঃ**

হাতলযুক্ত পাত্রে ১.৬ গ্রাম নমুনা ওজন করিয়া অ্যালুমিনিয়াম ফ্যানেলের মাধ্যমে তাপ পরীক্ষা নলে স্থানান্ড়র করা হয় এবং আঙ্গুলের সাহায্যে নলের পার্শ্বে মৃদুভাবে আঙ্গুলের টোকা দিয়া নমুনা নলের তলদেশে সংগ্রহ করা হয়। একই ভাবে তিনটি পরীক্ষার জন্য নমুনা ওজন করা হয়। এইভাবে নমুনা তাপ পরীক্ষার জন্য প্রস্তুত করা হয়।

## তৃতীয় শ্রেণীর ২য় বিভাগের বিস্ফোরক ঃ

**(১) নাইট্রো-সেলুলোজ পাম্প ঃ**

(ক) পরীক্ষক তাহার হাত সতর্কতার সহিত সাধারণ পানি দিয়া ধৌত করিবেন এবং পুনরায় বিশুদ্ধ পানি দিয়া ধৌত করিয়া পরিষ্কার তোয়ালে দিয়া মুছিয়া শুকাইবেন।

(খ) ছয়খানা পুর ছাঁকন কাগজ একের উপর আরেক খানা স্থাপন করা হয়। যথেষ্ট পরিমাণ পরীক্ষণীয় নমুনা, চুড়ান্ড় পেষণের পর প্রাপ্ত নমুনার প্রায় ৫.৬ গ্রাম, উপরের ছাঁকন কাগজের উপর ছড়াইয়া দেওয়া হয়। এইভাবে নমুনার উপর আরও ছয়খানা ছাঁকন কাগজ স্থাপন করা হয়। এইগুলো একত্রে একটি হস্ড় চালিত স্ক্রু প্রেস এর নীচে স্থাপন করা হয় এবং একটানা তিন মিনিট ধরিয়া চাপ প্রয়োগ করা হয়। প্রেস হইতে সরানোর পর ছাঁকন কাগজ হইতে নমুনা হাত দিয়া ঘষিয়া ঘষিয়া সংগ্রহ করা হয় নমুনাকে একটি আয়তাকার চালুনীতে স্থানান্ড়র করা হয় এবং হাত দিয়া ঘষিয়া ঘষিয়া চালুনীর মধ্য দিয়া ছাঁকা হয়।

(গ) হাতলযুক্ত পাত্রে চালুনীর মাধ্যমে প্রাপ্ত ৫ গ্রাম নমুনা ওজন করা হয় এবং সমভাবে অ্যালুমিনিয়াম ট্রে'র উপর ছড়াইয়া দেওয়া হয়।

(ঘ) ৪৮.৯° সেঃ তাপমাত্রায় নিয়ন্ত্রিত একটি ওভেনের মধ্যে ট্রে স্থাপন করা কয় এবং দরজা বন্ধ করিয়া সেইখানে ১৫ মিনিটের জন্য রাখা হয়।

(ঙ) ওভেন থেকে ট্রেটিকে বাহির করিয়া আনা হয় এবং চালুনী সেটের উপরের চালুনীর উপর নমুনা স্থান্ড়ান্ড়র করা হয় । চালুনীর ঢাকনা পুনঃস্থাপন করা হয় এবং নমুনা দুই মিনিট ধরিয়া চালুনী দ্বারা ছাঁকা হয়। এই কাজের জন্য দ্বিতীয় চালুনী ব্যবহার করা হয় না।

(চ) উপরের চালুনীর মধ্য দিয়া প্রবাহিত নমুনার অংশ পুনরায় অ্যালুমিনিয়াম ট্রে'র উপর সমভাবে ছড়াইয়া দেওয়া হয় এবং ঘরের খোলা বাতাসে চার ঘন্টার জন্য উন্মুক্ত রাখা হয়।

(ছ) হাতলযুক্ত পাত্রে উন্মুক্তভাবে রাখা নমুনার ১.৩ গ্রাম ওজন করা হয় এবং অ্যালুমিনিয়াম ফানেলের সাহায্যে একটি তাপ পরীক্ষা নলে স্থানান্ড়র করা হয়। এইভাবে ওজন করিয়া আরও দুইটি পরীক্ষার উপকরণ প্রস্তুত করা হয়। প্রতিক্ষেত্রে সমতল মাথাযুক্ত একটি কাঁচদন্ডের সাহায্যে হালকাভাবে চাপিয়া নমুনা ৩ সেন্টিমিটার উঁচু করা হয়। এইভাবে নমুনা তাপ পরীক্ষার জন্য প্রস্তুত করা হয়।

(জ) চালুনী দিয়া নমুনা ছাঁকার পূর্বে ও পরে তারের চালুনী ও চালুনী সেট ব্রাশ দিয়া ভালভাবে পরিষ্কার করা হয়।

**(২) সংকুচিত গানকটন ঃ**

(ক) হর্ণ স্পাচুলার সাহায্যে ঘষিয়া ঘষিয়া প্রাইমারের বা গানকটন পাতের কেন্দ্র হইতে প্রায় ১০ গ্রাম গানকটন অপসারণ করা হয়।

(খ) দুই-তৃতীয়াংশ ঠান্ডা বিশুদ্ধ পানিপূর্ণ একটি কাঁচের বীকারে ঘর্ষণে প্রাপ্ত গানকটন যোগ করা হয়। সমতল মাথাযুক্ত একটি কাঁচ দন্ডের সাহায্যে পানির মধ্যে প্রায় ১৫ মিনিট ধরিয়া বারবার নাড়া হয় এবং ইহা থিতানোর জন্য রাখা হয়। উপর থেকে পানি ঢালিয়া ফেলা হয় এবং একই পরিমাণ বিশুদ্ধ পানি যোগ করিয়া পূর্বের ন্যায় ১৫ মিনিট সময় ধরিয়া বারবার নাড়া হয়। থিতানোর পর দ্বিতীয় ধৌত পানি ঢালিয়া ফেলা হয়।

(গ) পরীক্ষক সতর্কভাবে তাহার হাত প্রথমে ট্যাপের পানি দিয়া ধৌত করিয়া পরে পাতিত পানি দিয়া ভালভাবে ধৌত করিবেন এবং হাত দিয়া নিংড়াইয়া অতিরিক্ত পানি অপসারণের মাধ্যমে নমুনা সংগ্রহ করিবেন।

(ঘ) ছয়খানা পুর– ছাঁকন কাগজ একের উপর আরেক খানা স্থাপন করা হয়। ধৌত গানকটন উপরের ছাঁকন কাগজের উপর ছড়াইয়া দেওয়া হয়। অন্য ছয়টি পুর– ছাঁকন কাগজ একইভাবে নমুনার উপর স্থাপন করা হয়। এইগুলি একসঙ্গে একটি হস্ড় চালিত স্ক্রু প্রেসের নীচে স্থাপন করিয়া একটানা তিন মিনিট চাপ প্রয়োগ করিতে হইবে। প্রেস হইতে সরানোর পর ছাঁকন কাগজ হইতে হাত দিয়া ঘষিয়া ঘষিয়া নমুনা সংগ্রহ করা হয় এবং এইগুলো নতুন পরিষ্কার ছাঁকন কাগজের উপর লইয়া পুনরায় একইভাবে ৩ মিনিট ধরিয়া চাপ প্রয়োগ করা হয়। এরপর নমুনাকে একটি আয়তাকার চালুনীতে স্থানান্ড়র করা হয় এবং হাত দিয়া ঘষিয়া ঘষিয়া চালুনীর মধ্য দিয়া ছাঁকা হয়।

(ঙ) হাতলযুক্ত পাত্রে চালুনীর মাধ্যমে প্রাপ্ত নমুনা ৫ গ্রাম ওজন করা হয় এবং অ্যালুমিনিয়াম ট্রে'র উপর সমভাবে ছড়াইয়া দেওয়া হয়।

(চ) ৪১.৯° সেঃ তাপমাত্রায় নিয়ন্ত্রিত একটি ওভেনের মধ্যে ট্রে স্থাপন করা হয় এবং দরজা বন্ধ করিয়া সেইখানে ১৫ মিনিটের জন্য রাখা হয়।

(ছ) ট্রে ওভেন থেকে সরাইয়া আনা হয় এবং চালুনী সেটের উপরের চালুনীতে এই নমুনা স্থানান্ড়র করা হয়। চালুনীর ঢাকনা পুনঃস্থাপন করা হয় এবং দুই মিনিট ধরিয়া চালুনীর সাহায্যে নমুনা ছাঁকা হয়। এইকাজে দ্বিতীয় চালুনী ব্যবহার করা হয় না।

(জ) উপরের চালুনীর মাধ্যমে প্রাপ্ত নমুনার অংশ অ্যালুমিনিয়াম ট্রে'র উপর সমভাবে ছড়াইয়া দেওয়া হয় এবং ঘরের বায়ুতে চার ঘন্টার জন্য উন্মুক্ত রাখা হয়।

(ঝ) হাতলযুক্ত পাত্রে উন্মুক্ত নমুনার ১.৩ গ্রাম ওজন করা হয় এবং অ্যালুমিনিয়াম ফানেলের মাধ্যমে তাপ পরীক্ষণ নলে স্থানান্ড়র করা হয়। এইভাবে ওজন করিয়া আরও দুইটি পরীক্ষার উপকরণ প্রস্তুত করা হয়। প্রতিক্ষেত্রে সমতল মাথাযুক্ত একটি কাঁচ দন্ডের সাহায্যে হালকাভাবে চাপিয়া নমুনা ৩ সে. মি. উঁচু করা হয়। এইভাবে নমুনা তাপ পরীক্ষার জন্য প্রস্তুত করা হয়।

(ঞ) চালুনী দিয়া নমুনা ছাঁকার পূর্বে ও পরে তারের চালুনী ও চালুনী সেট পরিষ্কার করিবার ব্রাশ দিয়া ভালভাবে পরিষ্কার করা হয়।

**(৩) নাইট্রো সেলুলোজ প্রোপাল্যান্ট ঃ**

**(ক) দন্ডাকৃতি বা নলাকৃতির বিস্ফোরক ঃ**

(অ) পরীক্ষক তাহার হাত সতর্কভাবে ধৌত করিবেন এবং বিশুদ্ধ পানি দিয়া পুনঃধৌত করিবার পর পরিষ্কার তোয়ালে দিয়া মুছিয়া শুকাইবেন।

(আ) পরীক্ষণীয় দন্ডাকৃতি বা নলাকৃতি বিস্ফোরক পরিষ্কার ছাঁকন কাগজ দিয়া মুছিতে হইবে।

(ই) নমুনা কর্ডাইট মিলে বিচূর্ণ করিবার উপযুক্ত অবস্থায় আনয়নের লক্ষ্যে কর্ডাইট ছুরি দ্বারা প্রায় ৩.১৭৫ মি.মি. টুকরা করিতে হইবে এবং পরীক্ষার জন্য নলাকৃতি বা দন্ডাকৃতি নমুনার দুই প্রান্ড় হইতে ১.২৭ মি.মি. পরিমাণ বাদ দিতে হইবে।

(ঈ) ঢাকনাযুক্ত চালুনী সেটের ঢাকনা অপসারণ করিয়া মিলের নীচে স্থাপন করা হয় যাহাতে চূর্ণকৃত দ্রব্য সরাসরি চালুনীর উপর পড়ে।

(ড) কর্ডাইট ট্রে হইতে কাটা নমুনা মিলে স্থানান্ড়র করা হয় এবং গুড়া করা হয়। মিলের মধ্য দিয়া আসা নমুনার প্রথমাংশ বাদ দেওয়া হয়। পর্যাপ্ত পরিমাণ নমুনা লইতে হয় যাহাতে মিলে সরবরাহকৃত নমুনা গুঁড়া করা ব্যতিরেকে দ্বিতীয় চালুনীতে যথেষ্ট পরিমাণ নমুনা গুড়া পাওয়া যায়।

(ঊ) চালুনী সেট পুনঃস্থাপন করা হয় এবং ১ মিনিট ধরিয়া চালুনী দিয়া নমুনা ছাঁকা হয়। দন্ডাকৃতির বা নলাকৃতির নমুনা যাহাদের ব্যাস ০.৭৬২ মি. মি. এর চেয়ে কম সেইগুলি ব্যতীত দ্বিতীয় চালুনির উপর থাকিয়া যাওয়া নমুনা তাপ পরীক্ষার জন্য লওয়া হয়।

(ঋ) চূর্ণকৃত ও চালুনীর সাহায্যে ছাঁকনকৃত ১.৬ গ্রাম নমুনা হাতলযুক্ত পাত্রে ওজন করিয়া অ্যালুমিনিয়াম ফানেলের মাধ্যমে তাপ পরীক্ষণ নলে স্থানান্ড়র করা হয় এবং আঙ্গুলের সাহায্যে মৃদুভাবে নলের পাশে চাপ দিয়া নমুনা নলের তলদেশে সংগ্রহ করা হয়। একইভাবে ৩টি পরীক্ষার জন্য নমুনা ওজন করা হয়। এইভাবে নমুনা তাপ পরীক্ষার জন্য উপযুক্ত হয়।

(এ) প্রতি নমুনা প্রস্তুতির পূর্বে ও পরে চালুনী সেট এবং কর্ডাইট মিল পরিষ্কার করা ব্রাশ দিয়া ভালভাবে পরিষ্কার করা হয়।

**(খ) ক্ষুদ্র আগ্নেয় অস্ত্রের জন্য দানাদার আকৃতির বিস্ফোরক ঃ**

(অ) পরীক্ষার জন্য প্রয়োজনীয় পরিমাণ নমুনা একটি অ্যালুমিনিয়াম ট্রে-র উপর সমভাবে ছড়াইয়া দেওয়া হয়।

(আ) ৪৮.৯° সেঃ (১২০° ফাঃ) তাপমাত্রায় নিয়ন্ত্রিত একটি ওভেনের মধ্যে ট্রে স্থাপন করা হয় এবং দরজা বন্ধ করিয়া সেইখানে ১৫ মিনিটের জন্য রাখা হয়।

(ই) ওভেন থেকে ট্রে বাহির করিয়া আনা হয় এবং ঘরের বায়ুতে চার ঘন্টার জন্য উন্মুক্ত রাখা হয়।

(ঈ) হাতলযুক্ত পাত্রে উন্মুক্ত নমুনার ১.৩ গ্রাম ওজন করা হয় এবং অ্যালুমিনিয়াম ফানেলের মাধ্যমে তাপ পরীক্ষা নলে স্থানান্ড়র করা হয়। এইভাবে আরও এইরূপ ৩টি পরীক্ষার জন্য নমুনা ওজন করা হয়। এইভাবে নমুনা তাপ পরীক্ষার জন্য প্রস্তুত করা হয়।

**৩। পরীক্ষার প্রয়োগ ঃ**

(ক) ওয়াটার বাথটি আনুভূমিকভাবে এবং যাহাতে সম্পূর্ণরূপে পানিপূর্ণ হয় এমনভাবে স্থাপন করিতে হইবে। উহা টেবিলের উপর এমন উচ্চতায় স্থাপন করিতে হইবে যাহাতে আলোর প্রতিফলন দ্বারা তাপ পরীক্ষায় উৎপন্ন রঙের আভা সহজে পর্যবেক্ষণ করা হয়। পরীক্ষণীয় যন্ত্রপাতির কোন অংশই সরাসরি সূর্যালোকে উন্মুক্ত রাখা যাইবে না।

(খ) ওয়াটার বাথের ঢাকনার নীচে ৭.৬ সে. মি. গভীরতায় তারের খাঁচায় তাপমাত্রা পরিমাপের জন্য রাবার স্টপারের মধ্যে স্থিরকৃত থার্মোমিটার অন্ড়প্রবিষ্ট করা হয়। প্রয়োজনীয় তাপমাত্রায় পানি উত্তপ্ত করা হয় এবং নির্দিষ্ট তাপমাত্রায় ও গভীরতায় ইহা নিয়ন্ত্রণ করা হয়। টেবিলঃ ১ এ বিভিন্ন বিস্ফোরকের তাপমাত্রা দেওয়া আছে।

(গ) প-াটিনাম তারের হুকযুক্ত কাঁচদন্ড রাবার স্টপারের মধ্যে আন্ড়প্রবিষ্ট করা হয়। কাঁচের পিছনে রাখা একটি চিমটার সাহায্যে বাদামী কাঁচের বোতল হইতে পরীক্ষণীয় কাগজ অপসারণ করা হয় যাহাতে ইহার প্রান্ড়ভাগ পে-টের লাইনের সহিত মিলিত হয় এবং সূঁচের সাহায্যে কাগজ ছিদ্র করা হয়। চিমটার সাহায্যে পরীক্ষণীয় কাগজ ধরা হয় এবং সমআয়তনের গি-সারিন ও বিশুদ্ধ পানির মিশ্রণ ড্রপিং বোতলের কাঁচের দন্ডের সাহায্যে পরীক্ষণীয় কাগজের উপরের প্রান্ড়ে প্রয়োগ করা হয় যাহাতে পরীক্ষার শেষ সময়ের মধ্যে পরীক্ষণীয় কাগজের উপরের অর্ধাংশে প্রচুর পরিমাণে আর্দ্রতা থাকে। এরপর পরীক্ষণীয় কাগজের ছিদ্রের মধ্যে কাঁচদন্ডের প-াটিনাম তারের হুক প্রবেশ করানো হয়। এইকাজের সময় কোন ক্রমেই অপারেটর কাগজ স্পর্শ করিতে পারিবেন না।

(ঘ) কাঁচ দন্ড ধারনকারী রাবার স্টপার এবং পরীক্ষা কাগজ পরীক্ষণীয় বিস্ফোরক ধারনকারী পরীক্ষা নলের মধ্যে দৃঢ়ভাবে চাপ প্রয়োগ করা যতক্ষণ পর্যন্ড় স্টপারের তলদেশ, পরীক্ষা নলের উপর দাগাঙ্কিত উপরের দাগের সহিত মিলিত হয় এবং কাঁচ দন্ডের অবস্থান ঠিক করা হয় যাহাতে পরীক্ষা কাগজের নীচের ভিজা আনুভূমিক পরীক্ষা নলের মধ্যভাগে দাগাঙ্কিত রেখার সহিত মিলিত হয়। অতঃপর পরীক্ষা নলটি ওয়াটার বাথের ঢাকনার তারের খাঁচার যে কোন একটির মধ্যে প্রবিষ্ট করানো হয় যাহাতে পরীক্ষা নলের তলদেশে দাগাঙ্কিত রেখা ঢাকনার উপরের পৃষ্ঠের সহিত মিলিত হয়। ওয়াটার বাথের উপর রাবারের রিংটি নীচের দিকে চাপ প্রয়োগ করা হয় এবং নলের উপরে একটি ক্যাপ স্থাপন করা হয়। পরীক্ষা নলে রাখিতে হইবে এমন বিভিন্ন বিস্ফোরকের পরিমাণ সারণী-১ এ দেওয়া হইয়াছে। সারণী-১ এ উলি-খিত বিস্ফোরক পরীক্ষার সময়ের সামান্য সময় পূর্বেও ঢাকনা তুলিয়া টেষ্ট পেপার পর্যবেক্ষণ করা যাইবে না।

(ঙ) পরীক্ষা সম্পন্ন হইলে একটি নির্দিষ্ট সময় পরে পরীক্ষা কাগজের ভিজা ও শুষ্ক অংশের সীমানা অংশে হালকা বাদামী রেখা দেখা যায় যাহা আদর্শ রঙিন কাগজের সহিত একই গভীরতায় থাকে।

পরীক্ষায় প্রদত্ত বিস্ফোরকের জন্য বাথের মধ্যে পরীক্ষা নল প্রবিষ্ট করানো ও আদর্শ ঈষৎ রঙ উৎপন্ন হওয়ার মধ্যবর্তী সময় টেবিল-১ প্রদত্ত সময়ের চেয়ে অবশ্যই কম হইবে না। পরীক্ষা শেষে পরীক্ষানল হইতে সতর্কভাবে বিস্ফোরক অপসারণ করা হয় এবং পরীক্ষানল ব্রাসের সাহায্যে ট্যাপের পানি দিয়া উত্তমরূপে ধৌত করা হয়। এইগুলো তখন পানি দিয়া ঝাঁকানো হয় এবং কয়েক মিনিটের জন্য শুকানো হয়। নলগুলো বিশুদ্ধ পানি দিয়া পুনরায় ধৌত করা হয়। পানিপূর্ণ করিয়া ঝাঁকানো হয়। শুকানো হয় এবং সর্বশেষ একটি বাথে ১০০° সেঃ তাপমাত্রায় শুকানো হয়। পুনরায় ব্যবহারের পূর্বে এই পরীক্ষা নলগুলো স্বাভাবিক তাপমাত্রায় শীতল করা হয়।

টেবিল-১

| শ্রেণী | বভাগ | বিস্ফোরক প্রকৃতি | তাপ পরীক্ষা বাথের তাপমাত্রা ডিগ্রি সেঃ | তাপ পরীক্ষার বিস্ফোরকের পরিমাণ | বিস্ফোরক পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ৩ | ১ | ভঙ্গুর নাইট্রোগি-সারিন প্রস্তুতি যাহা হইতে পানির সাহায্যে সহজভাবে নাইট্রোগি-সারিন নিষ্কাশন করা যায় না | ৭১.১° সেঃ (১৬০° ফাঃ) | ৩.২ গ্রাম | ৭ মিনিট |
| | | ব-্যাসটিং জিলেটিন এবং ইহার সমগোত্রক প্রস্তুতি | ৭১.১° সেঃ (১৬০° ফাঃ) | ৩.২ গ্রাম+৬.৫ গ্রাম ফ্রেঞ্চ চক | ১০ মিনিট |
| | | কর্ডাইট, ব্যালিসটাইট এবং শ্রেণী ৩, বিভাগ ১ এর অন্যান্য প্রোপালেন্ট | ৭১.১° সেঃ (১৬০° ফাঃ) | ১.৬ গ্রাম | ১০ মিনিট |
| | ২ | নাইট্রো-সেলুলোজ পাল্প, সংকোচিত গানকটন | ৭৬.৭° সেঃ (১৭০° ফাঃ) | ১.৩ গ্রাম | ১০ মিনিট |
| | | নাইট্রো-সেলুলোজ প্রোপালেন্ট | ৭৬.৭° সেঃ | ১.৩ গ্রাম | ১০ মিনিট |

**৪। ব- ্যাসটিং জিলেটিন এবং ইহার সমগোত্রক প্রস্তুতির জন্য নিঃসরণ ও গলন পরীক্ষা।**

**গলনাঙ্ক পরীক্ষা**

পরীক্ষণীয় কার্টিজ হইতে ব-্যাসটিং জিলেটিনের একটি সিলিন্ডার কাটা হয় যাহাতে সিলিন্ডারের দৈর্ঘ্য ইহার ব্যাসের সমান হয় এবং ইহার শেষ প্রান্ড় সমতল হয়।

কোন মোড়ক ছাড়াই সিলিন্ডারটির শেষ প্রান্ড় একটি সমতল পৃষ্ঠের উপর রাখা হয় এবং ইহার কেন্দ্রের মধ্য দিয়া একটি পিন লম্বভাবে অতিক্রম করানো হয়।

এইরূপে সিলিন্ডারটি ২৯.৪° সেঃ তাপমাত্রার মধ্যে ধারাবাহিকভাবে ১৪৪ ঘন্টার (ছয় দিন এবং রাত) জন্য উন্মুক্ত রাখা হয় এবং এইরূপে উন্মুক্ত রাখিবার সময়ে সিলিন্ডারের উচ্চতা ইহার মূল উচ্চতার এক-চতুর্থাংশের চাইতে কম হইবে না এবং ইহার উপরের কাটা পৃষ্ঠতল পূর্বের ন্যায় সমতল হইবে এবং প্রান্তের তীক্ষ্ণতা বজায় থাকিবে।

বিঃ দ্রঃ যদি পরীক্ষণীয় ব-্যাসটিং জিলেটিন ও জিলেটিন ডিনামাইট সিলিন্ডারাকৃতির তৈরী না করা যায়, সেইক্ষেত্রে পরীক্ষার জন্য প্রয়োজনীয় পরিবর্তন করা হয়।

## নিঃসরণ পরীক্ষণের দায়িত্ব

ব-্যাস্টিং জিলেটিন অথবা যে কোন নাইট্রো গি-সারিনের জিলেটিন ডিনামাইট অথবা তরল নাইট্রো যৌগ যে কোন শর্তাধীনে মজুদ, পরিবহণ অথবা ব্যবহার অথবা উক্ত দ্রব্যকে তিনটি ধারাবাহিক সময়ে পর পর শীতলীকরণ করা অথবা পূর্বে উলি-খিত গলন প্রক্রিয়ার জন্য পৃথকভাবে ব্যবহার করা হইবে না।

**৫। পিকরিক এসিড ঃ**

(১) পদার্থটিতে খনিজের ০.৩ অংশের অধিক খনিজ পদার্থ অথবা ৭১.১০° সেঃ (১৬০° ফাঃ) তাপমাত্রায় শুষ্ক অদাহ্য পদার্থের ওজনের বেশী হইবে না।

(২) ইহা যৎসামান্য পরিমাণের বেশী লেড ধারন করিবে না।

(৩) এক শতাংশ শুষ্ক পদার্থে থাকিবে মোট ৩.৩ অংশ সালফিউরিক এসিড (মুক্ত এবং সংযুক্ত), যাহার মধ্যে মুক্ত সালফিউরিক এসিড ০.১ অংশের বেশী হইবে না।

(৪) ইহার গলনাঙ্ক ১২০° সেঃ হইতে ১২২.৮° সেঃ এর মধ্যে হওয়া উচিত।

**৬। ক্লোরেট মিশ্রণের পরীক্ষণ ঃ**

পদার্থ বেশী সংবেদনশীল হইবে না এবং রাখিয়া দিলে সংবেদনশীলতা বৃদ্ধির প্রবনতা প্রদর্শন করিবে না। পদার্থটি ক্লোরেটের পরিমাণ হ্রাস করে এমন কোন পদার্থ অবশ্যই ধারন করিবেনা। পটাশিয়াম ক্লোরেট হিসাবে হিসাবকৃত ক্লোরেটের পরিমাণ ০.২৫% এর অধিক হইবে না।

পদার্থটি মুক্ত এসিড অথবা মুক্ত এসিড উৎপন্নের জন্য উপযোগী এমন পদার্থ অবশ্যই ধারন করিবে না।

নাইট্রো-যৌগ সমন্বিত ঐ ধরনের বিস্ফোরক, শ্রেণী ৩ এ অন্তর্ভুক্ত বিস্ফোরকের ন্যায় তাপ পরীক্ষা ব্যবহার করা যাইবে।

নরম কাঠের তক্তার উপর একটি শলাকার সাহায্যে তির্যকভাবে আঘাত করা হইলে যদি এইগুলি আংশিকভাবে বিস্ফোরিত করা যায় তবে বিস্ফোরকগুলি খুবই সংবেদনশীল হিসাবে বিবেচিত হইবে।

**৭। PETN- পেন্টা ইরাইথ্রিটল টেট্রানাইট্রেট ঃ**

**(ক) তাপ পরীক্ষা ঃ**

যদি নমুনা শুকনা হয় তবে ইহা একটি পরিষ্কার কাগজের উপর স্থানান্তর করা হয় এবং ধূলা-বালি মুক্ত স্থানে ভালভাবে মিশ্রিত করা হয়। তাপ পরীক্ষায় ব্যবহারের পূর্বে আর্দ্র পিইটিএন এর নমুনা সমতল তলা বিশিষ্ট পাত্রে নিয়া উন্মুক্ত রাখা হয় এবং ওজন স্থির না হওয়া পর্যন্ত পাত্রসহ নমুনাকে অনধিক ৬০° সেঃ তাপমাত্রায় একটি ওভেনে নিয়া শুষ্ক করা হয়।

অ্যালুমিনিয়াম ফানেলের সাহায্যে ১.৩ গ্রাম শুষ্ক নমুনা সতর্কভাবে একটি পরীক্ষানলে স্থানান্তর করা হয়। ফানেল হইতে অপসারণের পর আঙ্গুলের সাহায্যে চাপিয়া চাপিয়া নমুনাকে তাপ পরীক্ষা নলের তলদেশে সংগ্রহ করা হয়। এরপর ৭৬.৬° সেঃ তাপমাত্রায় ইহার তাপ পরীক্ষা করা হয় এবং পরীক্ষা সময় ১০ মিনিটের কম হইবে না।

**(খ) অন্যান্য পরীক্ষা এবং প্রয়োজনীয় জিনিসপত্র ঃ**

(১) পিইটিএন সাদা স্ফটিকাকৃতির হইতে হইবে।
(২) ইহা কাঁকরকণা, দৃশ্যমান ভেজাল দ্রব্য এবং অপদ্রব্য মুক্ত হইতে হইবে।

(৩) গলনাঙ্ক-পিইটিএন এর গলনাঙ্ক ১৩৯° সেঃ হইতে ১৪২° সেঃ তাপমাত্রার মধ্যে হইবে।
(৪) অদ্রবনীয় পদার্থঃ অ্যাসিটোনে অদ্রবনীয় পদার্থের মোট পরিমাণ ০.০৫% এর অধিক হইবে না।
(৫) উদ্বায়ী দ্রব্যঃ উদ্বায়ী পদার্থের পরিমাণ ০.১৫% এর অধিক হইবে না।
(৬) অম্- তাঃ নাইট্রিক এসিডের হিসাবে অম্- তা ০.০১% এর অধিক হইবে না।
(৭) ক্ষারকত্বঃ সোডিয়াম কার্বনেটের হিসাবে ক্ষারকত্ব ০.০১% এর অধিক হইবে না।
(৮) নাইট্রোজেনের পরিমাণঃ নাইট্রোজেনের পরিমাণ ১৭.৪০% এর কম এবং ২৭.৪০% এর অধিক হইবে না।

## পরিশিষ্ট-১ তফসিল-৩

**আদর্শ ঈষৎ রঙিন কাগজ প্রস্তুতি ঃ**

০.৪৮ গ্রাম সবচেয়ে ভাল হলুদ গিরিমাটি (ওকাব), ০.২ গ্রাম আম্বার (বাদামী রং বিশেষ), ৫ গ্রাম ভাল সাদা গাম অ্যারাবিক আলাদাভাবে মর্টারে খুব ভালভাবে গুড়া করিয়া, ১৫০ সি.সি. আয়তন বিশিষ্ট স্টপারযুক্ত বোতলে ওজন করা হয় এবং ১০০ সি.সি. পানি যোগ করা হয়। গাম দ্রবীভূত না হওয়া পর্যন্ড় ঠান্ডায় সকল অংশ ঝাঁকানো হয়। সাসপেনসন আরও ভালভাবে ঝাঁকাইয়া এক ঘন্টার জন্য স্থির রাখা হয়।

সাসপেনসনের কেন্দ্রস্থল হইতে একটি স্টাইলোগ্রাফিক কলামপূর্ণ করা হয় এবং স্কেলের সহায়তায় স্পেসিফিকেশন ঘ ফিল্টার কাগজের একটি শীটের এক পৃষ্ঠে আড়াআড়িভাবে কতকগুলো রেখা টানা হয়। এরপর ২ সে. মি. দীর্ঘ ও ১ সে.মি. প্রস্থ বিশিষ্ট আয়তাকার দাগের মধ্যে কাগজের শীটটি কাটা হয়। প্রত্যেক লাইনের প্রস্থ ০.৫ মি.মি. এর কম এবং ১ মি.মি. এর অধিক হইবে না।

ঈষৎ রঙের দাগের গভীরতায় ধারাবাহিকতা বজায় রাখিবার জন্য যে সকল ঈষৎ রঙ সমর্থনযোগ্য নহে, সেইগুলো বাতিলযোগ্য।

## পরিশিষ্ট-২ তফসিল-৩

**তাপ কাগজের প্রস্তুতি এবং পরীক্ষা ঃ**

**পটাশিয়াম আয়োডাইড ঃ**

বাণিজ্যিকভাবে প্রাপ্ত বিশুদ্ধতম পটাশিয়াম আয়োডাইড ইথানল হইতে তিনবার পুনঃস্ফটিকীকরণের মাধ্যমে পরিশোধন করা হয়, ইহার আয়তনের বিশ ভাগের এক ভাগ আয়তন বিশুদ্ধ পানি দিয়া লঘু করা হয়। ইহার স্ফটিকগুলো যথাসম্ভব ছোট রাখা হয় এবং কাঁচের পিছনে রাখা একটি পরিষ্কার ফিল্টার কাগজের উপর ছড়াইয়া দেওয়া হয় এবং অন্ধকারে শুকানো হয়। শুকানোর পর এইগুলি একটি প-াটিনাম ক্রুসিবলের তলদেশে পাতলা স্ড়র করিয়া রাখা হয় এবং বিশুদ্ধ অ্যালকোহল দ্বারা প্রজ্বলিত স্পিরিট ল্যাম্পের অনুজ্জল লাল শিখায় এক মিনিটের জন্য উত্তপ্ত করা হয়। ঠান্ডা করিবার পর স্টপারযুক্ত একটি বাদামী কাঁচের বোতলে স্ফটিকগুলো স্থানান্ড়র করা হয় এবং ইহা হইতে প্রয়োজনীয় পরিমাণ ওজন করিয়া লওয়া হয়।

প্রতিবার ব্যবহারের পূর্বে উপরে বর্ণিত উপায়ে প্রতি ব্যাচ ফিল্টার কাগজের ব্যবহারের জন্য পটাশিয়াম আয়োডাইড প্রস্তুত করা হয়।

**স্টার্চ ঃ**

ব্যবহৃত স্টার্চ হইবে সবচেয়ে ভাল ভূট্টা হইতে ময়দারূপে প্রাপ্ত স্টার্চ। ইহা ব্যবহারের পূর্বে ছয়বার বিশুদ্ধ পানি দিয়া ধৌত করিয়া আস্রাবন প্রক্রিয়ার মাধ্যমে বিশুদ্ধ করা হয়। এরপর ইহা একটি ছিদ্রযুক্ত পোরসেলিনের উপর রাখা হয়। অন্ধকারে উষ্ণ পরিবেশে শুষ্ক করা হয়। একটি বাদামী বোতলে মজুদ করা হয়, যাহা হইতে প্রয়োজনীয় পরিমাণ ওজন করিয়া লওয়া যায়।

**ভিজানো দ্রবন প্রস্তুতি ঃ**

জেনা গ-াস ফ্লাস্কে ২২০ সি.সি. বিশুদ্ধ পানি নিয়া বিশুদ্ধ স্পিরিট দিয়া প্রজ্বলিত স্পিরিট ল্যাম্পের সাহায্যে ইহার স্ফুটনাংকে ফুটানো হয়। উপরে বর্ণিত উপায়ে প্রাপ্ত ৩ গ্রাম স্টার্চ ৩০ সি.সি. বিশুদ্ধ পানির সহিত মিশাইয়া সাসপেনশন প্রস্তুত করা হয় এবং এই মিশ্রণ ২২০ সি.সি. ফুটন্ড় পানিতে ঢালিয়া বারবার ঝাঁকানো হয়। সমস্ড় মিশ্রণ মৃদুভাবে ফুটানো হয় এবং ৫ মিনিট সময় ব্যাপী মাঝে মাঝে ঝাঁকানো হয়। এইভাবে প্রাপ্ত স্টার্চ দ্রবন ২৫০ সি.সি. বিশুদ্ধ পানিতে ১ গ্রাম বিশোধিত পটাশিয়াম আয়োডাইডের দ্রবনের মধ্যে যোগ করা হয় এবং দ্রবন ভালভাবে মিশ্রিত করা হয়। এই মিশ্রণ সারারাত একটি অন্ধকার কক্ষে রাখা হয়। পরের দিন সতর্কভাবে বন্ধ নলের সাহায্যে পরিষ্কার তরল সংগ্রহ হয় এবং কাগজ ভেজানোর জন্য তৎক্ষণাৎ ব্যবহার করা হয়।

কাগজ ভিজাইতে বড় বাথের প্রয়োজন বলিয়া পর্যাপ্ত দ্রবন প্রাপ্তির জন্য উপরে বর্ণিত উপাদানসমূহের আনুপাতিক হারে বেশী পরিমাণে ব্যবহার করা হয়।

**কাগজ ভিজানো ঃ**

একমাত্র এই কাজে ব্যবহারের জন্য রক্ষিত একটি পোরসেলিন ট্রে-র মধ্যে পরিষ্কার পটাশিয়াম আয়োডাইড ও স্টার্চ দ্রবন ঢালা হয়। স্পেসিফিকেশন ঘ ফিল্টার কাগজের শীটগুলো একে একে এই দ্রবনের মধ্য দিয়া প্রবাহিত করা হয় যাহাতে ফিল্টার পেপারের ডোরা দাগের শেষ প্রান্তে ৩ সে.মি. বাদে সমস্ত অংশ দ্রবনের মধ্য দিয়া অতিক্রম করে।

ফিল্টার কাগজের শুষ্ক অংশের সাহায্যে কাগজের ডোরাদাগ ট্রে-র উপরে রাখা হয় এবং অতিরিক্ত দ্রবন অপসারণের জন্য কাগজের প্রতি পাশ দিয়া একটি কাঁচ দন্ড সঞ্চালন করা হয়। ফিল্টার কাগজের অডুবানো অংশের সাহায্যে অতঃপর ইহাকে একটি উষ্ণ অন্ধকার কক্ষে কাপ বোর্ড অথবা ওভেনে না শুকানো পর্যন্ত ঝুলাইয়া রাখা হয়। একটি ছোট টুকরার জন্য প্রতি শীটের কিনারার বাইরে ভিজা ও শুষ্ক অংশের মধ্যবর্তী সীমানা হইতে কটিয়া নেওয়া বাঞ্ছনীয়।

**পরীক্ষা কাগজ কাটা ও সজ্জিতকরণ ঃ**

তাপ পরীক্ষা কাগজ কাটা ও সজ্জিতকরণের জন্য অপারেটরকে পরিষ্কার সুতির হাত মোজা পরিতে হইবে। শীট শুকানোর পর প্রান্তে প্রায় ০.৫ সে.মি. বাদ দিয়া কাটিয়া সজ্জিত করা হয়। অডুবানো অংশের নীচ প্রান্তে ০.৫ সে.মি. ডোরাদাগ ও অন্যান্য তিন প্রান্ত হইতে কাটা হয়। অতঃপর এই শীটগুলি হালকা বাদামী রঙের কাঁচের জারের মধ্যে অন্ধকারে রাখা হয়।

যখন একপ্রস্থ কাগজ ব্যবহারের জন্য অনুমোদন করা হয় তখন ইহাকে ২ সে.মি. দীর্ঘ ও ১ সে.মি. প্রস্থ বিশিষ্ট আয়তাকার আকৃতিতে কাটা হয় এবং এই আকারেই ব্যবহার করা হয়।

এই কাজের জন্য স্বতন্ত্রভাবে বরাদ্দকৃত বিল্ডিং এ উপরে বর্ণিত ধাপসমূহ সম্পন্ন করা হয়। সূর্য রশ্মির আলো হইতে এই বিল্ডিং সুরক্ষিত করিতে হয় এবং ইহা যথাসম্ভব অন্ধকার রাখা হয়।

**তাপ পরীক্ষা কাগজের ব্যাপন (diffusion) পরীক্ষণ ঃ**

প্রয়োজনীয় যন্ত্রপাতি ও উপাদানসমূহ ঃ

| নং | | টুকরা |
|---|---|---|
| ১। | একেসন গ্রাফাইট | ১ |
| ২। | সালফিউরিক এসিড, সাধারণ দ্রবন | পর্যাপ্ত পরিমাণ |
| ৩। | অ্যানুলাস অ্যালুমিনিয়াম | ২ |
| ৪। | ক্যাপ, লাইট- টাইটপেস্ট বোর্ড | ১ |
| ৫। | সিলিন্ডার, কাঁচ, রাবার স্টপার | ১ |
| ৬। | সিলিন্ডার, ১০০ সি.সি. পরিমাপের | ১ |
| ৭। | ফেরাস অ্যামোনিয়াম সালফেট | পর্যাপ্ত পরিমাণ |
| ৮। | সিলিন্ডারাকৃতির বাদামী কাঁচের জার | ১ |
| ৯। | পিপেট, ১০ সি.সি. | ১ |
| ১০। | কাঁচের তৈরী নাড়নকাঠি | ১ |
| ১১। | প্রতি লিটারে ১.৭ গ্রাম ওজনের সোডিয়াম নাইট্রাইট দ্রবন | পর্যাপ্ত পরিমাণ |
| ১২। | ৪ টি প-াটিনাম হুকসহ রাবার স্টপার | ১ |

**পরীক্ষার প্রয়োগ ঃ**

দ্রবন ব্যবহারের পূর্বে ইহার তাপমাত্রা ১৫° সে. এ উন্নীত করা হয়। ২ গ্রাম ফেরাস অ্যামোনিয়াম সালফেট ওজন করিয়া কাঁচ জারে রাখা হয়। ৯০ সি. সি. সাধারণ সালফিউরিক এসিড যোগ করা হয় এবং কাঁচ দন্ডের সাহায্যে নাড়াইয়া দ্রবন উপযুক্ত করা হয়। অতঃপর কাঁচ জারটি ১৫° সে. মাপমাত্রার একটি ওয়াটার বাথে স্থাপন করা হয় এবং বায়ুর তাপমাত্রা ১৫° সে. হইতে ১৭° সে. এর মধ্যে রাখা হয়। পিপেটের সাহায্যে ১০ সি.সি. সোডিয়াম নাইট্রাইট দ্রবন যোগ করা হয় এবং ভালভাবে নাড়ানো হয়। একটি অ্যালুমিনিয়াম অ্যানুলাস জারের মুখের কেন্দ্র বরাবর স্থাপন করা হয় এবং গ্রাফাইটের চ্যাপ্টা

পাতের সাহায্যে মুখ বন্ধ করিয়া দেওয়া হয় এবং দ্বিতীয় আরেকটি অ্যানুলাস এর উপর রাখা হয়। সামান্য চাপ প্রয়োগ করিয়া ও ঘুরাইয়া প্রান্তদ্বয় ভালভাবে আটকানো হয়।

দ্বিতীয় অ্যানুলাসের উপর রাবার স্টপারযুক্ত সিলিন্ডার ও লাইট-টাইট ক্যাপ স্থাপন করা হয় এবং সকল যন্ত্রপাতি ২০ মিনিটের জন্য স্থির রাখা হয়। ২০ মিনিট অতিবাহিত হওয়ার পর লাইট-টাইট ক্যাপ ও কাঁচের সিলিন্ডার অপসারণ করা হয়। কয়েকবার বায়ুর চাপের সাহায্যে সিলিন্ডারের রাবার স্টপার সরানো হয়। পরীক্ষণীয় চারটি তাপ পরীক্ষা কাগজ যথাসম্ভব তাড়াতাড়ি গি- সারিন দ্রবনের সাহায্যে আর্দ্র করা হয়। সিলিন্ডারে সন্নিহিত স্টপারের প- াটিনাম হুকে স্থাপন হয় এবং সিলিন্ডার ও লাইট-টাইট ক্যাপ দ্বিতীয় অ্যানুলাসের উপর পুনরায় স্থাপন করা হয় এবং সময় লিপিবদ্ধ করা হয়।

প্রতিফলিত আলো পড়ায় যখন কাগজে আদর্শ ঈষৎ রঙ দেখা যায় সেই সময় পুনরায় লিপিবদ্ধ করা হয়। এই দুই সময়ের পার্থক্যই পরীক্ষার সময়। প্রতিফলিত আলোর সাহায্যে পঠিত আদর্শ ঈষৎ রঙিন কাগজসমূহ পার্থক্য নিরূপণের জন্য ব্যবহৃত হয়।

অতঃপর সিলিন্ডার অপসারণ করিয়া ইহার ছিপি খোলা হয়। কয়েকবার বায়ুর সাহায্যে ঢেউ দেওয়া হয় এবং তৎক্ষণাৎ এক সেট পরিষ্কার কাগজ পরীক্ষণের জন্য রাখা হয়। এরপর গ্রাফাইটের চ্যাপ্টা পাতের চার বার পরীক্ষার পর ২০০° সে. তাপমাত্রায় ১ ঘন্টা উত্তপ্ত করিয়া পুনরায় ব্যবহারের পূর্বে একটি খালি ডেসিকেটরে পটাশের উপর ১৬ ঘন্টার জন্য ঠান্ডা করিতে রাখা হয়।

প্রতি দুই দিনে চারটি কাগজের জন্য চারটি ধারাবাহিক পরীক্ষার মাধ্যমে প্রাপ্ত এক সেট কাগজ পরীক্ষা করা হয়।

## তফসিল-৪

[বিধি ১৫৯ দ্রষ্টব্য]

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

| অনুচ্ছেদ নং | লাইসেন্স ফরম | লাইসেন্সের উদ্দেশ্য | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ১৭ | বিস্ফোরক আমদানি | প্রধান পরিদর্শক |
| ২ | ১৮ | বিস্ফোরক পরিবহণ | প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। |
| ৩ | ১৯ | স্থল যান | প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। |
| ৪ (ক) | ২০ | আতশবাজি, গানপাউডার এবং অ্যামোনিয়াম নাইট্রেট ফুয়েল অয়েল (ANFO) বিস্ফোরক ব্যতীত কোন বিস্ফোরক প্রস্তুতকরণ। | প্রধান পরিদর্শক |
| ৪(খ) | ২০ | এক সময়ে অনধিক ২০০ কেজি আতশবাজি এবং গানপাউডার প্রস্তুত করা। | প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। |
| ৪(গ) | ২০ | ২০০ কেজির বেশী আতশবাজি এবং গানপাউডার প্রস্তুতকরণ। | প্রধান পরিদর্শক |
| ৪(ঘ) | ২১ | স্থানিকভাবে অ্যামোনিয়াম নাইট্রেট ফুয়েল অয়েল (ANFO) প্রস্তুতকরণ। | প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। |

| | | | |
|---|---|---|---|
| ৫(ক) | ২২ | ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরকের সহিত একত্রে ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৭ম শ্রেণীর অনধিক ২০০০ কেজি বিস্ফোরক ব্যবহারের উদ্দেশ্যে অধিকারে রাখা। | প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। |
| ৫(খ) | ২২ | ২০০০ কেজির অধিক ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৭ম এবং যে কোন পরিমাণ ৫ম, ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরক ব্যবহারের উদ্দেশ্যে অধিকারে রাখা। | প্রধান পরিদর্শক। |
| ৬(ক) | ২৩ | ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরকের সহিত একত্রে ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৭ম শ্রেণীর অনধিক ২০০০ কেজি বিস্ফোরক বিক্রয়ের উদ্দেশ্যে অধিকারে রাখা। | প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। |
| ৬(খ) | ২৩ | ২০০০ কেজির অধিক ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৭ম শ্রেণীর এবং যে কোন পরিমাণ ৫ম এবং ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরক বিক্রয়ের উদ্দেশ্যে অধিকারে রাখা। | প্রধান পরিদর্শক। |
| ৭ | ২৪ | অনধিক ২৫ কেজি গানপাউডার এবং/ বা ক্ষুদ্র অস্ত্রে ব্যবহারযোগ্য নাইট্রোযৌগ অথবা ৭ম শ্রেণীর ২য় বিভাগের ২য় উপ-বিভাগের অন্তর্ভুক্ত অনধিক ১০০ কেজি, ৭ম শ্রেণীর ২য় বিভাগের ১ম উপ-বিভাগের অন্তর্গত ১০০০ কেজি আতশবাজি অথবা অনধিক ১০,০০০ মিটার সেফটি ফিউজ কোন দোকানে বিক্রয় এবং অধিকারে রাখা। | প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। |
| ৮ | ২৫ | জনসাধারণের জন্য আতশবাজি প্রদর্শনী | ঐ |
| ৯ | স্পেশাল | অনুচ্ছেদ ৪ এ বর্ণিত উদ্দেশ্য ব্যতীত বিস্ফোরক প্রস্তুতকরণ। | প্রধান পরিদর্শক। |

## তফসিল-৫

(বিধি-২৯ ও ৩৬ দ্রষ্টব্য)

### ফরমসমূহ

## ফরম-১

<u>বিস্ফোরকের পরীক্ষণ সনদপত্র</u>

প্রত্যয়ন করা যাইতেছে যে, নিম্নবর্ণিত বিস্ফোরক নমুনাসমূহ পরীক্ষা করা হইয়াছে এবং উক্তরূপ বিস্ফোরকের জন্য প্রযোজ্য তফসিল-৩ এ পূর্ব নির্ধারিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ হইয়াছে এবং ৩য় (নাইট্রো যৌগ) বা ৪র্থ (ক্লোরেট মিশ্রণ) শ্রেণীর ১ম বিভাগের বিস্ফোরকের ক্ষেত্রে গলিত অবস্থা বা নিঃসৃত নাইট্রোজেন গি- সারিন বা তরল নাইট্রোযৌগের চিহ্ন পরিলক্ষিত হয় নাই ঃ

| আমদানীকারকের/ প্রেরকের নামও ঠিকানা * | বিস্ফোরকের বর্ণনা | প্যাকেটের সংখ্যা | উৎপাদনের তারিখ ও বিধি ৯(২) অনুসারে ব্যাচ নম্বর | তাপ পরীক্ষায় রঞ্জিত হওয়ার জন্য প্রকৃত সময় |
|---|---|---|---|---|
| | | | | |

এই সনদপত্র মাত্র ১২ মাস বলবৎ থাকিবে অর্থাৎ .............সালের ...........মাসের তারিখে ইহার মেয়াদ উত্তীর্ণ হইবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রপেল্যান্ট হিসাবে ব্যবহৃত হইবে না এমন নাইট্রোগি- সারিন যৌগের ক্ষেত্রে ইহার মেয়াদ পরবর্তী জুলাই মাসের ৩১ তারিখে উত্তীর্ণ হইবে।

তারিখ ঃ ............................ পরীক্ষণ কর্মকর্তার স্বাক্ষর ................................

স্থান ঃ ............................. পদবী .......................................................

* আমদানির ক্ষেত্রে আমদানিকারকের নাম এবং পরিবহণের ক্ষেত্রে প্রেরকের নাম উলে- খ করিতে হইবে।

## ফরম-২

[বিধি ২৬(২) দ্রষ্টব্য]

বিস্ফোরক বহনকারী জাহাজ বন্দরে প্রবেশের পূর্বে উহার মাস্টার বা শিপিং এজেন্ট কর্তৃক প্রদেয় ঘোষণা।

১। জাহাজের নাম ........................................

২। আগমনের তারিখ ....................................

৩। যে বন্দরে আগমন করিয়াছে উহার নাম.............................

| বিস্ফোরকের বর্ণনা | উৎপাদনের তারিখ, ব্যাচ নম্বর এবং বাক্সের গায়ে অন্য কোন সনাক্তকরণ চিহ্ন | বহনকৃত মোট পরিমাণ (কেজি), বাক্স | বন্দরে যে পরিমাণ খালাস করা হইবে (কেজি),বাক্স | মন্ড়ব্য |
|---|---|---|---|---|
| | | | | |

তারিখঃ জাহাজের মাস্টার বা এজেন্টের স্বাক্ষর

## ফরম-৩

[বিধি ১৫৭(৩) দ্রষ্টব্য]

বিস্ফোরক উৎপাদনের লাইসেন্স মঞ্জুর অথবা সংশোধনের জন্য দরখাস্ড়।

আমি.............................................................................. এর পক্ষে বিস্ফোরক উৎপাদনের লাইসেন্স মঞ্জুর/ লাইসেন্স নম্বর................... সংশোধনের জন্য আবেদন করিতেছি। এতদুদ্দেশ্যে আমি নিে বিস্ড়রিত বিবরণসহ প্রয়োজনীয় কাগজপত্র এতদ্‌সঙ্গে সংযুক্ত করিলাম।

১। যাহার নামে লাইসেন্স পাইতে ইচ্ছুক তাহার নাম ..................................................................

২। মর্যাদা - ব্যক্তি ......................................................................
সংস্থা ......................................................................
সমিতি.....................................................................

৩। বয়স ঃ

৪। ডাক যোগাযোগের ঠিকানা -
টেলিফোন নম্বর.............................
ফ্যাক্স নম্বর ...........................
ই-মেইল নম্বর ...........................

৫। আবেদনকারী এবং তাহার নিযুক্ত কারিগরি জ্ঞানসম্পন্ন লোকসমূহের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রত্যেকের জন্য আলাদাভাবে বিবরণ দিতে হইবে এবং প্রয়োজনে ভিন্ন ভিন্ন শীট সংযুক্ত করিতে হইবে)

৬। প্রাঙ্গণের অবস্থান ঃ
জেলা ......................................
শহর / গ্রাম ................................
থানা / উপজেলা...........................
রেল স্টেশন / স্টীমার ঘাট................

৭। উৎপাদিতব্য বিস্ফোরক ঃ
শ্রেণী ঃ ..........................................
বিভাগ (যদি থাকে) .............................
নাম ও বর্ণনা ঃ ...................................

প-্যান্টের বার্ষিক উৎপাদন ক্ষমতা .............................
প-্যান্টে কোন এক সময়ে বিস্ফোরক মজুদের সর্বোচ্চ পরিমাণ ..............................................
এক দিনে প-্যান্টে উৎপাদিত বিস্ফোরকের পরিমাণ ঃ .....................................

৮। প্রস্তুত প্রনালী প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত কি না ? অনুমোদিত হইয়া থাকিলে অনুমোদন নম্বর ও তারিখ ঃ .........................

৯। বিগত ১০ বৎসরে আবেদনকারী কোন অপরাধে দণ্ডিত হইয়াছেন কি না অথবা ফৌজদারি কার্যবিধির অধীনে মুচলেকা প্রদান করা হইয়া থাকিলে উহার বিশদ বিবরণঃ

১০। (ক) আবেদনকারীর নামে বিগত ১০ বৎসরে Explosives Act, 1884 (IV of 1884) এর অধীনে অন্য কোন লাইসেন্স মঞ্জুর করা হইয়া থাকিলে তাহার বিবরণ ঃ
(খ) কোন লাইসেন্স বাতিল বা উহার নবায়ন প্রত্যাখ্যাত হইয়া থাকিলে উহার বিশদ বিবরণ ঃ

১১। সংশোধনী প্রস্ত্মাবের বিশদ বিবরণ ঃ
অতিরিক্ত তথ্যাদি (যদি থাকে) ..........................................................................................
আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, প্রদত্ত উপরোক্ত বিবরণ সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধীকৃত ব্যক্তির পূর্ণ নাম)
নাম ঃ
ঠিকানা ঃ

তারিখঃ

## নোট

১। কোন সংস্থার নামে আবেদন করা হইলে উক্ত সংস্থার পরিচালকবৃন্দের/ অংশীদারবৃন্দের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের ব্যাপারে পত্র যোগাযোগের প্রাধিকৃত ব্যক্তি/ ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর একটি পৃথক শীটে প্রদান করিতে হইবে এবং এই দরখাস্ত্ম ফরমের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। উপরে বর্ণিত তথ্যাদির কোন পরিবর্তন হইলে তাহা অনতিবিলম্বে লাইসেন্স প্রদানকারী/ লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২। আবেদনকারী ব্যক্তির ক্ষেত্রে তাহার বয়স উলে-খ করিতে হইবে।

৩। নিম্নোক্ত কাগজপত্রাদি আবেদনপত্রের সহিত যুক্ত করিতে হইবে ঃ -
(ক) কোন স্কেল অনুযায়ী অঙ্কিত প্রস্ত্মাবিত ইমারত ও উহার পারিপার্শ্বিক অবস্থানের নকশা (নকশায় কারখানায় যাতায়াতের রাস্ত্মার পূর্ণ চিত্র প্রদর্শিত থাকিবে);
(খ) সকল ইমারত ও পরিবেষ্টনী ঢিপির অবস্থান, ধরন ও নির্মাণ কৌশল এবং নিরাপদ দূরত্ব ইত্যাদি সংক্রান্ত্ম বর্ণনা;
(গ) প্রত্যেক ইমারত বা ইহার অংশবিশেষে স্থাপিত প-ান্ট এবং যন্ত্রপাতির বিবরণ ও অবস্থান;
(ঘ) প্রত্যেক ইমারত বা ইহার অংশ বিশেষে সম্পাদিতব্য কার্যপদ্ধতির বর্ণনা;
(ঙ) পূর্ণ বা আংশিকভাবে মিশ্রিত বিস্ফোরক যাহা যে কোন সময়ে কোন ইমারতে বা মেশিনে রাখা হইবে উহার উপাদানসমূহের বিবরণ;
(চ) প্রত্যেক ইমারতে সর্বাধিক নিয়োগকৃত কর্মচারীর সংখ্যা;
(ছ) কোন ইমারত বা পূর্তকর্ম বা কার্য পদ্ধতির ধরনের কারণে উদ্ভূত কোন বিশেষ পরিস্থিতি মোকাবেলার জন্য আবেদনকারী কর্তৃক কোন বিশেষ নির্মাণ কার্য বা পদ্ধতির প্রস্ত্মাব করা হইলে উহার বিবরণ।

৪। প্রযোজ্য না হইলে বাদ দিতে হইবে।

৫। সংশোধনের ক্ষেত্রে সংশি-ষ্ট কাগজপত্র দাখিল করিতে হইবে।

## ফরম ৪

[বিধি ১৫৯(৪) দ্রষ্টব্য]

বিস্ফোরক অধিকারে রাখিবার অথবা বিক্রয় করিবার জন্য লাইসেন্স মঞ্জুর অথবা লাইসেন্স সংশোধনের জন আবেদনপত্র

আমি.......................................................... এর পক্ষে বিস্ফোরক অধিকারে রাখিবার অথবা বিক্রয় করিবার জন্য লাইসেন্স মঞ্জুর/ লাইসেন্স নং ............................এর সংশোধনীর জন্য আবেদন করিতেছে।

এই মর্মে আমি নিম্নে বিস্তারিত বিবরণসহ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করিলাম।

১। যাহার নামে লাইসেন্স পাইতে ইচ্ছুক তাহার নাম ..........................................................................
২। মর্যাদা - ব্যক্তি ..................................................................................
সংস্থা ..................................................................................
সমিতি.................................................................................
৩। বয়স ঃ ...............................................
৪। ডাক যোগাযোগের ঠিকানাঃ .....................................
টেলিফোন নম্বর ......................
ফ্যাক্স ......................
ই-মেইল ......................
৫। আবেদনকারী এবং তাহার কর্তৃক নিয়োগকৃত কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রত্যেকের জন্য আলাদাভাবে বিবরণ দিতে হইবে এবং প্রয়োজনে ভিন্ন ভিন্ন শীট সংযুক্ত করিতে হইবে) ঃ
৬। প্রাঙ্গণের অবস্থান ঃ .............................
জেলা ......................................
থানা / উপজেলা..........................
শহর / গ্রাম ................................
রেল স্টেশন / স্টীমার ঘাট................
৭। অধিকারে রাখিবার অথবা বিক্রয় করিবার জন্য প্রস্তাবিত বিস্ফোরকের বিবরণ ঃ

| নাম ও বিবরণ (শ্রেণী, বিভাগ, যদি থাকে) | পরিমাণ |
|---|---|
| (ক) | [১ মাসের মধ্যে যে কোন এক সময়] |
| (খ) | |
| (গ) | |
| (ঘ) | |
| (ঙ) | |

৮। প্রাঙ্গণের সঙ্গে সংযুক্ত কারখানা বিস্ফোরক তৈরীর জন্য লাইসেন্সকৃত কি না? লাইসেন্সকৃত হইলে লাইসেন্স নম্বরঃ ..................তারিখ................
৯। প্রাঙ্গণটি ইতোপূর্বে লাইসেন্সকৃত ছিল কি না; থাকিলে নিম্নোক্ত তথ্য উলে- খ করিতে হইবেঃ (ক) পূর্বের লাইসেন্স নম্বর ........................................তারিখ................
(খ) পূর্বের লাইসেন্সের নাম ও ঠিকানা ...........................
(গ) পূর্বের লাইসেন্স বাতিল হওয়া বা নবায়ন না হওয়ার কারণ .......................
১০। বিগত ১০ বৎসরে আবেদনকারী কোন অপরাধে দন্ডিত হইয়াছিলেন কি না অথবা ফৌজদারী কার্যবিধির অধীনে মুচলেকা প্রদান করিতে আদিষ্ট হইলে তাহার বিস্তারিত বিবরণ ঃ
১১। (ক) বিগত ১০ বৎসরে Explosives Act, 1884 (IV of 1884) এর অধীনে অন্য কোন লাইসেন্স মঞ্জুর হইয়া থাকিলে তাহার বিবরণ ঃ
(খ) কোন লাইসেন্স বাতিল বা উহার নবায়ন প্রত্যাখ্যাত হইয়াছিল কি না, হইয়া থাকিলে উহার বিবরণ দিন ঃ
১২। সংশোধন প্রস্তাবের বিস্তারিত বিবরণ ঃ
অতিরিক্ত তথ্যাদি, যদি থাকে....................................
আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোলি- খিত তথ্যাদি সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার প্রাধিকার প্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে)

তারিখ ঃ পূর্ণ নামঃ
স্থান ঃ ঠিকানা ঃ

## নোট

১। কোন সংস্থার নামে আবেদন করা হইলে উক্ত সংস্থার পরিচালকবৃন্দ/অংশীদারবৃন্দের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের ব্যাপারে পত্র যোগাযোগের প্রাধিকার প্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর একটি পৃথক শীটে প্রদান করিতে হইবে।

উপরে বর্ণিত তথ্যাদির কোন পরিবর্তন হইলে তাহা সঙ্গে সঙ্গে লাইসেন্স প্রদানকারী / লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২। আবেদনকারী ব্যক্তির ক্ষেত্রে বয়স উলে- খ করিতে হইবে।

৩। নিম্নোক্ত কাগজপত্রাদি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবেঃ

(ক) কোন স্কেলে অঙ্কিত প্রস্তাবিত ইমারত ও উহার পারিপার্শ্বিক অবস্থানের নকশা (পারিপার্শ্বিক অবস্থান নকশায় কারখানায় যাতায়াতের রাস্তার পূর্ণ চিত্র প্রদর্শিত থাকিবে);

(খ) ইমারত, বেষ্টনী বাঁধ, বজ্রবহ ইত্যাদির নির্মাণ কৌশল প্রদর্শিত নকশাসমূহ।

৪। যাহা প্রযোজ্য নহে, তাহা মুছিয়া ফেলিতে হইবে।

# ফরম ৫

[বিধি ১৫৯(৪) দ্রষ্টব্য]

বিস্ফোরক ব্যবহারের নিমিত্তে অধিকারে রাখিবার লাইসেন্স মঞ্জুর অথবা সংশোধনের জন্য আবেদন পত্র

আমি......................................................... এর পক্ষে বিস্ফোরক ব্যবহারের নিমিত্তে অধিকারে রাখিবার লাইসেন্স মঞ্জুর / লাইসেন্স নং ......................... সংশোধনের জন্য আবেদন করিতেছি। এই মর্মে আমি নিম্নে বিস্তারিত বিবরণসহ প্রয়োজনীয় কাগজপত্র এতদ্সঙ্গে সংযুক্ত করিলাম ঃ

জবাব এই কলামে লিখিতে হইবে

১। যাহার নামে লাইসেন্স পাইতে ইচ্ছুক তাহার নামঃ

২। মর্যাদা ঃ

৩। বয়স (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

৪। ডাক যোগাযোগের ঠিকানাঃ

৫। আবেদনকারী এবং তাহার কর্তৃক নিয়োগকৃত কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রত্যেকের জন্য আলাদাভাবে বিবরণ দিতে হইবে এবং প্রয়োজনে ভিন্ন ভিন্ন শীট সংযুক্ত করিতে হইবে)

৬। মজুদ প্রাঙ্গণের অবস্থান ঃ

জেলা ঃ

থানা / উপজেলাঃ

শহর / গ্রামঃ

রেল স্টেশন / স্টীমার ঘাটঃ

৭। ব্যবহারের জন্য মজুতব্য প্রস্তাবিত বিস্ফোরক ঃ

| নাম ও বিবরণ | শ্রেণী | বিভাগ | যে কোন এক সময়ে উহার পরিমাণ |
|---|---|---|---|
| (ক) | | | |
| (খ) | | | |
| (গ) | | | |
| (ঘ) | | | |
| (ঙ) | | | |

৮। প্রাঙ্গণটি ইতোপূর্বে লাইসেন্সকৃত ছিল কি না ? থাকিলে -

(ক) পূর্বের লাইসেন্স নম্বর ঃ তারিখঃ

(খ) পূর্বের লাইসেন্সের নাম ও ঠিকানা ঃ

(গ) পূর্বে লাইসেন্স বাতিল হওয়া/ নবায়ন না হওয়ার কারণ ঃ

৯। প্রতিদিন ব্যবহারের জন্য প্রস্তাবিত বিস্ফোরক ঃ

| নাম ও বিবরণ | শ্রেণী | বিভাগ | পরিমাণ |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |

১০। যে স্থানে বিস্ফোরক ব্যবহার করা হইবে উহার বিস্তারিত বিরবণ ঃ

১১। ছক-৬ এ উলি- খিত বিস্ফোরক মজুদ প্রাঙ্গণ হইতে বিস্ফোরক ব্যবহারের স্থানের দূরত্ব ঃ

১২। বিস্ফোরক পরিবহণের ধরন ঃ

১৩। সড়ক ভ্যানের লাইসেন্স নম্বর (যদি ব্যবহৃত হইয়া থাকে) ঃ

১৪। বিগত ১০ বৎসরে আবেদনকারী কোন অপরাধে দন্ডিত হইয়াছিলেন কি না অথবা ফৌজদারি কার্যবিধির অধীনে মুচলেকা প্রদান করিতে আদিষ্ট হইয়া থাকিলে তাহার বিবরণ ঃ

১৫। (ক) বিগত ১০ বৎসরে আবেদনকারীর নামে Explosives Act, 1884 (IV of 1884) এর অধীনে মঞ্জুরীকৃত অন্য কোন লাইসেন্স (যদি থাকে) উহার বিবরণ ঃ ..................................................

(খ) কোন লাইসেন্স বাতিল/উহার নবায়ন প্রত্যাখ্যাত হইয়াছিল কি না, হইয়া থাকিলে উহার বিস্তারিত বিবরণঃ

১৬। সংশোধনী প্রস্তাব / অতিরিক্ত তথ্যাদি, যদি থাকে, উহার বিস্তারিত বিবরণ ঃ

আমি এতদ্দ্বারা প্রত্যয়ন করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)

তারিখ ঃ নাম ঃ
স্থান ঃ ঠিকানা ঃ

<u>নোট</u>

১। কোন সংস্থার নামে আবেদন করা হইলে উক্ত সংস্থার পরিচালকবৃন্দ / অংশীদারবৃন্দের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের ব্যাপারে পত্র যোগযোগের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি / ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর একটি পৃথক শীটে প্রদান করিতে হইবে এবং আবেদনপত্রের সহিত উহা সংযুক্ত করিতে হইবে।

উপরে বর্ণিত তথ্যাদির কোন পরিবর্তন হইলে তাহা সঙ্গে সঙ্গে লাইসেন্স প্রদানকারী / লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২। আবেদনকারী ব্যক্তির ক্ষেত্রে তাহার বয়স উলে- খ করিতে হইবে।

৩। নিম্নোক্ত কাগজপত্রাদি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে ঃ

(ক) কোন স্কেলে অঙ্কিত প্রস্তাবিত ইমারত ও উহার পারিপার্শ্বিক স্থাপনাদির নকশা (পারিপার্শ্বিক অবস্থানাদি সংক্রান্ত নকশায় কারখানায় যাতায়াতের রাস্তার পূর্ণ চিত্র প্রদর্শিত থাকিবে);

(খ) যে এলাকায় বিস্ফোরক মজুদ এবং নাড়াচাড়া করা হইবে সেই এলাকার নকশা (উক্তরূপ নকশায় পারিপার্শ্বিক সড়ক, ভূমি, পূর্তকর্মের অবস্থানের দূরত্ব প্রদর্শিত থাকিবে)।

৪। যাহা প্রযোজ্য নহে, তাহা মুছিয়া ফেলিতে হইবে।

## ফরম ৬

[বিধি-১৫৯(৫) দ্রষ্টব্য]

### বিস্ফোরক আমদানির লাইসেন্সের জন্য আবেদনপত্র

আমি.................................................................................... এর পক্ষে বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর অধীনে বিস্ফোরক আমদানির লাইসেন্সের জন্য আবেদন করিতেছি এবং এতদুদ্দেশ্যে আমি নিম্নে বিস্তারিত বিবরণসহ প্রয়োজনীয় কাগজপত্র এতদ্সঙ্গে সংযুক্ত করিলাম ঃ

১। যাহার নামে লাইসেন্স পাইতে ইচ্ছুক তাহার নাম ঃ

২। মর্যাদা- ব্যক্তি..............................................................................
সংস্থা ..............................................................................
সমিতি..............................................................................

৩। ডাক যোগাযোগের ঠিকানা ঃ

৪। এক সঙ্গে আমদানির জন্য প্রস্তাবিত বিস্ফোরক ঃ

| নাম ও বিবরণ | শ্রেণী | বিভাগ (যদি থাকে) | পরিমাণ |
| --- | --- | --- | --- |
| | | | |

৫। আমদানিতব্য বিস্ফোরক প্রাধিকৃত কি না ঃ
৬। আমদানিতব্য বিস্ফোরকের উৎপাদনকারীর নাম ও ঠিকানা ঃ
৭। যে প্রাঙ্গণে বিস্ফোরক মজুদ করা হইবে উহার বিস্তারিত বিবরণ ঃ

| লাইসেন্সধারী | লাইসেন্স নম্বর ও ফরম | লাইসেন্সের মেয়াদ | প্রাঙ্গণের ঠিকানা | মজুদের পরিমাণ |
|---|---|---|---|---|
| | | | | |

৮। যে বন্দরে আমদানি করা হইবে উহার নাম ঃ
৯। বিগত ১০ (দশ) বৎসরে আবেদনকারী কোন অপরাধে দণ্ডিত হইয়াছিলেন কি না অথবা ফৌজদারি কার্যবিধির অধীনে মুচলেকা প্রদান করিতে আদিষ্ট হইয়া থাকিলে তাহার বিবরণ ঃ
১০। বিগত ১০ (দশ) বৎসরে Explosives Act, 1884 (IV of 1884) এর অধীনে আবেদনকারী কর্তৃক গৃহীত কোন লাইসেন্স বাতিল অথবা উহার নবায়ন প্রত্যাখ্যাত হইয়া থাকিলে উহার বিবরণ ঃ
১১। অন্য কোন তথ্য (যদি থাকে)ঃ

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি সত্য ও সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)
পূর্ণ নামঃ
ঠিকানা ঃ

তারিখ ঃ
স্থান ঃ

<u>নোট</u>

কোন সংস্থার নামে আবেদন করা হইলে উক্ত সংস্থার পরিচালকবৃন্দ/ অংশীদারবৃন্দের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের পত্র যোগাযোগের ব্যাপারে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি / ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর পৃথকশীটে দিতে হইবে এবং এই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

## ফরম ৭

(বিধি-১৫৯(৬) দ্রষ্টব্য)

বিস্ফোরক পরিবহণের লাইসেন্স মঞ্জুর / সংশোধনের জন্য আবেদনপত্র

আমি ............................................... .............................. এর পক্ষে বিস্ফোরক পরিবহণের লাইসেন্স মঞ্জুর / লাইসেন্স নং .......................... সংশোধনের জন্য আবেদন করিতেছি। এতদুদ্দেশ্যে আমি নিম্নে বিস্তারিত বিবরণসহ প্রয়োজনীয় কাগজপত্র এতদ্সঙ্গে সংযুক্ত করিলাম ঃ

১। আবেদনকারী নাম ঃ
২। আবেদনকারীর ডাকযোগাযোগের ঠিকানা ঃ
৩। আবেদনকারী কর্তৃক বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর অধীনে যে স্থান হইতে বিস্ফোরক পরিবহণ করা হইবে উক্ত স্থানের গৃহীত লাইসেন্সের বিবরণ ঃ

বিস্ফোরক অধিকারে রাখিবার এবং বিক্রয় অথবা ব্যবহারের জন্য মঞ্জুরীকৃত লাইসেন্সের নং ঃ
প্রাঙ্গণের অবস্থান ..........................................
লাইসেন্সকৃত ধারনক্ষমতা.................................
বিস্ফোরকের নাম...........................................
শ্রেণী........................................................
বিভাগ (যদি থাকে).......................................
পরিমাণ ..................

কত তারিখ পর্যন্ড় লাইসেন্স বলবৎ আছে..................

৪। পরিবহণকৃত বিস্ফোরক যে স্থানে রাখা হইবে তাহার বিবরণ ............................

৫। ভ্যানের জন্য বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর অধীনে আবেদনকারীর অন্য কোন লাইসেন্স আছে কি না, যদি থাকে তাহার বিবরণ ঃ

৬। বিগত ১০ (দশ) বৎসরে আবেদনকারী কোন অপরাধে দন্ডিত হইয়াছিলেন কি না অথবা ফৌজদারি কার্যবিধির অধীনে মুচলেকা প্রদান করিতে আদিষ্ট হইয়া থাকিলে তাহার বিবরণ ঃ

৭। বিগত ১০ (দশ) বৎসরে Explosives Act, 1884 (IV of 1884) এর অধীনে আবেদনকারী কর্তৃক গৃহীত কোন লাইসেন্স বাতিল অথবা উহার নবায়ন প্রত্যাখ্যাত হইয়া থাকিলে উহার বিবরণ ঃ

৮। প্রস্ড়াবিত সংশোধনীর বিবরণ ঃ

৯। অন্য কোন তথ্য (যদি থাকে) ঃ

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)

তারিখ ঃ ......................     পূর্ণ নামঃ....................................

স্থান ঃ..........................     ঠিকানা ঃ ..................................

<u>নোট</u>

১। কোন সংস্থার নামে আবেদন করা হইলে উক্ত সংস্থার পরিচালকবৃন্দ/ অংশীদারবৃন্দের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের পত্র যোগাযোগের ব্যাপারে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি / ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর পৃথকশীটে দিতে হইবে এবং এই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

উপরে বর্ণিত তথ্যাদির কোন পরিবর্তন হইলে উহা অনতিবিলম্বে লাইসেন্স মঞ্জুরকারী / নবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২। আবেদনকারী ব্যক্তির ক্ষেত্রে বয়স উলে- খ করিতে হইবে।

## ফরম ৮

(বিধি ১৫৯(৭) দ্রষ্টব্য)

রোড ভ্যানের মাধ্যমে বিস্ফোরক পরিবহণের নিমিত্তে লাইসেন্সের জন্য আবেদনপত্র

আমি ............................................................................এর পক্ষে রোড ভ্যানের মাধ্যমে বিস্ফোরক পরিবহণের নিমিত্তে লাইসেন্সের জন্য আবেদন করিতেছি। এতদুদ্দশ্যে আমি নিম্নে বিস্ড়ারিত বিবরণসহ প্রয়োজনীয় কাগজপত্র এতদ্‌সঙ্গে সংযুক্ত করিলাম ঃ

১। যাহার নামে লাইসেন্স পাইতে ইচ্ছুক তাহার নাম ঃ

২। মর্যাদা ঃ ব্যক্তি..........................................................................
সংস্থা..........................................................................
সমিতি..........................................................................

৩। বয়স (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

৪। ডাক যোগাযোগের ঠিকানা ঃ টেলিফোন নম্বর......................,ফ্যাক্স নম্বর.............,-মেইল ......................

৫। যান সাধারণতঃ যেখানে রাখা হইবে সেই স্থানের ঠিকানা ঃ

৬। যে বিস্ফোরক বহন করা হইবে ঃ

৭। যে স্থানসমূহের মধ্যে যানটি যাতায়াত করিবে ঃ

৮। একমাত্র ব-াস্টিং সাইটে বিস্ফোরক পরিবহণের জন্য ব্যবহৃত হইবে কি না? হইলে উক্ত কার্যক্রমের সহিত সংশি-ষ্ট এলাকার বিবরণ ঃ

৯। (ক) যানের বিবরণ ঃ
নির্মাণকারীর নাম ঃ
নিবন্ধন নম্বর ঃ
ইঞ্জিন নম্বর ঃ
চেচিস নম্বর ঃ
(খ) যানের গ্রস ওজনের রেটিং ............................ কেজি
(গ) অবোঝাইকৃত যানের ওজন ........................... কেজি
(ঘ) টায়ারের বিবরণ ঃ

| | সাইজ | ঘূর্ণন হার | শীতল স্ফীতি চাপে প্রতিটি টায়ারে সর্বোচ্চ বোঝা | সংখ্যা |
|---|---|---|---|---|
| সম্মুখ | | | | কেজি @ |
| পিছন | | | | কেজি @ |

মোট সর্বোচ্চ বোঝা =
প্রতিটি পৃথক টায়ারে মোট বোঝা × সংখ্যা =

১০। যানের অন্যান্য ফিটিংস এর বর্ণনা ঃ

১১। বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বহন ক্ষমতা ...............................................

১২। বিগত ১০ (দশ) বৎসরে আবেদনকারী কোন অপরাধে দ-িত হইয়াছিলেন কি না অথবা ফৌজদারি কার্যবিধির অধীনে মুচলেকা প্রদান করিতে আদিষ্ট হইয়া থাকিলে তাহার বিবরণ ঃ

১৩। বিগত ১০ (দশ) বৎসরে Explosives Act, 1884 (IV of 1884) এর অধীনে আবেদনকারী কর্তৃক কোন লাইসেন্স বাতিল অথবা উহার নবায়ন প্রত্যাখ্যাত হইয়া থাকিলে উহার বিবরণ ঃ

১৪। অতিরিক্ত তথ্যাদি যদি থাকে ঃ

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোলি-খিত তথ্যাদি সঠিক এবং এই যানের প্রত্যেক চালককে সংশি-ষ্ট আইন এবং ইহার অধীনে প্রণীত বিধিমালার বিধান সম্পর্কে নির্দেশনা প্রদান করা হইবে।

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)
পূর্ণ নামঃ
ঠিকানা ঃ

তারিখ ঃ
স্থান ঃ

<u>নোট</u>

১। কোন সংস্থার নামে আবেদন করা হইলে উক্ত সংস্থার পরিচালকবৃন্দ ও অংশীদারবৃন্দের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের পত্র যোগাযোগের ব্যাপারে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি / ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর পৃথকশীটে দিতে হইবে এবং এই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

উপরে বর্ণিত তথ্যদির কোন পরিবর্তন হইলে তাহা সঙ্গে সঙ্গে লাইসেন্স মঞ্জুরকারী / নবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২। আবেদনকারী ব্যক্তির ক্ষেত্রে বয়স উলে-খ করিতে হইবে।

৩। আবেদনকারীকে সড়ক ভ্যান যানটির সম্পূর্ণ নির্মাণ কৌশল, ফিটিং ও নিরাপত্তা ব্যবস্থা প্রদর্শিত নকশা দাখিল করিতে হইবে। যানটির অতিরিক্ত যন্ত্রপাতি / ফিটিংস এর বিবরণীও পরিষ্কারভাবে নকশায় প্রদর্শিত থাকিতে হইবে।

৪। মোট সর্বোচ্চ বোঝা অবশ্যই যানের গ্রাস ওজন রেটিং এর সমান বা অধিক হইবে।

৫। যাহা প্রযোজ্য নহে তাহা মুছিয়া ফেলিতে হইবে।

## ফরম ৯

[বিধি-১৫৯(৮) দ্রষ্টব্য]

সর্বসাধারণের প্রদর্শনের জন্য আতশবাজীর লাইসেন্স মঞ্জুরের আবেদনপত্র

আমি............................................ ................................... এর পক্ষে বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর অধীনে আতশবাজী অধিকারে রাখিবার ও ব্যবহার করিবার নিমিত্তে লাইসেন্স মঞ্জুরের জন্য আবেদন করিতেছি। এতদুদ্দেশ্যে আমি নিম্নে বিস্ড়ড়রিত বিবরণসহ প্রয়োজনীয় কাগজপত্র এতদ্‌সঙ্গে সংযুক্ত করিলাম ঃ

১। যাহার নামে লাইসেন্স পাইতে ইচ্ছুক তাহার নাম ঃ

২। বয়স ঃ

৩। ডাক যোগাযোগের ঠিকানা ঃ

৪। আবেদনকারী এবং তাহার কর্তৃক নিয়োগকৃত উপযুক্ত ব্যক্তিবর্গের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ

৫। প্রদর্শনী তদারককারী ব্যক্তিবর্গের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা .................................................

৬। ব্যবহৃতব্য আতশবাজীর বিবরণ ও পরিমাণ ঃ

৭। যাহার নিকট হইতে আতশবাজী সংগ্রহ করা হইবে তাহার-

নাম ঃ

ঠিকানা ঃ

(ক) তাহার অনুকূলে জারীকৃত লাইসেন্সের নম্বর ও লাইসেন্সের মেয়াদঃ

(খ) যেখানে আতশবাজী মজুদ করা হইবে সেই স্থানের ঠিকানা ও লাইসেন্স নম্বর ঃ

৮। যে আতশবাজী প্রদর্শন করা হইবে উহার বিবরণ ও পরিমাণ ঃ

৯। প্রদর্শনীর সময় ও প্রদর্শনী স্থানের ঠিকানা ঃ

১০। বিগত ১০ (দশ) বৎসরে আবেদনকারী কোন অপরাধে দন্ডিত হইয়াছিলেন কি না অথবা ফৌজদারি কার্যবিধির অধীনে মুচলেকা প্রদান করিতে আদিষ্ট হইয়া থাকিলে তাহার বিবরণ ঃ

১১। বিগত ১০ (দশ) বৎসরে Explosives Act, 1884 (IV of 1884) এর অধীনে আবেদনকারী কর্তৃক গৃহীত কোন লাইসেন্স বাতিল অথবা উহার নবায়ন প্রত্যাখ্যাত হইয়া থাকিলে উহার বিবরণ ঃ

১২। প্রস্ড়াবিত সংশোধনীর বিবরণ ঃ

১৩। অন্য কোন তথ্য (যদি থাকে) ঃ

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত তথ্যাদি সত্য ও সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)

তারিখ ঃ পূর্ণ নাম ঃ

স্থান ঃ ঠিকানা ঃ

<u>নোট ঃ</u>

১। কোন সংস্থার নামে আবেদন করা হইলে উক্ত সংস্থার পরিচালকবৃন্দ/ অংশীদারবৃন্দের নাম ও ঠিকানা এবং আবেদনকৃত লাইসেন্সের পত্র যোগাযোগের ব্যাপারে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি / ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর পৃথকশীটে দিতে হইবে এবং এই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

উপরে বর্ণিত তথ্যদির কোন পরিবর্তন হইলে তাহা সঙ্গে সঙ্গে লাইসেন্স মঞ্জুরকারী / নবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২। আবেদনকারী কোন ব্যক্তির ক্ষেত্রে বয়স উলে- খ করিতে হইবে।

৩। ফরমের গায়ে যদি জায়গার সংকুলান না হয় তবে আলাদা শীট সংযুক্ত করা যাইবে।

## ফরম ১০

[বিধি-১৫৯(৯) দ্রষ্টব্য]

শট ফায়ার এর পারমিটের জন্য আবেদনপত্র

আমি এতদ্‌দ্বারা বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর অধীনে শট ফায়ারার এর পারমিটের জন্য আবেদন করিতেছি।

১। আবেদনকারীর নাম ঃ

২। আবেদনকারীর বয়স ঃ
৩। ডাক যোগাযোগের ঠিকানা ঃ
৪। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরোলি- খিত বিবরণ সত্য ও সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর
আবেদনের তারিখ ঃ

---

*নোট ঃ জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।*

## ফরম-১১

[বিধি-১৬৮(৪) দ্রষ্টব্য]

লাইসেন্স নবায়নের দরখাস্ড়।

প্রেরক ঃ
প্রাপক ঃ

প্রিয় মহোদয় ,

আমি / আমরা ..... ফরম লাইসেন্স নং .......................... হইতে..............পর্যন্ড় মেয়াদের জন্য নবায়নের আবেদন করিতেছি এবং নিম্নোক্ত তথ্যাদি প্রদান করিতেছি ঃ

বিগত ২ বৎসরে-

(১) আমি/ আমরা

(ক) কোন অপরাধে দন্ডিত হই নাই/ নিম্নোক্ত অপরাধে .....মেয়াদের জন্য দন্ডিত হইয়াছি ;

(খ) ফৌজদারী কার্যবিধির অধীনে শৃঙ্খলা রক্ষা বা ভাল আচরণের জন্য মুচলেকা প্রদান করিতে আদিষ্ট হই নাই/হইয়াছি।

(২) বিস্ফোরক আইনের অধীনে আমার/আমাদের নামে মঞ্জুরকৃত ...... ফরম লাইসেন্স নং .......................... বাতিল করা হইয়াছিল / নবায়ন করা হয় নাই।

আমি / আমরা নিম্নে আরও কাগজপত্র সংযুক্ত করিতেছি-

(১) অনুমোদিত নকশা ও তফসিলসহ...... ফরম লাইসেন্স নং ..........................তারিখ................. ।

(২) নবায়ন ফি ................. ।

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)

তারিখ ঃ পূর্ণ নাম ঃ
স্থান ঃ ঠিকানা ঃ

---

নোট ঃ বিলম্ব ফি প্রদান এড়ানোর স্বার্থে সম্পূর্ণ নবায়নের দরখাস্ড় লাইসেন্সের মেয়াদ অতিক্রম হওয়ার অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছাইতে হইবে। মেয়াদ শেষ হওয়ার দিন বা তৎপূর্বে নবায়নের দরখাস্ড় না পাওয়া গেলে লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ বলিয়া গণ্য হইবে।

## ফরম ১২

[বিধি ২৫(ক) দ্রষ্টব্য]

আমদানিস্থল বা বন্দর হইতে বিস্ফোরক বোঝাই /প্রেরণ করা মাত্র আমদানীকারক কর্তৃক প্রধান পরিদর্শককে প্রদেয় বিবরণী ঃ

| আমদানিকারকের নাম ও ঠিকানা | আমদানি লাইসেন্স, আমদানির জন্য অনুমোদিত বিস্ফোরকের ধরন ও পরিমাণ এবং লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ | বিস্ফোরক বিধিমালার অধীনে প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত আমদানি লাইসেন্সের নম্বর ও মেয়াদ উত্তীর্ণের তারিখ | বিস্ফোরক প্রস্তুতকারকের নাম ও ঠিকানা | প্রেরকের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |

| প্রেরণের স্থান বা বন্দর | জাহাজ বা এয়ার লাইনের নাম ও যাত্রার তারিখ | আমদানি স্থল বা বন্দর | পৌঁছার সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|
| | | | |

**জাহাজ বা বিমানে পরিবহণকৃত বিস্ফোরকের ধরন ও পরিমাণ**

| নাম ও বিবরণ | শ্রেণী ও বিভাগ | তৈরীর তারিখ | ব্যাচ নম্বর | পরিমাণ | প্যাকেজের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)

তারিখ ঃ
পূর্ণ নাম ঃ
স্থান ঃ
ঠিকানা ঃ

## ফরম-১৩

আমদানিকারকের প্রেরণ তফসিল
[বিধি ২৫ (খ) দ্রষ্টব্য]

আমদানিস্থল বা বন্দর হইতে বিস্ফোরকের চালান মুক্ত হওয়ার সঙ্গে সঙ্গে এই ফরমটি পূরণ করিয়া তিন কপি প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

| আমদানিকারকের নাম ও ঠিকানা | প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত আমদানি লাইসেন্স নম্বর ও মেয়াদ উত্তীর্ণের তারিখ | বিস্ফোরকের বিবরণ | বিস্ফোরক প্রস্তুতকারকের নাম ও ঠিকানা | প্রেরকের নাম ও ঠিকানা | আমদানিকৃত বিস্ফোরকের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| | যে স্থান বা বন্দর হইতে বিস্ফোরক প্রেরণ করা হইয়াছে তাহার নাম | জাহাজ বা এয়ার লাইনের নাম | পৌঁছার তারিখ এবং স্থান বা বন্দরের নাম |
|---|---|---|---|
| আমদান স্থল বা | | | |

বন্দর হইতে প্রেরণের বিবরণী ঃ

| যে লাইসন্সধারীর নামে বিস্ফোরক প্রেরণ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা | লাইসেন্স নম্বর ও ফরম | প্রেরিত বিস্ফোরকের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নাম ও বিবরণ | শ্রেণী ও বিভাগ | পরিমাণ | প্যাকেজের সংখ্যা | ব্যাচ নং ও তারিখ |
| | | | | | | |

| প্রেরণের তারিখ | প্রেরণের ধরন | স্থলপথে প্রেরিত হইলে ভ্যানের লাইসেন্স নম্বর |
|---|---|---|
| | | |

আবেদনকারীর স্বাক্ষর
(কোন সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)

তারিখ ঃ
স্থান ঃ

পূর্ণ নাম ঃ
ঠিকানা ঃ

## ফরম ১৪

[বিধি ৩৪ (২) দ্রষ্টব্য]

### বিস্ফোরক পরিবহণ লাইসেন্সধারী কর্তৃক প্রদেয় বিস্ফোরকের চালান এর জন্য মঞ্জুরীকৃত পাস

১। নং .........................................

| ক্রমিক নং | নাম ও বিবরণ | শ্রেণী | বিভাগ, যদি থাকে | পরিমাণ | প্যাকেট সংখ্যা | ব্যাচ নং ও তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | |
| ২ | | | | | | |
| ৩ | | | | | | |
| ৪ | | | | | | |
| ৫ | | | | | | |

২। নিম্নলিখিত বিস্ফোরকসম্বলিত ............. টি প্যাকেট এই পাসের অন্তর্ভুক্ত ঃ

..........................হইতে......................... পর্যন্ত স্থানান্তরের জন্য।

৩। রেল/স্থল ভ্যান নং ............, লাইসেন্স নং ..................., যাহার মেয়াদ .......... তারিখ পর্যন্ত বলবৎ/ লরি নং......../ বা অন্য কোন যন্ত্রচালিত নয় এমন যানের সাহায্যে এই বিস্ফোরক পরিবহণ করা হইতেছে।

৪। প্রাপকের নাম ও ঠিকানা ..........................................................................

৫। প্রাপকের লাইসেন্স নম্বর ও ফরম................................................................

৬। প্রাপকের আদেশ নম্বর ও তারিখ এবং চাহিদাকৃত প্রত্যেক বিস্ফোরকের পরিমাণ.................................

৭। বিস্ফোরক গ্রহণ করিবার প্রস্তুতি সংক্রান্ত প্রাপকের চিঠি নং ও তারিখ ............... ................................

৮। চালান প্রেরণের তারিখ ....................................

৯। চালান গন্তব্যস্থলে পৌঁছার সম্ভাব্য তারিখ ...................................

স্বাক্ষর
পরিবহণ লাইসেন্সধারীর লাইসেন্সের নম্বর.........

# ফরম-১৫

[বিধি ১৬১(১) দ্রষ্টব্য]

ম্যাগাজিন / মজুদাগার/ কারখানার চতুর্পার্শ্বে প্রয়োজনীয় দূরত্ব বজায় রাখিতে হইবে

নিম্নলিখিত ইমারত ও পূর্তকর্ম হইতে বিস্ফোরক মজুদ / উৎপাদনের লাইসেন্সকৃত ম্যাগাজিন / মজুদাগার/ কারখানার চতুর্পার্শ্বে নিরাপদ দূরত্ব বজায় রাখিতে হইবে ঃ

| ইমারত ও পূর্তকর্ম | অন্যূন নিরাপদ দূরত্ব বজায় রাখিতে হইবে | | প্রকৃত বজায়কৃত দূরত্ব (আবেদনকারী কর্তৃক পূরণ করিতে হইবে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ঢিপি বেষ্টিত ২(ক) | ঢিপি বেষ্টিত নয় ২(খ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

১। ম্যাগাজিনের সহিত সংশি- ষ্ট কক্ষ বা ওয়ার্কশপ।
২। আবেদনকারীর অন্যান্য ম্যাগাজিন বা মজুদাগার বা কারখানা।
৩। ম্যাগাজিন অফিস।
৪। ম্যাগাজিনের প্রহরী বা চৌকিদারের বসবাসের ঘর।
৫। খনিজ বহনকারী বা ব্যক্তি মালিকাধীনসহ রেল লাইন।
৬। খাল (ব্যবহারযোগ্য) বা অন্য নাব্য জলরাশি।
৭। ডক, উত্তরণ মঞ্চ বা জেটি।
৮। জনপথ বা সড়ক।
৯। মসজিদ বা অন্য কোন উপাসনালয়, হাসপাতাল, কলেজ, স্কুল বা কারখানায় গমনাগমনের মূখ্যপথ হিসাবে ব্যবহৃত ব্যক্তিগত সড়ক।
১০। নদীর বাঁধ বা সাগরের বাঁধ বা জনসাধারণের কূপ।
১১। জলাশয়, বাঁধ পরিবেষ্টিত পুকুর বা রজ্জুপথ।
১২। বসতবাড়ী।
১৩। সরকারী বা বেসরকারী ইমারত।
১৪। মসজিদ বা অন্য উপাসনালয়।
১৫। দোকান, বাজারস্থল, জনসাধারণের বিনোদন বা খেলার মাঠ, কলেজ, স্কুল, হাসপাতাল, থিয়েটার, সিনেমা বা অন্য ইমারত যেখানে জনসাধারণ একত্রিত হয়।
১৬। কারখানা।
১৭। পেট্রোলিয়াম, স্পিরিট, গ্যাস বা অন্য দাহ্য পদার্থ বা বিপজ্জনক পদার্থ বাল্কে মজুদের জন্য ব্যবহৃত হয় এমন ইমারত বা পূর্তকর্ম।
১৮। বিস্ফোরক বা বিস্ফোরক সম্বলিত কোন জিনিস মজুদ বা তৈরীর জন্য ব্যবহৃত হয় এমন ইমারত বা পূর্তকর্ম।
১৯। বিমানবন্দর।
২০। চুলি- , ভাটি বা চিমনি।
২১। পাথরখাদ বা খনিমুখ
২২। বিদ্যুৎ কেন্দ্র বা সাব-স্টেশন।
২৩। বেতার স্টেশন।
২৪। ওয়ারহাউজ বা অন্য মজুদাগার।
২৫। ৪৪০ ভোল্টের অধিক ক্ষমতাসম্পন্ন ওভারহেড বিদ্যুৎ পরিচালন লাইন।
২৬। ৪৪০ ভোল্টের নিম্নে ক্ষমতাসম্পন্ন ওভারহেড বিদ্যুৎ পরিচালন লাইন।

প্রত্যয়ন করিতেছি যে, উপরে প্রদত্ত জবাবগুলি ব্যক্তিগতভাবে পরীক্ষা করিয়াছি এবং প্রাঙ্গণের চতুর্পার্শ্বের বর্ণনাদি সত্য ও সঠিক।

তারিখ ঃ ......................
স্থান ঃ .....................

আমদানিকারকের স্বাক্ষর

(সংস্থার ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তি)
ডাকযোগাযোগের ঠিকানা ...........................

---

** প্রথমে প্রাঙ্গণ স্থাপনকালেই শুধু এই দূরত্ব বজায় রাখিতে হইবে না বরং লাইসেন্স বলবৎকাল পর্যন্ড় বজায় রাখিতে হইবে।*

## ফরম ১৬

[বিধি ১৬১(৩) দ্রষ্টব্য]

...................................নামে মঞ্জুরকৃত......... ফরম লাইসেন্স নং..................................বলবৎকালীন সময়ে ম্যাগাজিন / কারখানা/ মজুদাগারের চতুর্পার্শ্বে নিরাপদ দূরত্ব বজায় রাখিতে হইবে।

| ম্যাগাজিন / কারখানা / মজুদাগার এর চতুর্দিকে যে দূরত্ব বজায় রাখিতে হইবে ঃ | প্রত্যেকটি হইতে | অন্যূন দূরত্ব (মিটারে) |
|---|---|---|

১। ম্যাগাজিনের সহিত সংশি- ষ্ট কক্ষ বা ওয়ার্কশপ।
২। আবেদনকারীর অন্যান্য ম্যাগাজিন বা মজুদাগার বা কারখানা।
৩। ম্যাগাজিন অফিস।
৪। ম্যাগাজিনের প্রহরী বা চৌকিদারের বসবাসের ঘর।
৫। খনিজ বহনকারী এবং ব্যক্তি মালিকানাধীন রেল লাইন।
৬। খাল (ব্যবহারযোগ্য) বা অন্য নাব্য জলরাশি।
৭। ডক বা উত্তরণ মঞ্চ বা জেটি।
৮। জনপথ বা সড়ক।
৯। মসজিদ বা অন্য কোন উপাসানালয়, হাসপাতাল, কলেজ, স্কুল বা কারখানায় গমনাগমনের মূখ্য পথ হিসাবে ব্যবহৃত ব্যক্তিগত সড়ক।
১০। নদীর বাঁধ বা সাগরের বাঁধ বা জনসাধারণের কূপ।
১১। জলাশয়, বাঁধ পরিবেষ্টিত পুকুর বা রজ্জুপথ।
১২। বসতবাড়ী।
১৩। সরকারী বা বেসরকারী ইমারত।
১৪। মসজিদ বা অন্য উপাসনালয়।
১৫। দোকান, বাজারস্থল, জনসাধারণের বিনোদন বা খেলার মাঠ, কলেজ, স্কুল, হাসপাতাল, থিয়েটার, সিনেমা বা অন্য ইমারত যেখানে জনসাধারণ একত্রিত হয়।
১৬। কারখানা।
১৭। পেট্রোলিয়াম, স্পিরিট, গ্যাস বা অন্য দাহ্য পদার্থ বা বিপজ্জনক পদার্থ বাল্কে মজুদের জন্য ব্যবহৃত হয় এমন ইমারত বা পূর্তকর্ম।
১৮। বিস্ফোরক বা বিস্ফোরকসম্বলিত কোন জিনিস মজুদ বা তৈরীর জন্য ব্যবহৃত হয় এমন ইমারত বা পূর্তকর্ম।
১৯। বিমানবন্দর।
২০। চুলি- , ভাটি বা চিমনি।
২১। পাথরখাদ বা খনিমুখ।
২২। বিদ্যুৎ কেন্দ্র বা সাব-স্টেশন।
২৩। বেতার স্টেশন।
২৪। ওয়ারহাউজ বা অন্য মজুদাগার।
২৫। ৪৪০ ভোল্টের অধিক ক্ষমতাসম্পন্ন ওভারহেড বিদ্যুৎ পরিচালন লাইন।
২৬। ৪৪০ ভোল্টের নিু ক্ষমতাসম্পন্ন ওভারহেড বিদ্যুৎ পরিচালন লাইন।

তারিখ ঃ ............................ প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

## ফরম ১৭

[বিধি ১৬০ দ্রষ্টব্য]

## স্থলযান ব্যতীত অন্য পথে বিস্ফোরক আমদানির লাইসেন্স

নং.................................. ফি.............টাকা

এতদ্দ্বারা........... কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধান এবং অধিকন্তু এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে নিম্নে উলি-খিত ব্যক্তির নামে প্রেরিত নিম্নবর্ণিত প্রকারের বিস্ফোরক..................বন্দরে সমুদ্র পথে বা বিমানযোগে আমদানির জন্য লাইসেন্স প্রদান করা হইল।

এই লাইসেন্স............. তারিখ পর্যন্ড় বলবৎ থাকিবে।

বিস্ফোরক আইন (সংশোধিত) বা তদধীন প্রণীত বিধিমালা বা এই লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ করিলে এই লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য।

ডাক যোগাযোগের ঠিকানা..........................................................................................................

তারিখ ঃ .................................... প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

**বিস্ফোরক ও প্রাপকের বিবরণ**

| বিস্ফোরকের নাম, শ্রেণী ও বিভাগ | ওজন | প্যাকেটের সংখ্যা | যে স্থানে বিস্ফোরক আমদানি করা হইয়াছে সেই স্থান হইতে যাহার নিকট প্রেরণ করা হইবে তাহার নাম ও ঠিকানা | প্রাপকের ম্যাগাজিন/ মজুদাগারের লাইসেন্স নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**শর্তাবলী**

১। আমদানির জন্য অনুমতিপ্রাপ্ত বিস্ফোরক ছাড়া অন্য বিস্ফোরক আমদানি করা যাইবে না।

২। এই লাইসেন্সের অনুমোদিত পরিমাণের অধিক বিস্ফোরক আমদানি করা যাইবে না।

৩। এই লাইসেন্সের বলে আমদানিকৃত সকল বিস্ফোরক, বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর বিধি ৮ ও ৯ অনুসারে প্যাকেটকৃত ও চিহ্নিত হইতে হইবে।

৪। এই লাইসেন্সের বলে আমদানিকৃত বিস্ফোরক, কোন জাহাজ, নৌকা বা বিমান দুই বা ততোধিক মাধ্যমে বহন করা যাইবে না এবং আমদানিকৃত বিস্ফোরক এই লাইসেন্সের দ্বারা অনুমতিপ্রাপ্ত বন্দর ছাড়া অন্য বন্দরে জাহাজ, নৌকা বা বিমান হইতে খালাস বা স্থানান্ড়র করা যাইবে না।

৫। লাইসেন্সধারী লাইসেন্সের গায়ে উলি-খিত বন্দরের যাবতীয় আইনকানুন প্রতিপালন করিবেন।

৬। এই লাইসেন্সের বলে যে জাহাজ, নৌকা বা বিমানে বিস্ফোরক আমদানি করা হইয়াছে উহার মালিক এবং মাস্টার, আমদানিস্থলের আওতায় কোন পরিদর্শনকারী কর্তৃপক্ষ বা কাস্টমস্ কর্তৃপক্ষের পরিদর্শক বা কর্মকর্তা আমদনিকৃত বিস্ফোরক পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করিতে চাহিলে, তাহাদের অনুমতি প্রদান করিতে হইবে।

৭। যেই মাত্র বিস্ফোরক আমদানিস্থল বা বন্দর হইতে ছাড় করা এবং ম্যাগাজিন/মজুদাগারে মজুদের জন্য প্রেরিত হইবে, সঙ্গে সঙ্গে উহা আমদানিকারকের প্রেরণ তফসিল ফরম ১৩ পূরণ করিয়া প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন।

৮। আমদানিকৃত বন্দর হইতে লাইসেন্সের গায়ে উলি-খিত বিভিন্ন প্রাপকের নামে সরাসরি বিস্ফোরক প্রেরণ করা যাইবে এবং বিস্ফোরক পরিবহণ যাহাতে কোথাও বাধাগ্রস্ড় না হয়, লাইসেন্সধারী পূর্বেই তাহার সকল যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। আমদানিকৃত বিস্ফোরক যদি ৩য় শ্রেণী বা ৪র্থ শ্রেণীভুক্ত হয় তবে উহা পরীক্ষণ এবং এই ব্যাপারে ক্ষমতাপ্রাপ্ত প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক মাল খালাস করিবার অনুমতি প্রদান ব্যতীত জাহাজ বা নৌকা হইতে বিস্ফোরক খালাস করা যাইবে না।

অতিরিক্ত শর্তাবলী

## ফরম ১৮

[বিধি ১৫৯(৬) দ্রষ্টব্য]

বিস্ফোরক পরিবহণের লাইসেন্স

নং.................. ফি.................... টাকা

এতদ্দ্বারা ......................................................................................................... কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধান এবং অধিকন্তু এই লাইসেন্সের শর্তসাপেক্ষে লাইসেন্স নং.................. ফরম নং....................... অবস্থিত প্রাঙ্গণ হইতে নিম্নলিখিত বিস্ফোরক

| ক্রমিক নং | নাম | শ্রেণী | বিভাগ |
|---|---|---|---|

নিম্নের গন্তব্যস্থলে

| ক্রমিক নং | স্থান | জেলা |
|---|---|---|

পরিবহণের লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর,................ পর্যন্ত বলবৎ থাকিবে।

Explosives Act, 1884 বা তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ বা এই লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করিলে এই লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য।

লাইসেন্সধারীর ডাকযোগযোগের ঠিকানা...................................................................

তারিখ ঃ ......................................... লাইসেন্স মঞ্জুরকারী কতৃপক্ষ।

নবায়ন স্বাক্ষরের স্থান

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|

## শর্তাবলী

১। লাইসেন্সের গায়ে বর্ণিত মেয়াদ উত্তীর্ণ হইলে বা যদি গন্তব্যস্থলে পৌঁছার পূর্বেই চালান খুলিয়া ফেলা হয় বা যদি লাইসেন্সে উলি- খিত স্থান ছাড়া অন্য জায়গা হইতে বা অন্য কোন জায়গায় বিস্ফোরক লওয়া হইলে লাইসেন্স বাতিল হইয়া যাইবে।

২। লাইসেন্সধারী শুধু ঐ সমস্ত বিস্ফোরক পরিবহণ করিবেন, যে সমস্ত বিস্ফোরক এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার অধীনে অধিকারে রাখিবার ক্ষমতাপ্রাপ্ত।

৩। প্রেরকের নামে প্রেরিত বিস্ফোরকের পরিমাণ এই বিধিমালার অধীনে তাহার নামে মঞ্জুরকৃত লাইসেন্সের মজুদ ক্ষমতার অতিরিক্ত হইবে না।

৪। প্রত্যেক বিস্ফোরক চালান ফরম ১৫ এ প্রদত্ত পাসের হইবে এবং উহা (যেমন- ট্রেনযোগে বিস্ফোরক পরিবহণ করা হয়) – বিল বা ইনভয়েসের (যাহা প্রযোজ্য হয়) সহিত যুক্ত করিতে হইবে।

৫। প্রত্যেক চালানের জন্য জারীকৃত পাস নিম্নলিখিত স্থানে প্রেরণ করিতে হইবে; যথা ঃ-

(ক) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে;

(খ) বিস্ফোরক পরিদর্শককে যাহার অধীন স্থান ও স্থানের প্রাঙ্গণ হইতে চালান প্রেরণ করা হইয়াছে।

(গ) পরিবহণকালে বিস্ফোরক হারানো, ঘাটতি বা চুরি গেলে উহা অনতিবিলম্বে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে এবং থানাকে এবং যে বিস্ফোরক পরিদর্শকের আওতার মধ্যে বিস্ফোরক হারানো, ঘাটতি বা চুরি হইয়া যাওয়ার বিষয়টি উৎঘাটিত হইয়াছে তাহাকে জানাইতে হইবে।

৭। বিস্ফোরকসমূহ বিস্ফোরক বিধিমালার বিধি ৮ ও ৯ অনুসারেও প্যাকেট ও চিহ্নিত করিতে হইবে।

## অতিরিক্ত শর্তাবলী

# ফরম ১৯

[বিধি ১৫৯(৭) দ্রষ্টব্য]

**স্থল ভ্যানের লাইসেন্স**

নং.................. ফি.................... টাকা

এতদ্দ্বারা.................... কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধান এবং অধিকন্তু এই লাইসেন্সের শর্তাবলী পালন সাপেক্ষে নিম্নে স্থল ভ্যানের বিস্ফোরক পরিবহণ লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স................ পর্যন্ত বলবৎ থাকিবে।

এই আইন বা তদধীন প্রণীত বিধিমালা বা লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ করিলে বা নিম্নবর্ণিত বর্ণনার সহিত ভ্যানের গড়মিল পরিলক্ষিত হইলে লাইসেন্স বাতিলযোগ্য।

স্থল ভ্যানের বর্ণনা ঃ

তৈরী......................
নিবন্ধন নং................
ইঞ্জিন নং...................
চেসিস নং....................
অন্যান্য সরঞ্জামাদির বর্ণনা.................
অনুমোদিত নকশা নং........................তারিখ........................
অনুমতিপ্রাপ্ত বিস্ফোরক পরিবহণের পরিমাণ..........................
ডাক যোগাযোগের ঠিকানা..................................................................।

তারিখ...................... লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ।

**নবায়নের স্বাক্ষর**

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| ....................ইং | ..........................ইং | |

শর্তাবলী

১। এই লাইসেন্স অন্য কোন স্থল ভ্যানে হস্তান্তরযোগ্য নহে।
২। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত গাড়ী এবং অন্যান্য সরঞ্জামাদিতে কোন পরিবর্তন করা যাইবেনা।
৩। এই লাইসেন্স বা ইহার প্রামাণিক অনুলিপি সকল সময়ে ভ্যানে রাখিতে হইবে এবং পরিদর্শনকারী কর্মকর্তা তলব করিলে তাহার নিকট উপস্থাপন করিতে হইবে।
৪। স্থল ভ্যানটি দ্বারা কোন বিস্ফোরক পরিবহণ করা যাইবে না যদি না উহা সম্পূর্ণ উপযুক্ত অবস্থায় থাকে এবং বিস্ফোরক বিধিমালার বিধান প্রতিপালিত হয়।
৫। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত স্থল ভ্যানটি যে মালামাল পরিবহণের জন্য অনুমোদিত উহা ছাড়া অন্য কোন মালামাল পরিবহণ করা যাইবে না।
৬। ধূমপান করা এবং কোন আগুন বা কৃত্রিম বাতি বা অগ্নি উৎপাদনের সহায়ক কোন বস্তু স্থল যানে রাখিবার অনুমতি প্রদান করা যাইবে না।
৭। যাত্রী পরিবহণের জন্য এই যান ব্যবহার করা যাইবে না।
৮। সকল সময়ে স্থল ভ্যানে বিস্ফোরক ভর্তি বা খালাস বা পরিবহণে এমন একজন ব্যক্তির দায়িত্বে হইতে হইবে যিনি বিস্ফোরক নাড়াচাড়া করিবার ব্যাপারে অভিজ্ঞ এবং সম্পূর্ণ ওয়াকেবহাল। যদি লাইসেন্সধারী কর্তৃক গাড়ী চালনা না করা হয়, তবে সেইক্ষেত্রে তাহার কর্তৃক স্বাক্ষরে একটি পত্র কর্তৃত্বপ্রাপ্ত গাড়ী চালক ও গাড়ীর সহযোগী ব্যক্তিদ্বয়ের নামে প্রদান করিবেন যাহা সকল সময়ে গাড়ীতে রাখিতে হইবে এবং পরিদর্শনকারী কর্মকর্তার তলবকালে প্রদর্শন করিতে হইবে।
৯। বিস্ফোরক বিধি বা প্রধান বিস্ফোরক পরিদর্শকের নির্দেশনা অনুসারে যে বিস্ফোরক প্যাক করা হয় নাই উহা বহন করা যাইবে না।

১০। অন্য কোন বিস্ফোরকের সহিত ডেটোনেটর বহন করা যাইবে না।
১১। স্থল ভ্যানে বা উহার সহিত সংশি- ষ্ট কোন ধ্বংস, দুর্ঘটনা, অগ্নিকা ্ড বা বিস্ফোরণের খবর, উক্ত ধবংস, দুর্ঘটনা, অগ্নিকা ্ড বা বিস্ফোরণের বিস্ড়্রিত বিবরণসহ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট অনতিবিলম্বে প্রদান করিতে হইবে। যদি উক্ত দুর্ঘটনা, অগ্নিকা ্ড বা বিস্ফোরণে কোন লোক মারা যায় বা মারাত্মকভাবে জান ও মালের ক্ষতিসাধিত হয় তবে উক্ত সংবাদ নিকটস্থ থানায় অনতিবিলম্বে প্রদান করিতে হইবে।
১২। প্রেরকের লাইসেন্সকৃত প্রাঙ্গণে বিস্ফোরক স্থল যানে ভর্তি এবং প্রাপকের লাইসেন্সকৃত প্রাঙ্গণে উহা হইতে খালাস করিতে হইবে।
১৩। লাইসেন্সধারী পরিবহণকৃত বিস্ফোরকের হিসাব ফরম নং ৩১ এর মাধ্যমে রক্ষণাবেক্ষণ করিবেন এবং পরিদর্শনকারী কর্মকর্তার চাহিদা অনুযায়ী উহা উপস্থাপন করিতে হইবে।

অতিরিক্ত শর্তাবলী

## ফরম ২০

[বিধি ১৬১ দ্রষ্টব্য]

## বিস্ফোরক প্রস্তুতের লাইসেন্স

নং................................. ফি.......................... টাকা

এতদ্দ্বারা............................................ কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধানাবলী এবং অধিকন্তু এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত প্রাঙ্গণে প্রতি বৎসরের যে কোন এক সময়ে ........................ বিস্ফোরক তৈরী করিবার জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর.................... পর্যন্ড় বলবৎ থাকিবে।

এই আইন বা তদধীন প্রণীত বিধিমালা বা এই লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ করিলে বা সংযুক্ত নকশায় উলি- খিত বিবরণের সহিত গড়মিল পরিলক্ষিত হইলে এই লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য।

লাইসেন্সকৃত প্রাঙ্গণের বর্ণনা ঃ

ইহার সহিত সংযুক্ত নকশা নম্বর........................এ লাইসেন্সকৃত প্রাঙ্গণের চিত্র প্রদর্শিত আছে যাহার অবস্থান ........................... জেলা.................... এবং উহাতে......................................... আছে।

লাইসেন্সধারীর ডাকযোগাযোগের ঠিকানা ................................................................. ।

তারিখ ঃ .................. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

লাইসেন্সের নবায়ন স্বাক্ষর

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |

শর্তাবলী

১। (ক) কারখানার সহিত সম্পর্কযুক্ত বেস্টনী বাঁধ, ইমারত এবং পূর্তকর্মের নির্মাণ বিবরণ বিশদভাবে লাইসেন্সের সহিত সংযুক্ত অনুমোদিত নকশা ও পরিশিষ্ট ১ এ প্রদান করা হইয়াছে;

(খ) প্রত্যেক ইমারত/কারখানার অংশবিশেষে যে প্রস্তুত প্রক্রিয়া চালানো হইবে উহাতে বিস্ফোরকের প্রকার, পরিমাণ, উহার উপাদান এবং স্বয়ংক্রিয়ভাবে প্রজ্বলনীয় বা দাহ্য বা অন্য কোনভাবে বিপজ্জনক পদার্থ একটি ইমারতে কতটুকু গ্রহণীয় হইবে এবং একটি ইমারতের সর্বোচ্চ কতজন লোক নিয়োজিত থাকিবে তাহা লাইসেন্সের সহিত সংযুক্ত পরিশিষ্ট ২ এ প্রদত্ত হইয়াছে।

২। উৎপাদন প্রক্রিয়া বা কার্যক্রমের পর্যায় বা ইমারত বা প-ান্টের অভ্যন্তরের কার্যাবলী এবং ব্যবহৃত সরঞ্জাদির জন্য গুরুত্বপূর্ণ কাজকর্ম লাইসেন্স প্রদানকারী কতৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে সম্পাদন করা যাইবে।

৩। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতীত উৎপাদন প্রক্রিয়ায় বা কার্যবলীর কোন ধাপে বা প্রত্যেক ইমারত বা প-ান্টের কার্যাবলীতে এবং প্রক্রিয়ায় ব্যবহৃত যন্ত্রপাতির পরিবর্তন করা যাইবে না।

৪। বিস্ফোরক উৎপাদন প্রক্রিয়ায় উলে-খ আছে এইরূপ কাজের সহিত সরাসরি জড়িত নহে এমন কোন কাজ কারখানার কোন অংশে করা যাইবে না।

৫। ইমারতের কামরার অভ্যন্তরস্থ সরঞ্জামাদি (কলকব্জা ব্যতীত) এমনভাবে নির্মাণ বা আস্তরকৃত এবং আবৃত রাখিতে হইবে যাহাতে কোন লোহা বা ইস্পাত উন্মুক্ত না থাকে বা প্রস্তর কণা বা লোহা, ইস্পাত বা এইরূপ কোন বস্তু এমনভাবে বিচ্ছিন্ন রাখিতে হইবে যাহাতে কোন বিস্ফোরকের সংস্পর্শে আসিতে না পারে। অতত্রব, এইরূপ কামরার অভ্যন্তরভাগ পরিষ্কার রাখিতে হইবে এবং কঙ্কর হইতে মুক্ত রাখিতে হইবে।

৬। কারখানা প্রাঙ্গণে সমস্ত যন্ত্রপাতি যথাযথ ও কার্যকরভাবে আর্থিং করিয়া রাখিতে হইবে।

৭। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতীত লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন সংযোজন বা পরিবর্তন করা যাইবে না।

৮। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বা প্রধান বিস্ফোরক পরিদর্শক যদি মনে করেন যে, প্রাঙ্গণের বা কারখানায় কর্মরত লোকজনের নিরাপত্তার স্বার্থে উক্ত লাইসেন্সকৃত প্রাঙ্গণের যন্ত্রপাতি, কলকব্জা বা সরঞ্জামাদি মেরামত/ সংযোজন বা পরিবর্তন করা প্রয়োজন এবং এই মর্মে কর্তৃপক্ষ লিখিতভাবে নোটিশ প্রদান করেন তাহা হইলে লাইসেন্সধারী উক্ত কর্তৃপক্ষের উলি-খিত নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত মেরামত, সংযোজন বা পরিবর্তন কার্য সম্পাদন করিবেন।

৯। কোন ইমারত বা কারখানার কোন অংশ মেরামতের পূর্বে উক্ত ইমারতের বা কারখানার অংশটি যতদূর সম্ভব বিস্ফোরক বা উহার উপকরণের মিশ্রণ অপসারণ ও ধৌতকরণের মাধ্যমে পরিষ্কার করিতে হইবে এবং এইরূপ পরিষ্কার করিবার পর এই লাইসেন্সের শর্তাবলীর প্রয়োগ স্থগিত থাকিবে যতক্ষণ না উক্ত ইমারত বা উহার অংশবিশেষে পুনরায় কার্যক্রম শুরু হয়।

১০। কর্মকালীন সময়ে উপযুক্ত পকেটবিহীন পোষাক, উপযুক্ত জুতা পরিধান এবং তল-াশী বা অন্য কোন উপায় বা ব্যবস্থাসম্বলিত বিধান চালু করিতে হইবে যাহাতে কারখানার বিপজ্জনক এলাকায় ম্যাচ, শলাকা, অগ্নি উৎস যাহা কোন বিস্ফোরণ বা অগ্নিকান্ডের ঘটনা ঘটাইতে পারে উহাদের প্রবেশ রোধ করা যায়। তবে এইরূপ শর্ত কোন বিশেষভাবে নির্মিত ও বিশেষ ধরনের কৃত্রিম আলোর প্রবেশ বোধ করিবে না, যাহা অগ্নি বা বিস্ফোরণের সহায়ক নহে।

১১। লাইসেন্সধারী ২৭ ও ২৮ নম্বর ফরমে প্রস্তুতকৃত ও মজুদকৃত সকল বিস্ফোরকের রেকর্ড ও হিসাব রাখিবেন এবং বিস্ফোরক বিধিমালার বিধি ১৮৩ এর অধীনে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ যখন উহা দেখিতে চান তখন উক্ত স্টক রেজিস্টার রেকর্ডপত্র প্রদর্শন করিবেন।

১২। অগ্নিকান্ড বা বিস্ফোরণজনিত দুর্ঘটনা এবং হারানো, কমতি বা চুরি যাওয়া বিস্ফোরকের খবর অনতিবিলম্বে লাইসেন্স প্রদানকারী কতৃপক্ষকে এবং সংশি-ষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানাইতে হইবে।

১৩। প্রত্যেক ইমারতের কর্মকান্ড কড়াকড়িভাবে বিধৃত কার্য নির্দেশ ও নিয়মাবলী অনুসারে সম্পাদিত হইবে।

১৪। লাইসেন্সধারী এবং কারখানার মধ্যে বা আশেপাশে নিযুক্ত লোকজন কারখানায় অগ্নিকান্ড বা বিস্ফোরণজনিত কোন দুর্ঘটনা যাহাতে না ঘটিতে পারে এবং কোন অননমোদিত ব্যক্তি কারখানায় বা উহার মধ্যে যেখানে বিস্ফোরক মজুদ করা হয় সেইখানে প্রবেশ করিতে না পারে এমন সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এমন কাজ যাহাতে অগ্নিকান্ড বা বিস্ফোরণ ঘটিতে পারে এবং যাহা সঙ্গতভাবে কারখানার কাজের সহিত সঙ্গতিপূর্ণ নহে, এমন কার্য হইতে বিরত থাকিবেন।

১৫। ইমারতের অভ্যন্তরস্থ কামরা যেখানে বিস্ফোরক প্রস্তুত বা নাড়াচাড়া করা হয় এবং তথায় অবস্থিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি প্রত্যেকদিন কাজের শেষে পরিষ্কার করিতে হইবে। ইমারতের কামরার মধ্যে উৎপাদন বা নাড়াচাড়াকালীন সময়ে পতিত বিস্ফোরক ঝাড়ু দিয়া সতর্কতার সহিত সংগ্রহ করিতে হইবে এবং বিধৃত নিয়ম অনুযায়ী বিনষ্ট করিতে হইবে। বর্জ্যসমূহ বিধৃত নিয়ম অনুযায়ী যথাযথ ট্রিটমেন্টের পর নিষ্কাশন করিতে হইবে।

১৬। লাইসেন্সধারী বিস্ফোরক উৎপাদন এবং অন্যান্য প্রক্রিয়া বিধি অনুসারে এবং কার্য পরিচালনা তদারকির জন্য যোগ্য এবং উপযুক্ত ব্যক্তি নিয়োগ করিবেন।

১৭। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের বিশেষ অনুমোদন ব্যতিরেকে কোন লোহা বা ইস্পাতের সরঞ্জামাদি ব্যবহার করা যাইবে না।

১৮। যে কোন পরিদর্শনকারী বা নমুনা সংগ্রহকারী কর্মকর্তাকে সকল সময়ে লাইসেন্সকৃত প্রাঙ্গণে প্রবেশ করিতে দিতে হইবে এবং উক্ত কর্মকর্তাকে সকল সুযোগ-সুবিধা প্রদান করিতে হইবে যাহাতে আইন ও বিধিমালার সকল বিধান এবং লাইসেন্সের সকল শর্তাদি যথাযথ প্রতিপালন করা হইতেছে মর্মে নিশ্চিত হওয়া যায়।

১৯। কোন উদ্দেশ্য ব্যতিরেকে কর্মরত ব্যক্তিগণ প্রধান ফটক ব্যতীত অন্য কোন পথে কারখানায় প্রবেশ বা কারখানা ত্যাগ করিবেন না এবং কর্মকালীন সময় উত্তীর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে দ্রুত কারখানা ত্যাগ করিবেন।

২০। লাইসেন্সধারী বা ইনচার্জের অনুমতি ব্যতীত কোন কর্মরত ব্যক্তি তাহার কর্মস্থল ছাড়া অন্য কোন বিপজ্জনক ইমারত বা কারখানার অংশে প্রবেশ করিবেন না।

২১। কোন ব্যক্তি ম্যাগাজিনে সরবরাহকৃত বুট বা জুতা পরিধান ছাড়া বিপজ্জনক ইমারত বা পরিষ্কার এলাকায় প্রবেশ করিতে পারিবেন না এবং ইমারতের বিপজ্জনক স্থানে বা পরিষ্কার প-াটফরম এর উপর ছাড়া যেখানে উহারা কোন ধূলাবালির সংস্পর্শে আসিতে পারে কোন ক্রমেই উক্ত স্থানে এই বুট বা জুতা পরিধান করিতে পারিবেন না।

২২। বিপজ্জনক ইমারতে কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তি কর্ম শুর্”র প্রাক্কালে তাহাকে প্রদত্ত বিপজ্জনক ইমারত পরিচ্ছদ পরিধান করিবেন। বহির্বাস বা অন্ডর্বাস কোন পরিচ্ছদেরই পকেট থাকিতে পারিবেন না।

২৩। সকল অগ্নি-নির্বাপক বালতি পরিষ্কার পানি দ্বারা পূর্ণ এবং ব্যবহারের জন্য প্রস্ড়ত রাখিতে হইবে।

২৪। বিপজ্জনক ইমারতের সকল যন্ত্রপাতি প্রত্যেক দিন পরীক্ষা করিতে হইবে এবং বিপজ্জনক ইমারতের কোন প-ান্ট বা যন্ত্রপাতি বিকল বা ত্র”টি পরিলক্ষিত হইলে মেশিনের কার্যক্রম সঙ্গে সঙ্গে বন্ধ করিয়া দিতে হইবে।

২৫। কোন বিপজ্জনক ইমারতে কার্য শুর্”র পূর্বে সকল নির্গমণ দরজার তালা খুলিয়া দিতে হইবে এবং এমন ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে ঠেলা দিলে সহজেই খুলিয়া যায়। কোন নির্গমণ দরজা কোন টেবিল, বাক্স বা অন্য কোন জিনিস দ্বারা বন্ধ করিয়া রাখা যাইবে না।

২৬। সকল বাক্স এবং প্যাকেট উত্তেলিত অবস্থায় বহন করিতে হইবে এবং কখনও মেঝের উপর দিয়া টানিয়া লওয়া যাইবে না। কোন ভাঙ্গা বা ত্র”টিযুক্ত বিস্ফোরকের প্যাকেট কারখানার বাহিরে প্রেরণ করা যাইবে না।

অতিরিক্ত শর্তাবলী

## ফরম ২১

[বিধি ১৬০ দ্রষ্টব্য]

কার্যস্থলে এএনএফও প্রস্তুত করিবার লাইসেন্স

নং.................. ফি...................... টাকা

এতদ্দ্বারা.............................. কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধান এবং অধিকন্তু, এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে নিম্বর্ণিত প্রাঙ্গণে........... কেজি অ্যামোনিয়াম নাইট্রেটসমৃদ্ধ বা খনিজ তৈল প্রবিষ্ট নন্‌ক্যাপ সেনসিটিভ বিস্ফোরক প্রস্তুতকরণের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর,.......... পর্যন্ড় বলবৎ থাকিবে।

বিস্ফোরক আইন বা তদধীন প্রণীত বিধিমালা বা এই লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ করিলে বা সংযুক্ত নকশায় উলি-খিত বর্ণনা অনুসারে প্রাঙ্গণটির গড়মিল পরিলক্ষিত হইলে লাইসেন্সটি বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য।

লাইসেন্সকৃত প্রাঙ্গণের বর্ণনা

ইহার সহিত সংযুক্ত নকশা নং..................তারিখ........... এ প্রাঙ্গণের চিত্র প্রদর্শিত আছে এবং উহার অবস্থান.......................... জেলা.................... এবং উহাতে .................................. আছে।

তারিখ............................... লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ।

লাইসেন্স নবায়নের স্বাক্ষর

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |

**শর্তাবলী**

১। বিস্ফোরকগুলি হালকাভাবে নির্মিত শেডে প্রস্তুত করিতে হইবে, যাহার চারিদিকে সকল সময়ে এতদ্‌সংগে সংযুক্ত নকশায় উলি-খিত নিরাপত্তা দূরত্ব বজায় রাখিয়া প্রস্তুত করিতে হইবে।

২। এই শেডের চারিদিকের ভূমি হইতে অন্যূন ৩০ সে.মি. উচ্চ একটি কংক্রীট প-াটফরম থাকিতে হইবে। ইহার মেঝে চারিদিকে অন্যূন ১ মি. উচ্চ ইটের দেয়াল দ্বারা পরিবেষ্টিত থাকিবে যাহাতে একটি প্রবেশদ্বার এবং উহার বিপরীত দিকে একটি বাহির হওয়ার দরজা থাকিবে।

৩। প্রস্তুতকরণ শেড এবং উহার চারিপার্শ্বে ৯ মি. জায়গা অন্যূন ২ মি. উচ্চ বেড়া দ্বারা পরিবেষ্টিত রাখিতে হইবে। এইরূপ পরিবেষ্টিত স্থানটি আবর্জনা, শুকনা ঘাস, খালি থলে বা অন্য কোন দাহ্য পদার্থ মুক্ত রাখিতে হইবে।

৪। প্রস্তুতকরণ প্রক্রিয়ায় খনিজ তেলের সহিত অ্যামোনিয়াম নাইট্রেটের মিশ্রণ বা প্রবিষ্টকরণ অন্তর্ভুক্ত থাকিবে। এতদুদ্দেশ্যে খনিজ তেলের জন্য পেট্রোলিয়াম, কয়লার এমন ডেরিভেটিভ্‌কে বিবেচনা করিতে হইবে যাহার ফ্লাশ পয়েন্ট ৩৮° সেঃ এর নীচে নহে।

৫। প্রস্তুতকরণ শেডের ৪ নং শর্তে উলি-খিত মিশ্রণ বা প্রবিষ্টকরণ কার্যটি, হাত দ্বারা করা হইলে অ্যালুমিনিয়াম নির্মিত পাত্রে বা অ্যালুমিনিয়ামের আস্তরবিশিষ্ট কাঠের পাত্রে বা মেশিনের সাহায্যে করিতে হইবে যাহা প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক লিখিতভাবে অনুমোদিত হইতে হইবে।

৬। বিস্ফোরক প্রস্তুতকরণ কার্যটি লাইসেন্সধারী কর্তৃক নিয়োজিত একজন যোগ্যতাসম্পন্ন দায়িত্বশীল ব্যক্তির নিবিড় তত্ত্বাবধানে করিতে হইবে।

৭। লাইসেন্সধারী এমন কার্যকলাপ হইতে বিরত থাকিবেন যাহা অগ্নি বা বিস্ফোরণ সৃষ্টি করিতে পারে এবং নিম্নলিখিত বিষয় যথাযথ সতর্কতা অবলম্বন করিবেন ঃ-

(ক) বিস্ফোরক বা উহার উপাদানের সহিত কোন দানাদার বা বাহিরের বস্তুর সংস্পর্শ যাহার ফলে বিস্ফোরকের স্পর্শকাতরতা বৃদ্ধি বা উহার বৈশিষ্ট্যের পরিবর্তন না ঘটে;

(খ) বিস্ফোরক প্রস্তুতকরণ, চার্জিং বা হ্যান্ডলিং স্থল বা স্থলসমূহে বা উহার ৯ মি. দূরত্বের মধ্যে কোন অননুমোদিত ব্যক্তি প্রবেশ না করে।

৮। বিস্ফোরক প্রস্তুতের জন্য প্রয়োজনের অতিরিক্ত উপাদান উৎপাদন স্থল বা উহার ৯ মি. এর মধ্যে রাখা যাইবে না।

৯। বিস্ফোরক উৎপাদন, হ্যান্ডলিং বা ব্যবহার স্থলে বা উহার ৯ মি. দূরত্বের মধ্যে ধূমপান, খোলা বাতি, দিয়াশলাই বা স্ফুলিঙ্গ বা অগ্নি উৎপাদনকারী কোন বস্তুর অনুমতি প্রদান করা যাইবে না।

১০। তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় পরিমাণ বিস্ফোরক উৎপাদন করিতে হইবে।

১১। প্রাঙ্গণে মজুদকৃত উপাদনসহ মোট বিস্ফোরকের পরিমাণ কোন সময়ে লাইসেন্সকৃত পরিমাণের অধিক হইবে না।

১২। এই লাইসেন্স বলে উৎপাদিত বিস্ফোরক উহার ক্যাপ সেনসিটিভিটি নির্ণয়ের জন্য নির্দিষ্ট সময় অন্তর অন্তর নিয়মিতভাবে পরীক্ষা করিতে হইবে। কোন বিস্ফোরকের ক্যাপ সেন্‌সিটিভিটি পরিলক্ষিত হইলে উহা তাৎক্ষণিকভাবে এমন অভ্যন্তরীণ শক্ত প্যাকেটে আবদ্ধ করিতে হইবে যাহা বিস্ফোরক বা তেল বহির্গমন রোধ করিতে সক্ষম হয় এবং যাহা পলিথিনের প্যাকেটেও হইতে পারে। বহিঃপ্যাকেট কাঠ, শক্ত ফাইবার বোর্ড বা অ্যালুমিনিয়ামের হইতে হইবে। এইরূপ বিস্ফোরক লাইসেন্সকৃত ম্যাগাজিন হইতে অপসারণ করিতে হইবে এবং সেইগুলি বিনষ্ট করিবার বিষয়ে নির্দেশনার জন্য লিখিতভাবে লাইসেন্সপ্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে। এতদুদ্দেশ্যে বিস্ফোরক কার্তুজ বা ব্যাগে দূরবর্তী কোন স্থানে স্থাপন করিয়া উহাতে একটি বৈদ্যুতিক ডেটোনেটর প্রবেশ করাইতে হইবে এবং একজন যোগ্য শট ফায়ারার দ্বারা সতর্কতার সহিত বিস্ফোরণ ঘটাইতে হইবে। বিস্ফোরণের ফলে কার্তুজ বা ব্যাগের নীচের মাটিতে গর্ত হইলে সেই বিস্ফোরকটি ক্যাপ সেন্‌সিটিভ ছিল বলিয়া প্রমাণিত হইবে।

১৩। বিস্ফোরিত বিস্ফোরকের সকল অবশিষ্টাংশ সংগ্রহ করিয়া লাইসেন্সকৃত প্রাঙ্গণ হইতে দূরে নিরাপদ স্থানে একজন অভিজ্ঞ ব্যক্তির তত্ত্বাবধানে ধবংস করিতে হইবে।

১৪। বিস্ফোরক প্রস্তুত করিবার জন্য ব্যবহৃত সকল ধারনপাত্র এবং মিশ্রণ ব্যবহারের পর কোন উপযুক্ত ডিটারজেন্ট দ্রবন দ্বারা ভালভাবে পরিষ্কার করিতে হইবে এবং পানি দ্বারা ধৌত করিতে হইবে।

১৫। সকল ডেটোনেটর, প্রাইমিং কার্তুজ , ডেটোনেটিং ফিউজ এবং অন্যান্য সূচনাকারী বিস্ফোরক এতদুদ্দেশ্যে লাইসেন্সকৃত ম্যাগাজিনে মজুদ করিতে হইবে।

১৬। লাইসেন্সধধারী এই লাইসেন্সে অনুমতিপ্রাপ্ত বিস্ফোরক কার্তুজে ভর্তি করিতে পারিবেন যদি-

(ক) এইরূপ কার্তুজ লাইসেন্সের সহিত সংযুক্ত অনুমোদিত নকশায় চিহ্নিত স্থানে ভর্তি করা হয়;

(খ) বিস্ফোরক ধ্বংস বা উহার উপাদানে বিভক্ত করা না হয়;

(গ) যেখানে কার্তুজ ভর্তি করা হয় সেইখানে বা উহার ৯ মি. দূরত্বের মধ্যে কোন ধূমপান, খোলাবাতি, দিয়াশলাই বা এমন কোন বস্তু যাহা অগ্নি / স্ফুলিংগ তৈরী করিতে সক্ষম, উহার প্রবেশের অনুমতি প্রদান করা না হয়।

১৭। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি ব্যতীত লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন পরিবর্তন বা পরিবর্ধন করা যাইবে না। এইরূপ অনুমোদিত পরিবর্তন বা পরিবর্ধন লাইসেন্সের সহিত সংযুক্ত নকশায় প্রদর্শন করিতে হইবে।

১৮। বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর বিধি ১৮৩ তে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাকে সকল সময়ে লাইসেন্সকৃত প্রাঙ্গণে প্রবেশের অনুমতি প্রদান করিতে হইবে এবং এইরূপ কর্মকর্তাকে সকল সুযোগ-সুবিধা প্রদান করিতে হইবে যাহাতে তিনি নিশ্চিত হইতে পারেন যে প্রাঙ্গণে আইন, বিধিমালার বিধান এবং লাইসেন্সের শর্তাবলী সম্পূর্ণ প্রতিপালন হইতেছে।

১৯। কোন অগ্নি বা বিস্ফোরণজনিত দুর্ঘটনার সংবাদ অনতিবিলম্বে নিকটস্থ থানায়, খনি নিরাপত্তা বিভাগ মহাপরিচালক এবং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২০। এই লাইসেন্সের বলে উৎপাদিত এবং ব্যবহৃত বিস্ফোরকের হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত রেকর্ডসমূহ বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর বিধি ১৮৩ তে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তলব করা হইলে তাহা প্রদর্শন করিতে হইবে।

২১। লাইসেন্সধারী প্রত্যেক মাসের শেষে লাইসেন্স প্রদানকারী ও নবায়নকারী কর্তৃপক্ষের নিকট সেই মাসে কতটুকু এএনএফও উৎপাদিত ও ব্যবহৃত হইয়াছে তাহার একটি প্রতিবেদন এমনভাবে দাখিল করিবেন যাহাতে উহা পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে উক্ত কর্তৃপক্ষের নিকট পৌঁছে।

অতিরিক্ত শর্তাবলী

## ফরম ২২

[বিধি ১৬১ দ্রষ্টব্য]

## বিস্ফোরক ব্যবহারের জন্য অধিকারে রাখিবার লাইসেন্স

নং.................. ফি..............টাকা

এতদ্দ্বারা........................................................................................................কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধানাবলী এবং অধিকন্তু, এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত প্রাঙ্গণে অতিরিক্ত শর্ত নং.............এ বর্ণিত পরিমাণ বিস্ফোরক অধিকারে রাখা এবং ব্যবহারের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, ....................পর্যন্ত বলবৎ থাকিবে।

**লাইসেন্সকৃত প্রাঙ্গণের বর্ণনা**

অনুমোদিত নকশা নং.......................... তারিখ.........................

এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার কোন বিধান বা এই লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘন করিলে বা সংযুক্ত নকশায় উল্লিখিত বিবরণের সহিত গড়মিল পরিলক্ষিত হইলে এই লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য।

তারিখঃ ......................... লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ।

লাইসেন্স নবায়নের স্বাক্ষর

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |

**শর্তাবলী**

১। প্রাঙ্গণে বিস্ফোরক মজুদের পরিমাণ যে কোন সময়ে লাইসেন্সে উল্লিখিত পরিমাণের বেশী হইবে না।

২। ম্যাগাজিনটি শুধুমাত্র এই লাইসেন্সের অতিরিক্ত শর্ত নং................ এ উল্লিখিত সকল বিস্ফোরক এবং উহাদের ধারনপাত্র, বিস্ফোরক মজুদ ও রক্ষণাবেক্ষণ কাজের সহিত সংশ্লিষ্ট যন্ত্রপাতি বা সরঞ্জামাদি মজুদের জন্য ব্যবহৃত হইবে।

৩। ম্যাগাজিন বা মজুদাগারের অভ্যন্তরে বিস্ফোরকের প্যাকেট খোলা এবং ওজন লওয়া ও প্যাকেটজাত করা যাইবে না।

৪। (১) দুই বা ততোধিক প্রকৃতির বিস্ফোরক অতিরিক্ত শর্ত নং .............. অনুযায়ী ম্যাগাজিন/মজুদাগারে রাখা যাইবে যদি তাহারা এমন বৈশিষ্ট্যপূর্ণ পদার্থের তৈরী কোন পৃথকীকরণ দেওয়াল দ্বারা পৃথকীকৃত বা দূরত্ব বজায় রাখে যাহা কার্যকরভাবে বিস্ফোরণ বা আগুন ব্যাপৃত হইতে বাধাদানে সক্ষম হয় ঃ

তবে শর্ত থাকে যে-

(ক) ১ম শ্রেণী (গান পাউডার), ২য় শ্রেণী (নাইট্রেট মিশ্রণ), ৩য় শ্রেণী (নাইট্রো যৌগ) এবং ৪র্থ শ্রেণী (ক্লোরেট মিশ্রণ), ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগভুক্ত সেফ্‌টি ফিউজ (অ্যাডিনিশন) ধরনের বিস্ফোরক এবং এইরূপ ৬ষ্ঠ শ্রেণীর ২য় বিভাগের (এমুনিশন) বিভিন্ন ধরনের বিস্ফোরক, যাহা কোন উন্মুক্ত লোহা বা ইস্পাত মুক্ত হইলে, উহাদের কোন পৃথকীকরণ দেওয়াল বা দূরত্ব বজায় রাখা ছাড়াই পাশাপাশি রাখা যাইবে।

(খ) ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগের (অ্যাডিনিশন) এর বিভিন্ন ধরনের বিস্ফোরক কোন পৃথকীকরণ দেওয়াল/দূরত্ব বজায় রাখা ছাড়াই পাশাপাশি রাখা যাইবে।

(গ) এইরূপ ৬ষ্ঠ শ্রেণীর ২য় বিভাগের (অ্যাডিনিশন) বিভিন্ন ধরনের বিস্ফোরক, যাহাতে উন্মুক্ত লোহা বা ইস্পাত আছে, উহাদের মধ্যে কোন পৃথকীকরণ দেওয়াল/দূরত্ব বজায় রাখা ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(ঘ) ৬ষ্ঠ শ্রেণীর ৩য় বিভাগের (অ্যাডিনিশন) বিভিন্ন ধরনের বিস্ফোরক কোন পৃথকীকরণ দেওয়াল/ দূরত্ব বজায় রাখা ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(ঙ) ক্লোরেট সমৃদ্ধ বিস্ফোরক ছাড়া ৭ম শ্রেণীর (আতশবাজী) বিভিন্ন ধরনের বিস্ফোরক পৃথকীকরণ দেওয়াল/দূরত্ব বজায় রাখা ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(২) উপরে যাহাই বলা হউক না কেন, অতিরিক্ত শর্ত নং.............. এর বিধান পরিপালন সত্ত্বেও দুই বা ততোধিক প্রকারের বিস্ফোরক একই ম্যাগাজিন বা মজুদাগারে রাখা যাইবে না।

(৩) (ক) প্রধান বিস্ফোরক পরিদর্শকের বিশেষ অনুমোদন ব্যতীত ৩য় শ্রেণীর (নাইট্রো যৌগ) বিস্ফোরক উহাদের প্রস্তুতকালীন তারিখ হইতে ১ বৎসর কাল অতিক্রান্ড় হওয়ার পর ম্যাগাজিনে মজুদ করা যাইবে না।

(খ) এইরূপ অনুমোদন প্রদান করা হইলে প্রত্যেক পরিদর্শনের পর প্রধান বিস্ফোরক পরিদর্শকের নিকট হইতে অনুমোদনের মেয়াদ উলে- খপূর্বক একটি সনদ গ্রহণ করিতে হইবে এবং উহা অবশ্যই লাইসেন্সধারী কর্তৃক রক্ষিত থাকিবে এবং চাহিদা মোতাবেক উপস্থাপন করিতে হইবে।

৫। যখন কোন বিস্ফোরককে গলিত অবস্থা বা নিঃসৃত নাইট্রোগি- সারিন বা তরল নাইট্রো যৌগের চিহ্ন পরিলক্ষিত হওয়ার কারণে মান অনুযায়ী বিশুদ্ধতা আর বজায় থাকে না এবং সেই হিসাবে ম্যাগাজিনে বা মজুদাগারে রাখিবার অনুপযুক্ত হইয়া পড়ে, লাইসেন্সধারী তখন উক্ত বিস্ফোরকগুলি বিনষ্ট করিবার জন্য প্রধান বিস্ফোরক পরিদর্শক যে নির্দেশাবলী প্রদান করিবেন উহা নিজ খরচে প্রতি পালন করিবেন।

৬। ম্যাগাজিন/মজুদাগারের অভ্যন্ড়রভাগ এবং বেঞ্চ, তাক এবং উহার মধ্যস্থ সরঞ্জামাদি এমনভাবে নির্মাণ বা আস্ড়রকৃত বা আবৃত করিতে হইবে যাহাতে লোহা বা ইস্পাত উন্মুক্ত না থাকে এবং কঙ্কর, লোহা, ইস্পাত বা এ জাতীয় বস্তুকে বিস্ফোরকের সংস্পর্শ হইতে বিচ্ছিন্ন রাখে। এইরূপ অভ্যন্ড়রভাগ, বেঞ্চ, তাক এবং সরঞ্জামাদি যতদূর সম্ভব কঙ্করমুক্ত এবং অন্যভাবে পরিষ্কার রাখিতে হইবে এবং কোন বিস্ফোরক পানির সংস্পর্শে থাকিলে উহা হইতে পানি অপসারণের জন্য যথাযথ সতর্কতা অবলম্বন করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন দালানে রক্ষিত ৬ষ্ঠ শ্রেণী ১ম বিভাগের (অ্যাডিনিশন) ব্যতীত অন্য বিস্ফোরকের জন্য উন্মুক্ত লোহা বা ইস্পাত হইতে সতর্কতা অবলম্বনের বিষয়টি বাধ্যতামূলক হইবে না।

৭। বিস্ফোরক পরিদর্শক কর্তৃক যদি বজ্রবহ পরীক্ষা করা হয় তবে লাইসেন্সধারী পরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান করিবেন। যদি পরীক্ষার ফল অসন্ড়োষজনক পরিলক্ষিত হয় তবে পরীক্ষণ কর্মকর্তা কর্তৃক উহা সন্ড়োষজনক প্রমাণিত না হওয়া পর্যন্ড় পরবর্তী প্রত্যেক পরীক্ষণের জন্য সমান ফি প্রদান করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যে কোন এক দিনে একটি বজ্রবহে যতগুলি পরীক্ষা করা হউক একটি পরীক্ষা ফি-ই প্রদেয় হইবেঃ

আরও শর্ত থাকে যে, যেখানে দুই বা ততোধিক বজ্রবহ পরস্পরের সহিত এবং একই ম্যাগাজিনে সংযুক্ত থাকে তবে এইরূপ বজ্রবহগুলিতে যতগুলি পরীক্ষা করা হইবে তাহার জন্য প্রদেয় পরীক্ষণ ফি অত্র শর্তে নির্ধাারিত একটি বজ্রবহ পরীক্ষা ফি এর বেশী হইবে না।

৮। কর্মকালীন সময়ে যথোপযুক্ত পোশাক উপযুক্ত জুতা পরিধান এবং তল-াশী বা অন্য কোন উপায়ে বা অনুরূপ ব্যবস্থার মাধ্যমে ম্যাগাজিন বা মজুদাগারে অগ্নি শলাকা, ম্যাচ বা এইরূপ বস্তু বা বিশেষ দ্রব্য যাহা বিস্ফোরণ বা অগ্নিকান্ডে সহায়ক বা কোন কঙ্কর, লোহা বা ইস্পাত ইত্যাদি প্রবেশ রোধ করিবার বিধান করিতে হইবে কিন্তু এই শর্ত বিশেষভাবে তৈরী ও বৈশিষ্ট্যপূর্ণ কৃত্রিম বাতি, যাহা প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক অনুমোদিত এবং অগ্নিকান্ড বা বিস্ফোরণের সহায়ক নহে, উহার প্রবেশের জন্য বাধা সৃষ্টি করিবে না ঃ

তবে শর্ত থাকে যে, কোন ভবনে রক্ষিত ৬ষ্ট শ্রেণীর ১ম বিভাগের (এমুনিশন) বিস্ফোরক ব্যতীত অন্য বিস্ফোরকের জন্য লোহা বা ইস্পাতবিহীন হওয়ার শর্ত পরিপালন বাধ্যতামূলক হইবে না।

৯। লাইসেন্সধারী মজুদকৃত সকল বিস্ফোরকের রেকর্ড ও হিসাব এবং ২৮ ও ৩০ নম্বর ফরমে মজুদ ও ব্যবহারের হিসাব তাহার অফিসে সংরক্ষণ করিবেন এবং এই সকল স্টক বহি এবং রেকর্ডপত্র বিধি ১৮৩ এর অধীনে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে চাহিবামাত্র উপস্থাপন করিবেন।

১০। কোন দুর্ঘটনা এবং হারানো, মজুদ ঘাটতি এবং চুরি হওয়া বিস্ফোরকের রিপোর্ট অনতিবিলম্বে নিকটস্থ থানায় এবং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

১১। লাইসেন্স প্রাঙ্গণে সম্ভাব্য সকল সময়ে পরিদর্শনকারী বা নমুনা সংগ্রহকারী কর্মকর্তাকে প্রবেশ করিতে দিতে হইবে এবং উক্ত কর্মকর্তা যাহাতে বিধির বিধানাবলী এবং লাইসেন্সের শর্তাবলী যথাযথ প্রতিপালন হইতেছে কি না তাহা নিশ্চিত হইতে পারেন সেইজন্য তাহাকে সকল সুযোগ-সুবিধা প্রদান করিতে হইবে।

১২। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে প্রাঙ্গণের কোন পরিবর্তন বা পরিবর্ধন করা যাইবে না এবং এই ব্যাপারে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কোন শর্তের উলে-খ করিলে লাইসেন্সধারীকে উহা প্রতিপালন করিতে হইবে।

১৩। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যদি মনে করে যে, প্রাঙ্গণের বা জননিরাপত্তার স্বার্থে কোন কার্যব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন তবে লাইসেন্সধারীকে লিখিতভাবে এই মর্মে নোটিশ প্রদান করিবেন এবং লাইসেন্সধারী নোটিশে উলি-খিত সময়সীমা, যাহা নোটিশ প্রাপ্তির পর হইতে এক মাসের কম হইবে না, এর মধ্যে কার্য সম্পাদন করিবেন।

১৪। ম্যাগাজিন বা মজুদাগার সবসময় উত্তম মেরামতকৃত (ভাল অবস্থায় রক্ষণাবেক্ষণ) অবস্থায় রাখিতে হইবে। ম্যাগাজিন বা মজুদাগার যে কোন কারণে বিস্ফোরক মজুদের অনুপযোগী পরিলক্ষিত হওয়ার সঙ্গে সঙ্গে লাইসেন্সধারী বিষয়টি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

১৫। লাইসেন্সধারী প্রত্যেক মাসের শেষে সময়ে সময়ে ফরম নং ৩২ এর নির্ধারিত ছকের মাধ্যমে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ এবং নবায়নকারী কর্তৃপক্ষের নিকট মাসিক প্রতিবেদন এমনভাবে প্রেরণ করিবেন যাহাতে উহা পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে উক্ত কর্তৃপক্ষের নিকট পৌঁছে।

১৬। নিরাপত্তা দূরত্বেরমধ্যবর্তী স্থান জবরদখল হইলে বিষয়টি সঙ্গে সঙ্গে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় উপদেশ বা কার্যব্যবস্থার জন্য অবহিত করিতে হইবে।

১৭। কোন বিস্ফোরক নষ্ট বা ব্যবহারের অযোগ্য পরিলক্ষিত হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের মতামতের জন্য সঙ্গে সঙ্গে অবহিত করিতে হইবে।

১৮। বিস্ফোরক প্যাকেটগুলি এমনভাবে সারিবদ্ধ করিয়া রাখিতে হইবে যাহাতে উহাদের মাঝে কমপক্ষে এক জন লোক চলাচলের মাধ্যমে প্যাকেটগুলির অবস্থা এবং প্যাকেটের সহিত প্রস্তুতকারীর নির্দেশনা পাঠ করিতে পারে।

১৯। মাটিতে বজ্রবহের রেজিস্ট্যান্স ক্ষমতা যথাসম্ভব খুব কম রাখিতে হইবে এবং উহা কোন ক্রমেই ৫ ওহমের বেশী হইবে না।

২০। ম্যাগাজিন বা মজুদাগারের চারিপার্শ্বে ১৫ মি. দূরত্বের মধ্যে শুকনা ঘাস, ঝোপ জঙ্গল বা দাহ্য বস্তু হইতে মুক্ত রাখিতে হইবে।

২১। বিস্ফোরকের প্রত্যেকটি প্যাকেট ম্যাগাজিনে প্রবেশ করানোর সময় উহার যথার্থ অবস্থা যাচাই করতে হইবে।

২২। যে কোন এক সময়ে ম্যাগাজিন/মজুদাগারের অভ্যন্তরে এক সংগে ৪ জনের বেশী লোক প্রবেশের অনুমতি প্রদান করা যাইবে না।

২৩। বিস্ফোরকের খালি প্যাকেট যথাসম্ভব তাড়াতাড়ি সরাইয়া ফেলিতে হইবে এবং ধ্বংস করিয়া ফেলিতে হইবে।

২৪। খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ এর আওতাভুক্ত নহে এমন এলাকায় বিস্ফোরক ব্যালাষ্টিং এর উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না যদি না লাইসেন্সধারী বিস্ফোরক বিধির অধীনে মঞ্জুরকৃত পারমিটধারী শট ফায়ার বা প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক স্বীকৃত সমান যোগ্যতাসম্পন্ন কোন ব্যক্তিকে নিয়োজিত না করেন।

২৫। লাইসেন্সধারী ও শট ফায়ারার, চার্জ প্রস্তুত, চার্জকরণ এবং শট-ফায়ারিং এর জন্য দায়ী হইবেন এবং বিস্ফোরক হইতে সৃষ্ট সকল অগ্নি ও বিস্ফোরণের বির"দ্ধে সকল সতর্কতা অবলম্বন করিবেন।

২৬। যেখানে বিস্ফোরক চার্জ তৈরী করা বা রাখা হয় এমন স্থানে বা উহার ধারে কাছে ধূমপান বা আলো বা অগ্নি উৎসের প্রবেশের অনুমতি প্রদান করা যাইবে না।

২৭। শটহোল চার্জিং বা ষ্টেমিং করিবার জন্য কোন ব্যক্তি লোহা বা ইস্পাতের যন্ত্র, ঘর্ষনের বস্তু বা টাম্পিং শলাকা ব্যবহার করিবে না বা অপর্যাপ্ত সাইজের গর্তে প্রবল চাপে বিস্ফোরক প্রবেশ করাইবে না।

২৮। ব-াসটিং চার্জ বিস্ফোরিত হওয়ার পূর্বে যতদূর সম্ভব ব-াসটিং চার্জ, বিস্ফোরণ হইতে নিক্ষিপ্ত হওয়া পাথরের টুকরা হইতে আত্মরক্ষার যথোপযুক্ত ব্যবস্থাদি গ্রহণ করিতে হইবে।

২৯। কোন ব্যক্তি একবার চার্জকৃত গর্তকে পুনঃ ছিদ্র বা হস্তক্ষেপ করিবেন না অথবা ফায়ারিং এর আগে বা মিসফায়ারিং এর পরে চার্জকে উঠানোর বা ব-াসটিং এর পরে খালি গর্ত গভীর করিবার বা পরিত্যাক্ত সকেটে হস্তক্ষেপের চেষ্টা করিবেন না।

৩০। শট ফায়ারিং শুর"র পূর্বে লাইসেন্সধারী কার্যকরী সংকেত প্রদানের ব্যবস্থা এবং বিপজ্জনক জায়গায় লাল পতাকা উত্তোলনের মাধমে জনগণকে পর্যাপ্তভাবে সতর্ক করিবেন।

৩১। লাইসেন্সধারী ব-াসটিং কার্য পরিচালনার স্থানে বিস্ফোরণের কমপক্ষে ১ ঘন্টার মধ্যে বা খোলা প্রস্তর খনির ক্ষেত্রে আধা ঘন্টার মধ্যে জনগণকে না আসিবার জন্য সতর্ক করিবেন।

৩২। বিস্ফোরিত শটের সংখ্যা গুণিতে হইবে এবং যতক্ষণ পর্যন্ত উহা নিশ্চিত হওয়া না যাইবে যে সকল শটগুলি বিস্ফোরিত হইয়াছে, কোন ব্যক্তি শট ফায়ারিং এর আধা ঘন্টার মধ্যে উক্ত স্থানে আসিবেন না বা আসিবার অনুমতি প্রদান করিবেন না।

৩৩। ফাঁকা ফায়ার হওয়ার ক্ষেত্রে, যদি পুনরায় গর্তের জন্য ছিদ্র করিতে হয় তবে উহা মিসফায়ার হওয়া গর্তের ৩০ সে.মি. এর মধ্যে হইবে না। উক্ত গর্ত মিস্‌ফায়ার গর্তের সমান্তরালভাবে খুড়িতে হইবে।

অতিরিক্ত শর্তাবলী

## ফরম ২৩

[বিধি ১৬১ দ্রষ্টব্য]

বিস্ফোরক অধিকারে রাখা ও বিক্রয়ের লাইসেন্স

নং.......................... ফি...................... টাকা

এতদ্দ্বারা ........................................................................................................ কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধানাবলী এবং অধিকন্তু, এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত প্রাঙ্গণে অতিরিক্ত শর্ত...................... নম্বরে উলি-খিত পরিমাণ বিস্ফোরক অধিকারে রাখা এবং বিক্রয় করিবার লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর,............ পর্যন্ত বলবৎ থাকিবে।

এই আইন বা তদধীন প্রণীত বিধিমালা বা এই লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ করিলে বা সংযুক্ত নকশায় উলি-খিত বিবরণের সহিত গড়মিল পরিলক্ষিত হইলে এই লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য হইবে।

লাইসেন্সকৃত প্রাঙ্গণের বর্ণনা

ইহার সহিত সংযুক্ত নকশা নম্বর ...................... তারিখ.................... এ লাইসেন্সকৃত প্রাঙ্গণের চিত্র প্রদর্শিত আছে এবং প্রাঙ্গণের অবস্থান................... ........এবং ইহাতে..................... আছে।

লাইসেন্সধারীর ডাক যোগযোগের ঠিকানা.............................

তারিখঃ ................................ লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ।

লাইসেন্স নবায়নের স্বাক্ষর

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |

**শর্তাবলী**

১। প্রাঙ্গণে বিস্ফোরকের পরিমাণ যে কোন সময়ে লাইসেন্সকৃত পরিমাণের বেশী হইবে না।

২। ম্যাগাজিনটি শুধুমাত্র লাইসেন্সের অতিরিক্ত শর্ত নম্বর.......................... এ উলি- খিত সকল বিস্ফোরক এবং উহাদের ধারনপাত্র, বিস্ফোরক মজুদের সংশি- ষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মজুদের জন্য ব্যবহৃত হইবে।

৩। ম্যাগাজিন বা মজুদাগারের অভ্যন্তরে বিস্ফোরকের প্যাকেট খোলা এবং ওজন লওয়া ও প্যাকেট করা যাইবে না।

৪। (১) অতিরিক্ত শর্তের মাধ্যমে দুই বা ততোধিক ধরনের বিস্ফোরক একই ম্যাগাজিন বা মজুদাগারে রাখিবার অনুমতি প্রদান করা যাইতে পারে যদি উহাদের মধ্যবর্তী স্থান এইরূপ নিচ্ছিদ্র দেওয়াল বা দূরত্ব দ্বারা এমনভাবে পৃথকীকরণ করা হয় যাহাতে কোন অগ্নি বা বিস্ফোরণ ব্যাপৃত হইতে সক্ষম না হয়।

(ক) ১ম শ্রেণী (গান পাউডার), ২য় শ্রেণী (নাইট্রেট মিশ্রণ), ৩য় শ্রেণী (নাইট্রো যৌগ) এবং ৪র্থ শ্রেণী (ক্লোরেট মিশ্রণ), ৬ষ্ঠ শ্রেণী ১ম বিভাগভুক্ত সেফটি ফিউজ (অ্যাডিনিশন) শ্রেণীর বিভিন্ন ধরনের বিস্ফোরক এবং এইরূপ ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগের (অ্যাডিনিশন) বিভিন্ন ধরনের বিস্ফোরককে, কোন উন্মুক্ত লোহা বা ইস্পাত না থাকিলে কোন পৃথকীকরণ দেওয়াল বা দূরত্ব বজায় রাখা ছাড়াই পাশাপাশি রাখা যাইবে।

(খ) ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগের (অ্যাডিনিশন) এর বিভিন্ন ধরনের বিস্ফোরক কোন পৃথকীকরণ দেওয়াল/ দূরত্ব বজায় রাখা ছাড়াই পাশাপাশি রাখা যাইবে।

(গ) এইরূপ ৬ষ্ঠ শ্রেণীর ২য় বিভাগের (অ্যাডিনিশন) বিভিন্ন ধরনের বিস্ফোরককে, উন্মুক্ত লোহা বা ইস্পাত থাকিলে কোন পৃথকীকরণ দেওয়াল/ দূরত্ব বজায় রাখা ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(ঘ) ৬ষ্ঠ শ্রেণীর ৩য় বিভাগের (অ্যাডিনিশন) বিভিন্ন ধরনের বিস্ফোরক কোন পৃথকীকরণ দেওয়াল/ দূরত্ব বজায় রাখা ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(ঙ) ক্লোরেট সমৃদ্ধ বিস্ফোরক ছাড়া ৭ম শ্রেণীর (আতশবাজী) বিভিন্ন ধরনের বিস্ফোরক পৃথকীকরণ দেওয়াল/ দূরত্ব বজায় রাখা ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(২) উপরে যাহাই বলা হউক না কেন, অতিরিক্ত শর্ত নং.............. এর বিধান সত্ত্বেও দুই বা ততোধিক প্রকারের বিস্ফোরক একই ম্যাগাজিন বা মজুদাগারে রাখা যাইবে না।

৫। (১) প্রধান বিস্ফোরক পরিদর্শকের বিশেষ অনুমোদন ব্যতিরেকে, ৩য় শ্রেণীর (নাইট্রো যৌগ) বিস্ফোরক উহাদের প্রস্তুতের তারিখ হইতে ১ বৎসরকাল অতিক্রান্ড় হওয়ার পর ম্যাগাজিনে রাখা যাইবে না।

(২) এইরূপ অনুমোদন প্রদান করা হইলে প্রত্যেক পরিদর্শনের পর প্রধান বিস্ফোরক পরিদর্শকের নিকট হইতে অনুমোদনের মেয়াদ উলে- খপূর্বক একটি সনদ গ্রহণ করিতে হইবে এবং উহা অবশ্যই লাইসেন্সধারী কর্তৃক রক্ষিত থাকিবে এবং চাহিদা মোতাবেক উপস্থাপন করিতে হইবে।

(৩) যখন কোন বিস্ফোরককে গলিত অবস্থা বা নিঃসৃত নাইট্রোগি- সারিন বা তরল নাইট্রো যৌগের চিহ্ন পরিলক্ষিত হওয়ার কারণে মান অনুযায়ী বিশুদ্ধতা আর বজায় থাকে না এবং সেই হিসাবে ম্যাগাজিনে বা মজুদাগারে রাখিবার অনুপযুক্ত হইয়া পড়ে, লাইসেন্সধারী তখন উক্ত বিস্ফোরকগুলি বিনষ্ট করিবার জন্য প্রধান বিস্ফোরক পরিদর্শক যে নির্দেশাবলী প্রদান করিবেন উহা নিজ খরচে প্রতিপালন করিবেন।

৬। ম্যাগাজিন/ মজুদাগারের অভ্যন্ড়রভাগ এবং বেঞ্চ, তাক এবং উহার মধ্যস্থ সরঞ্জাদি এমনভাবে নির্মাণ বা আস্ড়রকৃত বা আবৃত করিতে হইবে যাহাতে লোহা বা ইস্পাত উন্মুক্ত না থাকে এবং কঙ্কর, লোহা, ইস্পাত বা এই জাতীয় বস্তুকে বিস্ফোরকের সংস্পর্শে আসা হইতে বিছিন্ন রাখে। এইরূপ অভ্যন্ড়রভাগ, বেঞ্চ, তাক এবং সরঞ্জামাদি যতদূর সম্ভব কঙ্করমুক্ত এবং অন্যভাবে পরিষ্কার রাখিতে হইবে এবং যদি কোন বিস্ফোরক পানি দ্বারা বিপজ্জনকভাবে ক্ষতিগ্রস্থ হয় তবে উহা হইতে পানি নিষ্কাশনের জন্য যথাযথ সতর্কতা অবলম্বন করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন লোহা বা ইস্পাত উন্মুক্ত থাকিলে সতর্কতা অবলম্বনের বিষয়টি পরিপালন ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগের বিস্ফোরক (অ্যাডিনিশন) ব্যতীত অন্য বিস্ফোরকের ইমারতের জন্য বাধ্যতামূলক হইবে না।

৭। বিস্ফোরক পরিদর্শক কর্তৃক যদি বজ্রবহ পরীক্ষা করা হয় তবে লাইসেন্সধারী পরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান করিবেন। পরীক্ষার ফল অসন্ড়েষজনক পরিলক্ষিত হইলে তবে পরীক্ষণ কর্মকর্তা কর্তৃক উহা সন্ড়েষজনক প্রমাণিত না হওয়া পর্যন্ড় পরবর্তী প্রত্যেক পরীক্ষণের জন্য সমান ফি প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, যেখানে দুই বা ততোধিক বজ্রবহ পরস্পরের সহিত এবং একই ম্যাগাজিনে সংযুক্ত থাকে তবে এইরূপ বজ্রবহগুলিতে যতগুলি পরীক্ষা করা হইবে তাহার জন্য প্রদেয় পরীক্ষণ ফি অত্র শর্তে নির্ধারিত একটি বজ্রবহ পরীক্ষা ফি এর বেশী হইবে না।

৮। কর্মকালীন সময়ে যথোপযুক্ত পোশাক, উপযুক্ত জুতা পরিধান এবং তল-াশী বা অন্য কোন উপায়ে বা অনুরূপ ব্যবস্থার মাধ্যমে ম্যাগাজিন বা মজুদাগারে অগ্নি, শলাকা, ম্যাচ বা এইরূপ বস্তু বা বিশেষ দ্রব্য যাহা বিস্ফোরণ বা অগ্নিকাে সহায়ক বা কোন কঙ্কর, লোহা বা ইস্পাত প্রবেশ নিরোধের জন্য বিশেষ ব্যাবস্থা গ্রহণ করিতে হইবে কিন্তু এই শর্ত বিশেষভাবে তৈরী ও বৈশিষ্ট্যের কৃত্রিম বাতি, যাহা প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত এবং অগ্নিকা বা বিস্ফোরণের সহায়ক নহে, উহা প্রবেশের জন্য বাধা সৃষ্টি করিবে না ঃ

তবে শর্ত থাকে যে, ৬ষ্ট শ্রেণীর ১ম বিভাগের বিস্ফোরক (অ্যাডিনিশন) ব্যতীত অন্য বিস্ফোরক ইমারতের জন্য লৌহ বা ইস্পাত মুক্ত না রাখিবার শর্ত প্রয়োগ বাধ্যতামূলক হইবে না।

৯। লাইসেন্সধারী মজুদকৃত সকল বিস্ফোরকের রেকর্ড ও হিসাব এবং ২৮ ও ২৯ নম্বর ফরমে বিক্রি ও বহির্গমণের হিসাব তাহার অফিসে সংরক্ষণ করিবেন এবং এ সকল স্টক বহি এবং রেকর্ডপত্র বিধি ১৮৩ এর অধীনে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে চাহিবামাত্র পেশ করিবেন।

১০। কোন দুর্ঘটনা এবং সকল হারানো, স্টক ঘাটতি এবং চুরি হওয়া বিস্ফোরকের রিপোর্ট অনতিবিলম্বে নিকটস্থ থানায় এবং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

১১। লাইসেন্সকৃত প্রাঙ্গণে সম্ভাব্য সকল সময়ে পরিদর্শনকারী বা নমুনা সংগ্রহকারী কর্মকর্তাকে প্রবেশ করিতে দিতে হইবে এবং উক্ত কর্মকর্তা যাহাতে বিধির বিধানাবলী এবং লাইসেন্সের শর্তাবলী যথাযথ প্রতিপালন হইতেছে কি না নিশ্চিত হইতে পারেন সেই জন্য তাহাকে সকল সুযোগ-সুবিধা প্রদান করিতে হইবে।

১২। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে প্রাঙ্গণের কোন পরিবর্তন বা পরিবর্ধন করা যাইবে না এবং এই ব্যাপারে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কোন শর্তের উলে-খ করিলে লাইসেন্সধারীকে উহা প্রতিপালন করিতে হইবে।

১৩। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ যদি মনে করে যে, প্রাঙ্গণের বা জননিরাপত্তার স্বার্থে কোন কার্যব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন তবে লাইসেন্সধারীকে লিখিতভাবে এই মর্মে নোটিশ প্রদান করিবে এবং লাইসেন্সধারী নোটিশে উলি-খিত সময় সীমা, যাহা নোটিশ প্রাপ্তির পর হইতে ১ (এক) মাসের কম হইবে না, উক্ত সময়ের মধ্যে নির্দেশিত কার্য সম্পাদন করিবেন।

১৪। ম্যাগাজিন বা মজুদাগার সবসময় উত্তম মেরামতকৃত (ভাল অবস্থায় রক্ষণাবেক্ষণ) অবস্থায় রাখিতে হইবে। ম্যাগাজিন বা মজুদাগারে যে কোন কারণে বিস্ফোরক মজুদের অনুপযোগী পরিলক্ষিত হওয়ার সঙ্গে সঙ্গে লাইসেন্সধারী বিষয়টি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

১৫। লাইসেন্সধারী প্রত্যেক মাসের শেষে সময়ে সময়ে নির্ধারিত ছক ফরম নং ৩২ এর মাধ্যমে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ এবং নবায়নকারী কর্তৃপক্ষের নিকট মাসিক প্রতিবেদন এমনভাবে প্রেরণ করিবেন যাহাতে উহা পরবর্তী সময়ে ১০ (দশ) তারিখের মধ্যে উক্ত কর্তৃপক্ষের নিকট পৌঁছে।

১৬। নিরাপত্তা দূরত্বের মধ্যবর্তী স্থান জবরদখল হইলে বিষয়টি সঙ্গে সঙ্গে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় উপদেশ বা কার্যব্যবস্থার জন্য অবহিত করিতে হইবে।

১৭। কোন বিস্ফোরক নষ্ট বা ব্যবহারের অযোগ্য পরিলক্ষিত হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে নির্দেশনা গ্রহণের জন্য সঙ্গে সঙ্গে অবহিত করিতে হইবে।

১৮। বিস্ফোরক প্যাকেটগুলি এমনভাবে সারিবদ্ধ করিয়া রাখিতে হইবে যাহাতে উহাদের মাঝে কমপক্ষে এক জন লোক চলাচলের মাধ্যমে প্যাকেটগুলির অবস্থা এবং প্যাকেটের গায়ে লিপিবদ্ধ প্রস্ড়তকারীর বিবরণ পাঠ করিতে পারে।

১৯। মাটিতে বজ্রবহের রেজিস্ট্যান্স ক্ষমতা যথাসম্ভব খুব কম রাখিতে হইবে এবং উহা কোন ক্রমেই ৫ ওহমের বেশী হইবে না।

২০। ম্যাগাজিন বা মজুদাগারের চারিপার্শ্বে ১৫ মি. দূরত্বের মধ্যে শুকনা ঘাস, ঝোপ জঙ্গল বা দাহ্য বস্তু রাখা যাইবে না।

২১। বিস্ফোরকের প্রত্যেকটি প্যাকেট ম্যাগাজিন বা মজুদাগার প্রবেশ করানোর সময় উহার যথার্থ অবস্থা যাচাই করিতে হইবে।

২২। একই সময়ে ম্যাগাজিন বা মজুদাগারের অভ্যন্ড়রে এক সংগে ৪ জনের বেশী লোক প্রবেশের অনুমতি প্রদান করা যাইবে না।

২৩। বিস্ফোরকের খালি প্যাকেট যথাসম্ভব তাড়াতাড়ি সরাইয়া ফেলিতে হইবে এবং ধ্বংস করিয়া ফেলিতে হইবে।

**অতিরিক্ত শর্তাবলী**

## ফরম ২৪

[বিধি ১৬০ দ্রষ্টব্য]

অনুর্ধ্ব ২৫ কেজি ক্ষুদ্র অস্ত্রে ব্যবহারযোগ্য নাইট্রো যৌগ বা ৭ম শ্রেণীর বিভাগ ২ এর উপ-বিভাগ ২ এর অন্ড়র্ভুক্ত অনূর্ধ্ব ১০০ কেজি, ৭ম শ্রেণীর বিভাগ ২ উপ-বিভাগ ১ এর অন্ড়র্ভুক্ত ১০০০ কেজি আতশবাজী প্রস্তুতকরণ বা সেফটি ফিউজ অনুর্ধ্ব ১০০০০ মি. অধিকারে রাখা এবং বিক্রয়ের লাইসেন্স।

নং.................. ফি................টাকা

এতদ্‌দ্বারা.....................................................কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধানাবলী এবং অধিকন্তু, এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে নিুবর্ণিত প্রাঙ্গণে অতিরিক্ত শর্ত নং.............এ বর্ণিত পরিমাণ বিস্ফোরক অধিকারে রাখা এবং ব্যবহারের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, .................... পর্যন্ড় বলবৎ থাকিবে।

লাইসেন্সকৃত প্রাঙ্গণের বর্ণনা

অনুমোদিত নকশা নং...................... তারিখ...................... এ লাইসেন্সকৃত প্রাঙ্গণের চিত্র প্রদর্শিত আছে এবং প্রাঙ্গণের অবস্থান .................. এবং ইহাতে .................... আছে।

এই আইন বা তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালার কোন বিধান বা এই লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘন করিলে বা সংযুক্ত নকশায় উলি-খিত বিবরণের সহিত গড়মিল পরিলক্ষিত হইলে এই লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য হইবে।

তারিখঃ .....................                                        লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ।

**শর্তাবলী**

১। প্রাঙ্গণে রক্ষিত সকল বিস্ফোরক স্থায়ী ইট-পাথরের বা কংক্রিট দ্বারা নির্মিত ইমারতে এমনভাবে বন্ধ ও নিরাপদ রাখিতে হইবে যাহাতে কোন অননুমোদিত ব্যক্তির উহাতে প্রবেশ প্রতিরোধ করা যায়।

২। বিস্ফোরক রাখিবার জন্য ব্যবহৃত প্রত্যেক ইমারত বা ধারনপাত্রের অভ্যন্তরভাগ এবং উহার মধ্যস্থিত তাক, সরঞ্জামাদি এমনভাবে নির্মাণ, আস্তর বা আবৃত করিতে হইবে যাহাতে কোন লোহা বা ইস্পাত খোলা অবস্থায় না থাকে বা কঙ্কর, লোহা বা ইস্পাত বা অনুরূপ বস্তু এমনভাবে বিচ্ছিন্ন রাখিতে হইবে যাহাতে বিস্ফোরকের সংস্পর্শে আসিতে না পারে। এইরূপ অভ্যন্তরস্থ তাক এবং সরঞ্জামাদি যতদূর সম্ভব কঙ্করমুক্ত এবং ভালোভাবে রাখিতে হইবে।

৩। বিস্ফোরক রক্ষিত ইমারত বা ধারনপাত্র শুধুমাত্র বিস্ফোরক রাখিবার জন্য ব্যবহার করিতে হইবে এবং অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

৪। এই লাইসেন্সের অধীনে বিভিন্ন ধরনের বিস্ফোরক এমন পদার্থের নির্মিত দেওয়াল দ্বারা বা দূরত্বের দ্বারা পৃথক রাখিতে হইবে যাহাতে কোন বিস্ফোরণ বা অগ্নিকান্ড অন্য কক্ষে বিস্তৃত হইতে না পারেঃ

তবে শর্ত থাকে যে,

(ক) ক্ষুদ্র অস্ত্রে ব্যবহাযোগ্য নাইট্রো যৌগ এবং ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগ (অ্যাডিনিশন) ভুক্ত সেফ্‌টি ফিউজ কোন মধ্যবর্তী দেওয়াল বা দূরত্ব ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(খ) ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগভূক্ত (অ্যাডিনিশন) বিভিন্ন বিস্ফোরক মধ্যবর্তী দেওয়াল বা দূরত্ব ব্যতিরেকেই পাশাপাশি রাখা যাইবে।

(গ) ক্লোরেট ব্যতীত ৭ম শ্রেণীভূক্ত (আতশবাজী) বিভিন্ন ধরনের বিস্ফোরক মধ্যবর্তী দেওয়াল বা দূরত্ব ছাড়াই পাশাপাশি রাখা যাইবে।

৫। ২.৫ কেজির উর্ধ্বে ৬ষ্ঠ শ্রেণীর ১ম বিভাগের (অ্যাডিনিশন) বা ৭ম শ্রেণীর ২য় বিভাগভূক্ত বিস্ফোরক (আঁতশবাজী) এবং ৫ কেজির উর্ধ্বে অন্যান্য বিস্ফোরক শক্ত ব্যাগ, ক্যানিষ্টার বা বাক্সে বন্ধ করিয়া রাখিতে হইবে যাহাতে ইহার মধ্য হইতে বিস্ফোরক বাহির হইতে না পারে এবং বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর বিধি ৮ ও ৯ এর বিধান মোতাবেক প্যাক ও চিহ্নিত করিতে হইবে।

৬। কোন তেল, রং, দিয়াশলাই, বাতি, অধিক প্রজ্বলনীয় বা বিস্ফোরক প্রকৃতির কোন বস্তু, যাহা অগ্নি বা বিস্ফোরণের সূত্রপাত করিতে পারে বা কোন এসিড বা এমন কোন পদার্থ লাইসেন্সকৃত প্রাঙ্গণের কাছে বা ভিতরে রাখা যাইবে না।

৭। লাইসেন্সধারী বিস্ফোরকের মজুদের রেকর্ড ও হিসাব এবং বিক্রয়ের হিসাব ফরম ২৮ ও ২৯ এর মাধ্যমে সংরক্ষণ করিবে এবং মজুদ ও হিসাব বহি এবং রেকর্ড বিস্ফোরক বিধি ১৮৩ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উহা তলব করা হইলে তাহা প্রদর্শন করিবেন।

৮। লাইসেন্সের অধীনে উলি-খিত প্রাঙ্গণে বিস্ফোরক বিক্রয় করিতে হইবে।

৯। কোন লোহার বা ইস্পাতের তৈরী যন্ত্রপাতি, সরঞ্জামাদি, নিক্তি, বাটখারা ইত্যাদি প্রাঙ্গণে রাখা যাইবে না এবং প্রাঙ্গণের ভিতরে কোন ব্যক্তি লোহা বা ইস্পাত তাহার বুট বা জুতার সহিত সংযুক্ত রাখিতে পারিবেন না।

১০। বিস্ফোরক হারানো, মজুদ ঘাটতি বা চুরি সংক্রান্ত বিষয় অনতিবিলম্বে লাইসেন্সকৃত প্রাঙ্গণ যে থানার আওতাভুক্ত উক্ত থানায় এবং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে জানাইতে হইবে।

১১। সকল যুক্তিসংগত সময়ে পরিদর্শনকারী বা নমুনা সংগ্রহকারী কর্মকর্তাকে প্রাঙ্গণে প্রবেশের অনুমতি প্রদান এবং প্রাঙ্গণে এই আইন বা বিধিমালার বিধান বা লাইসেন্সের শর্তাবলী সঠিকভাবে প্রতিপালন করা হইতেছে কি না তাহা নিশ্চিত হওয়ার জন্য সকল সুযোগ-সুবিধা প্রদান করিবেন।

অতিরিক্ত শর্তাবলী

## ফরম ২৫

[বিধি ১৬০ দ্রষ্টব্য]

আতশবাজী অধিকারে রাখা এবং জনসাধারণের নিকট প্রদর্শনীর উদ্দেশ্যে ব্যবহারের লাইসেন্স

নং...................... ফি ............... টাকা

এতদ্দ্বারা .....................................................কে Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা ২০০৪ এর বিধান এবং অকিন্তু এই লাইসেন্সের শর্তাবলী সাপেক্ষে নিম্নলিখিত প্রাঙ্গণে.................. কেজি আতশবাজী অধিকারে রাখা এবং জনগণের সামনে প্রদর্শনের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স......................... পর্যন্ত বলবৎ থাকিবে।

Explosives Act, 1884 বা তদধীন প্রণীত বিস্ফোরক বিধিমালা বা লাইসেন্সের শর্তাবলী ভঙ্গ করিলে বা সংযুক্ত নকশার সহিত প্রাঙ্গণের গড়মিল পরিলক্ষিত হইলে লাইসেন্স খানা বাতিল বা সাময়িকভাবে বাতিলযোগ্য হইবে।

প্রাঙ্গণের বর্ননা

এতদ্‌সংযুক্ত নকশা নং....................তারিখ.................... এ প্রদর্শিত এবং............... অবস্থিত প্রাঙ্গণটি জনগণের সামনে আঁতশবাজী প্রদর্শনের জন্য ব্যবহৃত হইবে।

এতদ্‌সংযুক্ত নকশা নং......................... তারিখ..................... এবং................... অবস্থিত প্রাঙ্গণটি আঁতশবাজী মজুদের জন্য ব্যবহৃত হইবে।

তারিখ .......................... লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ।

**শর্তাবলী**

১। লাইসেন্সধারী কর্তৃক বা তাহার কর্তৃত্বে বা তাহার তত্ত্বাবধানে পরিচালিত কোন আঁতশবাজীর প্রদর্শনী অনুষ্ঠানের কম পক্ষে ৭ পূর্ণ দিন পূর্বে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন ঃ
- (ক) যেখানে প্রদর্শনী অনুষ্ঠিত হইবে তাহার সময় ও স্থান;
- (খ) প্রদর্শনীতে যে ধরনের আঁতশবাজী প্রদর্শিত হইবে;
- (গ) যাহাদের নিকট হইতে আঁতশবাজী সংগ্রহ করা হইয়াছে বা হইবে তাহাদের নাম, ঠিকানা ও লাইসেন্স নম্বর;
- (ঘ) প্রদর্শনী যিনি তত্ত্বাবধান করিবেন বা লাইসেন্সধারীকে প্রদর্শনীতে সাহায্য করিবেন তাহাদের প্রত্যেকের নাম ও ঠিকানা; এবং
- (ঙ) লাইসেন্সধারী ব্যতীত উপানুচ্ছেদ (খ) এ উলি- খিত প্রত্যেক ব্যক্তির আঁতশবাজী প্রদর্শনী পরিচালনা বা তত্ত্বাবধান এবং আঁতশবাজীর ব্যবহারে অভিতজ্ঞার পূর্ণ বিবরণ।

২। লাইসেন্সের সহিত সংযুক্ত নকশায় উলি- খিত স্থানে কেবল আঁতশবাজী মজুদ এবং প্রদর্শন করা যাইবে।

৩। অতিরিক্ত শর্ত............... এ উলি- খিত ন্যূনতম নিরাপত্তা দূরত্ব দর্শকমন্ডলী এবং প্রদর্শনী অনুষ্ঠানের এলাকার মধ্যে বজায় রাখিতে হইবে।

৪। শুধুমাত্র প্রাধিকারপ্রাপ্ত আঁতশবাজী ব্যবহার করা যাইবে। এই সমস্ড় আঁতশবাজী উক্তরূপ আঁতশবাজী প্রস্তুতের জন্য যথাযথ লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নিকট হইতে সরাসরি ক্রয় করিতে হইবে।

৫। বাতাসের গতিবেগ ঘন্টায় ৫০ কি.মি. অতিক্রম করিলে বা দর্শক নিয়ন্ত্রণে রাখিতে ব্যর্থ হইলে কোন প্রদর্শনী চালানো যাইবে না।

৬। আঁতশবাজী প্রস্তুত ও প্রদর্শনীতে ন্যূনতম সংখ্যক লোক নিয়োজিত করিতে হইবে। জায়গাটি নিরবিচ্ছিন্নভাবে তত্ত্বাবধান করিতে হইবে এবং নিয়োজিত ব্যক্তিগণকে সুরক্ষিত পরিচ্ছেদ, শব্দরোধী আচ্ছাদন, নিরাপত্তা চশমা এবং অন্যান্য সুরক্ষিত জিনিস পরিধান করিতে হইবে।

৭। যে মহূর্তে আঁতশবাজী প্রদশনীস্থানে আনা হইবে সেই মুহূর্ত হইতে উহা অরক্ষিত বা নিরাপত্তাহীন অবস্থায় রাখা যাইবে না।

৮। কোন তাবু, গাড়ীর ট্রেইলার, আশ্রয়ের জন্য নির্মিত ক্যানভাসের ১৫ মি. এর মধ্যে কোন আঁতশবাজীতে অগ্নি সংযোগ করা যাইবে না।

৯। বিস্ফোরক, প্রজ্বলনীয় বস্ড় বা অন্য কোন বিপজ্জনক পদার্থের মজুদস্থল হইতে ২০০ মি. এর মধ্যে কোন আঁতশবাজীতে অগ্নি সংযোগ করা যাইবে না।

১০। কোন হসপাতাল, নার্সিং হোম, স্কুল বা উপসনালয়ের ২০০ মি. এর মধ্যে কোন আঁতশবাজী প্রদর্শনী করা যাইবে না যতক্ষণ না স্থানীয় কর্তৃপক্ষ এবং উহাদের মালিক বা প্রতিনিধির নিকট হইতে সম্মতি গ্রহণ করা না হয়।

১১। প্রত্যাশিত অগ্নি দুর্ঘটনার মোকাবেলার জন্য পর্যাপ্ত অগ্নি নির্বাপক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। প্রাথমিক চিকিৎসা এবং অন্যান্য অগ্নি নির্বাপক ব্যবহারের ধরন ও পরিমাণ ফায়ারসার্ভিস কর্তৃপক্ষের সহিত আলোচনা করিয়া নির্ধারণ করিতে হইবে।

১২। প্রদর্শনীর পর, ধ্বংসাবশেষ এবং অবশিষ্টাংশ উক্ত স্থান হইতে সাবধানে সংগ্রহ ও অপসারণ করিতে হইবে এবং যথাযথ ব্যক্তির তত্ত্বাবধানে পোড়াইয়া বিনষ্ট করিতে হইবে।

১৩। লাইসেন্সধারী আইন ও তদধীন প্রণীত বিধিমালার বিধান, যাহা প্রযোজ্য হয়, অনুসরণ করিবেন।

১৪। যেখানে আঁতশবাজী রাখা হইয়াছে উহার ১০ মি. এর মধ্যে কোন বৈদ্যুতিক তারের উপস্থিতির অনুমতি প্রদান করা যাইবে না।

১৫। মর্টারের দৈর্ঘ্যের অর্ধেক মাটির নীচে এবং ১০°-১৫° কোণে কাত করিয়া এবং দর্শকমন্ডলীর বিপরীত দিকে স্থাপন করিতে হইবে। একই পরিমাপের মর্টার একই দলভুক্ত করিয়া এবং অন্যূন ৫০ সে. মি. দূরত্বে রাখিতে হইবে। বিভিন্ন পরিমাপের বিভিন্ন দলের মর্টার অন্যূন ১০ মি. দূরত্বে রাখিতে হইবে। মর্টার বা উহাদের কাঠামো শক্তভাবে মাটিতে গাঁথিয়া রাখিতে হইবে।

১৬। প্রদর্শনী শুর— হওয়ার পূর্বে তত্ত্বাবধানকারী এই মর্মে নিশ্চিত হইবেন যে, আঁতশবাজী জনমানবহীন এলাকায় বিস্ফোরিত হইবে এবং উহাদের ধ্বংসাবশেষ উক্ত এলাকায়ই পতিত হইবে।

১৭। কোন দিয়াশলাই, বাতি বা দাহ্য বা বিপজজনক ধরনের এমন কোন বস্তু, যাহা অগ্নি বা বিস্ফোরণে সহায়ক, লাইসেন্সকৃত মজুদাগারে রাখা বা বহন করা যাইবে না।

১৮। লোহা বা ইস্পাতের তৈরী কোন যন্ত্রপাতি, সরঞ্জামাদি, ইত্যাদি প্রাঙ্গণে রাখা যাইবে না এবং লাইসেন্সকৃত প্রাঙ্গণে লোহা বা ইস্পাতের নির্মিত জিনিস কোন ব্যক্তির নিকট বা তাহার জুতার সহিত সংযুক্ত থাকিতে পারিবে না।

১৯। লাইসেন্সধারী প্রাপ্ত, ব্যবহৃত ও বর্তমান মজুদ আঁতশবাজীর রেকর্ড ও হিসাব সংরক্ষণ করিবেন না।

২০। লাইসেন্সধারী মজুদ ও প্রদর্শন স্থলের স্থানীয় উপ-বিধিসমূহ অনুসরণ করিবেন এবং প্রয়োজন হইলে উহার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করিবেন।

২১। লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর অবশিষ্ট বিস্ফোরণের ধরন ও পরিমাণ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন এবং বিস্ফোরকগুলি ধবংস করিবার ব্যাপারে প্রদত্ত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নির্দেশাবলী লাইসেন্সধারী মানিয়া চলিবেন।

২২। যদি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ মনে করে যে প্রাঙ্গণ বা উহাতে কর্মরত ব্যক্তি বা দর্শকমন্ডলীর নিরাপত্তার স্বার্থে কোন পরিবর্তন বা পরিবর্ধন করা প্রয়োজন এবং উক্ত কর্তৃপক্ষ যদি লিখিতভাবে লাইসেন্সধারীকে নির্দেশ প্রদান করে তবে লাইসেন্সধারী উক্ত আদেশে নির্ধারিত সময়ের মধ্যে উক্ত পরিবর্তন বা পরিবর্ধন সাধন করিবেন।

২৩। অগ্নি বা বিস্ফোরণজনিত দুর্ঘটনা এবং বিস্ফোরক হারানো, ঘাটতি বা চুরি যাওয়ার বিষয়টি অনতিবিলম্বে নিকটস্থ থানা এবং লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

২৪। যক্তিসংগত সকল সময়ে লাইসেন্সকৃত প্রাঙ্গণে পরিদর্শনকারী বা নমুনা সংগ্রহকারী কর্মকর্তাকে প্রবেশের অনুমতি প্রদান করিতে হইবে এবং আইন ও তদধীন প্রণীত বিধিমালার বিধান এবং লাইসেন্সের শর্তাবলী যথাযথ প্রতিপালন করা হইতেছে কি না তাহা যাহাতে নিশ্চিত হইতে পারেন সেই ব্যাপারে সকল সুবিধাদি প্রদান করিতে হইবে।

অতিরিক্ত শর্তাবলী

## ফরম ২৬

[বিধি ১৪৯ দ্রষ্টব্য]
বিস্ফোরক অধিদপ্তর
যাহার জন্য প্রযোজ্য

নং..............................

প্রত্যয়ন করা যাইতেছে যে জনাব................................ তারিখে জন্মগ্রহণ করেন এবং............... তারিখে অনুষ্ঠিত শট ফায়ারার পরীক্ষায় উত্তীর্ণ হন (মাস ও বছর) ......... তারিখে...............................(পরীক্ষা পরিচালনাকারী কর্তৃপক্ষ) কর্তৃক পরিচালিত ও .............................................(পরীক্ষার নাম) ........পরীক্ষার উত্তীর্ণ হন এবং বিস্ফোরক আইন এবং তদধীন প্রণীত বিধিমালার বিধান সাপেক্ষে The Mines Act,1923 এর আওতাভুক্ত এলাকা বাদে অন্য এলাকায় বিস্ফোরক দ্বারা ব-াস্টিং কার্য পরিচালনার প্রাধিকার প্রদান করা হইল।

স্থান ঃ .......................

তারিখ ঃ .................... প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

## ফরম ২৭

[বিধি ১১৭ দ্রষ্টব্য]

প্রস্তুতকৃত বিস্ফোরকের হিসাব
নোট ঃ এই রেকর্ড হাল নাগাদ রাখিতে হইবে।
[হিসাবের ফরম লাইসেন্সধারী কর্তৃক সংরক্ষণ করিতে হইবে]

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ ও শিফ্‌ট নম্বর | বিস্ফো-রকের ব্রা নাম | শ্রেনী ও বিভাগ | প্রস্তুতকৃত বিস্ফোর কের অকৃতি | ব্যাচ নম্বর | প্রস্তুতকৃত বিস্ফোর কের পরিমাণ | পরীক্ষণ ও তারিখ | প্যাকেটের সংখ্যা | যে ম্যাগাজিন / মজুদাগারে বিস্ফোরক প্রেরিত হইয়াছে তার লাইসেন্স নম্বর... | মন্তব্য | ইনচার্জ / লাইসেন্স-ধারীর স্বাক্ষর |
| | | | | | | | | | | |

বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর লাইসেন্স নং................. ফরম নং.................

## ফরম ২৮

[বিধি ১২৪ দ্রষ্টব্য]

লাইসেন্সধারী কর্তৃক সংরক্ষণীয় বিস্ফোরক প্রাপ্তির হিসাবের ফরম

**নোট ঃ** এই রেকর্ড হাল নাগাদ রাখিতে হইবে। প্রত্যেকদিন এবং যখন ও যেভাবে বিস্ফোরক প্রাপ্ত হয়, এন্ট্রিসমূহ পূরণ করিতে হইবে।

লাইসেন্স নং.................... বিস্ফোরক বিধিমালার ২০০৪ এর ফরম নং...............................

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | বিস্ফোরকের বিবরণ | | | প্রারম্ভিক স্থিতি | লাইসেন্সধারী কর্তৃক প্রাপ্ত বিস্ফোরকের পরিমাণ | মোট পরিমাণ (৫+৬) | ব্যাচ নম্বর | বিস্ফোরক প্রেরণকারীর নাম, ঠিকানা ও লাইসেন্স নং | স্থল ভ্যানের লাইসেন্স নম্বর (যদি স্থলপথে পরিবহণ করা হয়) | পাস নম্বর | সমাপ্তি জের | মন্তব্য | লাইসেন্সধারী/ ইনচার্জের স্বাক্ষর |
| | নাম | শ্রেণী | বিভাগ | | | | | | | | | | |

## ফরম ২৯

[বিধি ১২৪ দ্রষ্টব্য]

লাইসেন্সধারী কর্তৃক সংরক্ষণীয় বিস্ফোরক বিক্রয়ের হিসাব ফরম

**নোট ঃ** এই রেকর্ড হালনাগাদ রাখিতে হইবে। এন্ট্রিসমূহ প্রতিদিন এবং যখন যেইভাবে বিস্ফোরক বিক্রয় করা হয় পূরণ করিতে হইবে।

লাইসেন্স নম্বর.................... বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর ফরম নং................

তারিখ বিস্ফোরকের বিবরণ লাইসেন্সধারী কর্তৃক বিক্রিত বিস্ফোরক

| | নাম | শ্রেণী | বিভাগ | প্রারম্ভিক জের | নাম | শ্রেণী | বিভাগ | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

| ব্যাচ নং ও তারিখ | যাহার নিকট বিস্ফোরক বিক্রয় করা হইয়াছে তাহার নাম, ঠিকানা ও তারিখসহ লাইসেন্স নম্বর | পরিবহণের ধরন এবং স্থলপথে পরিবহণ করা হইলে ভ্যানের লাইসেন্স নং ও তারিখ | পাস নং | সমাপ্তি জের | মন্তব্য | লাইসেন্সধারী/ ইনচার্জের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | |

## ফরম ৩০

[বিধি ১২৪ দ্রষ্টব্য]

## লাইসেন্সধারী কর্তৃক সংরক্ষণীয় তৎকর্তৃক ব্যবহৃত বিস্ফোরকের হিসাব ফরম

**নোট ঃ** এই রেকর্ড হাল নাগাদ রাখিতে হইবে। যে সময়ে ব্যবহারের জন্য বিস্ফোরক ইস্যু করা হয় তৎক্ষণাৎ বা অব্যবহৃত বিস্ফোরক ফেরত প্রদানের সময় প্রতিদিন এন্ট্রি করিতে হইবে।

লাইসেন্স নম্বর ............................. বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর ফরম নং ................................

| ১ | ২ | ইস্যুকৃত বিস্ফোরকের ধরন | | | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | | ৩ | ৪ | ৫ | | |
| তারিখ | শট ফায়ারের নাম ও পারমিট নম্বর | নাম | শ্রেণী | বিভাগ | ইস্যুকৃত বিস্ফোরকের পরিমাণ | যতগুলি গর্ত করা হইয়াছে তাহার নম্বর। |

| ব্যবহৃত পরিমাণ | ফেরতকৃত বিস্ফোরকের বর্ণনা | | | ফেরতকৃত পরিমাণ | মন্তব্য | শট ফায়ারের/ম্যাগাজিন ইনচার্জের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| | নাম | শ্রেণী | বিভাগ | | | |
| ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | |

## ফরম ৩১

[ফরম ১৯ এর ১৩ নং শর্ত দ্রষ্টব্য]

### লাইসেন্সধারী কর্তৃক সংরক্ষণীয় স্থল ভ্যানে পরিবহণকৃত বিস্ফোরকের হিসাব ফরম

নোট ঃ এই হিসাব হাল নাগাদ রাখিতে হইবে।

লাইসেন্স নম্বর........................... বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর ফরম নং ১৯

| তারিখ | প্রেরকের নাম ঠিকানা ও লাইসেন্স নম্বর | ভর্তি স্থল | বিস্ফোরকের বর্ণনা | | | ব্যাচ নম্বর ও প্রস্তুতের তারিখ | পরিবহণকৃত বিস্ফোরকের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | নাম | শ্রেণী | বিভাগ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

| পাস নম্বর | প্রেরকের স্বাক্ষর | প্রাপকের নাম, ঠিকানা ও লাইসেন্স নম্বর | খালাস স্থল | বিস্ফোরক খালাসের তারিখ | মন্তব্য | প্রাপকের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | |

# ফরম ৩২

[লাইসেন্স ফরম ২২ ও ২৩ এর শর্ত ১৫ দ্রষ্টব্য]

বিস্ফোরকের হিসাবের প্রতিবেদন

............................................... জেলা ............................ এর অবস্থিত বিস্ফোরক ম্যাগাজিন / মজুদাগার হইতে...................... মাসে প্রাপ্ত, ব্যবহৃত, বিক্রিত, বিনষ্টকৃত এবং চুরি যাওয়া

বিস্ফোরকের নাম শ্রেণী ও বিভাগ পরিমাণ

১। লাইসেন্স নম্বর................বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর ফরম নং................

২। মাসের প্রথম তারিখে প্রারম্ভিক জের..........................................................

৩। বিস্ফোরকের হিসাব

| তারিখ | বিস্ফোরকের নাম | শ্রেণী ও পরিমাণ | প্রাপ্ত বিস্ফোরকের বর্ণনা | | | যাহার নিকট হইতে বিস্ফোরক প্রাপ্ত হইয়াছে সেই সরবরাহকারীর নাম, ঠিকানা ও লাইসেন্স নম্বর | পাস নম্বর | স্থল ভ্যানের লাইসেন্স নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিস্ফোরকের নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

ব্যবহৃত বা বিক্রিত বিস্ফোরকের বিবরণ

| তারিখ | ব্যবহৃত | | | বিক্রি | | | যাহার নিকট বিস্ফোরক বিক্রয় করা হইয়াছে তাহার নাম, ঠিকানা ও লাইসেন্স নম্বর | পাস নম্বর | স্থল ভ্যানের লাইসেন্স নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বিস্ফোরকের নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ | বিস্ফোরকের নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ | | | |
| ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

৪। এই মাসে প্রত্যেক ধরনের বিস্ফোরকের ব্যবহার / বিক্রির মোট পরিমাণ ঃ

| ব্যবহৃত | | | বিক্রি | | |
|---|---|---|---|---|---|
| বিস্ফোরকের নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ | বিস্ফোরকের নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

৫। এই মাসে বিনষ্টকৃত বিস্ফোরকের পরিমাণ ঃ

| তারিখ | বিস্ফোরকের নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ | বিনষ্টকরণের কারণ | যে কর্তৃপক্ষের অধীনে বিনষ্টকরণ কার্য সম্পন্ন করা হইয়াছে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৬। পরিবহণকালে চুরি যাওয়া / ঘাটতি যাওয়া বিস্ফোরকের বিবরণ ঃ

| তারিখ | বিস্ফোরকের নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ | চুরি / হারানো বিস্ফোরকের বিষয়টি পুলিশ ও বিস্ফোরক অধিদপ্তরকে জানানো হইয়াছিল কি না, হইয়া থাকিলে উহার সূত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

## ফরম ৩৩

বিস্ফোরকের চাহিদা ফরম

প্রতি.............................. স্থান...............................
.................................... তারিখ ঃ .............................

প্রিয় মহোদয়,

দয়া করিয়া নিম্নলিখিত পরিমাণ বিস্ফোরক আমি /আমাদিগকে সরবরাহ করিবেন ঃ

| ক্রমিক নং | নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

আমার / আমাদের নামে নিম্নলিখিত পরিমাণ বিস্ফোরক অধিকারে রাখা/ বিক্রি/ ব্যবহারের জন্য বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর ফরম ................ এ লাইসেন্স নং............ আছে।

| ক্রমিক নম্বর | নাম | শ্রেণী ও বিভাগ | পরিমাণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

উপরোল্লিখিত লাইসেন্স.............. পর্যন্ত বলবৎ আছে।

* বিস্ফোরক, বিধিমালা, ২০০৪ এর ১৪৬(৩) এর চাহিদা অনুসারে এতদসঙ্গে লাইসেন্স প্রয়োজনীয় স্বাক্ষরের জন্য প্রেরিত হইবে। স্বাক্ষরের পর দয়া করিয়া লাইসেন্সটি ফেরত পাঠাইবেন।
* বিস্ফোরকগুলি আমার/ আমাদের প্রাধিকৃত ব্যক্তি, যাহার সহি নিম্নে সত্যায়িত আছে, তাহার নিকট হস্তান্তর করিতে অনুরোধ করা হইল।

প্রাধিকৃত এজেন্টের স্বাক্ষর ..............................
সত্যায়িত

আপনার বিশ্বস্ত

লাইসেন্সধারীর স্বাক্ষর

পদবী

অনুলিপি প্রধান বিস্ফোরক পরিদর্শকের নিকট প্রেরিত হইল।

## তফসিল- ৬

[বিধি ১৩৪(১)]

### বিনির্দেশাবলী

এই তফসিলে অন্তর্ভুক্ত বিনির্দেশনাসমূহ সাধারণ ধারনা অর্জনের বিনির্দেশকা মাত্র। প্রতি ক্ষেত্রে স্বতন্ত্রভাবে প্রধান বিস্ফোরক পরিদর্শকের নিকট হইতে অনুমোদন গ্রহণ করিতে হইবে।

**বিনির্দেশ-১**

শুধুমাত্র সড়কপথে বিস্ফোরক পরিবাহী ভ্যানের জন্য বিনির্দেশ।

**অংশ-১**

(১) চালক বসিবার কক্ষ (ক্যাব) ও গাড়ীর বডির মধ্যবর্তী ফাঁকা স্থান- গাড়ীর বডি ও চালক বসিবার ক্যাব এর মধ্যে কমপক্ষে ১৫ সে.মি. ফাঁকা রাখিতে হইবে।

(২) চালকের ক্যাব - চালকের কক্ষটি বাইরের দিকে ০.৯১৪ মি.মি. (20 S.W.G) অ্যালুমিনিয়ামের শিট দ্বারা নির্মিত ও আবৃত থাকিবে। কক্ষ নির্মাণে কাঠ ব্যবহার করা হইলে উক্ত কাঠকে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে অদাহ্য প্রকৃতির করিতে হইবে।

(৩) চালক ক্যাবের দরজা- চালক ক্যাবের দরজার সংযুক্ত জানালার কাঁচ স্পিন্টার উৎপাদি হইবে না।

(৪) উইন্ড স্কীন- টেকসই কাঠামোসম্পন্ন উইন্ড স্কীন চালকের আসনের সামনে শক্ত ব্রাশের পাত দ্বারা এমনভাবে আটকানো থাকিবে যাহাতে খোলা-বাঁধা করা যায়।

(৫) জ্বালানী ট্যাংক- নিম্নে (১১) অনুচ্ছেদে উলিখিত অগি-নিরোধী ঢালের সামনে পেট্রোল বা গ্যাসের জ্বালানী ট্যাংক/ স্থাপন করিতে হইবে। উহাকে এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে দুর্ঘটনায় পতিত হইলে সহজে জ্বালানী ট্যাংকটি/আধারটি ভাঙ্গিয়া না যায়। যদি অনুমোদনকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করেন তাহা হইল্লোলানী ট্যাংক/আধারকে সুরক্ষার জন্য মজবুত গার্ড লাগাইতে হইবে।

(৬) জ্বালানী বিচ্ছিন্নকরণ ব্যবস্থা- জ্বালানী প্রবাহ পাইপে সহজগম্য এমন স্থানে একটি দ্রুত বিচ্ছিন্নকরণ ভাল্ভ্ লাগাইতে হইবে যাহাতে বনেট উঠানো ছাড়াই উহাকে পরিচালনা করা যায় এবং ইঞ্জিনে অগ্নিকান্ড সংঘটিত হইলে তাহাতে ক্ষতিগ্রস্থ না হয়।

(৭) ধূয়া নির্গমণ নল এবং স্ফুলিঙ্গ প্রতিরোধক- স্ফুলিঙ্গ প্রতিরোধক ও ধূয়া নির্গমণ নল (১১) অনুচ্ছেদে বর্ণিত অগ্নি প্রতিরোধক ঢালের সামনে স্থাপন করিতে হইবে।

(৮) অগ্নি নির্বাপন যন্ত্র- কমপক্ষে ২ কেজি পরিমাণের ২টি রাসায়নিক ধরনের অগ্নিনির্বাপক সিলিন্ডার রাখিতে হইবে। উক্ত সিলিন্ডারগুলি পেট্রোলিয়াম ও গ্যাসের আগুন নিভাইতে সক্ষম হইতে হইবে।

(৯) সেল্‌ফ্‌ স্টার্টার- গাড়ীতে সেলফ্‌ স্টার্টার থাকিবে।

(১০) আলোক ব্যবস্থা- ড্যাসবোর্ড হইতে নিয়ন্ত্রণযোগ্য হেডলাইট, পার্শ্বলাইট এবং পিছনের লাইট লাগাইতে হইবে। সকল বৈদ্যুতিক তার এবং ব্যাটারীর তার সম্পূর্ণ আবৃত এবং ব্যবহার উপযোগী রাখিতে হইবে।

(১১) অগ্নি-নিরোধী ঢাল- ১৮ গেজি স্টীলের পাত ও পাতলা এ্যাসবেসটসের তৈরী একটি পর্দা বিশেষ যাহা চালকের সম্পূর্ণ ক্যাব ব্যাপী বিস্তৃত এবং মাটি হইতে ৩০০ মি.মি. উপরে পর্যন্ত প্রলম্বিত থাকিবে। ঢালটি চালকের ক্যাবের তলা হইতে মাটির ৩৯০ মি.মি. উপর পর্যন্ত হালকা লোহার কাঠামোতে আটকানো নির্মিত।

(১২) বডি- এই বিনির্দেশের অংশ-২ এর সহিত সামঞ্জস্যপূর্ণ বডি সংজোযিত হইবে।

(১৩) অতিরিক্ত চাকা- ভিতরের টিউবসহ প্রত্যেক আকারের একটি করিয়া চাকা চেসিসের সহিত বহন করিতে হইবে।

(১৪) রঙ ও চিহ্ন - লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রঙ ও চিহ্ন দ্বারা গাড়ীর বডি ও চালক ক্যাব রঞ্জিত ও চিহ্নিত করিতে হইবে। গাড়ী অ্যালুমিনিয়াম বা সাদা রঙ দ্বারা রঞ্জিত করিতে হইবে। এই বিনির্দেশনার সহিত সামঞ্জস্যপূর্ণ না হইলে গাড়ীর পার্শ্বে ও পিছনে "বিস্ফোরক" কথাটি এবং জাতিসংঘ অনুমোদিত বিস্ফোরকের চিহ্নটি সুস্পষ্টভাবে লিখিতে ও অঙ্কন করিতে হইবে। লাইসেন্সধারীর নাম ঠিকানা ও লাইসেন্স নম্বার গাড়ীর একপার্শ্বে ছোট অক্ষরে লিপিবদ্ধ থাকিতে হইবে। ভ্যানের পিছনের দরজায় ৬০ সে.মি ব্যাসের একটি লাল বৃত্তের মধ্যে "E" অক্ষরটি মুদ্রিত থাকিবে।

(১৫) সর্বোচ্চ বহন ক্ষমতা- গাড়ীর সর্বোচ্চ বহন ক্ষমতা উহার জন্য নির্ধারিত গ্রস ওজনের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

(১৬) পরিদর্শন- গাড়ী নির্মাণের সকল কার্যক্রম লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক হইতে হইবে। গাড়ীর বডি প্রস্তুতকারী কারখানা যে কোন সময় অবাধে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ পরিদর্শন করিতে পারিবেন এবং এই বিনির্দেশনার সহিত সামঞ্জস্যপূর্ণ না হইলে তিনি প্রস্তুত প্রণালীর সহিত যুক্ত যে কোন উপকরণ বা কার্যপদ্ধতি বাতিল করিতে পারিবেন।

**অংশ-২**

(১) ভ্যানের বডির কাঠামো ভালভাবে প্রক্রিয়াজাতকৃত সেগুন,মেহগণী,চাপালিস ইত্যাদি শক্ত কাঠ দ্বারা তৈরী করিতে হইবে। কাঠামোর অবস্থান ভেদে সকল জোড়া খাঁজকাটা ধরনের হইবে এবং স্ক্রু দ্বারা শক্তভাবে আটকাইতে হইবে। জোড়া দেওয়ার পূর্বে সকল সংযোগের উপরে সাদা সীসার প্রলেপ দিতে হইবে। কাঠামোর যে অংশ বাহিরের ধাতব অংশের সংস্পর্শে আসিবে, প্যানেল দেওয়ার পূর্বে উহাকেও ভালভাবে সাদা সীসা দ্বারা আবৃত করিতে হইবে। কাঠামোর দৃঢ়তার জন্য প্রয়োজনে লোহার পাত, কোণা ইত্যাদি ব্যবহার করা যাইতে পারে। কিন্তু গাড়ির সম্পূর্ণ কাঠামো তৈরীর পর এইরূপ কোন লোহার অংশবিশেষ ভিতরের দিকে উন্মুক্ত থাকিতে পারিবে না।

(২) মেঝে- মেঝে ২২.২ মি.মি. পুরু ও প্রায় ১৫২.৪ মি.মি. প্রস্থের সেগুন কাঠের তক্তা দ্বারা নির্মিত হইবে। যাহা বকল্‌স আংটা ধরনের খাঁজযুক্ত হইবে। ইহা গাড়ীর বডির তলার পাতের কোটরে বসানো থাকিবে এবং নীচে ০.৯১৪ মি.মি. (20 S.W.G) অ্যালুমিনিয়ামের পাত আটকানো থাকিবে। মেঝে ২৮.৬ মি.মি পুরু এবং ৫০.৮ মি.মি চওড়া বাহক বাতা দ্বারা ঠেস দেওয়া থাকিবে এবং উহারা চেসিস কাঠামোয় আড়াআড়ি বাতা সমূহের (Crossmembers) উপর স্ক্রু দ্বারা আটকানো থাকিবে। দরজার প্রবেশ পথের কাঠামো বাহিরের দিকে ৬.৪ মি.মি. ঢালু থাকিবে এবং উহা দরজার প্রবেশ পথ ব্যাপী পিতলের পাত দ্বারা আবৃত্ত থাকিবে, উহার অভ্যন্তরীণ প্রসস্ততা ৬৩.৫ মি.মি. হইবে এবং উহার বহিঃ কিনারা নিম্নমুখী হইবে ও পিতলের স্ক্রু দ্বারা যথাস্থানে শক্তভাবে আটকানো থাকিবে।

(৩) বডির খোপ এবং আবরণ- ভ্যানের ছাদ, মেঝে পার্শ্ব ও প্রান্তভাগ এবং দরজাসমূহ বাহিরের দিকে ০.০১৪ মি.মি. (20.S.W.G) অ্যালুমিনিয়ামের পাত দ্বারা আবৃত্ত থাকিবে এবং অভ্যন্তরীণ আস্তর এ্যাসবেসটস বা প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে প্রায় অদাহ্য করা হইয়াছে এমন কাঠ অথবা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের লিখিতভাবে নির্দেশিত/ অনুমোদিত অন্য কোন বস্তু দ্বারা নির্মিত হইবে। উহার উপরিভাগ দুমড়ানো বা টোল মুক্ত থাকিবে এবং ইহা কাঠামোর সহিত আটানো থাকিবে যাহা বিভিন্ন সুবিধাজনক সাইজের হইবে।

(৪) দরজা- বডির পিছনে দুই পাল-া বিশিষ্ট দরজা লাগানো থাকিবে। উহার গঠন হইবে মূল বডির ন্যায় এবং উহা বডির কাঠামো, প্যানেল, আবরণের সহিত নিবিড়ভাবে সংযুক্ত থাকিবে।

(৫) বডির আয়তন- বডির অভ্যন্তরীণ পরিমাপ এমন হইতে হইবে যাহাতে প্রস্তাবিত পরিমাণের বিস্ফোরক পরিবহণের জন্য উহা পর্যাপ্ত হয়। গাড়ীর বডির পরিমাপ এমন হইতে হইবে এবং বডিকে এমন পদ্ধতিতে চেসিসের সহিত সংযুক্ত করিতে হইবে যাহাতে বিস্ফোরক পরিবহণের সময় গাড়ী সুস্থীত থাকে।

## বিনির্দেশ- ২

কম্প্রেসর সংযুক্ত বিস্ফোরক পরিবহণের মোটর ট্রাকের বিনির্দেশ

(১) চালক বসিবার ক্যাব ও গাড়ীর বডির মধ্যবর্তী ফাঁকা স্থান- গাড়ীর বডি ও চালক ক্যাব এর মধ্যে কমপক্ষে ১৫ সে.মি. ফাঁকা রাখিতে হইবে।

(২) চালকের ক্যাব- চালকের ক্যাবটি বাইরের দিকে ০.৯১৪ মি.মি. (20 S.W.G) অ্যালুমিনিয়ামের শিট দ্বারা আটকানো ও আবৃত্ত থাকিবে। ক্যাব নির্মাণে কাঠ ব্যবহার করা হইলে উক্ত কাঠকে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে অদাহ্য প্রকৃতির করিতে হইবে।

(৩) চালক ক্যাবের দরজা- চালক ক্যাবের দরজার সংযুক্ত জানালার কাঁচ স্পি-ন্টার উৎপাদি হইবে না।

(৪) উইন্ড স্কীন- মজবুত কাঠামোয় আবদ্ধ একটি উইন্ড স্ক্রীন চালকের আসনের সামনে শক্ত ব্রাশের পিভটের উপর এমনভাবে আটকানো থাকিবে যাহাতে উহা বৃত্তের এক চর্তুথাংশ পর্যন্ত খোলা যায়।

(৫) ) জ্বালানী ট্যাংক/আধার- জ্বালানী ট্যাংক/আধার ট্রাকের পাটাতনের নীচে এবং বিস্ফোরক বহনকারী বাক্স হইতে কমপক্ষে ০.৫ মিটার দূরে স্থাপন করিতে হইবে। ইহাকে এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে গাড়ী দুর্ঘটনায় পতিত হইলে সহজে জ্বালানী ট্যাংক/আধারটি ভাঙ্গিয়া না যায়।

(৬) জ্বালানী বিচ্ছিন্নকরণ ব্যবস্থা- জ্বালানী প্রবাহ পাইপে সহজলভ্য স্থানে দ্রুত বিচ্ছিন্নকরণ ব্যবস্থা লাগাইতে হইবে এবং এমন স্থানে স্থাপিত হইবে যাহাতে বনেট উঠানো ছাড়াই উহাকে চালনা করা যায় এবং ইঞ্জিনে অগ্নিকান্ড না ঘটায়।

(৭) স্ফুলিংগ প্রতিরোধক ও ধূয়া নির্গমণ নল- স্ফুলিংগ প্রতিরোধক ও ধূয়া নির্গমণ নল চালক বসিবার ক্যাবের নীচে স্থাপিত হইবে, গাড়ীর বডির নীচে নহে।

(৮) অগ্নি নির্বাপন যন্ত্র- কমপক্ষে ২ কেজি পরিমাণের ২টি রাসায়নিক ধরনের অগ্নিনির্বাপক সিলিন্ডার রাখিতে হইবে। উক্ত সিলিন্ডারগুলি পেট্রোলিয়াম ও গ্যাসের আগুন নিভাইতে সক্ষম হইতে হইবে।

(৯) সেলফ্ স্টার্টার- গাড়ীতে সেলফ্ স্টার্টার থাকিবে।

(১০) আলোর ব্যবস্থা- ড্যাসবোর্ড হইতে নিয়ন্ত্রণযোগ্য হেডলাইট, পার্শ্বলাইট এবং পিছনের লাইট লাগাইতে হইবে। জরুরী অবস্থায় আলোর প্রয়োজনে বৈদ্যুতিক টর্চ (ড্রাইসেল টাইপ) ব্যবহার করা যাইবে ।

(১১) অগ্নি নিরোধী ঢাল- ১৮ গেজি স্টীলের পাত ও পাতলা এ্যাস্বেস্টসের তৈরী এবং চালকের সম্পূণ ক্যাব ব্যাপী একটি পর্দাবিশেষ যাহা মাটি হইতে ৩০০ মি.মি. উপরে পর্যন্ত প্রলম্বিত থাকিবে। ঢালটি চালকের ক্যাবের তলা হইতে মাটির ৩৯০ মি.মি. উপর পর্যন্ত হালকা লোহার কাঠামোতে আটকানো নির্মিত।

(১২) বডি- গাড়ীর বডির নিরাপত্তার প্রয়োজনে প্রস্তুতকারীর অনুমতি ব্যতীত গাড়ীর বডিতে কোন ছিদ্র বা গর্ত করা যাইবে না।

(১৩) অতিরিক্ত চাকা- ভিতরের টিউবসহ প্রত্যেক আকারের একটি করিয়া চাকা চেসিসের সহিত বহন করিতে হইবে।

(১৪) কম্প্রেসরের ভিত্তিমূল বডির মেঝে হইতে বা ট্রাকের বডি হইতে কমপক্ষে ১৫০ মি.মি. উঁচুতে থাকিবে।

(১৫) কম্প্রেসরের ঠিক নীচে একটি এমন আকৃতির কোমল স্টীলের চেপ্টা ট্রে এমন স্থানে এবং এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে কম্প্রেসর হইতে চুয়াইয়া পড়া সকল তৈল উক্ত ট্রেতে পড়ে।

(১৬) কম্প্রেসরের ধূয়া নির্গমণ নল বিস্ফোরক বহনকারী বাক্স হইতে পর্যাপ্ত দূরত্বে স্থাপন করিতে হইবে এবং উপযুক্ত স্ফুলিঙ্গ প্রতিবন্ধক লাগাইতে হইবে।

(১৭) শুধুমাত্র অনুমোদিত ধরনের বাক্সেই বিস্ফোরক পরিবহণ করিতে হইবে এবং বাক্সটি গাড়ীর বডির সহিত এমন দৃঢ়ভাবে সংযুক্ত থাকিবে যাহাতে গাড়ী চলাচল করিবার সময় বাক্স নড়াচড়া করিতে না পারে। পরিবহণ করিবার সময় ডেটোনেটরের মোড়কের নড়াচড়া ঠেকানোর লক্ষ্যে ডেটোনেটর পরিবাহী বাক্সের ডেটোনেটরের মোড়ক ভর্তি করিবার পর অবশিষ্ট খালি জায়গায় ফোম প্যাড বা অনুরূপ অন্য কোন বস্তু দ্বারা অনুরূপভাবে ভর্তি করিতে হইবে।

(১৮) বিস্ফোরক পরিবহণের জন্য প্রতি ট্রাকে দুইটির বেশী বাক্স সংযোজন করা যাইবে না। একটি বাক্স ডেটোনেটরের জন্য ও অপর বাক্সটি উচ্চক্ষমতার বিস্ফোরকের জন্য ব্যবহৃত হইবে। দুইটি বাক্স এমনভাবে সংযুক্ত থাকিবে যাহাতে উহাদের দরজা মুখামুখি খুলিবার সুযোগ না থাকে।

(১৯) বিস্ফোরকের বাক্সগুলির আন্ড় দূরত্ব কমপক্ষে ১০০০ মি.মি হইবে। কম্প্রেসর এবং বিস্ফোরকবাহী বাক্সগুলির আন্ড়দূরত্ব কমপক্ষে ১৫০০ মি.মি হইবে।

(২০) বিস্ফোরকবাহী বাক্স ও চালক বসিবার কক্ষের মধ্যে একটি অগ্নিনিরোধী ঢাল লাগাইতে হইবে।

(২১) বিস্ফোরক খালাস করিবার জন্য অপারেটরের চলাচলের পর্যাপ্ত জায়গার ব্যবস্থা রাখিয়া বিস্ফোরকবাহী বাক্স এবং কম্প্রেসর এর মাঝখানে এসবেসটসের বা সাধারণ লোহার (G.I) তৈরি উপযুক্ত পাত দ্বারা পর্দা লাগাইতে হইবে।

(২২) অনুচ্ছেদ (২০) এ উলিখিত অগ্নিনিরোধী ঢালের মাঝের জায়গায় এবং অনুচ্ছেদ (২১) এ উলিখিত এসবেসটস পর্দাকে আবহাওয়াজনিত ক্ষতির হাত হইতে রক্ষা করিবার উদ্দেশ্যে সুবিধাজনকভাবে ঢাকিয়া দিতে হইবে।

(২৩) ২৫ কেজি উচ্চক্ষমতা সম্পন্ন বিস্ফোরক, ২০০টি ডেটোনেটর এবং ২০০ মিটার সেফটি ফিউজ এর বেশী একটি ট্রাকে পরিবহণ করা যাইবে না।

(২৪) ডেটোনেটরের বাক্স গাড়ীর ব্যাটারীর দিক হইতে বেশ দূরে স্থাপন করিতে হইবে এবং ব্যাটারী চালক ক্যাবে তাহার সিটের নীচে স্থাপন করিতে হইবে।

## বিনির্দেশ- ৩

বিস্ফোরক বহনের ধাতব বাক্স বা পাত্রের বিনির্দেশ

**সাধারণ বর্ণনা-** ধাতব বাক্স/পাত্রের বডি পেঠানো লোহা, নমনীয় ইস্পাত, শক্ত পিতলের পাত, মাঞ্জ (Muntz) ধাতু বা দস্ড়্র দ্বারা নির্মিত হইবে যাহার উপর ও নীচে উভয় প্রান্ড়ে একই ধাতুর বা পিতলের তৈরী কিলক (Flange) ঝালাই বা রিভেট করা থাকিবে যাহাতে উহার ঢাকনা বা তলা সংযুক্ত করা যায়। লোহা বা স্টীল দ্বারা তৈরী করা হইলে উহা তৈরীর পর উহাকে সম্পূর্ণভাবে গ্যালভ্যানাইজ বা ভালভাবে রঙ করিতে হইবে। পাতের পুরূত্ব ১.২৫৭ মি.মি (18 B.G=০.০৪৯৫ ইঞ্চি) বা দস্ড়্র হইলে ৯.৫ মি. মি. এর কম হইবে না।

পাত্রের তলা উহার বডি যে ধাতুতে তৈরী সেই ধাতুর হইতে হইবে বা পিতলের ধাতু দ্বারা তৈরী হইতে হইবে। যদি লোহা বা স্টীলের তৈরী হয় তাহা হইলে উক্ত ধাতুর পাতকে ভালভাবে গ্যালভ্যানাইজ করিতে হইবে এবং বাক্সের গায়ের কাণায় কিলক দ্বারা নিরাপদ ও দৃঢ়ভাবে রিভেটিং করিয়া আটকাইতে হইবে বা উহা কিলকের অংশ হিসাবে সংযুক্ত থাকিবে। পাতের পুরূত্ব ৩.২ মি. মি. বা দস্ড়্র হইলে ৯.৫ মি. মি. এর কম হইবে না।

বিকল্প হিসাবে সম্পূর্ণ গ্যালভ্যানাইজ করা ৪.৮ মি.মি পুরুত্বের নমনীয় স্টিলের তৈরী পাত দ্বারা তলা তৈরী করা যাইতে পারে এবং তলাকে এমনভাবে থালার ন্যায় তৈরী করিয়া পূর্বের ন্যায় নমনীয় স্টীলের তৈরী পাতের কিলক দ্বারা বডির উপর শক্তভাবে আটকাইতে হইবে। উক্ত পাত্রের বডি থালাকৃতির তলার মধ্যে ২৫.৪ মি.মি পরিমাণ বাহিরের বিস্তৃত থাকিবে এবং থালাকৃতির তলার প্রান্তের গায়ের সহিত এবং পাত্রের দেয়ালের শেষ প্রান্ত তলার ভিতরের গায়ে নিরবিচ্ছিন্নভাবে ঝালাইকৃত থাকিবে। পাত্রের ঢাকনা একই ধাতু বা পিতলের তৈরী হইতে হইবে। যদি লোহা বা ইস্পাতের তৈরী হয় তাহা হইতে উহা সম্পুর্ণরূপে গ্যালভানাইজ করিতে হইবে ।

ঢাকনার কেন্দ্রের পুরুত্ব ১.৬ মি.মি এর কম হইবে না এবং কিনারায় ৩.২ মি.মি এর কম হইবে না বা যদি দস্তার নির্মিত হয় তাহা হইলে সম্পূর্ণটাই ৯.৫ মি.মি পুরুত্বের কম হইবে না।

ঢাকনাকে কব্জাসহ বা কব্জা ছাড়া কমপক্ষে চারটি ভাল স্ক্রু, বল্টুর বা সুইং বল্টুর সাহায্যে ভালভাবে আটকাইতে হইবে। ঢাকনার ফ্লাঞ্জের গর্তের ভিতর প্রজেক্টিং রিং না থাকিলে ঢাকনা ও ফ্ল্যাঞ্জের মধ্যে চামড়ার বা অন্য কোন সুবিধাজনক বস্তু দ্বারা নির্মিত ওয়াশার লাগাইতে হইবে। রিভেটের মাথাগুলি ভালভাবে মসৃণ করিতে হইবে এবং বাক্সের ভিতরের দিক অমসৃণ অংশ বা ঝালাই এর চিহ্ন থাকিবে না।

সবকিছু ভাল বস্তু এবং দক্ষ ব্যবস্থাপনায় হইবে এবং খুব ভাল ও কার্যকর অবস্থা বজায় রাখিতে হইবে।

## বিনির্দেশ- ৪
## বিস্ফোরক পরিবহণের ধাতব পাত্রের বিনির্দেশ

ডিউরেলুমিন (Duralumin) পাত্রঃ

পাত্রের ভিতরের পরিমাপ হইবে ৯০২ মি.মি গভীর, ৩০৮ মি.মি দৈর্ঘ্য ও ২৬৭ মি.মি প্রস্থ। পাত্রটি ১.৬২৬ মি.মি (১৬ S.W.G) মাপের এক খন্ড পাত দ্বারা নির্মিত হইবে যাহার জোড়া ২৫.৪ মি.মি পর পর ৪.০০ মি.মি (৫/৬ ইঞ্চি) ব্যাসের পেরেক (রিপিট) মারা থাকিবে অন্য তিন কোণায় ৫০.৮ মি.মি পর পর রিপিট মারা থাকিবে। ৩১.৮ মি.মি×৩১.৮ মি.মি × ৪.৮ মি.মি সহিত এঙ্গেল পাত্রের তলার চারিদিকে ও উপর পর্যন্ত ২৫.৪ মি. মি. পর পর ৮.০০ মি.মি ব্যাসের পেরেক (রিপিট) দ্বারা আটকানো থাকিবে।

পাত্রের তলা চতুর্দিকে ৩১.৮ × ৩১.৮ × ৪.৮ মি.মি মাপের এঙ্গেলের সহিত ৩.২৫ মি.মি. (১০ S.W.G) পাত বসানো থাকিবে এবং ৮.০০ মি.মি ব্যাসের কিলক (রিপিট) দ্বারা আটকানো থাকিবে। পাত্রের কোণার অংশ ২.০৪২ (১২ S.W.G) মাপের পাত দ্বারা ও ৮.০০ ব্যাসের কিলক দ্বারা এঙ্গেল ও তলায় সহিত আটকানো থাকিবে। পাত্রের ঢাকনা ২.০৩২ মি.মি (১৪ S.W.G) পুরু পাত ও চতুর্দিকে ৩৭.৬ মি.মি × ২৫.৪ মি.মি × ৪.৮ মি.মি মাপের এঙ্গেল এর মধ্যে বসানো এবং ৮.০০ মি.মি ব্যাসের কিলক (রিপিট) দ্বারা আটকানো থাকিবে। ঢাকনার কোণার অংশ ২.০৩২ মি.মি (১৪ S.W.G) পুরু পাতের টুকরা যাহা ৮.০০ ব্যাসের কিলক দ্বারা ঢাকনার পাত ও এঙ্গেলের সহিত যুক্ত থাকিবে।

ঢাকনা ৪টি ১২.৭ মি.মি ওয়াসারসহ উইট ওয়ার্থ (whit worth ) সেট পিন দ্বারা আটকানো থাকিবে।

## বিনির্দেশ- ৫
## বিস্ফোরক পরিবহণের ধাতব পাত্রের বিনির্দেশ

পাত্রের বডি হইবে পেঠানো লোহা বা নমনীয় ইস্পাতের তৈরী যাহা সম্পূর্ণ গ্যালভানাইজকৃত ১৮ বি.জি. (০.০৪৯৫”) কম পুরু নহে এবং যাহা ১২.৭ মি.মি পুরুত্বের অ্যালুমিনিয়াম সংকরের তৈরী (১২.৫% হইতে ১৪.৫% দস্তা, ২.৫% হইতে ৩% ব্রাস বাকিটুকু এলুমিনিয়াম) ফ্লাঞ্জ দ্বারা উপরের দিকে আটকানো থাকিবে। পাত্রের তলা এলুমিনিয়াম শংকর এর হইবে যাহার কিনারা ১২.৭ মি.মি ও কেন্দ্রে ৪.৮ মি.মি পুরুত্বের কম হইবে না এবং ২৫.৪ মি.মি. উঁচু ও কমপক্ষে ৬.৩ মি.মি পুরুত্বসম্পন্ন রক্ষাকারী বস্তু এমনভাবে লাগাইতে হইবে যাহাতে উহা পাত্রের ভিতরে ভালভাবে ঢুকিয়া যায় এবং যাহা ৬.৩ মি.মি ব্যাসের কীলক (রিপিট) দ্বারা আটকানো থাকিবে। পাত্রের ঢাকনা অ্যালুমিনিয়ামের ধাতুর হইবে এবং যাহার কিনারায় সর্বনিম্ন ১২.৭ মি.মি পুরুত্বসম্পন্ন এবং কেন্দ্র সর্বনিম্ন ৬.৩ মি.মি পুরুত্বসম্পন্ন হইবে এবং আটটি স্ক্রু দ্বারা ফ্লাঞ্জের সহিত বসানো থাকিবে।

পাত্রের ঢাকনা ও ফ্লাঞ্জের মাঝখানে উন্নতমানের চামড়ার/রাবারের ওয়াসার বা অন্য কোন সুবিধাজনক বস্তু লাগাইতে হইবে যদি না ঢাকনাটি ফ্লাঞ্জের নিাংশের সহিত প্রজেক্টটিং রিং দ্বারা সংযুক্ত থাকে।

সকল কিলকের ভিতরের দিকে মাথাকে ভালভাবে মসৃণ করিতে হইবে এবং মোড়কের ভিতর অংশকে অমসৃণ ও পোড়া চিহ্ন মুক্ত রাখিতে হইবে।

## বিনির্দেশ- ৬
## ম্যাগাজিনের বিনির্দেশ

১। **সূচনাঃ** ম্যাগাজিন নির্মাণের ক্ষেত্রে নিরাপত্তার বিষয়টিকে মূল বিবেচনায় লইতে হইবে যাহাতে অভ্যন্তরস্থ বস্তু লোকজনের নাগালের বাহিরে রাখা, উক্ত বস্তুসমূহকে ভাল অবস্থায় রাখা এবং দুর্ঘটনাবশতঃ বিস্ফোরণের ঝুঁকি হ্রাস নিশ্চিত করে। সেইজন্য ম্যাগাজিনটি এমনভাবে নির্মাণ করিতে হইবে যাহাতে যথাসম্ভব অবৈধ অনুপ্রবেশ রোধ করা যায় এবং পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা থাকে।

ম্যাগাজিনের স্থান নির্বাচনে বিস্ফোরণ এবং/বা অগ্নি দুর্ঘটনার সময় ম্যাগাজিনের চতুর্দিকের জান-মাল ধ্বংসের হাত হইতে রক্ষার ক্ষেত্রে উক্ত এলাকার ভূমির প্রাকৃতিক বৈশিষ্ট্যের বিষয়টি বিবেচনায় আনিতে হইবে। এলাকার যথার্থতা এবং মজুতব্য বিস্ফোরকের পরিমাণ নির্ধারণ নির্ভর করে তফসিল ৭ এর অন্তর্ভুক্ত নিরাপত্তা দূরত্ব ছকে উলি- খিত জন চলাচলের পথ, রেললাইন, শিল্প এলাকা, আবাসিক এলাকা ইত্যাদি হইতে ম্যাগাজিনের দূরত্বের উপর। এই বিষয়ে প্রাকৃতিক বা কৃত্রিমভাবে লোক চক্ষুর অন্তরালে অবস্থিত এলাকাকে অগ্রাধিকার দিতে হইবে।

বিস্ফোরক মজুদ সংক্রান্ত বিধি-বিধান ছাড়াও উক্ত বস্তুসমূহের যত্নের দৃষ্টিকোণ হইতে কিছু শর্তাবলী প্রতিপালন করিতে হইবে যেমনঃ অনুচিতভাবে মজুদের ফলশ্রুতিতে পরবর্তীতে বিস্ফোরকের মিস্‌ফায়ার ঘটাইতে পারে। সকল ক্ষেত্রেই বিস্ফোরক মজুদের স্থান পর্যাপ্ত বায়ু চলাচল উপযোগী এবং যতদূর সম্ভব চরম তাপমাত্রা হইতে নিরাপদ হইতে হইবে। বিস্ফোরক মজুদের হিসাব কড়াকড়িভাবে সংরক্ষণ করিতে হইবে। দিনের কাজের শেষে অবশিষ্ট বিস্ফোরক ম্যাগাজিনে ফিরিয়া আনিতে হইবে এবং অব্যবহৃত বিস্ফোরক পরের কার্যদিবসে ব্যবহারের জন্য পৃথক করিয়া রাখিতে হইবে।

সেফ্‌টি ফিউজ ও ডেটোনেটরকে উপযুক্তভাবে মজুদ করিতে হইবে যাহাতে উহারা যথাযথভাবে কাজ করে। সেইজন্য সবসময় উহাদের পরিবহণ, আনা-নেওয়া এবং মজুদের সময় আর্দ্রতা হইতে রক্ষা করা এবং তৈল, গ্রীজ, কেরোসিন বা অন্য কোন তরলের সংস্পর্শে না আসে সেই ব্যবস্থা করিতে হইবে। ডেটোনেটরকে অন্য বিস্ফোরকের সহিত মজুদ করা যাইবে না।

২। **ম্যাগাজিনের ধরন ঃ** ম্যাগাজিন মজবুতভাবে নির্মিত হইবে অর্থাৎ ইস্পাত, শক্ত কংক্রিট, ইট, পাথর বা কংক্রিট বক জোড়া প্রদানপূর্বক নির্মিত হইবে। ভিতরের আয়তন এমন হইতে হইবে যাহাতে ভিতরে রক্ষিত সকল বিস্ফোরকের নিকট সহজে যাওয়া যায়।

৩। **ম্যাগাজিনের গঠন ঃ** ম্যাগাজিনের গঠন উত্তম ও মজবুত হইতে হইবে এবং দরজা এমনভাবে তৈরী ও বন্ধ রাখিতে হইবে যাহাতে অননুমোদিত ব্যক্তির প্রবেশ প্রতিরোধ করে এবং বাহিরের বিপদ হইতে উহা নিরাপদ থাকে ।

**ম্যাগাজিন ঃ ধরন "ক"**

ধরন 'ক' ম্যাগাজিন প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরনের হইতে হইবে এবং প্রাথমিকভাবে নিরূপ গঠনের হইতে হইবে ঃ

(১) কমপক্ষে ২২৫ মি.মি পুরুত্বের কংক্রীট ঢালাই বা ৪৫০ মি.মি. পুরুত্বের সিমেন্ট বালির গারা দ্বারা আবৃত ইটের/পাথরের দেয়াল। ২৮ দিন জমাটবাঁধার পরে কংক্রিটের শক্তি কমপক্ষে ২৫০০ পাউন্ড/ বর্গ ইঞ্চি হইতে হইবে। (প্রয়োজনীয় কংক্রিটের শক্তি পাইতে হইলে আয়তিমাত্রিকভাবে মিশ্রণটির ১ ভাগ সিমেন্ট, ১১/২ভাগ বালি, মোট ৩ ভাগ কংকর হইবে) আরসিসি হইবে চৌকোণা ছিদ্র বিশিষ্ট শক্ত ইস্পাতের কাঠামো যাহাতে দেয়ালের উভয়দিকে আড়াআড়ি ব্যবচ্ছেদ প্রতি ২ ফুটের মধ্যে ০.২১ ইঞ্চির কম হইবে না। আরসিসি উভয় দিকে কমপক্ষে উভয় দিকে ৫০ মি.মি পুরুত্বের কংক্রিট দ্বারা আবৃত করিতে হইবে। ইট ও কংক্রিট ব-ক

বিল্ডিং কোড এর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে। নির্মাণ কাজের জন্য বাণিজ্যিক মানের লোহার রড ব্যবহার করাই যথেষ্ট হইবে। সিমেন্টের কাই (মসলা) কমপক্ষে এক ভাগ সিমেন্ট এবং ৩ ভাগ বালি দ্বারা তৈরী হইবে।

(২) গুদামের ভিতর এবং বেঞ্চ, তাক এবং গুদাম সংলগ্ন অন্যান্য ফিটিংস এমনভাবে নির্মাণ করিতে হইবে বা এমনভাবে আস্ড়র বা ঢাকিবার ব্যবস্থা করিতে হইবে যাহাতে ব্যবহৃত লোহা, ইস্পাত উন্মুক্ত থাকা নিবারণ করে এবং কংকর, লোহা, ইস্পাতড় বা এইরূপ বস্তুকে এমনভাবে বিচ্ছন্ন করে যাহাতে বিস্ফোরকের সংস্পর্শে না আসে। এই ধরনের আভ্যন্ড়রীণ বেঞ্চ, তাক এবং ফিটিংস এবং কাকর মুক্ত বা মসৃণ বা অন্য কোনভাবে পরিষ্কার রাখিতে হইবে এবং কোন বিস্ফোরক যাহা পানির সংস্পর্শে আসিলে বিপজ্জনক হইতে হইতে পারে। উক্ত স্থান হইতে পানি অপসারণের জন্য প্রযাপ্ত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৩) ছাদ কমপক্ষে ১৫০ মি.মি পুর" আরসিসি ঢালাই হইবে।

(৪) ৫০০ কেজি পর্যন্ড় মজুদ উপযোগী ম্যাগাজিনের প্রত্যেক পরস্পর বিপরীত দিকের দেয়ালের উপরে ও নীচে একটি করিয়া বায়ু চলাচল পথ থাকিবে এবং ৫০০ কেজির বেশী ধারন ক্ষমতাসম্পন্ন ম্যাগাজিনের ক্ষেত্রে পরস্পর বিপরীত দিকের দেয়ালের উপরে ও নীচে কমপক্ষে দুইটি করিয়া বায়ু চলাচল পথ থাকিবে। বায়ু চলাচল পথের সংখ্যা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী বৃদ্ধি করিতে পারিবে। ইংরেজী 'Z' অক্ষর আকৃতির ২২.৫ সে.মি×১১.২৫ সে.মি বায়ু চলাচল পথ ম্যাগাজিনের দেয়ালের বহির অংশে লোহার বারের কাঠামো মধ্যে সুন্দর/ শক্তভাবে সংযুক্ত থাকিবে। ২.৩৫ বর্গ.সে.মি.(৩/৮") মাপের লোহার বারগুলি ফ্রেমের মধ্যে কোণাকোণিভাবে স্থাপণ করিতে হইবে। বায়ু চলাচল পথের অভ্যন্ড়রভাগের পথ প্রতি সে.মি. ৩ টি ফাসযুক্তব্রাসের তারজালি দ্বারা সুরক্ষিত থাকিবে।

(৫) বাহিরের দরজা-
(১) উক্ত দরজা বাহিরের দিকে খুলিবে এবং যখন বন্ধ করা হইবে তখন দৃঢ়ভাবে আবদ্ধ থাকিবে।
(২) দরজা কাঠের আস্ড়রসহ বা আস্ড়র ছাড়া যে কোনভাবে কমপক্ষে ৫ সে.মি. ইস্পাতের পাত দ্বারা নির্মিত হইবে।

(৬) ভিতরের দরজা হইবে-
(১) কাঠের তৈরী
(২) তালা ও অন্যান্য সংযুক্তির যন্ত্রাংশ লোহা ব্যতীত অন্য মজবুত ধাতুর।

(৭) বহিঃ দরজায় তালা "ডেড লক" ধরনের হইবে।

(৮) একই ম্যাগাজিনে শ্রেণী ৬ বিভাগ ৩ এর বিস্ফোরক ও ডেটোনেটর মজুদ করা হইলে ভিন্ন ভিন্ন কক্ষে মজুদ করিতে হইবে। এই ধরনের কক্ষের স্বতন্ত্র প্রবেশ পথ থাকিবে এবং ম্যাগাজিনের অন্যান্য কক্ষ হইতে কমপক্ষে ১ মিটার ফাঁকা থাকিবে এবং ম্যাগাজিনের অন্যান্য কক্ষের সহিত ডেটোনেটর কক্ষের পৃথকীকরণ দেয়ালের পুর"ত্ব কমপক্ষে ৬০ সে.মি. হইতে হইবে।

(৯) ম্যাগাজিনের ভিতরে বিস্ফোরকের মোড়ক রাখিবার জন্য কাঠের বা সিমেন্টের উঁচু পাটাতন থাকিবে।

(১০) যদি প্রয়োজন থাকে তাহা হইলে বারান্দা রাখা যাইবে এবং সেইরূপ বারান্দা হইবে-
(১) ম্যাগাজিনের গঠনের অনুরূপ; এবং
(২) ম্যাগাজিনে ব্যবহৃত যন্ত্রপাতি রাখিয়া কাজে বা ম্যাগাজিনের সহিত সম্পর্কিত কাজে ব্যবহারের উদ্দেশ্যে বা কাপড়-চোপড় ও জুতা বদলাইবার কাজে ব্যবহারের উদ্দেশ্যে।

(১১) ২৫×২৫ মি.মি. পরিমাপের কতগুলি কাঠের ফালি দেওয়ালে আটকানো থাকিতে হইবে যাহা মেঝের ১৫০ মি.মি. উপর হইতে শুর" হইবে এবং উলম্বভাবে উহার কেন্দ্রস্থলে উহার দূরত্ব হইবে ৩০০মি. এবং নিরবিচ্ছিন্নভাবে উহা স্তুপ-লাইন বরাবর চতুর্পার্শ্বেও ব্যবহৃতব্য দেওয়াল ব্যাপী হইবে যাহাতে বায়ু চলাচল করিতে পারে এবং বিস্ফোরক মজুদের বাক্সের স্তুপ সরাসরি দেওয়াল স্পর্শ না করে।

(১২) মেঝে হইতে ২.৫ মিটার উচ্চতায় গুদামের ভিতরের দেয়ালে কমপক্ষে ১২ মি.মি চওড়া লাল রঙ দ্বারা রেখা আকিয়া দিতে হইবে। এই রেখা বিস্ফোরক সর্বোচ্চ কত উচ্চতা পর্যন্ড় স্তূপ করিয়া রাখা যাইবে তাহা নির্দেশ করিবে। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে সর্বনি উচ্চতা নির্ধারণ করিয়া দিতে পারে।

(১৩) গুদামের অভ্যন্ড়রে প্রতি ১০০ কেজি বিস্ফোরকের জন্য নির্ধারিত জায়গায় পরিমাণ ০.৪ কিউবিক মিটারের কম হইবে না। অধিকন্তু, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের চাহিদা অনুসারে স্তূপ করিয়া রাখা বিস্ফোরক মোড়কের মাঝখানে পর্যাপ্ত পরিমাণ ফাঁকা জায়গা রাখিতে হইবে।

(১৪) ম্যাগাজিনের ভিতরে পর্যাপ্ত আলো প্রবেশের জন্য পর্যাপ্ত সংখ্যক জানালা রাখিতে হইবে। জানালা বাহিরের দিকে খুলিবার ব্যবস্থা থাকিবে এবং কাঠের আস্ড়রযুক্ত বা কাঠের আস্ড়র ছাড়াই কমপক্ষে ৫ মি.মি. পুর স্টীল পাত দ্বারা নির্মিত হইবে।

**ম্যাগাজিন : ধরন 'খ'**

ম্যাগাজিন ধরন 'খ' প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইবে এবং প্রধানতঃ নিরূপ হইবে-

(১) ৫ মি.মি. পুর স্টীল পাত দ্বারা দেয়াল নির্মিত হইবে।
(২) কমপক্ষে ৫ মি.মি. পুরত্বের ছাদ থাকিবে।
(৩) দেয়াল, দরজা, ও ছাদের ভিতরের আস্ড়র কমপক্ষে ১০ মি.মি. পুর থাকিবে এবং মেঝে ২৫ মি.মি. আস্ড়র দ্বারা আবৃত থাকিবে এবং দৃঢ়ভাবে সংযুক্ত খাঁচ কাটিয়া জোড়া দেয়া বোর্ড বা কাঠ দ্বারা এমনভাবে আবৃত হইতে হইবে যাহাতে গুদামের ভিতরের পার্শ্ব, ছাদ, মেঝে বা দরজার লোহা বা স্টীল এর অংশ উন্মুক্ত না থাকে।
(৪) গুদামের অভ্যন্ড়রে প্রতি ১০০ কেজি বিস্ফোরকের জন্য নির্ধারিত জায়গার আয়তন ০.৪ ঘন মিটারের কম হইবে না। সর্বোচ্চ অভ্যন্ড়রীণ আয়তন ২ ঘনমিটারের বেশী হইবে না।
(৫) উপযুক্তভাবে সুরক্ষিত ভেন্ট দ্বারা বায়ু চলাচলের ব্যবস্থা করিতে হইবে।
(৬) ম্যাগাজিনের কাঠামো ও দরজার সহিত বাহিরের দিকে ইস্পাতের কজা ওয়েল্ডিংকৃত হইবে।
(৭) বহিঃদরজায় তালা "ডেডলক" ধরনের হইবে।

বিনির্দেশ-৭
মজুদাগারের বিনির্দেশ

মজুদাগার নির্মাণের ক্ষেত্রে মূল বিবেচনার বিষয় হইবে মজুগারের ভিতরে রাখা বস্তুসমূহকে অননুমোদিত ব্যক্তিবর্গের নাগালের বাহিরে রাখা, বস্তুসমূহকে ভাল অবস্থায় রাখা এবং অগ্নিকান্ডের ঝুকির হ্রাস নিশ্চিত করা। সেইজন্য নির্মাণ কার্য এমন হইতে হইবে যাহাতে যতদূর সম্ভব অবৈধ প্রবেশ প্রতিরোধ করা যায় এবং পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা থাকে। মজুদ স্থান শুকনা হইতে হইবে এবং যাহাতে মজুদাগারে মজদকৃত বিস্ফোরক মদুদ কাল অনুসারে পর্যায়ক্রমে ব্যবহার করা সম্ভব হয়।

মজুদাগারের দেয়াল ইট, পাথর বা কংক্রিট দ্বারা নির্মিত হইবে। ইট ও কংক্রিট প্রচলিত স্ট্যান্ডার্ড অনুসরণে তৈরী হইতে হইবে। ঢালাই এর সিমেন্ট মসল-া একভাগ সিমেন্ট এবং তিনভাগ পরিষ্কার বালির কম হইবে না। গুদামের ভিতর পরিষ্কার রাখিতে হইবে এবং সকল বেঞ্চ, তাক এবং ফিটিংস এমনভাবে নির্মাণ বা আস্ড়র বা আচ্ছাদিত করিতে হইবে যাহাতে ব্যবহৃত লোহা, ইস্পাত উন্মুক্ত অবস্থায় না থাকে এবং কংকর, লোহা, ইস্পাত বা এইরূপ বস্তুকে এমনভাবে বিচ্ছিন্ন করিয়া রাখে যাহাতে মজুদকৃত বস্তুর সংস্পর্শে না আসে। এই ধরনের অভ্যন্ড়রীণ বেঞ্চ, তাক এবং ফিটিংস যথাসম্ভব কার্যকরভাবে কাকর মুক্ত ও পরিষ্কার রাখিতে হইবে। মজুদাগারের দরজা কাঠের তৈরী হইবে যাহা বাহিরের দিকে খুলিবার ব্যবস্থা থাকিবে এবং যখন বন্ধ রাখা হইবে দৃঢ়ভাবে বন্ধ থাকিবে।

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী মজুদাগারে পর্যাপ্ত সংখ্যক ভেন্টিলেটর থাকিবে। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী দেয়ালের উপরে ও নীচের দিকে ভেন্টিলেটর অবস্থিত থাকিবে। ২২.৫ সে.মি.×১১.৫ সে.মি মাপের ভেন্টিলেটর দেয়ালের বাহিরের দিকে সুবিধাজনক কাঠামোতে দৃঢ়ভাবে আটকানো থাকিবে। কমপক্ষে ২.৩৫ বর্গ সেন্টিমিটারের বারগুলি কৌণিকভাবে কাঠামোতে যুক্ত থাকিবে। ভেন্টিলেটরের ভিতরের মুখ প্রতি সেন্টিমিটারে কমপক্ষে ৩টি ফাঁসযুক্ত তারজালি দ্বারা আবৃত থাকিবে। মজুদাগারের মেঝের ক্ষেত্রফল প্রতি টন বিস্ফোরকের জন্য ২ বর্গ মিটার হইবে এবং মজুদাগারের ভিতরের দেয়ালে মেঝে হইতে ৩ মিটার উপরে কমপক্ষে ১২ মি.মি. চেপ্টা একটি লাল রেখা রঙ দ্বারা অঙ্কিত থাকিবে। এই রেখা বিস্ফোরক মজুদের ক্ষেত্রে তাকের সর্বোচ্চ সীমা নির্দেশ করিবে। বায়ু চলাচলের জন্য

ব্যবহৃত দেয়ালের সর্বদিকে ৩০ সে.মি. প্রশস্ড় চলাচলের পথ থাকিবে। অধিকন্তু, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের চাহিদা অনুসারে মোড়কের স্তুপগুলির মাঝে পর্যাপ্ত পরিমাণ যাতায়াতের জন্য ফাঁকা রাখিতে হইবে। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে মোড়ক স্তুপের ন্যিতম উচ্চতাও নির্ধারণ করিয়া দিতে পারিবেন।

মজুদাগারের অভ্যন্ড়রে আলোকিত করিবার লক্ষ্যে মজুদাগারে পর্যাপ্ত সংখ্যক কাঠের জানালা থাকিবে, জানালাগুলি বাহিরের দিকে খুলিবে, মজুদাগারের মেঝে মসৃণ, পাথর বা সিমেন্টের নির্মিত হইবে।

## তফসিল-৭

[বিধি ৪]

### বিস্ফোরক মজুদের ক্ষেত্রে নিরাপদ দূরত্বের সারণী

| বিস্ফোরকের পরিমাণ, অনুর্ধ কিলোগ্রাম | দূরত্ব (মিটারে) | | | |
|---|---|---|---|---|
| | বসবাসের উপযোগী ভবন | জনপথ | রেলপথ | আন্ড়ঃ ম্যাগাজিন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | ১৪০ | ৬০ | ১০২ | ১২ |
| ১০ | ১৮০ | ৭০ | ১২৮ | ১৬ |
| ২০ | ২২০ | ৯০ | ১৬২ | ২০ |
| ৩০ | ২৫০ | ১০০ | ১৮৬ | ২২ |
| ৪০ | ২৮০ | ১১০ | ২০৬ | ২৪ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫০ | ৩০০ | ১২০ | ২২০ | ২৮ |
| ৭৫ | ৩৪০ | ১৪০ | ২৫৪ | ৩০ |
| ১০০ | ৩৮০ | ১৫০ | ২৭৮ | ৩২ |
| ১২৫ | ৪০০ | ১৬০ | ৩০০ | ৩৬ |
| ১৫০ | ৪৩০ | ১৭০ | ৩১৮ | ৩৮ |
| ২০০ | ৪৭০ | ১৯০ | ৩৫০ | ৪২ |
| ২৫০ | ৫১০ | ২১০ | ৩৭৮ | ৪৬ |
| ৩০০ | ৫৪০ | ২২০ | ৪০২ | ৪৮ |
| ৪০০ | ৫৯০ | ২৪০ | ৪৪২ | ৫৪ |
| ৫০০ | ৬৪০ | ২৬০ | ৪৭৬ | ৫৮ |
| ৬০০ | ৬৮০ | ২৭০ | ৫০৬ | ৬২ |
| ৭০০ | ৭১০ | ২৯০ | ৫৩২ | ৬৪ |
| ৮০০ | ৭৫০ | ৩০০ | ৫৫৬ | ৬৬ |
| ৯০০ | ৭৮০ | ৩১০ | ৫৭৮ | ৭০ |
| ১,০০০ | ৮০০ | ৩২০ | ৬০০ | ৭২ |
| ১,২০০ | ৮৫০ | ৩৩০ | ৬৩৬ | ৭৮ |
| ১,৪০০ | ৯০০ | ৩৪০ | ৬৭২ | ৮২ |
| ১,৬০০ | ৯৪০ | ৩৫০ | ৭০২ | ৮৬ |
| ১,৮০০ | ৯৮০ | ৩৬০ | ৭৩২ | ৮৮ |
| ২,০০০ | ১,০১০ | ৩৭০ | ৭৫৬ | ৯০ |
| ২,৫০০ | ১,০৯০ | ৩৮০ | ৮১৬ | ৯৮ |
| ৩,০০০ | ১,১৬০ | ৩৯০ | ৮৬৪ | ১০৪ |
| ৪,০০০ | ১,২৭০ | ৪২০ | ৯৪৮ | ১১৬ |
| ৫,০০০ | ১,৩৭০ | ৪৫০ | ১,০২৬ | ১২২ |
| ৬,০০০ | ১,৪৬০ | ৪৭০ | ১,০৯২ | ১৩০ |
| ৭,০০০ | ১,৫৪০ | ৪৯০ | ১,১৪৬ | ১৩৬ |
| ৮,০০০ | ১,৬০০ | ৫০০ | ১,২০০ | ১৪৪ |
| ৯,০০০ | ১,৬৭০ | ৫১০ | ১,২৪৮ | ১৫০ |
| ১০,০০০ | ১,৭৩০ | ৫২০ | ১,২৯০ | ১৫৬ |
| ১২,০০০ | ১,৭৫০ | ৫৪০ | ১,৩৭৪ | ১৬৪ |
| ১৪,০০০ | ১,৭৭০ | ৫৫০ | ১,৪৪৬ | ১৭৪ |
| ১৬,০০০ | ১,৮০০ | ৫৬০ | ১,৫১২ | ১৮০ |
| ১৮,০০০ | ১,৮৮০ | ৫৭০ | ১,৫৭২ | ১৮৮ |
| ২০,০০০ | ১,৯৫০ | ৫৮০ | ১,৬২৬ | ১৯৬ |
| ২৫,০০০ | ২,০০০ | ৬৩০ | ১,৭৫২ | ২১০ |
| ৩০,০০০ | ২,০০০ | ৬৮০ | ১,৮৬৬ | ২২৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫,০০০ | ২,০০০ | ৭২০ | ১,৯৬২ | ২৩৮ |
| ৪০,০০০ | ২,০০০ | ৭৬০ | ২,০০০ | ২৪৮ |
| ৪৫,০০০ | ২,০০০ | ৮০০ | ২,০০০ | ২৫৮ |
| ৫০,০০০ | ২,০০০ | ৮৪০ | ২,০০০ | ২৭০ |
| ৫৫,০০০ | ২,০০০ | ৮৮০ | ২,০০০ | ২৮০ |
| ৬০,০০০ | ২,০০০ | ৯১০ | ২,০০০ | ২৯০ |
| ৬৫,০০০ | ২,০০০ | ৯৪০ | ২,০০০ | ৩০০ |
| ৭০,০০০ | ২,০০০ | ৯৭০ | ২,০০০ | ৩১০ |
| ৭৫,০০০ | ২,০০০ | ১,০০০ | ২,০০০ | ৩২০ |
| ৮০,০০০ | ২,০০০ | ১,০২০ | ২,০০০ | ৩৩০ |
| ৮৫,০০০ | ২,০০০ | ১,০৪০ | ২,০০০ | ৩৪০ |
| ৯০,০০০ | ২,০০০ | ১,০৬০ | ২,০০০ | ৩৫০ |
| ৯৫,০০০ | ২,০০০ | ১,০৮০ | ২,০০০ | ৩৬০ |
| ১০০,০০০ | ২,০০০ | ১,০৯০ | ২,০০০ | ৩৭০ |
| ১১০,০০০ | ২,০০০ | ১,১০০ | ২,০০০ | ৩৯০ |
| ১২০,০০০ | ২,০০০ | ১,১১০ | ২,০০০ | ৪১০ |
| ১৩০,০০০ | ২,০০০ | ১,১২০ | ২,০০০ | ৪৩০ |
| ১৪০,০০০ | ২,০০০ | ১,১৩০ | ২,০০০ | ৪৫০ |
| ১৫০,০০০ | ২,০০০ | ১,১৪০ | ২,০০০ | ৪৭০ |
| ১৬০,০০০ | ২,০০০ | ১,১৬০ | ২,০০০ | ৪৯০ |
| ১৭০,০০০ | ২,০০০ | ১,১৮০ | ২,০০০ | ৫১০ |
| ১৮০,০০০ | ২,০০০ | ১,২০০ | ২,০০০ | ৫৩০ |
| ১৯০,০০০ | ২,০১০ | ১,২১০ | ২,০০০ | ৫৫০ |
| ২০০,০০০ | ২,০৩০ | ১,২২০ | ২,০০০ | ৫৭০ |
| ২১০,০০০ | ২,০৫৫ | ১,২৪০ | ২,০০০ | ৫৯০ |
| ২৩০,০০০ | ২,১০০ | ১,২৭০ | ২,০০০ | ৬৩০ |
| ২৫০,০০০ | ২,১৫৫ | ১,৩০০ | ২,০০০ | ৬৭০ |
| ২৭৫,০০০ | ২,২১৫ | ১,৩৪০ | ২,০০০ | ৭২০ |
| ৩০০,০০০ | ২,২৭৫ | ১,৩৮০ | ২,০০০ | ৭৭০ |

**নোটঃ**

(১) ঢিপি বেষ্টিত ম্যাগাজিনের ক্ষেত্রে, বিস্ফোরকের পরিমাণ ১০০০ কেজি বা তদুর্ধ হইলে, উপরের সারণীতে উলি-খিত দূরত্ব ৪০% হ্রাস করা যাইতে পারে।

(২) বিধি ৪ এ উলি-খিত ১.৩, ১.৪ ও ১.৫ শ্রেণীর বিস্ফোরকের ক্ষেত্রে উপরের সারণীতে উলি-খিত দূরত্ব ৫০% হ্রাস করা যাইতে পারে।

(৩) সাইসমিক জরিপ বা অনুরূপ স্বল্পকালীন ব্যবহারের জন্য বিস্ফোরক মজুদের ‘খ’ ধরনের ম্যাগাজিন বা পিট (Pit) ম্যাগাজিনের ক্ষেত্রে উপযুক্ত শর্তাধীনে উপরের সারণীতে উলি-খিত দূরত্ব ৪০% হ্রাস করা যাইতে পারে।

## তফসিল-৮
[বিধি ১৩৪(২)]

## নির্দেশাবলী
## বাস্টিং বিস্ফোরকের ম্যাগাজিন

লাইসেন্স নং মেয়াদ উত্তীর্ণের তারিখ......................

ম্যাগাজিন নং.................. অনুমোদিত সর্বোচ্চ পরিমাণ --------------

(১) এই ম্যাগাজিনে কেবলমাত্র বাস্টিং বিস্ফোরক, যাহার মধ্যে ডিটোনেটিং কর্ড, বুষ্টার এবং সেফটি ফিউজ অন্ভূর্ক্ত, মজুদ কর“ন। কোন অবস্থাতেই এই ম্যাগাজিনে ডেটোনেটর আনয়ন বা মজুদ করিবেন না।

(২) ম্যাগাজিনের অভ্যন্তভাগ পরিষ্কার-পরিচ্ছন্ন এবং কাকর বা বালুকনা মুক্ত রাখুন।

(৩) ম্যাগাজিনের মধ্যে বিস্ফোরক ধারনকৃত কোন বা· খোলা অবস্থায়, কোন কার্তুজ বা রিল (spool) আলগাভাবে রাখিবেন না।

(৪) মজুদের জন্য নির্ধারিত সীমারেখার উপরে বা· র স্তপ করিবেন না। উক্ত সীমারেখার অন্তপক্ষে ১৫ সে.মি. উপর পর্যন্তুলেট প্রতিরোধক পদার্থ দ্বারা সুরক্ষিত থাকিবে।

(৫) বিস্ফোরকের আশে পাশে কেবলমাত্র অনুমোদিত ধরনের যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ব্যবহার করা যাইবে এবং উহাদের অসতর্কভাবে নাড়াচাড়ার কারণে কোন ক্ষতিকর প্রভাব হইতে বিস্ফোরককে নিরাপদে সংরক্ষন নিশ্চিত কর“ন।

(৬) নতুন বিস্ফোরক মজুদ কর“ন। পুরানো মজুদকৃত বিস্ফেরক মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগেই ব্যবহারের জন্য সরবরাহ নিশ্চিত কর“ন। মেয়াদউত্তীর্ণ, বিনষ্ট বা ব্যবহার অনুপযোগী বিস্ফোরক আলাদা করিয়া নিরাপদে বিনষ্ট করা নিশ্চিত কর“ন। ম্যাগাজিনে ফেরৎ আসা বিস্ফোরক মজুদের জন্য নিরাপদ কি না তাহা তাৎক্ষণিকভাবে পরিদর্শনপূর্বক যাচাই কর“ন।

(৭) বায়ু চলাচলের পর্যাপ্ত ব্যবস্থা নিশ্চিত কর“ন; এবং বৃষ্টি, বরফ এবং তুষারপাতের আকারে আর্দ্র বাষ্পের প্রবেশ প্রতিরোধ কর“ন।

(৮) ম্যাগাজিনে কোন মেরামত প্রয়োজনীয় হইলে জর“রীভিত্তিতে তাহা সম্পন্ন কর“ন। বড় ধরনের কোন মেরামতের পূর্বে ম্যাগাজিন হইতে সকল বিস্ফোরক সুরক্ষিত ও নিরাপদ স্থানে সরাইয়া ফেলুন।

(৯) ম্যাগাজিনের মধ্যে বা চতুর্পার্শ্বে ধূমপান পরিহার ও প্রতিরোধ কর“ন। ম্যাগাজিনের ভিতর দিয়াশালাই, লাইটার, প্রজ্বলনীয় পদার্থ বা স্বতস্ফুর্ত প্রজ্বলনক্ষম কোন বস্তু প্রবেশ প্রতিহত কর“ন।

(১০) কৃত্রিম আলো ব্যবহার করিতে হইলে অনুমোদিত ধরনের ফ্লাশ লাইট বা ফ্লাড লাইট ব্যবহার কর“ন।

(১১) ম্যাগাজিন হইতে অন্যূন ৮ মিটার পর্যন্এলাকা লম্বা ঘাস, খড়, দাহ্য বস্তু, প্রজ্বলনীয় বস্তু বা আবর্জনা মুক্ত এবং পরিষ্কার রাখুন। বিস্ফোরকের খালি বা· নিরাপদভাবে সরাইয়া ফেলুন।

রাষ্ট্রপতির আদেশক্রমে